বঙ্গ-বার্ষিকী

ও

বাণিজ্য-বিবরণী

Bengali Year-Book & Trade-Directory

(১৯৪০ : ১৩৪৬)

সম্পাদক

শ্রীঅনিলচন্দ্র ঘোষ এম্.এ.

প্রেসিডেন্সী লাইব্রেরী

৬৪ কলেজ স্ট্রীট : কলিকাতা

বাংলা বাজার : ঢাকা

মূল্য বাঁধাই ১৲

কাগজের মলাট ৸০

বঙ্গ-বার্ষিকী
ও
বানিজ্য-বিবরনী

আমরা বাঙালী

আমরা বাঙালী। বাংলা ও বাংলার বাহিরে আমরা প্রায় সাড়ে পাঁচ কোটি লোক।

বাঙালীরা মিশ্র জাতি। পৃথিবীতে আজ অমিশ্র জাতি বলে কেউ নেই। আমাদের রক্তে মোটামুটি চারিটি মানবজাতির ধারা এসে মিশেছে :

(১) প্রাক্-দ্রাবিড়ীয়, (২) দ্রাবিড়ীয়, (৩) ককেশীয় আর্যের দুই শাখা—গোল মাথাওয়ালা ও লম্বা-মাথাওয়ালা, এবং (৪) মঙ্গোল।

বর্ত্তমান বাঙালী এই চার জাতির মিশ্রণের ফল। রিজলী সাহেব বাঙালীদিগকে মঙ্গোল ও দ্রাবিড় জাতির মিশ্রণে উৎপন্ন

বলেছেন এবং এককালে এই ধারণাই পণ্ডিত-সমাজে প্রচলিত ছিল। কিন্তু বর্তমানে বৈজ্ঞানিক পদ্ধতিতে অধিকতর নিখুঁত আলোচনায় ডাঃ বি. এস. গুহ, বাবু রামপ্রসাদ চন্দ প্রভৃতি নৃতাত্ত্বিক পণ্ডিতেরা প্রমাণ করেছেন যে বাঙালীরা উপারি-উক্ত চারি জাতির মিশ্রণে উদ্ভূত।

বাংলা প্রাচীন দেশ। মহাভারতে আমরা অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, পৌণ্ড্র ও সুহ্ম এই পঞ্চ রাজ্যের কথা জানতে পারি। সে-সময়ে বঙ্গে সমুদ্র সেন ও তাঁর পুত্র চন্দ্রসেন রাজত্ব করিতেন। এই পঞ্চ রাজ্যের অধিপতিরা কৌরব পক্ষে লড়েছিলেন।

খৃঃ পূর্ব্বে তৃতীয় শতকে বাংলাদেশ মৌর্য্যাধিকারে আসে। খুব সম্ভবতঃ সেই সঙ্গে সঙ্গে আর্য ভাষা এদেশে ছড়াইয়া পড়ে। তাহার পূর্বে হয়ত আর্যভাষা বাঙালীরা নেয় নি, তারা দ্রাবিড়, কোল বা মঙ্গোল ভাষা বলত। মৌর্যদের পরে গুপ্ত বংশের রাজারা মগধে সুদীর্ঘ কাল রাজত্ব করেন। তখন বঙ্গ-মগধ এক সঙ্গেই ছিল। গুপ্তদের সময়ে ভারত-সভ্যতার এক বিশেষ বিকাশ ঘটে। এই সময়ে বাঙালীরা শিক্ষিত, ধার্মিক ও উন্নত ছিল। নালন্দায় এক বড় বিশ্ববিদ্যালয় ছিল, সেখানে ১০ হাজার ছাত্র পড়ত। শীলভদ্র সেখানকার নামকরা অধ্যাপক ছিলেন। তমলুক বা তাম্রলিপ্ত তখন বড় সামুদ্রিক বন্দর ছিল। শশাঙ্ক নামক গুপ্তবংশীয় একজন পরাক্রমশালী বাঙালী রাজা হর্ষবর্দ্ধনের সঙ্গে যুদ্ধ করিয়া তাহাকে ব্যতিব্যস্ত করিয়াছিলেন।

গুপ্তবংশের পরে প্রায় দু শত বছর বাংলায় অরাজকতা বা মাৎস্য ন্যায় চলতে থাকে। অবশেষে বাঙালীরা সবাই মিলে গোপাল দেবকে রাজা নির্বাচিত করে। গোপালদেব যে বংশের প্রতিষ্ঠা করেন উহা পালবংশ নামে পরিচিত। ইঁহারা তিন শতাধিক কাল রাজত্ব করেন। ইঁহাদের মধ্যে ধর্ম্মপাল, দেবপাল, মহীপাল, নরপাল ও রামপাল প্রধান।

এই যুগ বাঙালীদের বিকাশ ও বিস্তারের যুগ। জীবনের সকল দিকেই তাঁহারা বিজয় রথ চালিয়েছিলেন। তারা বিশাল সাম্রাজ্য গড়েছিলেন, প্রকাণ্ড বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিলেন, শিল্প ও ভাস্কর্যের উন্নতি করেছিলেন, বিদেশে রাজ্য বিস্তার ও ধর্ম প্রচার করেছিলেন। বাঙালী পণ্ডিতেরাই বৌদ্ধধর্ম্ম দেশ-বিদেশে প্রচার করেন সবচেয়ে বেশী। পালবংশীয়গণ বৌদ্ধ ছিলেন। নরপালের সময়ে বিক্রমশীলা বিশ্ববিদ্যালয় হইতে মহাপণ্ডিত দীপঙ্কর অতীশ তিব্বত গিয়াছিলেন। পাল শাসনের শেষের দিকে রামপালের রাজত্বকালে উত্তর বঙ্গের জনসাধারণের সহায়তায় কৈবর্ত-রাজ দিব্বোক ও ভীম বিদ্রোহী হন এবং স্বাধীনরাজ্য স্থাপন করেন।

দ্বাদশ শতাব্দীতে সেনবংশীয় রাজগণ বাংলার মসনদে বসেন। এই বংশের বিজয় সেন, বল্লাল সেন ও লক্ষণ সেন বিখ্যাত। ইঁহারা পণ্ডিত, যোদ্ধা, বিচক্ষণ রাজনীতিক ও সমাজ-সংস্কারক ছিলেন। বিখ্যাত কবি জয়দেব লক্ষণসেনের সভাকবি ছিলেন।

দ্বাদশ শতাব্দীর শেষ বৎসরদ্বয়ে মগধ ও বাংলা দিল্লীর সুলতানের সেনাপতি মুহম্মদ-ই-বখ্‌তিয়ার খল্‌জী জয় করেন। তখন হইতে বাংলা দিল্লীর সম্রাট্‌দের অধীন প্রদেশ বলে গণ্য হল। কিন্তু ত্রয়োদশ শতকের মাঝামাঝি বাংলার শাসনকর্ত্তা সাম্‌স্‌উদ্দীন ইলিয়াস শাহ্‌ (১৩৩৯—৫৮) স্বাধীন হন এবং ইহার পর প্রায় ৩ শ' বছর বাংলা স্বাধীন থাকে। এই যুগকে ইতিহাসে সাধারণ্যে "পাঠান যুগ" বলে থাকে। এই সময়ে বাংলা সাহিত্য ও স্থাপত্যের বিশেষ উন্নতি ঘটে। মহাপুরুষ চৈতন্যদেব (১৪৮৫—১৫৩৪) এই যুগে আবির্ভূত হন। তাঁর প্রভাবে ও প্রেরণায় বাংলা সাহিত্যে সুমধুর পদাবলী, জীবন-চরিত রচিত হয়। মঙ্গলকাব্যগুলিও এই সময়েই বিকাশ প্রাপ্ত হতে থাকে। সুলতান হুসেনশাহ ও নসরতশাহ বাঙলা সাহিত্যের উৎসাহদাতা ছিলেন। রাজধানী গৌড়ের বিশাল ও শোভন অট্টালিকাসমূহ এই যুগের সবল হস্তের সৃষ্টি।

পাঠান সুলতান সুলেমান কররানির বংশধর দায়ুদ খাঁর (১৫৭২—৭৬) সময় মোগল-সম্রাট্‌ আকবর বঙ্গদেশ অধিকার করেন। এই সময়ে বাংলার ইতিহাস সামরিক শক্তির পরিচয়ের জন্য উজ্জ্বল হয়ে রয়েছে—বাংলার বারভূঞারা স্বদেশকে গৌরবিত করেছেন। বস্তুতঃ ষোড়শ শতাব্দীর বাংলা সকল দিক দিয়েই গৌরবোজ্জ্বল। এই যুগে বাংলা ধর্ম, সাহিত্য, দর্শন, শিল্প, বাণিজ্য সমস্ত বিষয়েই বাঙালীরা উন্নতি লাভ করেছিলেন। এই যুগ ইংলণ্ডের এলিজাবেথান যুগের সমসাময়িক ও সমতুলনীয়।

মোগলদের শাসনের শেষ দিকে বাংলার সুবাদারগণ স্বাধীন হন এবং এই স্বাধীন নবাবদের হাত হতেই বাংলা তথা ভারত ইংরেজ কোম্পানীর হাতে চলে যায়। বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজদ্দৌলা। ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে ভারতের ভাগ্য-বিপর্যয় ঘটে। এই ঘটনা থেকে ১৮৫৭ সাল পর্যন্ত এদেশে ইংরেজ কোম্পানীর শাসনাধীন থাকে। ১৮৫৭ সালের বিখ্যাত সিপাহী-বিপ্লবের পর ভারতবর্ষ ইংলণ্ডের পার্লামেণ্টের হাতে যায়।

ঊনবিংশ শতাব্দী বাংলার গৌরবের যুগ। এই শতাব্দী ব্যাপিয়া একদল মনীষীর উদ্ভব হয়, যাঁরা বাঙালী জাতি গঠনের ভিত্তি পত্তন করে যান। এঁরাই সাহিত্যে, ধর্মে, সমাজে, রাজনৈতিক ক্ষেত্রে বাঙালীকে অগ্রণী করে তোলেন। ১৮৫৭ সালের সিপাহীবিপ্লবের পর হতে এদেশে রাজনৈতিক আন্দোলন শুরু হয় এবং উহারই ফলে ১৮৮৫ সালে ভারত-জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। ভারতবর্ষের পরবর্তী ইতিহাস কংগ্রেস আন্দোলনের ইতিহাস ও ইংরেজ শাসনকে ভারতীয় করণের ইতিহাস।

সূচীপত্র

প্রথম খণ্ড—আমরা বাঙালী

বাংলার পরিচয়

সূচীপত্র

সূচীপত্র

সূচীপত্র

সূচীপত্র

পঞ্জিকা—১৯৪০

	জানুয়ারী				
র	...	৭	১৪	২১	২৮
স	১	৮	১৫	২২	২৯
ম	২	৯	১৬	২৩	৩০
বু	৩	১০	১৭	২৪	৩১
বৃ	৪	১১	১৮	২৫	..
শু	৫	১২	১৯	২৬	...
শ	৬	১৩	২০	২৭	..

	ফেব্রুয়ারী				
র	...	৪	১১	১৮	২৫
স	...	৫	১২	১৯	২৬
ম	..	৬	১৩	২০	২৭
বু	...	৭	১৪	২১	২৮
বৃ	১	৮	১৫	২২	২৯
শু	২	৯	১৬	২৩	...
শ	৩	১০	১৭	২৪	...

	মার্চ্চ				
র৩১	...	৩	১০	১৭	২৪
স	·	৪	১১	১৮	২৫
ম	...	৫	১২	১৯	২৬
বু	...	৬	১৩	২০	২৭
বৃ	...	৭	১৪	২১	২৮
শু	১	৮	১৫	২২	২৯
শ	২	৯	১৬	২৩	৩০

	এপ্রিল				
র	...	৭	১৪	২১	২৮
স	১	৮	১৫	২২	২৯
ম	২	৯	১৬	২৩	৩০
বু	৩	১০	১৭	২৪	...
বৃ	৪	১১	১৮	২৫	...
শু	৫	১২	১৯	২৬	
শ	৬	১৩	২০	২৭	...

	মে				
র	..	৫	১২	১৯	২৬
স	...	৬	১৩	২০	২৭
ম	..	৭	১৪	২১	২৮
বু	১	৮	১৫	২২	২৯
বৃ	২	৯	১৬	২৩	৩০
শু	৩	১০	১৭	২৪	৩১
শ	৪	১১	১৮	২৫	...

	জুন				
র৩০	.	২	৯	১৬	২৩
স	.	৩	১০	১৭	২৪
ম		৪	১১	১৮	২৫
বু	...	৫	১২	১৯	২৬
বৃ		৬	১৩	২০	২৭
শু	...	৭	১৪	২১	২৮
শ	১	৮	১৫	২২	২৯

	জুলাই				
র	..	৭	১৪	২১	২৮
স	১	৮	১৫	২২	২৯
ম	২	৯	১৬	২৩	৩০
বু	৩	১০	১৭	২৪	৩১
বৃ	৪	১১	১৮	২৫	...
শু	৫	১২	১৯	২৬	...
শ	৬	১৩	২০	২৭	...

	আগষ্ট				
র	...	৪	১১	১৮	২৫
স	...	৫	১২	১৯	২৬
ম	...	৬	১৩	২০	২৭
বু	...	৭	১৪	২১	২৮
বৃ	১	৮	১৫	২২	২৯
শু	২	৯	১৬	২৩	৩০
শ	৩	১০	১৭	২৪	৩১

	সেপ্টেম্বর				
র	১	৮	১৫	২২	২৯
স	২	৯	১৬	২৩	৩০
ম	৩	১০	১৭	২৪	..
বু	৪	১১	১৮	২৫	...
বৃ	৫	১২	১৯	২৫	...
শু	৬	১৩	২০	২৭	...
শ	৭	১৪	২১	২৮	...

	অক্টোবর				
র	..	৬	১৩	২০	২৭
স	...	৭	১৪	২১	২৮
ম	১	৮	১৫	২২	২৯
বু	২	৯	১৬	২৩	৩০
বৃ	৩	১০	১৭	২৪	৩১
শু	৪	১১	১৮	২৫	...
শ	৫	১২	১৯	২৬	...

	নভেম্বর				
র	...	৩	১০	১৭	২৪
স	...	৪	১১	১৮	২৫
ম	...	৫	১২	১৯	২৬
বু	...	৬	১৩	২০	২৭
বৃ	...	৭	১৪	২১	২৮
শু	১	৮	১৫	২২	২৯
শ	২	৯	১৬	২৩	৩০

	ডিসেম্বর				
র	১	৮	১৫	২২	২৯
স	২	৯	১৬	২৩	৩০
ম	৩	১০	১৭	২৪	৩১
বু	৪	১১	১৮	২৫	...
বৃ	৫	১২	১৯	২৬	...
শু	৬	১৩	২০	২৭	...
শ	৭	১৪	২১	২৮	...

Published by A. C. Ghosh, Presidency Library, 64 College Street, Calcutta & Dacca and printed by S. C. Dutt at the Bharat Art Press, Dacca.

বাংলার পরিচয়

আদমসুমারী (১৯৩১)

(১) বাংলার জনসংখ্যা

(ক) আয়তন, জনসংখ্যা ও জনসংখ্যার ঘনত্ব

বিভাগ ও জেলার নাম	আয়তন (বর্গমাইল)	জনসংখ্যা	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গমাইল)
সমগ্র বঙ্গদেশ	৮৫,৬০৬	৫,১০,৮৭,৩৩৮	৬১৬
ব্রিটিশ-শাসিত প্রদেশ	৮০,১৬৩	৫০,১১৪০০২	৬৪৬
বর্দ্ধমান বিভাগ	১৪,১৬৪	৮৬,৪৭,১৮৯	৬১৮
বর্দ্ধমান	২,৭১০	১৫,৭৫,৬৯৯	৫৮৩
বীরভূম	১,৭৫৬	৯,৪৭,৫৩২	৫৫৮
বাঁকুড়া	২,৬৮৮	১১,১১,৭১১	৪২৪
মেদিনীপুর	৫,২৬৬	২৭,৯৮,৯৪৮	৫৩৪
হুগলী	১,২১০	১১,১২,২৫৫	৯৩৮
হাওড়া	৫৬৪	১০,৯০,৩৭৯	২১০৫
প্রেসিডেন্সী বিভাগ	১৭,৬২০	১,০১,০৮,২২৯	৫৬৬
২৪ পরগণা	৪,৯৬৭	২৭,১৪,৮৭৮	৫১৬
কলিকাতা	৫১	১৪,৮৫,০৮২	৩৬,২৬৫

বিভাগ ও জেলার নাম	আয়তন (বর্গমাইল)	জনসংখ্যা	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গমাইল)
নদীয়া	২,৮৮৭	১৫,৩২,৪১৪	৫৩১
মুর্শিদাবাদ	২,১০৯	১৩,৭০,৬৭৭	৬৫৬
যশোহর	২,৯৩৮	১৬,৭১,২৫১	৫৭৬
খুলনা	৪৭,৯০	১৬,২৬,০৯৮	৩৪৭
রাজশাহী বিভাগ	**১৯,৫৮১**	**১,০৬,৬৮,০৬৬**	**৫৫৭**
রাজশাহী	২,৬৬৩	১৪,৩০২২৯	৫৪৮
দিনাজপুর	৩,৯৫৯	১৭,৫৫,০১৯	৪৪৫
জলপাইগুড়ি	২,৯২৩	৯,৮৩,১৭০	৩৩৫
দার্জ্জিলিং	১,১৬১	৩,১৯,৯৭৯	২৬৪
রংপুর	৩,৫৯৫	২৫,৯৫,২৮৭	৭৪২
বগুড়া	১,৪০৯	১০,৮৬,৩৩২	৭৮৫
পাবনা	১,৮৮০	১৪,৪৫,৪৭৯	৭৯৫
মালদহ	১,৯৯১	১০,৫৩,৭৬৪	৫৯৭
ঢাকা বিভাগ	**১৬,১৬৪**	**১,৩৮,৬৪,১০৪**	**৯৩৫**
ঢাকা	২,৯৩০	৩৪,৩২,৫৭৭	১২৬৫
মৈমনসিংহ	৬,৩৪৬	৫১,২৯,৬৬৪	৮২৩
ফরিদপুর	২,৫০৩	২৩,৬২,২১৫	১০০৩
বাখরগঞ্জ	৪,৩৮৫	২৯,৩৫,১১৬	৮৩৪
চট্টগ্রাম বিভাগ	**১২,৬৩৪**	**৬৮,২৬,৪১৪**	**৫৮৪**
চট্টগ্রাম	২,৫৯০	১৭,৯৭,০৩৮	৬৯৯
ত্রিপুরা	২,৬৯৬	১৬,০০,৭৬৪	১১৯৭
নোয়াখালী	২,২০৭	১৭,০৬,৬৫২	১১২৪

বিভাগ ও জেলার নাম	আয়তন (বর্গমাইল)	জনসংখ্যা	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গমাইল)
পার্ব্বত্য চট্টগ্রাম	৫,১৪১	...	৪৩
দেশীয় রাজ্য	৫,৪৪৩	৯,৭৩,৩৩৬	...
কোচবিহার	১,৩২১	৫,৯০,৮৮৬	৪৪৮
ত্রিপুরা ষ্টেট্	৪,১২২	৩,৮২,৪৫০	৯৩

*গত ১৯২১—১৯৩১ সালের মধ্যে বাংলা দেশে শতকরা ৭·৩ জন লোক বৃদ্ধি পাইয়াছে।

(খ) বাংলার কয়েকটি শহরের জনসংখ্যা

(বর্দ্ধমান বিভাগে)

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
বর্দ্ধমান	৩৯,৪৩৩	মেদিনীপুর	৩১,৫০৯
রামপুরহাট	৯,৯৬৯	ভদ্রেশ্বর	২২,৯১৮
সিউরী	১০,৯০৪	চুঁচুড়া	৩২,৫১২
বাঁকুড়া	৩১,২৫৯	শ্রীরামপুর	৩৮,৭৯৯
বিষ্ণুপুর	১৯,৬৯৬	খড়্গাপুর	৫৪,২৮৪

(প্রেসিডেন্সী বিভাগে)

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
বজবজ	২৩,৫৬৯	বসিরহাট	২১,২৮৮
বরাহনগর	৩৬,৬৩৪	বারাকপুর	৩৯,৬৯২
কামারহাটি	৩০,০১৭	বারাকপুর (ক্যাণ্ট)	১০,৯৮২
টিটাগড়	৪৯,২৮৪	কৃষ্ণনগর	২৪,২৮৪

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
নৈহাটী	৩০,৬৯৮	নবদ্বীপ	১৮,৮৬১
হালিসহর	১৬,৭৭০	রাণাঘাট	১১,৩৯৫
ভাটপাড়া	৮৩,৯২৪	বহরমপুর	২৭,২৩৭
কাঁচরাপাড়া	১৫,০০৫	খুলনা	১৯,১২০

* কলিকাতার লোকসংখ্যা (হাওড়া ও শহরতলী সমেত) ১৪,৮৫,৫৮২

* কলিকাতা শহরের লোকসংখ্যা ১১,৯৬,৭৩৪

* হাওড়ার লোকসংখ্যা ২,২৪,৮৭৩

* ২৪ পরগণার অন্তর্গত শহরতলীর লোকসংখ্যা ৬৩,৯৭৫

(রাজশাহী বিভাগে)

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
রাজশাহী	২৬,৮৩৮	সৈদপুর	১৬,৫১৯
দিনাজপুর	১৯,১৫৬	বগুড়া	১৪,৮১৯
জলপাইগুড়ি	১৮,৯৬২	পাবনা	২১,৯০৪
দার্জ্জিলিং	১৪,৫১৩	সিরাজগঞ্জ	৩২,২৯৩
রংপুর	২০,৭৪৯	মালদহ	১৬,৯০৭

(ঢাকা বিভাগে)

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
ঢাকা	১,৩৮,৫১৮	টাঙ্গাইল	১৬,০৮২
নারায়ণগঞ্জ	৩৪,১৮৯	কিশোরগঞ্জ	১৫,৩২৭
মৈমনসিংহ	৩০,৪৮০	ফরিদপুর	১৫,৫১৬
সেরপুর	১৯,৫৪৭	মাদারীপুর	২৬,৮৯৪
জামালপুর	২৩,০৭৭	বরিশাল	৩৪,১৮০

(চট্টগ্রাম বিভাগে)

শহরের নাম	জনসংখ্যা	শহরের নাম	জনসংখ্যা
চট্টগ্রাম	৫১,৮৭৩	চাঁদপুর	১৬,৮৩৮
কুমিল্লা	৩১,২২০	ফেণী	১০,৮৭৫

জনসংখ্যা সম্বন্ধে আরো জ্ঞাতব্য তথ্য

*সমগ্র বঙ্গের গ্রামের সংখ্যা	৯১,২০০
*সমগ্র বঙ্গে গ্রামবাসীদের সংখ্যা	৪,৭৩,৭৫,৩৯৮
*সমগ্র বঙ্গের শহরের সংখ্যা	১৪৩
*সমগ্র বঙ্গের শহরবাসীর সংখ্যা	৩৭,১১,৯৪০
*ইংরাজ শাসনাধীনে গ্রামের সংখ্যা	৮৬,৬১৮
* দেশীয় রাজ্যে গ্রাম সংখ্যা	৪,৫৮২

*বাংলায় শতকরা ৯৩·৫ জন গ্রামে বাস করে এবং মাত্র ৬·৫ জন লোক শহরে বাস করে।

*বাংলায় শতকরা ১১৫ জন হিন্দু এবং ৩৭ জন মুসলমান শহরে বাস করে।

*ইংরাজ-শাসিত বঙ্গে ইউনিয়ন বোর্ডের সংখ্যা	৪,৮১০
" " " মিউনিসিপালিটির সংখ্যা	১১৮
" " " জিলাবোর্ডের সংখ্যা	২৬

(গ) সমগ্র বঙ্গের জনসংখ্যা ও তাহাদের হ্রাসবৃদ্ধি

(ধর্ম্মানুসারে)

ধর্ম্ম	সন ১৮৮১	সন ১৯০১	সন ১৯২১	সন ১৯৩১
মুসলমান—	১,৮৩,৯৪,৪২৬	২,১৯,৫৪,৯৫৫	২,৫৪,৮৬,১২৪	২,৭৮,১০,১০০
হিন্দু—	১,৮০,৭১,২৯৬	২,০১,৫৫,৬৭৪	২,০৮,১২,৫২৯	২,২২,১২,০৬৯

ধর্ম্ম	সন ১৮৮১	সন ১৯০১	সন ১৯২১	সন ১৯৩১
পার্ব্বত্যজাতি—	৩,১৩,০৮৯	৪,৪২,৫৯৪	৮,৪৯,০৪৫	৫,২৯,৪১৯
বৌদ্ধ—	১,৫৫,১০৬	২,১৬,৫০৬	২,৭৫,৭৫৯	৩,৩০,৫৬৩
খৃষ্টান—	৭২,২৮৯	১,০৬,৫৯৬	১,৪০,০০৯	১,৮৩,০৬৭
অন্যান্য—	১০,১৩১	৭,৯৮৬	১,৯৯,৩৬	২২,১২০

* ১৯৩১ সালের আদমসুমারী অনুসারে অন্যান্য ধর্ম্মাবলম্বীদের মধ্যে জৈন, শিখ, ইহুদী, পাশা এবং কনফিউসিয়ান আছে। ইহাদের সংখ্যা যথাক্রমে ৯,৬৬৯, ৭,৩৩৪, ১,৮৬৭, ১৫২০ এবং ১,৪৪৭।

জনসংখ্যা হ্রাসবৃদ্ধি সম্বন্ধে আরও জ্ঞাতব্য তথ্য

* ১৯২১—১৯৩১ সনের মধ্যে হিন্দুর সংখ্যা বাড়িয়াছে শতকরা ৬·৭
* ১৯২১—১৯৩১ সনের মধ্যে মুসলমানের সংখ্যা বাড়িয়াছে শতকরা ৯·১
* ১৯২১—১৯৩১ সনের মধ্যে খৃষ্টানের সংখ্যা বাড়িয়াছে শতকরা ২২·৮
* ১৯২১—১৯৩১ সনের মধ্যে বৌদ্ধের সংখ্যা বাড়িয়াছে শতকরা ১৯·৯
* ১৯২১—১৯৩১ সনের মধ্যে পার্ব্বত্যজাতির সংখ্যা কমিয়াছে শতকরা ৩৭·৬
* ৫০ বৎসরে (১৮৮১—১৯৩১) মুসলমানের সংখ্যা বাড়িয়াছে মোট ৫১·৯
* ৫০ বৎসরে (১৮৮১—১৯৩১) হিন্দুর সংখ্যা বাড়িয়াছে মোট ২২·৯
* ৫০ বৎসরে (১৮৮১—১৯৩১) খ্রীষ্টানের সংখ্যা বাড়িয়াছে মোট ১৫৩·২
* ৫০ বৎসরে (১৮৮১—১৯৩১) বৌদ্ধের সংখ্যা বাড়িয়াছে মোট ১১৩·১

(ঘ) বিভিন্ন বিভাগ ও জেলার হিন্দু-মুসলমানের অনুপাত

বিভাগ ও জেলার নাম	হিন্দু (শতকরা)	মুসলমান (শতকরা)
সমগ্র বঙ্গ	৪২	৫৪
বৃটিশ-শাসিত বঙ্গ	৪৩·৫	৫৪·৫

* পূর্ণবয়স্ক হিন্দুর সংখ্যা শতকরা ৪৮·৩
* পূর্ণবয়স্ক মুসলমানের সংখ্যা ৫১·৩

বিভাগ ও জেলার নাম	হিন্দু (শতকরা)	মুসলমান (শতকরা)
বর্দ্ধমান বিভাগ	৭৯	১৪
বর্দ্ধমান	৭৩	১৯
বীরভূম	৬৫	২৭
বাঁকুড়া	৮৩	৫
মেদিনীপুর	৮৩	৮
হুগলি	৭৯	১৬
হাওড়া	৭৮	২১
প্রেসিডেন্সি বিভাগ	৫১	৪৭
২৪ পরগণা	৬৩	৩৪
কলিকাতা	৬৯	২৬
নদীয়া	৩৭	৬২
মুর্শিদাবাদ	৪২	৫৬
যশোহর	৩৮	৬২
খুলনা	৫০	৫০
রাজশাহী বিভাগ	৩১	৬২
রাজশাহী	২০	৭৬
দিনাজপুর	৪০	৫১
জলপাইগুড়ি	৫৩	২৪
দার্জ্জিলিং	৬৯	৩
রংপুর	২৮	৭১
বগুড়া	১৬	৮৩
পাবনা	২৩	৭৭
মালদহ	৩৮	৫৪

বিভাগ ও জেলার নাম	হিন্দু (শতকরা)	মুসলমান (শতকরা)
ঢাকা বিভাগ	**২৮**	**৭১**
ঢাকা	৩৩	৬৭
(ঢাকা শহর)	৫৮	৪২
ময়মনসিংহ	২২	৭৭
ফরিদপুর	৩৬	৬৪
বাখরগঞ্জ	২৭	৭২
চট্টগ্রাম বিভাগ	**২২**	**৭৪**
ত্রিপুরা	২৪	৭৬
নোয়াখালী	২২	৭৮
চট্টগ্রাম	২২	৭৪
পার্ব্বত্য চট্টগ্রাম	২	৪
দেশীয় রাজ্য	**৪৭**	**৩২**
কোচবিহার	৬৪	৩৫
ত্রিপুরা	২১	২৭

* সমগ্র বঙ্গে ৩% পার্ব্বত্য জাতি আছে। ইহাদের মধ্যে যাহারা হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান ধর্ম্মাবলম্বন করিয়াছে, তাহাদিগকেও এই ৩% এর মধ্যে ধরা হইয়াছে।

* বাংলার মুসলমান ভারতবর্ষের মুসলমানের শতকরা ৩৫'৪ জন।

* বাংলার হিন্দু ভারতবর্ষের হিন্দুর শতকরা ৯'২ জন।

(ঙ) ব্রিটিশ-শাসিত বঙ্গের জনসংখ্যা

(জাতি অনুসারে)

বাঙ্গালী—৪,৭১,৩৮,৮৮৮ উড়িয়া—১,৫৯,৮৫৪

হিন্দুস্থানী—১৮,৯১,৩৩৭

(চ) বাংলায় অ-বাঙালী এবং বাংলার বাহিরে বাঙালী

স্থানের নাম	বাংলায় অ-বাঙালী	বাংলার বাহিরে বাঙালী
সমগ্র বাংলায়	২০,১২,০৮৪	১১,১৪,৯১৩*
ইংরাজ-শাসিত বাংলায়	১৮,২১,০৫২	১০,৮৩,৫১৭
বাংলার দেশীয় রাজ্যে	১,৯১,০৩২	৩১,৩৯৬
সমগ্র বঙ্গ হইতে বহির্ভারতে গত বাঙ্গালী	×	২,৭৩৮

(ছ) সমগ্র বাংলার স্ত্রীলোক ও পুরুষের সংখ্যা

স্ত্রীলোক ও পুরুষের সংখ্যা

পুরুষ—২৬৫,৫৭,৮৬০

স্ত্রীলোক—২,৪৫,২৯৪৭৮

* বাংলায় ১০০০ পুরুষ প্রতি স্ত্রীলোকের সংখ্যা ৯৬০।

(জ) সমগ্র বাংলায় কয়েকটি হিন্দু সম্প্রদায়ের জনসংখ্যা

সম্প্রদায়	জনসংখ্যা	সম্প্রদায়	জনসংখ্যা
আদি কৈবর্ত্ত	৩,৫২,০৭২	বাউরী	৩,৩১,২৬৮
কলু	৭১,০২৪	বৈদ্য	১,১০,৭৬৯
কামার	২,৬৫,৫৩১	বৈরাগী	৩,৩৭,৭৭১

* কুর্গ, মাদ্রাজ ও মাদ্রাজের দেশীয় রাজ্যে বাংলার বাহিরে বাঙালীদের হিসাব ধরা হয় নাই।

সম্প্রদায়	জনসংখ্যা	সম্প্রদায়	জনসংখ্যা
কাওড়া	১,০৭,৯০৮	ব্রাহ্মণ	১৪,৪৭,৬৯১
কাপালী	১,৬৫,৫৮৯	ভূইমালী	৭২,৮০৪
		ভূঁয়া (পার্ব্বত্য)	১০৩৫
		ভূঞা (হিন্দু)	৫৯,৩৭০
কায়স্থ	১৫,৫৮,৪৭৫	ভূমিজ	৮৫,১৬১
কোচ	৮১,২৯৯	মাহিষ্য	২৩,৮১,২৬৬
কুমার	২,৮৯,৮১০	মাল	১,১১,৪২২
কুর্ম্মী	১,৯৪,৬৫২	মালী	৭৯,০৮৪
গোয়ালা	৫,৯৯,২৮৩	মালো	১,৮৮,০৯৪
চামার	১,৫০,৪৫৮	মুক্তী	৪,১৪,২২১
ডোম	১,৪০,০৬৭	যুগী	৩৮৪,৬৩৪
তাঁতী	৩,৩০,৫১৮	রাজবংশী	১৮,০৬,৩৯০
তীয়র	৯৬,৪১৩	রাজপুত	১,৫৬,৯৭৮
দোসাধ	৩৬,৪২০	ধোবী	২,২৯,৬৭২
নমঃশূদ্র	২০,৯৪,৯৫৭	লোহার	৫০,১৮২
নাপিত	৪,৫ ১০,৬৮	সদগোপ	৫,৭১,৭৭২
পাটনী	৪০,৭৬৬	সাহা	৪,২০,১৯৯
পোদ	৬,৬৭,৭৩১	শুড়ী	৭৬,৯২০
বাগদি	৯,৮৭,৫৭০	হাড়ি	১,৩২,৪০১
বারুই	১.৯৫.১৩৯		

(ঝ) বাংলার জনসংখ্যা (বয়সানুসারে)

বয়স	পুরুষ	স্ত্রীলোক
সকল বয়সের	২,৬৫,৫৭,৮৬০	২,৪৫,২৯,৪৭৮
•	৫,৮২,১৬৬	৫,৭৪,৪৩৭

বয়স	পুরুষ	স্ত্রীলোক
১	৫,২৯,৬৫৩	৫,৫২,৪৬৪
২	৭,৬৮,৪৬৭	৮,২০,১৭৪
৩	৮,২৮,৩৬৫	৮,৯২,১০৬
৪-৬	২৪,৩১,৩০৫	২৩,৫৮,১৪৪
৭-১৩	৪৮,৩৫,২৯৯	৪০,৯৬,১৯২
১৪-১৬	১৫,১৯,৭৭৯	১৫,৮৪,১৬০
১৭-২৩	৩১,৩০,৯৮৩	৩৬,০০,৬৩৪
২৪-২৬	১৮,০১,২৭৭	১৭,৬৯,৫৮০
২৭-৩৩	২৯,৯৩,৭৪৯	২৫,৪৯,৬৯৮
৩৪-৩৬	১৪,৩১,২৭৯	১০,৮৮,২৩৪
৩৭-৪৩	২০,১৪,১৫৭	১৫,৬১,৯৮৪
৪৪-৪৬	৮৭৯,৪৫৭	৬,৪২,৮৫২
৪৭-৫৩	১১,৯৯,৩৮৭	১০,০৫,৪৯৮
৫৪-৫৬	৪১৯,৯৭৫	৩৩৫,৪৯০
৫৭-৬৩	৬১৪,৪৫১	৫,৮২,৮৪০
৬৪-৬৬	১৭১,২৯১	১,৪৮,১৯৬
৬৭-৭৩	২১৫,৮৭৭	২০১,৫৩০
৭৪ এবং তদূর্দ্ধ	১৯০,৯৪৩	১,৬৫,২৬৫

(২) বাংলার সমাজতত্ত্ব

(ক) বাংলার হিন্দু ও মুসলমানদের মধ্যে স্ত্রী-পুরুষের সংখ্যা

জাতি	পুরুষ	স্ত্রীলোক	মোট
হিন্দু	১,১৬,৩৯,২৮৫	১,০৫,৭২,৭৮৪	২,২২,১২,০৬৯
মুসলমান	১,৪৩,৬৬,৭৫৭	১,৩৪,৪৩,৩৪৩	২,৭৮,১০,১০০

(খ) বাংলার বিবাহিত, অবিবাহিত, বিপত্নীক ও বিধবার সংখ্যা

	সর্ব্বধর্ম্মাবলম্বী	হিন্দু	মুসলমান
অবিবাহিত	২,০০,৬৪,৮৪,৩	৮৫,৬০৯৯৪	১,০৯,৯৩,৫৫৪
বিবাহিত	২,৫৮,২৮,৮১৭	১,০৭,৩৬,১২৪	১,৪৬,১৩,৮৯৭
বিপত্নীক	৮,৬৬,১৬২	৫,২৮,২৯৪	৩,১৯,২১৬
বিধবা	৪৩,২৭,৫১৬	২৩,৮৬,৬৫৭	১৮,৮৩,৪৩৩

*২৪-৪৩ বৎসর পর্য্যন্ত হিন্দু পুরুষ অবিবাহিত	৩,৫৮,১৫৮
*২৪-৪৩ বৎসর পর্য্যন্ত হিন্দু স্ত্রীলোক অবিবাহিত	২৭,৩৭৬
*২৪-৪৩ বৎসর পর্য্যন্ত মুসলমান পুরুষ অবিবাহিত	১,৮০,৪৬৪
*২৪-৪৩ বৎসর পর্য্যন্ত মুসলমান স্ত্রীলোক অবিবাহিত	২৩,৬০৮

(গ) বাংলার স্ত্রী-পুরুষ ভেদে বিবাহিত ও অবিবাহিতের সংখ্যা

	অবিবাহিত		বিবাহিত	
	পুরুষ	স্ত্রীলোক	পুরুষ	স্ত্রীলোক
সর্ব্বধর্ম্মাবলম্বী	১,২৪,৬৩,৩৬৩	৭৬,০১,৪৮০	১,৩২,২৮,৩৩৫	১,২৬,০০,৪৮২
হিন্দু	৫৪,৫৮,৮০৩	৩১,০২,১৯১	৫৬,৫২,১৮৮	৫০,৮৩,৯৩৬
মুসলমান	৬৭,২০,০০১	৪২,৭৩,৫৩৭	৭৩,২৭,৫২৪	৭২,৮৬,৩৭৩

(ঘ) বাংলার কয়েকটি সম্প্রদায়ের মধ্যে অবিবাহিত ও বিবাহিত, বিপত্নীক ও বিধবার সংখ্যা

সম্প্রদায়ের নাম	প্রতি হাজার পুরুষে			প্রতি হাজার স্ত্রীলোকে		
	অবিবাহিত	বিবাহিত	বিপত্নীক	অবিবাহিত	বিবাহিত	বিধবা
আগরওয়ালা (হিন্দু)	৪০০	৫৩৯	৬১	৩৩২	৫০৮	১৬০
এংলো-ইণ্ডিয়ান (খৃষ্টান)	৫৯৭	৩৭৭	২৬	৫১৯	৩৯১	৮০

সম্প্রদায়ের নাম	অবিবাহিত	বিবাহিত	বিপত্নীক	অবিবাহিত	বিবাহিত	বিধবা
	প্রতি হাজার পুরুষে			প্রতি হাজার স্ত্রীলোকে		
কায়স্থ (হিন্দু)	৫১৫,	৪৪৩	৪২	৩৪৫	৪৫৫	২০০
কম্বু (হিন্দু)	৪৭২	৬৭৩	৬৪	৩৫৭	৫২৭	১১৬
ঐ (বৌদ্ধ)	৩৫২	৪৪৪	২০৪	৪৫৫	৪০৯	১৩৬
কোচ (হিন্দু)	৪৩০	৫০৫	৬৫	৩৬৯	৫১২	১৪৯
চাক্‌মা (হিন্দু)	৬০৭	৩০৪	৩৯	২৮৬	৭১৪	...
ঐ (বৌদ্ধ)	৫৫৮	৪১৪	২৮	৪৮৬	৪৪৭	৬৭
জেলিয়া কৈবর্ত্ত	৪৪৯	৪৮৪	৬৭	২৯২	৪৯০	২১৮
টিপ্‌রা (হিন্দু)	৫৪৫	৪২৩	৩২	৪৬৮	৪৫৪	৭৪
ঐ (পার্ব্বত্য)	৫৫৯	৩৯৭	৪৪	৪৩২	৪৭৮	৯০
ডোম (হিন্দু)	৩৯২	৫৫৫	৫৩	২৩৫	৫৬২	২০৩
নমঃশূদ্র (হিন্দু)	৪৭১	৪৭৪	৫৫	২৯৮	৪৮৫	২১৭
ভারতীয় খৃষ্টান	৫১৯	৪৩৪	৪৭	৪৯১	৪১৮	৯১
মাহিষ্য (হিন্দু)	৪৮৪	৪৬৮	৪৮	২৭১	৪৮৬	২৪৩
যুগী (হিন্দু)	৪৭০	৪৭৮	৫২	২৯৮	৪৯৫	২০৭
লেপচা (হিন্দু)	৩৭৪	৫৫৩	৭৩	৩৭৫	৬২৫	—
ঐ (বৌদ্ধ)	৪২০	৪৯১	৮৯	৫৯২	৩৭১	৩৭
ঐ (খৃষ্টান)	৫৯২	৩৭১	৩৭	৫৬৫	৩৫৭	৭৮
ঐ (পার্ব্বত্য)	৫১৬	৩৩১	২৫৩	৪২৫	৪৩০	১৪৫
বৈদ্য (হিন্দু)	৫৫০	৪০৯	৪১	৪২৬	৪১৬	১৫৮
বৈরাগী (হিন্দু)	৪২১	৫০৪	৭৫	২১৯	৪৭৪	৩০৭
বাউরী (হিন্দু)	৪৩৩	৫২৯	৩৮	২৭১	৫৩৫	১৯৪

সম্প্রদায়ের নাম	প্রতিহাজার পুরুষে			প্রতিহাজার স্ত্রীলোকে		
	অবিবাহিত	বিবাহিত	বিপত্নীক	অবিবাহিত	বিবাহিত	বিধবা
ব্রাহ্মণ (হিন্দু)	৪৮৯	৪৬১	৫০	৩৪০	৪৬০	২০০
সাঁওতাল (হিন্দু)	৪৮১	৪৭১	৪৮	৩৮৪	৪৭৯	১৩৭
ঐ (খৃষ্টান)	৫৩৪	৪২১	৪৫	৪১৮	৪০৭	১০৫
ঐ (পার্ব্বত্য)	৪৯১	১৭৩	৩৬	৪০৫	৪৬০	১৩২
সাহা (হিন্দু)	৪৬৩	৪৭৪	৬৩	৩০৭	৪৯৭	১৯৬
সৈঃ মুসলমান	৪৬৭	৫০২	৩১	৩৩৩	৫২৪	১৪৩
মমিন (জোলা)	৪৩০	৫৩৩	৩৭	২৯৮	৫৬০	১৪২

বাংলার হিন্দু ও মুসলমানদের মধ্যে বিধবার সংখ্যা

(বয়স ভেদে)

বয়স	হিন্দু	মুসলমান
০	১০৫	১৪৪
১	১৫৩	১২৯
২	২৩৩	৩৩১
৩	৬৬৯	৫১৩
৪— ৬	৩,৭১১	৫,০৩৭
৭—১৩	১৯,৯০৫	১৭,২৫৩
১৪ —১৬	৩০,২৬১	২০,৪১১

বয়স	হিন্দু	মুসলমান
১৭—২৩	১,৪৯,৯৪৯	৭১,১৫১
২৪—২৬	১,৩১,৫৫৫	৬৬,৫৫৯
২৭—৩৩	৩,০৬,৯৫৩	১,৮৬,০৩৯
৩৪—৩৬	১,৮৭,৭৯১	১,৪৮,৮৩৭
৩৭—৪৪	৩,৭৫,২২১	৩,২২,০১৩
৪৪—৪৬	১,৯০,২৫৫	১,৭৩,৯৮১
৪৭—৫৩	৩,৫৪,১২৫	৩,৩৫,২৩৭
৫৪—৫৬	১,৩৬,৭৬৩	১,১৩,১৮৫
৫৭—৬১	২,৫১,০৬৩	২,২৭,৮৫৫
৬৪ এবং তদূর্দ্ধ	২,৪৭,৯৪৫	১,৯৪,৭৪৮

(৩) বাংলার স্বাস্থ্য

(ক) ব্রিটিশ শাসনাধীন বাংলায় জন্ম-মৃত্যুর-হার

(হাজার করা)

(জন-স্বাস্থ্য বিভাগ কর্ত্তৃক রক্ষিত হিসাব অনুযায়ী)

বাংলা দেশের মোট মৃত্যু সংখ্যা (১৯২১-১৯৩০) ১,১৭,৯,১৮৮৫

„ „ গড়ে প্রতি বৎসর মৃত্যু (১৯২১-১৯৩০) সংখ্যা ২৪২৬

„ „ মোট জন্ম সংখ্যা (১৯২১-১৯৩০) ১,৩২,৫৫,৩৬০

„ „ গড়ে প্রতি বৎসর জন্ম (১৯২১-১৯৩০) সংখ্যা ২৭,৪৯

+ "বাংলার জন-স্বাস্থ্য বিভাগ কর্ত্তৃক রক্ষিত হিসাব অনুযায়ী উপরোক্ত হিসাব দেওয়া হইয়াছে। কিন্তু এই হিসাব অনুযায়ী দেখা যায়

গত দশ বৎসরে (১৯২১-১৯৩১) যে পরিমাণ লোক সংখ্যা বৃদ্ধি হইয়াছে, তাহার অর্দ্ধেক পরিমাণ লোকসংখ্যা বৃদ্ধির কোন হিসাব পাওয়া যায় না। ব্রিটিশ শাসনাধীন বঙ্গের অন্তর্গত পার্ব্বত্য চট্টগ্রামের জন্ম-মৃত্যুর কোন হিসাব জন-স্বাস্থ্য বিভাগ কর্ত্তৃক রক্ষিত হয় না। যাহা হউক ১৯৩১ সনে সেন্‌সাস রিপোর্টে বাংলার জন্মমৃত্যু হারের একটি আনুমানিক হিসাব দেওয়া হইয়াছে, তাহা এই :—

বাংলা দেশে গড়ে আনুমানিক বাৎসরিক মৃত্যুর সংখ্যা হাজার করা ৩৪·৯৪
„ „ „ „ জন্মের সংখ্যা (হাজার করা) ৪১·৯৫

(খ) বাংলার পাগল, অন্ধ, বোবা এবং কুষ্ঠ রোগীর সংখ্যা প্রতি ১ লক্ষ লোকের মধ্যে

স্থান	পাগল	অন্ধ	বোবা	কুষ্ঠরোগী
সমগ্র বঙ্গ	৪৫	৭৩	৭০	৪২
ব্রিটিশ শাসনাধীন বঙ্গ	৪৩	৭৩	৭১	৪২
দেশীয় রাজ্য	৭২	৬৮	৪৪	৪২

(গ) কয়েকটি বিশিষ্ট কারণে বাংলার গড় বাৎসরিক মৃত্যু-সংখ্যা (১৯২১-১৯৩০)

মৃত্যুর কারণ	পুরুষ	স্ত্রীলোক	মোট
কলেরা	৩৭,০২৭	৩৩,৬০৫	৭০,৬৩৫
জ্বর	৪,৪০,৫০১	৪,০২,৯৩৯	৮,৪৩,৪৪০

বসন্ত	৯,৭২৪	৮,৯৩১	১৮,৬৫৫
প্লেগ*	২৭	৯	৩৬
আমাশয় বা পেটের অসুখ	১৪,৮৪৭	১৩,০৩০	২৭,৮৭৭
হৃদ্‌রোগ (রেস্‌পাইরেটরী ডিজিস)	২১,৯৪৮	১৩,৪৫৫	৩৪,৪০৩
আত্মহত্যা	১,৩১১	১,৮৫০	৩,১৬১
প্রসবের সময়	×	৪৪৩১	×

* ১৯২৯ এবং ১৯৩০ সালে বাংলায় কোন লোক প্লেগে আক্রান্ত হয় নাই

(৪) বাংলার শিক্ষা

(ক) সমগ্র বঙ্গে শিক্ষিত লোকের সংখ্যা (১৯৩১)

(৪ বৎসর এবং তদূর্দ্ধ হইতে)

(ধর্ম্মানুসারে)

	মোট শিক্ষিত	পুরুষ	স্ত্রীলোক
সর্ব্বধর্ম্ম	৪৭,৭৭,৪৪৭	৪,১০১,৯৬৩	৬,৭৫,৪৮৪
হিন্দু	৩০,৭০,৬৯৭	২৬,২৩,৭৮১	৪,৪৬,৯১৬
মুসলমান	১৫,৯৭,৪১৭	১৪,০৩,৩০৫	১,৯৪,১১২
খৃষ্টান	৬৯,৪৭৫	৪১,১৫৯	২৮,৩১৬
বৌদ্ধ	২৫,৪৬৮	২২,০০৫	৩,৪৬৩
পার্ব্বত্য জাতি	৩৯,১৩	৩,১০১	৮১২

(খ) ব্রিটিশ বঙ্গে শিক্ষিত লোকের সংখ্যা (১৯৩১)

(৪ বৎসর এবং তদূর্দ্ধ হইতে)

(ধর্ম্মানুসারে)

	মোট শিক্ষিত	পুরুষ	স্ত্রীলোক
সর্ব্বধর্ম্ম	৪৭,২৭,৭৫০	৪০,৫৬,৩৫৪	৬৭১,৩৯৬
হিন্দু	৩০,৩২,৯০৯	২৫,৮৯,৩১৭	৪৪৩,৫৯২
মুসলমান	১৫,৮৬,২৭০	১৩,৯২,৮৫৯	১,৯৩,৪১১
খৃষ্টান	৬৯,১৭৯	৪০,৯১৪	২৮,২৬৫
বৌদ্ধ	২৫, ৩০২	২১,৮৪৩	৩,৪৫৯
পার্ব্বত্য জাতি	৩,৯১৩	৩,১০১	৮১২

(গ) বাংলার দেশীয় রাজ্যে শিক্ষিত লোকের সংখ্যা (১৯৩১)

(৪ বৎসর এবং তদূর্দ্ধ হইতে)

(ধর্ম্মানুসারে)

	মোট শিক্ষিত	পুরুষ	স্ত্রীলোক
সর্ব্বধর্ম্ম	৪৯,৬৯৭	৪৫,৬০৯	৪০৮৮
হিন্দু	৩৭,৭৭৮	৩৪,৪৬৪	৩,৩২৪
বৌদ্ধ	১৬৬	১৬২	৪

* সমগ্র বাংলায় ৫ বৎসরের এবং ৫ বৎসরের উর্দ্ধ বয়স্ক লোকের মধ্যে হাজার করা ১১০ জন লেখাপড়া জানে।

* সমগ্র বাংলায় ৫ বৎসর এবং পাঁচ বৎসরের উর্দ্ধ বয়স্ক পুরুষের মধ্যে হাজার করা ১৮০ জন পুরুষ লেখাপড়া জানে।

* সমগ্র বাংলায় ৫ বৎসর এবং ৫ বৎসরের উর্দ্ধ বয়স্ক স্ত্রীলোকের মধ্যে হাজার করা ৩২টি স্ত্রীলোক লেখাপড়া জানে।

(ঘ) সমগ্র বাংলার বিভিন্ন ধর্ম্মাবলম্বীদের মধ্যে শিক্ষিতের সংখ্যা (১৯৩১) (ধর্ম্মানুসারে):—

	লেখাপড়া জানা লোক		ইংরাজী জানা লোক	
	প্রতিহাজার পুরুষে	প্রতিহাজার স্ত্রীলোকে	প্রতিহাজার পুরুষে	প্রতিহাজার স্ত্রীলোকে
সর্ব্বধর্ম্ম	১৮০	৩২	৪৩	৫
হিন্দু	২৫৯	৪৯	৬৮	৬
মুসলমান	১১৫	১৭	২০	২
খ্রীষ্টান	৪৮৪	৩৮৪	৩৬৩	২৯৪
বৌদ্ধ	১৫৫	২৫	২১	১
পার্ব্বত্য	১৪	৪	১	
জৈন	৬২১	১৯৯	১৫০	২৪
শিখ	৫৪৮	২৪৪	১২৪	৩৫
ইহুদী	৭২৭	৬৮০	৫৬০	৪৯৫
পার্শী	৭০২	৫৮৪	৫৭৭	৪৯২

* পাঁচ এবং তদূর্দ্ধ বয়স্ক লোকের সংখ্যার উপর হিসাব।

(ঙ) বাংলার কয়েকটি সম্প্রদায়ের মধ্যে শিক্ষিতের সংখ্যা (১৯৩১)

সম্প্রদায়	প্রতিহাজারে মোট শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার পুরুষে শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার স্ত্রীলোকে শিক্ষিতের সংখ্যা
আগরওয়ালা (হিন্দু)	৩৪৪	৪৯১	১১৭
এ্যাংলো ইণ্ডিয়ান (খ্রীষ্টান)	৮৯৫	৮৯৩	৮৯৭

সম্প্রদায়		প্রতিহাজারে মোট শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার পুরুষে শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার স্ত্রীলোকে শিক্ষিতের সংখ্যা
কায়স্থ	(হিন্দু)	৪০১	৫৭১	২০৯
কামু	(হিন্দু)	২০৪	২৯৪	১০৭
ঐ	(বৌদ্ধ)	২৪৪	৩০২	১৬২
চাক্‌মা	(হিন্দু)	৩২৮	৩৬০	২৭৩
ঐ	(বৌদ্ধ)	৪৪	৬৪	২১
জেলিয়া কৈবর্ত্ত	(হিন্দু)	৭৪	১২২	২২
টিপ্‌রা	(হিন্দু)	৫১	৮২	১৬
ঐ	(পার্ব্বত্য)	৬	৬	৭
ডোম	(হিন্দু)	২৪	২৯	৮
নমঃশূদ্র	(হিন্দু)	৮২	১৪৫	১৫
ভারতীয় খ্রীষ্টান		২৭১	৩২৬	২১২
মাহিষ্য	(হিন্দু)	১৮৬	৩২৪	৩৯
যুগী	(হিন্দু)	১৪০	২৪	৩৩
লেপচা	(হিন্দু)	৩৩৫	৩৪৫	
ঐ	(খ্রীষ্টান)	৩৭৪	৫০৪	২৬০
ঐ	(বৌদ্ধ)	১৬৩	১৬৫	১৬১
বৈদ্য	(হিন্দু)	৬৩৫	৭৭৭	৪৭৬
বৈরাগী	(হিন্দু)	১৫৫	২৮৪	৩৭
ব্রাহ্মণ	(হিন্দু)	৪৫২	৬৪৫	২১৬
সাঁওতাল	(হিন্দু)	৮	১২	৩

৭ বৎসর এবং তদূর্দ্ধ বয়সের লোকের সংখ্যার উপর হিসাব।

সম্প্রদায়	প্রতিহাজারে মোট শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার পুরুষে শিক্ষিতের সংখ্যা	প্রতিহাজার স্ত্রীলোকে শিক্ষিতের সংখ্যা
সাঁওতাল (খ্রীষ্টান)	১৫৮	১৮৭	১২৬
সাহা (হিন্দু)	২৬৮	৪৩৮	৮৫
সৈয়দ (মুসলমান)	২৭৩	৪১০	১১৫

(চ) বাংলার শিক্ষায়তন এবং ছাত্র-ছাত্রী সংখ্যা (১৯৩১)
(শিক্ষা-বিভাগের রক্ষিত হিসাব হইতে)

	শিক্ষায়তন	ছাত্রও ছাত্রী সংখ্যা
মোট	৬৭,৬৩৯	২৭,১২,৫৫৩
গভর্ণমেণ্ট অনুমোদিত শিক্ষায়তন	৬৬,০০৬	২৬,৫০,৩৫৭
বিশ্ববিদ্যালয় ও কলেজ	৬৭	২৫১৫৭
বিশ্ববিদ্যালয়	২	১৮৩৫
আর্ট কলেজ—		
বালকদের	৪৪	১৭,৮৪৭
বালিকাদের	৪	৩৪২
আইন কলেজ	৩	২৫৫৩
মেডিকেল কলেজ	৩	১৩০২
ইঞ্জিনিয়ারিং কলেজ	১	২৯৮
ট্রেনিং কলেজ	৫	১৮৪
কমার্সিয়াল কলেজ	৪	৬৫৩
পশু চিকিৎসা কলেজ	১	১৪১
স্কুল (সাধারণ)	৬২,৭৭৪	২৪,৯৭,৩৫৮

	শিক্ষায়তন	ছাত্র ও ছাত্রী সংখ্যা
হাইস্কুল—বালকদের জন্য	১০৭৫	২,৫৭,৩১২
বালিকাদের জন্য	৫৯	১৪,৮১৫
মধ্য ইংরেজী বিদ্যালয়		
বালকদের জন্য	১,৮১৫	১,৬০,৪৯৬
বালিকাদের জন্য	৫২	৬,৬৫৮
মধ্য-বাংলা স্কুল—		
বালকদের জন্য	৫৪	৩,৮১০
বালিকাদের জন্য	১২	১,২৭০
প্রাইমারী স্কুল		
বালকদের জন্য	৪২,৭১৬	১৬,৩৬,৪৬৯
বালিকাদের জন্য	১৬,২৯১	৪,১৬,৫২৮
বিশেষ বিদ্যালয়	৩১৬৫	১,২৭,৯৪২
ট্রেনিং স্কুল—		
শিক্ষকদের	৯২	২,৫৭২
শিক্ষয়িত্রীদের	১০	২৪০
মেডিকেল স্কুল	৯	২২৪৪
ইঞ্জিনিয়ারিং অথবা সার্ভেস্কুল	২	৫৪৮
শিল্পশিক্ষা বিদ্যালয়	১৪২	৫৭১১
কমার্শিয়াল স্কুল	২৮	১৩০১
মাদ্রাসা	৭৪৩	৬৯,৮২৪
নানাবিধ স্কুল	২১৩৯	৪৫,৫০২
প্রাইভেট এবং অননুমোদিত		
শিক্ষায়তন	১৬৩৩	৬২.০৯৬

	শিক্ষায়তন	ছাত্র ও ছাত্রী সংখ্যা
বালকদের জন্য	১২৭৮	৫১,৪২৬
বালিকাদের জন্য	৩৫৫	১০,৬৭০

বাংলা দেশে শিক্ষার জন্য মাথা পিছু ব্যয় করা হয় টাঃ ১৪।৯ পাই।

বাংলা দেশের স্ত্রীশিক্ষার হার শতকরা ১৭'৭৭।

বাংলা দেশে প্রায় ৭০টি ভাষা প্রচলিত আছে।

বাংলায় ৪, ৭১,৩৩,৮৮৮ জনের মাতৃভাষা বাংলা।

বাংলায় ১৮,৯১,৩৩৭ জনের মাতৃভাষা হিন্দুস্থানী।

(৫) বাংলার অধিবাসীদের পেশা

(ক) বিভিন্ন পেশায় নিযুক্ত লোক-সংখ্যা ও উহার হার

পেশার নাম	বিভিন্ন পেশায় নিযুক্ত লোকসংখ্যা	নিযুক্ত লোক সংখ্যার হার
সকল রকম পেশায় নিযুক্ত লোক (মোট)	১,৪৭,০৪,০৭৯	
পশুপালন ও কৃষিকার্য্য	১,০০,৮৮,১৫০	৬৯
শিল্পকার্য্য (খনিজ দ্রব্য ও চালনাদি কার্য্যে নিযুক্ত লোকসংখ্যা সহ)	১৬,০৮,১৬৫	১১
ব্যবসায় ও বাণিজ্য	৯,৪১,০৫৮	৬
নানাবিধ পেশা ও সরকারী কাজ	৩,৯৩,১৭৮	৩
অন্যান্য কাজকর্ম্ম	১৬,৭৩,৫২৫	১১

* সমগ্র জনসংখ্যার তুলনায় বিভিন্ন পেশায় নিযুক্ত লোকসংখ্যায় শতকরা ২৮'৮ জন।

(খ) বাংলার কয়েকটি বিশিষ্ট পেশায় নিযুক্ত লোকের সংখ্যা

পেশার দাম	নিযুক্ত লোকের সংখ্যা
বস্ত্র ও পাটবয়ন শিল্প	৪,৫৭,৬২২
মৎস ধরা ও পশু শিকার কার্য্য	১,৯২,৪২৫
কৃষিকার্য্যে নিযুক্ত শ্রমিক (ভূমিহীন)	২৭,১৮,৯৩৯
ধাতু শিল্প	৫০,৭১৬
ইমারতি শিল্প	৫৪,৪০২
ধোপার কাজ	৩৯,৪৮৭
নাপিতের কাজ ও পরচুলা তৈয়ারীর কাজ	৬২,৩৭০
সরকারী শাসন কার্য্য (মিউনিসিপালিটি, ডিষ্টীক্টঃবোর্ড ইত্যাদিতে নিযুক্ত লোক সহ)	৫০২৯৭
সরকারী সৈন্য-শক্তি	৫৯,০৩০
সৈন্য বাহিনী	২৯৬৪
নৌ-বাহিনী	১৬
বিমান-বাহিনী	১৫
পুলিস	২১,৮২২
গ্রাম্য-চৌকিদার	৩৪,২২৪
পোষ্ট অফিস	২০,১২৯
টেলিগ্রাফ বিভাগ	৩,৭১৪
রেলওয়ে	১,৫৭,৯১০
সেচ-বিভাগ	৪,১১৯
আইন ব্যবসায়ী (কাজী, মুক্তার ও ল-এজেণ্ট সহ)	১৭,১১৬
রেজিষ্টার্ড ডাক্তার (চক্ষুচিকিৎসকসহ)	২৯,৬০২

	নিযুক্ত লোকের সংখ্যা
দন্ত চিকিৎসক	১,১১৭
পশু চিকিৎসক	৬০৬
অধ্যাপক ও শিক্ষক (সকল শ্রেণী)	৭৩,৩৪৫
গৃহকার্য্য	৮০২,১৭১
ভিক্ষুক ও ভবঘুরে	১,৬৬,৫৬১
বেশ্যা	২৪,০৫৮

* সমগ্র বাংলার প্রতি ১ হাজার লোকের মধ্যে ২৮৮ জন কাজে নিযুক্ত থাকে।

দ্রষ্টব্য :—১৯৩১ সনের সেন্সাসে বাংলার বেকারদিগের একটা হিসাব দেওয়া আছে। কিন্তু উহা এত অসম্পূর্ণ যে, উহা হইতে কোন সংবাদ পরিবেশন করা বাঞ্ছনীয় মনে করিলাম না—সম্পাদক।

বাংলার কৃষি ও খনিজ সম্পদ

(বাণিজ্যিক ভূগোল)

[নানা কারণে কৃষিজাত দ্রব্যের চাহিদা কম-বেশী হয়। আমাদের দেশের কৃষকগণ দেশের ও জগতের চাহিদা অনুযায়ী মাল উৎপাদন করিতে জানে না। পূর্ব্ব বৎসরে কোন্ ফসলের কেমন দাম পাইয়াছে, তাতে তাদের লাভালাভ কেমন হইয়াছে, তাহারা সেই হিসাব খতাইয়া দেখিয়া পরবৎসর কোন কোন ফসলের কম বেশী জমি আবাদ করিয়া থাকে। আবার আভ্যন্তরিক ও আন্তর্জ্জাতিক নানা কারণে আমদানী-রপ্তানীর হ্রাস বৃদ্ধি হয়, ফসলের মূল্যের কোন স্থিরতা থাকে না। এই সকল নানা কারণে আবাদী ফসলের জমির পরিমাণ প্রায় প্রত্যেক

বৎসরই হ্রাস-বৃদ্ধি হয়। এখানে একটী কথা বলা আবশ্যক বোধ করি। কৃষি, শিল্প ও বাণিজ্যের পরিমাণ ও মূল্যাদি বিষয়ক অঙ্ক অনেক সময়ই আনুমাণিক। গবর্ণমেণ্ট অর্থনীতি-বিদ ও বিভিন্ন সভা-সমিতি ঐ সকল সংবাদ সংগ্রহ করিয়া থাকে। একের অঙ্ক এবং অন্যের অঙ্কের মধ্যে শত করা প্রায় ৫ ভাগ পর্য্যন্ত পার্থক্য থাকে। তৎসত্ত্বেও এই সকল অঙ্কের উপর নির্ভর করা ছাড়া উপায় নাই। আমরা এখানে কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে শ্রীযুক্ত কালীচরণ ঘোষ মহাশয়ের 'ভারতের পণ্য' নামক সুলিখিত পুস্তক হইতে আমরা এই অধ্যায়ে বিশেষ সাহায্য পাইয়াছি।

(১) বাংলার জমি ও ফসল

(১নং চার্ট—জমির পরিমাণ ও বৃষ্টিপাত)

(১৯৩১ সনের সেন্সাস)

বিভাগ ও জেলার নাম	কর্ষণযোগ্য ভূমির পরিমাণ (সমগ্র আয়তনের তুলনায়)	কর্ষিত ভূমির পরিমাণ (কর্ষণযোগ্য ভূমির তুলনায়)	কর্ষিত দোফসলা ভূমির পরিমাণ (কর্ষণযোগ্য ভূমির তুলনায়)	গড়ে বৃষ্টিপাত
সমগ্র বঙ্গ	৭১'২	৬৭'০	১৪'১	৭৪'৫
বর্দ্ধমান বিভাগ	৭৮'৩	৬০'৭	৫'৩	৫৪'৬
বর্দ্ধমান	৮২'৩	৩৯'১	১৫'১	৫০'১
বীরভূম	৮৭'৯	৬২'৯	৫'৬	৪৬'১
বাঁকুড়া	৬৯'৪	৬৩'৭	২'৪	৫২'৭
মেদিনীপুর	৮০'৫	৭৪'৩	০'৪	৫৮'৯
হুগলী	৬৪'৪	৫১'২	৯'০	৫৪'৩

	(সমগ্র আয়তনের তুলনায়)	(কর্ষণযোগ্য ভূমির তুলনায়)	(কর্ষণযোগ্য ভূমির তুলনায়)	
হাওড়া	৮০'৮	৩৮'৯	৬'৯	৬৫'৬
প্রেসিডেন্সী বিভাগ	৫৬'৭	৫৫'৭	১৫'৬	৫৯'১
২৪ পরগণা	৪৫'৬	৫২'২	৮'৯	৬৩'১
নদীয়া	৭৫'০	৩৭'০	২৮'২	৫৫'৬
মুর্শিদাবাদ	৭৬'২	৬৮'৩	১৭'২	৪৭'৭
যশোহর	৬৪'৭	৬০'৫	১৬'৬	৬২'০
খুলনা	৪৩'২	৩৪'৪	৭'৫	৬৭'২
রাজসাহী বিভাগ	৮০'০	৬৩'৬	৯'৮	৮৪'০
রাজসাহী	৮৬'৬	৫৬'৪	১৫'১	৫৭'৬
দিনাজপুর	৮০'২	৫২'৫		৭০'১
জলপাইগুড়ি	৭১'৩	৪২'৮	১২'৮	১৫৭'১
দার্জ্জিলিং	৩২'৬	৬৫'১	৭'০	১২৬'০
রংপুর	৮৯'৫	৮৩'৮		৮১'৬
বগুড়া	৮৬'৪	৬৪'৮	১৮ ৭	৬৬'০
পাবনা	৯১'১	৮৭'২	৩০'৫	৫৮'১
মালদহ	৮৬'০	৬০'২	৯'৪	৫৫'৬
কোচবিহার				১৩০'৮
ঢাকা বিভাগ	৭৯'৬	৮৯'৩	২৩'৮	৭৯.১
ঢাকা	৮৪'৯	৯৪'৮	১৮'৬	৭১'৬
মৈমনসিংহ	৬৯'৪	৮৫'৩	৪৪'৮	৮৭'৪
ফরিদপুর	৮৬'৩	৯০'৫	১০'৫	৬৬'৫
বাখরগঞ্জ	৮৯'৩	৮৯'৯	৭'৩	৯০'৯

	(সমগ্র আয়তনের তুলনায়)	(কর্ষণযোগ্য ভূমির তুলনায়)	কর্ষণযোগ্য ভূমির তুলনায়	
চট্টগ্রাম বিভাগ	৫৯'৩	৬২'৫	১৮'৯	১০০'১
ত্রিপুরা	৭২'৩	৯৫'৬	২৮'২	৮০'৫
নোয়াখালী	৮২'৮	৯২'১	৫৭'৫	১০৪'০
চট্টগ্রাম	৫৪'৩	৭৯'৮	৪'২	১১৪'৫
পার্ব্বত্য চট্টগ্রাম	৪৮'১	১৩'২		১০১'৪
ত্রিপুরা ষ্টেট				৯২'২

২নং চার্ট—কয়েকটি আবাদী ফসলের জমির হিসাব

(১৯৩৬—১৯৩৭)

ফসলের নাম	জমির পরিমাণ (একর হিসাবে)	শতকরা অংশ (উক্ত ফসলের জন্য ভারতে কর্ষিত জমির তুলনায়)
চাউল	২,১৯,৯৩,০০০	৫০'৬
গম	১,৪৯,০০০	
যব (Barley)	৯৫,০০০	১'৩
ভুট্টা	৭৩,০০০	১'১
ছোলা (বুট)	২,০৭,০০০	১'৫
ডাল (নানা প্রকার)	১১,০০,০০০	৩'৬
চীনাবাদাম		
তিসি	১,৩১,০০০	৩'৬
নারিকেল	১৩,০০০	

ফসলের নাম	জমির পরিমাণ (একর হিসাবে)	শতকরা অংশ উক্ত ফসলের জন্য ভারতে কর্ষিত জমির তুলনায়
সরিষা	৭,৬০,০০০	১২'৭
তিল	১,৮৪,০০০	৪'৪
চা	২,১৩,০০০	
তামাক	৩,০৭,০০০	
পাট	২২,০৩,০০০	
তূলা	৯৪,০০০	
ইক্ষু	৩,৫৫,০০০	

বাংলার ফসল

(ক) **ধান :**—ভারতের মধ্যে বাংলায় সবচেয়ে বেশী ধান হয়। এবং বাংলা হইতে বর্হিভারতে সবচেয়ে বেশী চাল রপ্তানী হয়। বাংলার পরই মাদ্রাজের স্থান। সিংহল, আরব, মরিসস্, এডেন, দক্ষিণ আফ্রিকার যুক্তরাজ্য, ষ্ট্রেট সেটলমেণ্ট, কেনিয়া, ইংলণ্ড, নেদারল্যাণ্ড প্রভৃতি দেশ বাংলার চাউলের ক্রেতা।

জাপানে প্রতি একরে ৩৩৬০ পাউণ্ড ধান হয়, ইটালীতে প্রতি একরে ৪০৩২ পাউণ্ড হয়, ভারতবর্ষে গড়ে প্রতি একরে ১২৯৯ পাউণ্ড হয় আর বাংলায় প্রতি একরে ১৭৪০ পাউণ্ড ধান হইয়া থাকে।

চাষের জমির পরিমাণ অনুসারে ধান্য উৎপাদনের জেলাগুলির স্থান এইরূপ :—(১) মৈমনসিংহ, (২) বাখরগঞ্জ, (৩) মেদিনীপুর (৪) ফরিদপুর (৫) ত্রিপুরা, (৬) ঢাকা (৭) রংপুর (৮) নোয়াখালী (৯) দিনাজপুর (১০) খুলনা (১১) রাজসাহী (১২) ২৪ পরগণা, (১৩) পাবনা (১৪) নদীয়া, (১৫) যশোহর (১৬) চট্টগ্রাম।

প্রতি একরে আউস ও আমন ধান চট্টগ্রামে এবং বোরো ধান মৈমনসিংহে সর্ব্বাপেক্ষা বেশী হয়।

বাংলা হইতে বহির্ভারতে চাউল রপ্তানি (১৯৩৬—৩৭) ১,১৩,৯৪,০০০৲

বাংলায় চাউল আমদানী (প্রধানতঃ ব্রহ্মদেশ ও জাপান হইতে)— ১,১৯২৪০০০৲

দ্রষ্টব্য :—চাউলের শ্বেতসারের বৈজ্ঞানিক ব্যবহার দিন দিন বৃদ্ধি পাইতেছে, সকল কাজের উপযোগী শ্বেতসার চাউলেই সবচেয়ে বেশী আছে। চাউলে শতকরা ৭৬ হইতে ৮০ ভাগ শ্বেতসার আছে। (শ্বেতসার প্রস্তুত করিবার জন্যই জার্ম্মেণী, ইংলণ্ড প্রভৃতি দেশ-বিদেশ হইতে অধিক পরিমাণ চাউল লইয়া যায়। চাউলের শ্বেতসার হইতে প্রস্তুত দ্রব্যাদি অনেক। চাউল লইতে সুরাসার, বিয়ার, হুইস্কি, ভিনিগার ইত্যাদি প্রস্তুত হয়। শ্বেতসার শর্করা (starch sugar), ডেক্সট্রোজ (Dextrose), ম্যালটোস (Maltose), ক্যারামেল (caramel or burnt sugar) ইত্যাদি হইয়া থাকে। শিশিভরা আঠাল পদার্থ, সূতায় রং ধরাইবার জন্য বা ছাপা কাজ চালাইবার জন্য শ্বেতসারের গুড়া রংএর সহিত মিশান হয়। আবার শিশি কৌটা ভরা নানারূপ পথ্য, মুখে মাখিবার পাউডার, ধোঁয়াহীন বারুদ, গ্লুকোজ ও আরো নানাবিধ দ্রব্যাদি তৈয়ার করিতে শ্বেতসারের প্রয়োজন হয়। আমাদের দেশে শ্বেতসারের ২।১টী কারখানা প্রস্তুত করা মোটেই কঠিন নহে। এইরূপ কারখানা হইতে প্রস্তুত শ্বেতসার দেশের প্রয়োজন মিটাইয়া বিদেশেও লাভজনকভাবে রপ্তানি হইতে পারে। ভারতে প্রতিবৎসর ৬০ লক্ষ টাকার শ্বেতসার আমদানী হয়। ইহার আমদানী প্রতিবৎসর বাড়িয়া চলিয়াছে।

গম—গম চাষের জমি হিসাবে এবং প্রতি একরে ফসল হিসাবে গম

চাষে বাংলার স্থান ভারতে প্রায় সর্ব্বনিম্ন। বাংলায় উৎপন্ন গম বাংলার প্রায়স্থানেই লাগিয়া যায়। বাংলায় মাত্র ১,৪৯,০০০ একর জমিতে গম চাষ হয়।

ভারতে প্রতি একরে গড়ে ৬০০ হইতে ৭০০ পাউণ্ড, জার্ম্মেনীতে ১৭৯২ পাউণ্ড, ইটালীতে ১০৩০ পাঃ, ফ্রান্সে ১১৮৭ পাউণ্ড এবং ইংলণ্ডে ১৭৯১ পাউণ্ড গম উৎপন্ন হয়।

বাংলায় মালদহে বেশী গমের চাষ হয়। সমস্ত বাংলায় গমের জমির এক-তৃতীয়াংশ জমি মালদহে আছে। তৎপরে মুর্শিদাবাদ, নদীয়া, রাজসাহী ঢাকা, পাবনা, বাঁকুড়া। প্রতি একরে ফসলের পরিমাণ ধরিলে রাজসাহী সর্ব্বোচ্চে। প্রতি একরে ৯৯ পাউণ্ড ফলে। বৈজ্ঞানিক উপায়ে আবাদ করিলে ফসল অনেক বৃদ্ধি করা যায়। বীরভূম, দার্জ্জিলিং, ফরিদপুর, দিনাজপুর, রংপুর প্রভৃতি স্থানেও কিছু কিছু গম হয়।

দ্রষ্টব্য—গম হইতেও শতকরা ৬৫ হইতে ৭০ ভাগ মূল্যবান শ্বেতসার প্রস্তুত হয়। কোন কোন বিষয়ে চাউল যব ভুট্টা হইতে প্রাপ্ত শ্বেতসার অপেক্ষা গমের শ্বেতসারের মূল্য বেশী। গম হইতে প্রাপ্য দ্বিতীয় শ্রেণীর শ্বেতসার (secondary starch) গবাদি পশুর খাদ্যরূপে বহুল ব্যবহৃত হয় এবং ইহার বিশেষ আদর আছে।

(গ) যব (Barley)—বাংলায় প্রায় ৯০ হইতে ৯৫ একর জমিতে যবের চাষ হয়। ভারতে যুক্ত প্রদেশে সবচেয়ে বেশি গমের চাষ হয়—উৎপাদিত ফসলের ৬৭·৩ অংশ। তারপর বিহার—উৎপাদিত ফসলের শতকরা ১৮·৬ অংশ। আর বাংলায় মাত্র উৎপাদিত ফসলের ১·১ অংশ উৎপাদন করে।

জার্ম্মানীতে গড়ে প্রতি একরে ১৮৫৬ পাউণ্ড, তুরস্কে ১১৩২ পাউণ্ড জাপানে ১৭৭৫ পাউণ্ড, আর ভারতে ৮৭৯ পাউণ্ড উৎপন্ন হয়।

বাংলায় মুর্শিদাবাদে সর্বাপেক্ষা অধিক পরিমাণে যবের চাষ হয়। পরে মালদহ, ফরিদপুর, মৈমনসিংহ, নদীয়া, বাঁকুড়া ইত্যাদি।

দ্রষ্টব্য :—যবেরই পরিবর্ত্তিত সংস্করণের নাম "বার্লি"। "মণ্ট' নামক যে অতি প্রয়োজনীয় পুষ্টিকর জিনিষ ঔষধের দোকানে পাওয়া যায়, তাহাও যবেরই রূপান্তর। মণ্টের জন্য পৃথিবীতে যবের অত্যন্ত আদর। যবে শ্বেতসার ৬০—৬৫ ভাগ পাওয়া যায়। মণ্ট তৈয়ারীর পক্ষে ভারতের আবহাওয়া খুব উপযোগী। বাংলায় লক্ষ লক্ষ টাকার "বিলাতী দুধ" আসে, তাহার মধ্যে মণ্টেড মিল্কের পরিমাণ খুব বেশি। বাংলায় ঐরূপ দুগ্ধের কোন উল্লেখযোগ্য কারখানা নাই।

(ঘ) **ভুট্টা :**—বাংলায় ইহা অনাদৃত। ভারতে ৬৪ লক্ষ একর জমিতে ভুট্টার চাষ হয়, তন্মধ্যে বাংলায় মাত্র ৭০ হইতে ৭৫ হাজার একর জমিতে উহার চাষ হয়।

প্রতি একরে হাঙ্গারীতে ২০১৫ পাউণ্ড, ইটালীতে ২০১৪ পাউণ্ড ব্রেজিলে ১১৯৯ পাউণ্ড, মিশরে ২২১৮ পাউণ্ড, আমেরিকায় ৯০৫ পাউণ্ড আর ভারতে ৮১৫ পাউণ্ড ভুট্টা উৎপন্ন হয়।

দ্রষ্টব্য :—অল্প মূল্যের শ্বেতসার প্রচুর পরিমাণে পাওয়া যায় বলিয়া রাসায়নিক জগতে ইহার আদর আছে। ইহাতে শতকরা ৬৫—৬৮ ভাগ শ্বেতসার পাওয়া যায়। শ্বেতসারের সব রকম ব্যবহারেই ভুট্টার শ্বেতসার কাজে লাগে। ভুট্টার শ্বেতসার হইতে শর্করা এবং সেই শর্করা হইতে গ্লূকোজ তৈয়ারা হয়। মণ্ট তৈয়ারী করিতে ইহার বিশেষ প্রয়োজন লাগে। ভুট্টায় শতকরা ৩৫ ভাগ তৈল আছে। ভুট্টা হইতে নিষ্কাশিত করা তৈল ইংরাজীতে মেইজ (maize oil) বা কর্ণ অয়েল (corn oil) নামে পরিচিত। এই তৈল জ্বালানী তৈল হিসাবেও ব্যবহৃত হয়। লুব্রিকেটিং তেলের সহিত ইহার মিশ্রণ হয়।

প্রচণ্ড বিস্ফোরক তৈয়ার করিতে ইহার প্রয়োজন হয়। ডাটা ও পাতা কাগজের উপাদানরূপে ব্যবহৃত হয়।

(ঙ) **ছোলা**:—ভারতে ১ কোটি ৪০ লক্ষ একর জমিতে ছোলার চাষ হয়, তন্মধ্যে বাংলায় ২,০৭,০০০ একর। বাংলা হইতে বৎসর মাত্র ৫০ হাজার টাকার ছোলা বহির্ভারতে রপ্তানী হয়। বাংলায় মুর্শিদাবাদ, নদীয়া এবং পাবনায় ছোলার চাষ হয়। মুর্শিদাবাদ ব্যতীত অন্য জায়গায় জমির পরিমাণ উল্লেখযোগ্য নহে।

দ্রষ্টব্য:—ছোলা হইতে একপ্রকার সিরকা (vinigar) পাওয়া যায়। উহা পথ্য ও ঔষধরূপে ব্যবহৃত হয়। ছোলায় শ্বেতসারের অংশ ৬৭.৭।

(চ) **ডাল**:—মুগ, মসুর, খেসারী, কলাই, অড়হর, মটর প্রভৃতি সকল প্রকার ডাল বাংলায় বিভিন্ন স্থানে কিছু কিছু উৎপন্ন হয়। বিহার, যুক্তপ্রদেশ ও মধ্যপ্রদেশ হইতে বাংলায় পর্য্যাপ্ত পরিমাণে ডাল আমদানী হয়। নানা শ্রেণীর ডাল উৎপাদক জেলা হিসাবে পাবনার স্থান সর্ব্বোচ্চ। পরে ফরিদপুর, রাজসাহী, মৈমনসিংহ, ঢাকা এবং ত্রিপুরার স্থান। এই কয়টী জেলায় নানাশ্রেণীর ডাল মন্দ হয় না। বাংলায় অড়হর ডালের চাষ বেশী হয় না।

(ছ) **চিনাবাদাম**:—বাংলায় চীনাবাদামের চাষ বিশেষ হয় না। কেবল মেদিনীপুরের কতকাংশে সামান্য পরিমাণ জমিতে বাদামের চাষ হয়। দো-আশ্‌লা হাল্কা মাটী চিনাবাদামের চাষের উপযোগী। ভারত হইতে প্রায় ১০।১২ কোটি টাকার চিনাবাদাম বা চিনাবাদামজাত দ্রব্যাদি বহির্ভারতে রপ্তানী হয়। ইটালী, জার্ম্মানী, ব্রিটেন, ফ্রান্স, নেদারল্যাণ্ড, মিশর, বেলজিয়াম পর্ত্তুগাল, ডেনমার্ক প্রভৃতি দেশ ভারতীয় বাদামের ক্রেতা। বহির্ভারতে বাংলার চিনাবাদামের বাজার অতিশয় প্রশস্ত।

বাংলায় লাভজনক ভাবে চীনাবাদামের চাষ হইতে পারে। মাদ্রাজে যে পরীক্ষা হয়, তাতে দেখা যায়, দেশায় বীজ হইতে যেখানে প্রতি একরে ২৭১ পাউণ্ড ফলন হয় সেখানে দক্ষিণ আফ্রিকার সালম জাতীয় বীজ হইতে ১৩৭৮ পাউণ্ড ফলন হয়। মাদ্রাজে প্রতি একরে ১১০১ পাউণ্ড। বোম্বাইতে ১০৮৫ পাউণ্ড এবং সমগ্র ভারতে গড়ে ৮৬৪ পাউণ্ড ফলন হয়।

দ্রষ্টব্য :—চীনাবাদামের খোসা-পরিত্যক্ত দানায় শতকরা ৪০ অংশ তৈল আছে। ঐ তৈল সাংসারিক জীবনে আমাদের নানা প্রয়োজনে লাগে।

(জ) তিসি :—ভারতে প্রায় ৩৫ লক্ষ একর জমিতে তিসির চাষ হয়, তন্মধ্যে বাংলায় প্রায় ১ লক্ষ একর। বাংলা দেশে নদীয়ায় সর্ব্বাপেক্ষা অধিক জমিতে তিসির চাষ হয়—প্রায় ২৯,৯০০ একর। তার—পরই মুর্শিদাবাদ—প্রায় ২৫,০০০ একর। যশোহর, মেদিনীপুর, পাবনা, রাজসাহী, ফরিদপুর প্রভৃতি অঞ্চলেও তিসির চাষ হয়। ভারত ১৯৩৬-৩৭ সনে ৪ কোটি ৭৪ লক্ষ টাকার তিসি (তিল এবং বীজ সহ) বহির্ভারতে রপ্তানী করিয়াছে। তন্মধ্যে বাংলার অংশ ১ কোটি ৮০ লক্ষ। রপ্তানী দ্রব্যের মধ্যে তিসি বীজের পরিমাণ শতকরা ৯০ ভাগ, খৈল ৭ ভাগ, আর তৈল ৩ ভাগ। ব্রিটেন, আমেরিকা, জার্ম্মানী, ফ্রান্স, মিশর, গ্রীস্, বেলজিয়াম এবং ইটালী প্রধানতঃ তিসি বীজের ক্রেতা। ব্রহ্মদেশ প্রধানতঃ তৈলের প্রধান ক্রেতা। বৃটেন খৈলের প্রধান ক্রেতা। সমগ্র ভারতে তিসির ফলন প্রতি একরে সাধারণতঃ ২৭৯ পাউণ্ড, বাংলায় প্রতি একরে ৪৮৮ পাউণ্ড।

দ্রষ্টব্য :—তিসির আদর তিসি তেলের জন্য। রং, বার্নিশ, ছাপার কালি, অয়েল ক্লথ, লাইনোলিয়ম ইত্যাদি তৈয়ার করিতে তিসি তৈলের বিশেষ প্রয়োজন। তিসি শণেরও নানা রকম ব্যবহার হয়।

দড়ি, দৃঢ় চট, ক্যানভাস, তাঁবু, পর্দ্দা, শক্ত কাগজ, নকল সিল্ক (Rayon) প্রভৃতিতে তিসির শন ব্যবহার হয়। কে জানে হয়ত একদিন তিসি পাটের স্থান অধিকার করিবে। তিসির খৈল গবাদি পশুর খাদ্য এবং জমির শক্তিশালী সার।

(ঝ) **নারিকেল** :—বাংলায় প্রায় ১৩,০০০ একর জমিতে নারিকেলের চাষ হয়। খুলনা, যশোহর, মেদিনীপুর, নোয়াখালী ও ২৪ পরগণায় নারিকেলের চাষ বেশী হয়। বাংলার নারিকেল স্থানীয় লোকের ব্যবহারে লাগিয়া যায়।

নারিকেলের শাঁস হইতে ৪০ হইতে ৭০ ভাগ তৈল পাওয়া যায়। নারিকেলের ছোবড়া হইতে দড়ি-দড়া, পা-পোষ ইত্যাদি তৈয়ার হয়। ভারত হইতে প্রতি বৎসর ৬০ লক্ষ টাকার উপর ছোবড়া, দড়ি, পা-পোষ এবং ম্যাটিং ইত্যাদি রপ্তানী হয়। ২২।২৩ হাজার টাকার উপর তৈল রপ্তানী হয়। ভারতও বিদেশ হইতে প্রায় ৯০ লক্ষ টাকার তৈল আমদানী করে। জার্ম্মেনী, নেদারল্যাণ্ড, ব্রিটেন, ইটালী, আমেরিকা প্রভৃতি নানা দেশে নারিকেল ও নারিকেল জাত দ্রব্যাদি রপ্তানী হয়।

(ঞ) **এরণ্ড বা রেড়ি তৈল** :—ভারতের বহুস্থানে রেড়ির চাষ হইয়া থাকে। কিন্তু তুলনায় বাংলা দেশে এই চাষের পরিমাণ অত্যন্ত অল্প। করদ রাজ্যসমূহে ১০ লক্ষ একর আর বৃটিশ ভারতে মাত্র ৪ লক্ষ একরের কিছু বেশী জমিতে উহার চাষ হয়। ১৯৩৬-১৯৩৭ সালে ভারত হইতে প্রায় ৮৬ লক্ষ টাকার মত রেড়ী ও তৎজাত দ্রব্যাদি রপ্তানী হইয়াছিল।

দ্রষ্টব্য :—রেশমের গুটি পোকা পালনের জন্য ইহার পাতা বিশেষ উপযোগী। রেড়ির তৈল আজিকার যান্ত্রিক যুগে অত্যন্ত প্রয়োজনীয়।

অথচ এত বড় প্রয়োজনীয় জিনিষ পৃথিবীর বেশী দেশে জন্মায় না। জগতের প্রয়োজনের অধিকাংশই ভারত সরবরাহ করে। জ্বালানী তৈল হিসাবে রেড়ীর তৈলের উপকারিতা অনেক। উহা অপরাপর তৈল অপেক্ষা একই শক্তির আলোতে কম ধোয়া উৎপন্ন করে, দামেও সস্তা, চক্ষুর পক্ষে হিতকর। এই সব কারণে ভারতবর্ষে রেল কোম্পানী কর্ত্তৃক এই তৈল তাদের আলোতে প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। এরোপ্লেনে কেবল বিশুদ্ধ রেড়ীর তৈল ব্যবহৃত হয়, নানা শ্রেণীর সাবান, কেশ তৈল, প্রসাধন ও রন্ধনাদি কার্য্যে এবং পশুচর্ম্ম পাকা করিতে রেড়ীর তৈল ব্যবহৃত হয়। রেড়ী খৈল জমির উৎকৃষ্ট সার। এই অতি প্রয়োজনীয় জিনিষটির চাষ বৃদ্ধি করার সুযোগ বাংলার ও ভারতের যথেষ্ট আছে।

(ট) **সরিষা**ঃ—ভারতে উৎপন্ন সরিষার অর্দ্ধেকটা যুক্ত প্রদেশ সরবরাহ করে। তারপর পাঞ্জাব ও বাংলা এবং অন্যান্য প্রদেশের স্থান। বাংলাতে মৈমনসিংহ, ঢাকা, রংপুর, দিনাজপুর ও বগুড়া জেলায় ভাল সরিষা হয়। শ্বেত সরিষা হইতে ৩৬ হইতে ৪০ ভাগ এবং কাল সরিষা হইতে ২৮ হইতে ৩০ ভাগ তৈল বাহির হয়। সরিষার খৈল গবাদি পশুর খাদ্য ও জমির উৎকৃষ্ট সার। বাংলায় ভারতে উৎপন্ন সরিষার শতকরা ১২·৭ অংশ উৎপন্ন হয়। তৈল বীজ (খৈল সহ) বৎসর ৭৫ লক্ষ টাকার উপর সরিষা বিদেশে রপ্তানী হয়। ব্রিটেন, ইটালী, বেলজিয়ম, নেদারল্যাণ্ড, জার্ম্মেনী, আমেরিকা এবং মিশর ইত্যাদি দেশ সরিষার খরিদদার।

প্রত্যেক একরে বাংলায় ফলন সবচেয়ে বেশী—গড়ে ৪৮৪ হইতে ৫৫৭ পাউণ্ড। যুক্তপ্রদেশে প্রতি একরে ৩২১ হইতে ৪১৬ পাউণ্ড সরিষা পাওয়া যায়। সমগ্র ভারতে গড়ে ৩৫০ হইতে ৪০২ পাউণ্ড ফলন হয়।

(ঠ) **তিল** :—ভারতের মধ্যে যুক্ত প্রদেশে তিলের চাষ সবচেয়ে বেশী হয়। বাংলায় ইহার চাষও মন্দ হয় না। ১৯৩৬-৩৭ সনে বাংলা হইতে লক্ষ টাকার উপর তিল বিদেশে রপ্তানী হইয়াছিল। বাংলার তিল উৎপাদক জিলা হিসাবে মৈমনসিংহের স্থান প্রথম। রংপুর, ঢাকা, দিনাজপুর, বগুড়া এই কয়টী জেলায়ও তিল ভাল জন্মে। পৃথিবীতে খুব বেশী স্থানে তিলের চাষ হয় না। এই দিক দিয়া তিল উৎপাদক প্রদেশ সমূহের বিশেষ সুবিধা আছে। সিংহল, আরব, ব্রহ্ম, ইটালী ইত্যাদি দেশ তিলের ক্রেতা।

প্রতি একরে গড়ে বাংলা দেশে ৪৮৬ হইতে ৫০১ পাউণ্ড তিল উৎপন্ন হয়। যুক্ত প্রদেশের ফলন খুব কম—মাত্র ১৯৭ হইতে ২৪৩ পাউণ্ড পর্য্যন্ত। সমগ্র ভারতে গড়ে প্রতি একরে ২০২ পাউণ্ড ফলন হয়।

দ্রষ্টব্য :—নানা প্রকার সাবান, মার্জ্জারিণ এবং রবারের অনুকরণে সমগুণ-সম্পন্ন যে সকল দ্রব্যাদি তৈয়ার হয়, তাহার উপাদান হিসাবে তিল তৈল কাজে লাগে। তিলে ৫০ ভাগ তৈল আছে।

(ড) **নানা প্রকার তৈলবীজ** :—জীরা, ধনিয়া, সোরগুজা, যোয়ান, সোলফা, রাঁধুনী, মেথী, পোস্ত, মৌরী, পান মৌরী, মহুয়া প্রভৃতি তৈল জাতীয় বীজ বা মসলা দ্রব্য বাংলায় জন্মায় না বা অতি সামান্য অংশই জন্মে। কয়েক বৎসরের আমদানী রপ্তানীর হিসাবে দেখা যায় যে, বাংলা দেশ জীরা ও ধনিয়া অল্প কয়েক হাজার টাকার জিনিষ রপ্তানী করিয়াছে। বাংলার প্রয়োজনীয় মসলা দক্ষিণ ভারত ও ভারত মহাসাগরস্থ দ্বীপসমূহ হইতে আমদানী হয়।

(ঢ) **চা ও সিঙ্কোনা** :—বাংলায় দার্জ্জিলিং ও জলপাইগুড়িতে ভাল চা জন্মে। ত্রিপুরা ও চট্টগ্রামে কিছু কিছু চা উৎপন্ন হয়।

দার্জ্জিলিংএর চা সুগন্ধি-যুক্ত। দার্জ্জিলিংএ প্রায় ৬০০০০ একর জমিতে চা এবং ৩০০০ একর জমীতে সিঙ্কোনার আবাদ হয়।

(ণ) তামাক—বাংলায় রংপুর, কোচবিহার, জলপাইগুড়ি প্রভৃতি স্থানে প্রথম শ্রেণীর তামাক উৎপন্ন হয়। তামাক প্রায় সমস্ত বাংলায়ই কিছু কিছু হয়। ভারতের মধ্যে বাংলায় সবচেয়ে বেশী একর জমিতে তামাকের চাষ হয়। বাংলার পর মাদ্রাজ ও বিহার। বাংলায় প্রায় ৩০ লক্ষ একরের মত জমিতে তামাকের চাষ হয়।

(ত) পাট :—ভারতে বাংলায়ই সবচেয়ে বেশী পাট উৎপন্ন হয়। ভারতে সব প্রদেশে পাট হয় না। বিহার, উড়িষ্যা এবং আসামে কিছু কিছু পাট হয়। মাদ্রাজে এক প্রকার গাছ হইতে পাটের মত এক প্রকার তন্তু পাওয়া যায়, তাহা ঠিক পাট নহে। কিন্তু তাহা দ্বারা পাটের কাজ কতকটা চলিয়া যায়। বাজারে ইহা 'বিম্‌লীপতম্‌' পাট নামে পরিচিত। বাংলার পাটের বাজার পৃথিবীতে একচেটিয়া। আফ্রিকার নীলনদীর উপত্যকা, নাইজিরিয়া, সিউরালিওয়ন এবং আরও কয়েকটী অঞ্চল, জাভা, ফরাসী ইন্দু-চীন প্রভৃতি দেশে পাট উৎপাদনের চেষ্টা করা হইয়াছে, কিন্তু ঐ সব দেশে প্রচুর পরিমাণ পাট উৎপন্ন করা যায় নাই।

পাটের চাহিদা প্রধানতঃ ছালা, চট, থলিয়া ইত্যাদি তৈয়ার করিবার জন্যই। আজকাল কাগজের এক প্রকার থলিয়া তৈয়ার হইতেছে। ঐ থলিয়ায় পাটের থলিয়ার কাজ দেয়। ঐরূপ থলিয়া তৈয়ার করিতে মূল্য বেশী পড়ে বলিয়া সব দেশে ঐ থলিয়া ব্যবহার হয় না। তাই পাটের থলিয়ার চাহিদা আছে। পাটের বিপদ কিন্তু আর এক দিক দিয়া। জাভায় উৎপাদিত 'রসেলা' গাছের তন্তু হইতে আজকাল ছালা, থলিয়া ইত্যাদি তৈয়ারী হইতেছে। এই থলিয়া কোন কোন

অংশে পাটের থলিয়া হইতে উৎকৃষ্ট। এই নিমিত্ত দিন দিন ঐ থলিয়ার চাহিদা সবদেশেই কিছু কিছু বাড়িয়াছে। তবে এখনও পৃথিবীতে পাটের চাহিদা প্রচুর আছে।

বিহারে প্রায় ৪।। লক্ষ একর, উড়িষ্যায় প্রায় ১৫।১৬ হাজার একর আসামে প্রায় দুই লক্ষ একর এবং বাংলায় প্রায় ২২ হইতে ২৫ লক্ষ একর জমিতে পাটের চাষ হয়। বাংলার সব জেলাতে সমান পাট হয় না। মৈমনসিংহ, ঢাকা, পাবনা, রংপুর, ফরিদপুর, ত্রিপুরা, যশোহর প্রভৃতি স্থানে প্রচুর পাট হয়। পশ্চিম বঙ্গে খুব সামান্যই পাট হয়। পূর্ব্ববঙ্গের জেলা সমূহে গড়ে প্রতি একরে ৩২০ হইতে ৫০০ পাউণ্ড পর্য্যন্ত ফলন হয়।

বাংলার উৎপাদিত পাট বাংলার মিল সমূহে ব্যবহৃত হইয়া কাঁচা পাট প্রধানতঃ গ্রেট বিটেন, জার্ম্মেণী, আমেরিকা, ফ্রান্স, ইটালী প্রভৃতি দেশে চালান হয়।

ছালা, চট, থলিয়া প্রভৃতি ছাড়াও পাট হইতে কাপড়ও তৈয়ারী হয়। আজকাল অন্যান্য রাসায়নিক জিনিষ সংযোগে "যাটেক্স" নামক একপ্রকার হাল্কা অথচ খুব শক্ত জিনিষ তৈয়ার হইতেছে। নানারকম কলকব্জায় আজকাল ধাতুর বদলে ইহার ব্যবহার হইতেছে।

(খ) **তুলা**:—পাট বাংলার একচেটিয়া উৎপন্ন দ্রব্য হওয়া সত্ত্বেও বাংলার চাষীরা পাটের চাষ করিয়া লাভবান্ হইতেছে না। যে সব জায়গার মাটী বর্ষার জলে প্লাবিত হয় না, সে সব যায়গার মাটীতে পাটের বদলে তূলার চাষ করিলে কৃষকেরা লাভবান্ হইতে পারে। বাংলায় মাত্র ৯০ হাজার হইতে ৯৫ হাজার একর জমিতে তূলার চাষ হয় এবং উৎপন্ন ফসলের পরিমাণ ২৫ হইতে ৩০ হাজার বেল। বাংলার মিলগুলি প্রতি বৎসর ৮০ হাজার হইতে এক লক্ষ বেল তূলা ব্যবহার করে।

বাংলা ও ভারতে যে তূলা উৎপন্ন হয় তাহা ছোট আঁশযুক্ত। ছোট আঁশযুক্ত তূলায় মোটা কাপড় হয়। মিহি কাপড় হয় না। মোটা কাপড়ের জন্য ভারতের মিলগুলি ভারতজাত তূলা ব্যবহার করে। আর মিহি কাপড়ের জন্য আমেরিকা ও মিশর হইতে লম্বা আঁশযুক্ত তূলা আমদানী করে। বাংলায় লম্বা আঁশযুক্ত তূলা উৎপাদন করা যাইতে পারে কিনা তাহা পরীক্ষা করিবার জন্য কিছুদিন আগে ঢাকেশ্বরী মিলের কর্তৃপক্ষ পরীক্ষা কার্য্য চালান। পরীক্ষায় দেখা গিয়াছে, বাংলায় লম্বা আঁশযুক্ত তূলার চাষ খুব সন্তোষজনক ভাবে হইতে পারে। ঐ পরীক্ষার ফলে দেখা গিয়াছে, অন্য প্রদেশের তুলনায় বাংলার মাটীতে অনেক বেশী তূলা উৎপন্ন হয় এবং গুণেও প্রায় ২০ অংশ বেশী ভাল তূলা উৎপন্ন হয়। বাংলার মাটীতে উৎপন্ন তূলা বাংলার চাহিদা মিটাইয়া অন্যান্য প্রদেশের ভাল তূলার চাহিদা কিছুটা মিটাইতে পারে। পরীক্ষা-কার্য্যের পর এক বিঘা জমিতে পাট ও এক বিঘা জমিতে তূলার চাষের ফসল ও লাভা-লাভের একটা তুলনামূলক হিসাব ঢাকেশ্বরী মিলের কর্তৃপক্ষ কর্ত্তৃক দেওয়া হইয়াছে, তাহা এইরূপ :—

বিঘা প্রতি ('৩৩ একর)

পাট

আয়—৫৲ টাকা মণ দরে ৫৴ মণের দাম—২৫৲

খরচ (সর্ব্ব সাকুল্যে)—২০।০

নিট লাভ—৪৸০

তূলা

আয়—(ক) ৪॥০ মণ কাপাস হইতে বীজ ও খোসা ছাড়াবার পর প্রাপ্ত ১।০ মণ তূলার দাম ২৫৲ হিঃ—৩১।০

(খ) ৩৴ মণ বীজের দাম —২।০

৩৩॥০

২১।০

নিট লাভ—১২।০

পূর্ব্বোক্ত হিসাব সম্বন্ধে আরো বিস্তৃত বিবরণ কলিকাতা "কমার্সিয়াল মিউজিয়াম' কর্ত্তৃক প্রকাশিত 'পসিবিলিটিস্ অব লং ষ্ট্যাপল্ড্ কটন কাল্‌টিভেসন ইন বেঙ্গল" নামে ইংরাজী পুস্তিকায় পাওয়া যাইবে।

এখানে বিশেষ উল্লেখ যোগ্য কথা এই যে, বাংলার উৎপাদিত তুলা বিক্রয় করিবার কোন অসুবিধা নাই, মিলের কর্ত্তৃপক্ষের অনুমোদিত বীজের দ্বারা তুলা উৎপাদিত হইলে ঢাকেশ্বরী মিল ও অন্যান্য মিল ঐ তুলা ২৫৲ মণ দরে কিনিবার গ্যারান্টি দিতে পারেন। **বাঙালী এদিকে নজর দিবে কি ?**

(দ) **ইক্ষু**—১৯৩৬-৩৭ সনে বাংলায় ৩,৫৫,০০০ একর জমিতে ইক্ষুর চাষ হইয়াছিল। ইক্ষু হইতে চিনি ও গুড় প্রস্তুত হয়। সমস্ত ভারতে ১৩৭টি চিনির কল আছে। ইক্ষু হইতে চিনি প্রস্তুতের জন্য বাংলায় ৬টী চিনির কল আছে। বাংলার কলগুলি বৎসরে ২৪।২৫ হাজার টন চিনি উৎপাদন করে। ইহাদের মধ্যে আবার কয়েকটী কাজ গুটাইয়া চিনি উৎপাদন বন্ধ করিয়াছে। (১৯৩৬-৩৭) সনে বাংলার চাষীরা ৬২৬, ০০০ টন গুড় উৎপাদন করিয়াছে। বাংলার এই গুড়ের প্রচুর চাহিদা আছে। অন্যান্য প্রদেশে কুটির শিল্প হিসাবেও গুড় হইতে লাল চিনি প্রস্তুত হয়, বাংলায় ইহা হয় না বলিলেই চলে। আজকাল সেন্টিফ্রুগেল কলের সাহায্যে কৃষকেরা নিজ নিজ বাড়ীতে সরাসরি ইক্ষু হইতেও চিনি উৎপাদন করিতে পারে। এই যন্ত্রের দামও বেশী নহে।

(ভারতের ১০০ মণ ইক্ষু হইতে প্রাপ্ত চিনি ও গুড়ের শতকরা হিসাব)

প্রদেশের নাম	চিনি (শতকরা)	গুড় (শতকরা)
বাংলা	৮'১৭—৮'৮৯	৩'২৮—৩'৭০
বিহার	৮'৯৩—১০'০০	৩'৩৯—৩'৭০
যুক্তপ্রদেশ	৯'১৮—৯'৬৫	৩'৩০

যুক্তপ্রদেশে সবচেয়ে বেশী একর জমিতে ইক্ষুর চাষ হয়—২২ লক্ষ হইতে ২৫ লক্ষ একর। তারপর পাঞ্জাবে হয়—৩॥ লক্ষ হইতে ৪॥ লক্ষ একর। বিহার ও উড়িষ্যায় ৪॥ লক্ষ হইতে ৫॥ লক্ষ একর জমিতে ইক্ষুর চাষ হয়। তৎপর বাংলার স্থান। বাংলায় ২॥ লক্ষ হইতে ৩॥ লক্ষ একর জমিতে ইক্ষুর চাষ হয়। বাংলায় ঢাকা, রংপুর, মৈমনসিংহ, রাজসাহী, নদীয়া, মুর্শিদাবাদ প্রভৃতি স্থানে ইক্ষুর চাষ ভাল হয়।

(৩) বাংলার খনিজ সম্পদ

খনিজ সম্পদে বাংলাদেশ সমৃদ্ধ নহে। বাংলার প্রয়োজনীয় খনিজ দ্রব্য প্রায় সমস্তই অন্যান্য প্রদেশ অথবা বহির্ভারত হইতে আমদানী হয়। কয়লা সম্পদে বাংলা দেশ বিশেষ সমৃদ্ধ। প্রথম স্থান বিহারের। বিহারের পরই বাংলার স্থান। রাণীগঞ্জ ও সীতারামপুরের কয়লার খনি হইতে প্রতি বৎসর প্রায় ৬ লক্ষ হইতে ৬।। লক্ষ টন কয়লা উত্তোলিত হয়। বাংলার কয়লা প্রধানতঃ বাংলা ও অন্যান্য প্রদেশে ব্যবহৃত হয়।

বাংলার শিল্প-বাণিজ্য

[বিদেশ হইতে আমরা প্রতি বৎসর কোটি কোটি টাকার শিল্পদ্রব্য কিনিয়া থাকি। আজকাল দেশীয় কতকগুলি শিল্প-প্রতিষ্ঠানের দ্বারা আমাদের নিত্য ব্যবহার্য্য প্রায় সকল জিনিষই কিছু কিছু তৈয়ার হইতেছে। আমরা যদি এদের তৈরী জিনিষ কিনি, তবে দেশের টাকা দেশেই থাকিয়া যায়, দেশের শিল্প গড়িয়া উঠে, বেকার সমস্যার সমাধান হয়। অনেক নিরন্ন লোকের অন্ন হয়। আবার ইহাও সত্য কথা— কি কি স্বদেশী জিনিষ আমাদের দেশে তৈয়ার হয়, তাহা আমরা অনেকেই জানিনা। ক্রেতা হিসাবে কোন দোকানে প্রবেশ করিলে

দোকানদার প্রথমেই আমাদের হাতে জাপানী বা অন্য কোন বিদেশী জিনিষ তুলিয়া দেয়। আমরা তাহা দ্বিধাহীন চিত্তে কিনিয়া থাকি। এই সকল স্বার্থান্বেষী দোকানদার সুবিধা পাইলেই বিদেশী জিনিষকে স্বদেশী বলিয়া চালাইতে কুণ্ঠিত হয় না। যাহারা বাজারে ঘুরিয়া জিনিষ-পত্রাদি কিনেন তাহারা অনেকেই বোধ হয়, ইহা লক্ষ্য করিয়া থাকিবেন। ইহাও দেখা গিয়াছে অনেক দোকানদার, স্বদেশী শিল্প-প্রতিষ্ঠানের নাম না জানায়, দোকানে স্বদেশী জিনিষ রাখিতে পারে না। যখন কোন ক্রেতা কোন কোম্পানীর নাম করিয়া কোন জিনিষ চায়, তখন তাহারা হতভম্ব হইয়া যায়। শিল্প প্রতিষ্ঠান, দোকানদার এবং ক্রেতার মধ্যে পারস্পরিক আদান প্রদানের সুবিধার্থে নাম ঠিকানা সহ নিম্নে শিল্প প্রতিষ্ঠানের একটি তালিকা দেওয়া গেল। বাংলা ও ভারতের আমদানী ও রপ্তানীর হিসাব সকল স্থলে পৃথক্ নির্দেশ করা যায় না। তাই নিম্নে প্রথমে আমরা বাংলার শিল্প-প্রতিষ্ঠানের বিবরণ, তৎপর বাংলার বাহিরে অন্যান্য প্রদেশের শিল্প-প্রতিষ্ঠানের তালিকা এবং পরিশেষে তাহাদের সঙ্গে বিদেশ হইতে সমগ্র ভারতে শিল্প-দ্রব্যের আমদানী-মূল্য যোগ করিয়া দিয়াছি। বলা বাহুল্য, আমাদের দেওয়া এই তালিকায় যে দেশের সব শিল্প-প্রতিষ্ঠানের নাম অন্তর্ভুক্ত করা হইয়াছে, একথা আমরা জোর করিয়া বলিতে পারিনা। কোন বিশেষ ক্ষেত্র ভিন্ন আমরা যথাসম্ভব দেশের অধিকাংশ শিল্প-প্রতিষ্ঠানের নামই অন্তর্ভুক্ত করিতে চেষ্টা করিয়াছি।

এই সকল দেশী শিল্প-প্রতিষ্ঠানের তৈয়ারী মাল বাজারে কম বেশী কাট্তি হওয়া সত্ত্বেও আমরা লক্ষ লক্ষ টাকার বিদেশী মাল কিনিয়া থাকি। নানা প্রকার শিল্প-দ্রব্যের বাজার ভারতে এত বিস্তৃত এবং ভারতের প্রয়োজন মিটাইবার উদ্দেশ্যে প্রায় প্রত্যেকটি শিল্পদ্রব্য প্রস্তুত

করিবার জন্য এখনও যে হাজার হাজার কারখানা গড়িয়া তুলিবার সুযোগ আছে, নিম্নের বিবরণ হইতে তাহা স্পষ্টই বুঝা যাইবে।

(১) বাংলার শিল্প-প্রতিষ্ঠান

(ভারতের অন্যান্য প্রদেশের শিল্প প্রতিষ্ঠানের তালিকা সহ)

(ক) এনামেলের কারখানা (বাংলা)

বেঙ্গল এনামেল ওয়ার্কস লিঃ—হেড অফিস ও কারখানা—পলতা, ই,বি,আর, পোঃ ইছাপুর, ২৪ পরগণা। "বাঘমার্কা" এনামেলর বাসন পত্রাদি, সাইনবোর্ডের প্লেট, হাঁসপাতালের প্রয়োজনীয় দ্রব্যাদি, নানা রকম সুন্দর সুন্দর ট্রে, আলোর ঢাকনা, পান-পাত্র ইত্যাদি এই কারখানায় তৈয়ার হয়।

সুর এনামেল এণ্ড ষ্টাম্পিং ওয়ার্কস লিঃ—হেড অফিস ও কারখানা—৯, মিড্ল রোড, কলিকাতা। হাঁসপাতালের প্রয়োজনীয় দ্রব্যাদি, কাপ, জার, জাগ, আলোর ঢাকনা, বাসনপত্র ইত্যাদি সকল প্রকার এনামেলের জিনিষ প্রস্তুত-কারক।

(বহির্বঙ্গের এনামেলের কারখানা)

অমৃতসর এনামেল ওয়ার্কস লিঃ—হল গেট, অমৃতসর। পাইওনিয়ার এনামেলিং ওয়ার্কস—গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড, অমৃতসর। পাঞ্জাব এনামেলিং ওয়ার্কস—গ্রাণ্ড ট্রাঙ্ক রোড, অমৃতসর। মডার্ণ এনামেল ওয়ার্কস লিঃ—৬৫, সিদেনহামস্ রোড, মাদ্রাজ। আজাদ এণ্ড কোং—আলিগড়।

লোহার উপর এনামেল করিবার কতকগুলি উপাদান বিদেশ হইতে আমদানী করিতে হয় বলিয়া, ঐ সকল জিনিষের উপর উচ্চহারে

শুল্ক দিতে হয়। তাই এদেশে এনামেলের জিনিষ তৈয়ার করিতে কিছু খরচ বেশী পড়ে। গভর্ণমেণ্ট যদি উপাদানমূলক জিনিষের উপর শুল্কের হার কমাইয়া দেন তবেই দেশে সস্তায় এনামেলের জিনিষ তৈয়ার হইতে পারে।

(সমগ্র ভারতে বিদেশ হইতে এনামেল আমদানী)

সন		মূল্য
১৯৩৫-৩৬	——	১৮ লক্ষ ৯৯ হাজার টাকা
১৯৩৬-৩৭	——	১৪ „ ৮১ „ „
১৯৩৭-৩৮	——	১৫ „ ৮৭ „ „

(খ) এ্যালুমিনিয়ামের কারখানা (বাংলা)

বেঙ্গল এ্যালুমিনিয়াম ওয়ার্কস লিঃ—বড় কাটারা, ঢাকা।
এ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারিং কোং লিঃ—৪, ফেলি প্লেস, কলিকাতা।
প্রতাপ এ্যালুমিনিয়ম ওয়ার্কস—১৯৩, বেনারস রোড, হাওড়া।
জীবনলাল লিঃ—১০১ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা। শাখা—বোম্বাই, মাদ্রাজ, রাজমুন্দ্রি, রেঙ্গুন।

(বহির্বঙ্গের এ্যালুমিনিয়ামের কারখানা)

চেকোশ্লোভাকিয়া	ক্রোনেন (১০০ হেলার)	৵১০
জাপান	ইয়েন (১০০ সেন)	৸১০
জার্মানী	রাইথস মার্ক (১০০ ফেনিগ)	১৵৹
ডেনমার্ক	ক্রোন (১০০ ওর)	৷৴১০
তুরস্ক	পিয়াস্তর (১০০ পারা)	৶৫
নরওয়ে	ক্রোন (১০০ ওর)	৷৶৫
পারশ্য	রিয়াল (১০০ দিনার)	৶৹
পোর্টুগাল	এস্কিউডো (১০০ সেণ্টাভো)	৶৹
পোল্যাণ্ড	জ্লোটী (১০০ গ্রসেন)	৷৹
ফ্রান্স	ফ্রাঙ্ক (১০০ সেন্টিম)	৷৹ (এখন৵৫)
বেলজিয়াম	ফ্রাঙ্ক (১০০ সেন্টিম)	৵১০
ব্রেজিল	মিল্‌রাইস	৶১০
মিশর	পাউণ্ড (১০০ পিয়াস্তর)	১৩৷৶১০

মেক্সিকো	পেসো (১০০ সেণ্টাভো)	৸১০
যুগোশ্লাভিয়া	দিনার (১০০ পারা)	৴০
রাশিয়া	শার্ভোনেটজ (১০ রুবল)	৫।৴৫
শ্যাম	বাহট্ (১০০ শতং)	১৶১০
সিংহল	রূপী (১০০ সেণ্ট)	১৲
সুইটজারল্যাণ্ড	ফ্রাঙ্ক (১০০ সেন্টিম্)	।৵
সুইডেন	ক্রোণা (১০০ ত্তর)	।৵৫
হল্যাণ্ড	গুল্‌ডেন (১০০ সেণ্ট)	১৷৶১০
হাঙ্গেরী	পেঙ্গো (১০০ ফিলার)	।৴০

পৃথিবীর বিভিন্ন স্থানের সময় নির্ণয়

ভারতবর্ষের ষ্ট্যাণ্ডার্ড বেলা ১২টার সময় নিম্নলিখিত স্থানে বেলা এইরূপ :—

অকলাণ্ড	বিকাল ৬টা	জিব্রালটার	সকাল ৬টা ৩০মিঃ
আমষ্টার্ডাম	সকাল ৬টা ৫০মিঃ	ডাবলিন	সকাল ৬টা ৩০ মিঃ
ইস্তাম্বুল	রাত্রি ৮টা ৩০মিঃ	বার্লিন	সকাল ৭টা ৩০মিঃ
এথেন্স	সকাল ৮টা ৩০মিঃ	ব্রিন্দিসি	সকাল ৭টা ৩০মিঃ
এডিলেড	বিকাল ৪টা	ব্রাসেলস	” ৬টা ৩০মিঃ
কলিকাতা	বেলা ১২টা ২৪মিঃ	বুখারেষ্ট	” ৮টা ৩০মিঃ
কাইরো	সকাল ৮টা ৩০মিঃ	বুডাপেষ্ট	” ৭টা ৩০মিঃ
কেপটাউন	সকাল ৮টা ৩০মিঃ	বুয়েনস আয়ার্স	রাত্রি ২টা ৩০মিঃ
চিকাগো	রাত্রি ১২টা ২৪মিঃ	হংকং	বেলা ২টা ৩০ মিঃ

পৃথিবীর বিভিন্ন দেশের সামরিক শক্তি

(সৈন্যবল)

দেশের নাম	মোট	কার্য্যে নিযুক্ত সৈন্য	বিমান সৈন্য	শিক্ষিত রিজার্ভ
ইতালী	৬২,৯৪,৩৯৫	১৩,৩১,২০০	২,০২,৩৯৫	৫৬,৩৮,০০০
ফ্রান্স	৬১,৯৮,৬৩৭	৬,৫৮,৭৭৭	৩৯,৮৬০	৫৫,০০,০০০
রাশিয়া	×	১৫,৪৫,০০০	×	×
জার্ম্মানী	২১,১৮,০০০	৬,৫০,০০০	১০০,০০০	১৩,৬৮,০০০
জাপান	২২,৮২,০০০	২৮২,০০০	×	২০,০০,০০০
যুগোশ্লোভিয়া	১৬,৭১,০২৭	১,৩১,৫০৮	×	১৫,৩৯,৫১৯
ব্রিটিশ সাম্রাজ্য	১১,১১,১৭০	৩,৮৪,৭৮০	৫৭,০৩৪	৬,৬৯,৮৯৭

(নৌ-বল)

	ব্রিটিশ	ফরাসী	ইতালী
ব্যাটলশিপ	১৫	৯	৪
ক্রুইজার	৫১	১৫	২২
ফ্লটিলা লিডার্স ও ডেস্ট্রয়ার	১৬২	৭১	৯৯
এয়ার ক্র্যাপট ক্যারিয়ার	৭	১	×
সাবমেরিণ	৬০	৮৭	৬৯

	যুক্ত রাজ্য	জাপান	জার্ম্মানী
ব্যাটল শিপ	১৫	৯	২
ক্রুইজার	৩৬	৪০	৬
ডেসট্রয়ার	২১৩	৯৪	২৯
এয়ার ক্র্যাপ্‌ট ক্যারিয়ার	৪	৪	
সাবমেরিণ	৮৪	৬০	
ক্যাপিটাল শিপ			৬

দেশের অর্থনৈতিক স্বাধীনতা যে রাজনৈতিক স্বাধীনতার
সহিত অভিন্নভাবে জড়িত, তাহা আজ কংগ্রেস
উপলব্ধি করিতে পারিয়াছে। তাই
"জাতীয় শিল্পোন্নয়ন কমিটির" প্রতিষ্ঠা।

সকল শিল্পের সংরক্ষক বীমা শিল্পকে
সকলের আগে সুদৃঢ় ভিত্তিতে স্থাপিত করুন

ইষ্ট ইণ্ডিয়া ইনসিওরেন্স কোং লিঃ

১০নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ধার অথচ অবিচলিত গতিতে প্রতি বৎসর উন্নতির
পথে অগ্রসর হইতেছে।

সততায়—নিরাপত্তায়—ও সর্ব্বপ্রকার সুযোগ সুবিধাদানে
বীমাকারী ও বীমাকর্ম্মীর উভয়ের পক্ষেই আদর্শ প্রতিষ্ঠান

কংগ্রেসের ইতিহাস

কংগ্রেসের জন্মের পূর্ব হতেই বাংলায় রাজনীতির একটা মন্থর আন্দোলন ধীরে ধীরে শক্তি সঞ্চয় কচ্ছিল।

কংগ্রেসের জন্ম সম্বন্ধে স্বর্গীয় নরেন্দ্রনাথ সেন তৎকালীন 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় লিখেছিলেন, "১৮৮৪ খৃষ্টাব্দে মাদ্রাজ থিয়োজিফিক্যাল সোসাইটীর যে সভা হয়, তাতে নানাস্থান হতে যে সব লোক এসেছিলেন তাদের মধ্যে কয়েকজন (১৭জন) মিলে দেওয়ান বাহাদুর রঘুনাথ রাওয়ের গৃহে যে আলোচনা করেন, তারই ফলে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়"। কংগ্রেসের সর্বপ্রথম সভাপতি ৺ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় কংগ্রেসের জন্ম-ইতিহাসের যে সংক্ষিপ্ত বিবরণী দিয়েছিলেন তাতে দেখা যায়, মিঃ হিউম নামক ইংরেজ ভদ্রলোক মনে করেন যে, ভারতের নেতৃস্থানীয় ব্যক্তিগণ যদি বৎসরে একবার সম্মিলিত হয়ে ভারতের সামাজিক সমস্যাসমূহের আলোচনা করেন এবং উহা গভর্ণমেণ্টকে জানান, তা'হলে সরকারের পক্ষে শাসনকার্য পরিচালনায় বিশেষ সুবিধা হয়। কেন না শাসক-সম্প্রদায় শাসিতের অভাব-অভিযোগ জানিতে পারিলে উহা দূর করবার চেষ্টা করতে পারেন।

এরূপ প্রস্তাব আলোচনার পর ১৮৮৫ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে স্থির হয়, আগামী ডিসেম্বরের ২৭শে হতে ৩১শে পর্যন্ত পুনরায় ভারতের বিভিন্ন স্থানের ইংরেজীজানা প্রতিনিধিদের এক সম্মেলন হবে। উক্ত সম্মেলনের উদ্দেশ্য ছিল ভারতের নানা স্থানে যারা স্বদেশহিতকর কার্যে লিপ্ত আছেন তাঁদের পরস্পরের সঙ্গে পরিচিত হবার সুযোগ প্রদান এবং পরবর্তী বৎসরের কার্য্যতালিকা স্থির করা।

যদিও পুনাতেই এই অধিবেশন হবার কথা ছিল, কিন্তু সে সময়ে পুণায় বিসূচিকা রোগের প্রাদুর্ভাব হওয়ায় বোম্বেতে অধিবেশন হয়। এই অধিবেশনে প্রায় ৭২ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভাপতি উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ব্যতীত নরেন্দ্রনাথ সেন, জানকী নাথ ঘোষাল, গিরিজা ভূষণ মুখোপাধ্যায় বাংলার প্রতিনিধি হিসাবে এই অধিবেশনে যোগ দিয়েছিলেন। এই অধিবেশনে ৯টি প্রস্তাব গৃহীত হয়।

কংগ্রেসের দ্বিতীয় অধিবেশন হয় কলিকাতায়। এই অধিবেশনের সভাপতি ছিলেন, স্বর্গীয় দাদাভাই নৌরজী এবং অভ্যর্থনা সমিতির সভাপতি ছিলেন রাজা রাজেন্দ্রলাল মিত্র। এই অধিবেশনের প্রতিনিধি সংখ্যা ছিল ৪৩৬ জন। যুবক রবীন্দ্রনাথ এই অধিবেশনের উদ্বোধন সঙ্গীত গেয়েছিলেন। কংগ্রেসের এই দ্বিতীয় অধিবেশনেই সভাপতি ঘোষণা করেন যে, কংগ্রেস রাজনৈতিক প্রতিষ্ঠান।

কংগ্রেসের তৃতীয় অধিবেশন স্থান মাদ্রাজ। এই অধিবেশনের সভাপতি ছিলেন বদরুদ্দিন তায়বজী এবং প্রতিনিধি-সংখ্যা ছিল ৬০৭ জন। কংগ্রেসের তৃতীয় অধিবেশনের সময় গভর্ণমেণ্ট উহাকে বাধা দিতে চেষ্টা করেন এবং অধিবেশনের জন্য যাতে জায়গা না মিলে সেরূপ চেষ্টা করেন। চতুর্থ অধিবেশনেও রাজপুরুষগণ বাধা দান করেন, কিন্তু অভ্যর্থনা সমিতির সভাপতি অযোধ্যানাথ সঙ্কল্প গোপন রেখে লক্ষ্ণৌয়ের এক নবাবের সম্পত্তি লাউদার ক্যাসল একদিনের মধ্যে ভাড়া নিয়ে অধিবেশনের ব্যবস্থা করেন। চতুর্থ অধিবেশনের সভাপতিত্ব করেন জর্জ ইউল এবং প্রতিনিধি-সংখ্যা ছিল ১, ২৪৮। প্রয়াগে এই চতুর্থ অধিবেশন হয়।

পঞ্চম অধিবেশন হয় বোম্বাই নগরে। সভাপতি ছিলেন স্যর উইলিয়াম ওয়েডারবার্ন ও প্রতিনিধি সংখ্যা ছিল ১,৮৮৯। এবারকার অধিবেশনে

বিলাতের প্রসিদ্ধ রাজনৈতিক মিঃ ব্রাডল উপস্থিত ছিলেন। কংগ্রেসের এই অধিবেশনেই সাম্প্রদায়িকার সূত্রপাত হয়। গভর্ণমেণ্টের ব্যবস্থাপক সভা সমূহের সংস্কারকল্পে কংগ্রেস কর্তৃক আনীত একটি প্রস্তাবের সংশোধন করে অযোধ্যার মুন্সী হিদায়েৎ রশুল সাম্প্রদায়িকতার ভিত্তিতে এক প্রস্তাব আনেন। লক্ষ্ণৌর ব্যারিষ্টার হামিদ আলী খাঁ এই সংশোধন প্রস্তাবের আপত্তি করেন এবং উহা সর্ব্বসম্মতিক্রমে অগ্রাহ্য হয়। এই অধিবেশনে সর্বপ্রথম কয়েকজন মহিলা যোগ দিয়েছিলেন।

ষষ্ঠ অধিবেশন কলিকাতায় সভাপতি বোম্বায়ের ফিরোজশা মেটা এবং অভ্যর্থনা সমিতির সভাপতির ব্যারিষ্টার মনোমোহন ঘোষ। এই অধিবেশনের সময় সরকারী কর্মচারীদের কংগ্রেসের কার্যে যোগদান নিষিদ্ধ করে এক সরকারী আদেশ জারী হয়। এই অধিবেশনে যশস্বিনী মহিলা ডাঃ কাদম্বিনী গঙ্গোপাধ্যায় সভাপতিকে ধন্যবাদ দিয়ে বক্তৃতা করেন।

৭ম অধিবেশন নাগপুরে। সভাপতি মাদ্রাজের আনন্দ চার্লু এবং প্রতিনিধি সংখ্যা ছিল ৮১২ জন।

অষ্টম অধিবেশন হয় এলাহাবাদ। পৌরোহিত্য করেন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং প্রতিনিধি সংখ্যা ছিল ৬২৫ জন। এই দ্বিতীয় বারের জন্য উমেশ চন্দ্র কংগ্রেস সভাপতি হলেন।

পরবর্ত্তী নবম অধিবেশন হয় পঞ্জাবে। সভাপতি দাদাভাই নৌরজী, প্রতিনিধি সংখ্যা ৮৬৭।

দশম অধিবেশন স্থল মাদ্রাজ। প্রতিনিধি সংখ্যা ১,১৬৩ এবং সভাপতি হয়েছিলেন বিলাতের পার্লামেণ্টের একজন আইরিশ সদস্য মিঃ আলফ্রেড ওয়েব।

একাদশ অধিবেশন হয় পুনায়। সভাপতি সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়। সভাপতির দীর্ঘ অভিভাষণ সুরেন্দ্রনাথ মুদ্রিত পুস্তিকা না দেখে মুখে মুখে বলে শ্রোতৃমণ্ডলীকে বিস্মিত করেন। প্রতিনিধি ছিলেন ১,৫৮৪ জন।

দ্বাদশ অধিবেশন কলিকাতায়। সভাপতি রহিমতুল্লা মহম্মদ সিয়ানী এবং অভ্যর্থনা সমিতির সভাপতি স্যার রমেশচন্দ্র মিত্র। প্রতিনিধি সংখ্যা ৭৮৪।

১৮৯৭ খৃষ্টাব্দের ত্রয়োদশ অধিবেশন হয় অমরাবতীতে। বহু বাধাবিঘ্নের মধ্যদিয়ে এই অধিবেশন আরম্ভ হয়। সে সময় বোম্বাইনগরী একাধারে দুর্দান্ত প্লেগ মহামারী আর একদিকে সরকারের চণ্ডনীতির প্রকোপে ভীতিগ্রস্ত। বালগঙ্গাধর তিলক তখন রাজদ্রোহের অভিযোগে কারাগারে। সর্দার নাটু ভ্রাতৃদ্বয় নির্বাসিত। এ অধিবেশনের সভাপতিত্ব করেছিলেন স্যার শঙ্করণ নায়ার। সুরেন্দ্রনাথ এই অধিবেশনে বক্তৃতা দিবার কালে তিলক সম্বন্ধে বলেন, "তাঁহার জন্য সমগ্রজাতি আজ অশ্রুবর্ষণ করিতেছে।"

১৮৯৮ খৃষ্টাব্দের অধিবেশন হয় মাদ্রাজে। সভাপতি ছিলেন আনন্দ মোহন বসু।

১৮৯৯ খৃষ্টাব্দের ১৫শ অধিবেশন স্থান লক্ষ্ণৌ। পৌরোহিত্য করেন রমেশচন্দ্র দত্ত, প্রতিনিধি সংখ্যা ছিল ৭২৯। এই অধিবেশনে সভাপতি কৃষকদের দুঃখ দূর করার মানসে যে বক্তৃতা করেন, তারই ফলে লর্ড কার্জন ভূমিরাজস্ব ব্যবস্থার পরিবর্তন করিতে বাধ্য হন। ১৯০০

সালে পরবর্তী অধিবেশন হয় লাহোরে। অভ্যর্থনা সমিতির সভাপতি কালীপ্রসন্ন রায়; সভাপতি নারায়ণ চন্দ্রাবরকর।

সপ্তদশ অধিবেশন হয় কলিকাতায় (বিডন স্কয়ারে)। সভাপতি ছিলেন দীনশা ওয়াচা, অভ্যর্থনা সমিতির সভাপতি রাজা জগদীন্দ্রনাথ রায়। প্রতিনিধি সংখ্যা ৮৯৬। এই অধিবেশনে মোহন দাস করমচাঁদ গান্ধী উপস্থিত হয়ে দক্ষিণ আফ্রিকায় ভারতবাসীদের প্রতি সরকারের অত্যাচারের কথা আলোচনা করেন। ১৯০২ খৃষ্টাব্দে আমেদাবাদে অধিবেশন হয়। সভাপতি ছিলেন সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। প্রতিনিধি সংখ্যা ছিল ৪৭১। এই অধিবেশনে স্বদেশ বিষয়ক প্রস্তাব আলোচিত হয়।

১৯০৩ খৃষ্টাব্দের অধিবেশন স্থান মাদ্রাজ। পৌরোহিত্য করেন বাগ্মীবর লালমোহন ঘোষ। এই অধিবেশনে ভারতের দারিদ্র্যের হেতু, দেশীয় শিল্প সংরক্ষণ, ইংরেজ ও ভারতীয়দের প্রতি বিচার-বৈষম্য, প্রভৃতি বিষয়ের আলোচনা হয়।

১৯০৪ খৃষ্টাব্দে বোম্বে শহরে অধিবেশন বসে। এবার সভাপতি ছিলেন হেনরী কটন। প্রতিনিধি সংখ্যা ১,০১০।

এ পর্যন্ত কংগ্রেস ইতিহাসের প্রথম পর্ব বলা যেতে পারে। এর পর বঙ্গ-ভঙ্গ আন্দোলনের ফলে বাংলায় যে নব জাতীয়তার উন্মেষ হয় উহার ঢেউ সমস্ত ভারতের বুকে ছড়িয়ে পড়ে। সেদিন বাঙ্গালীর কাছ থেকে সমগ্র ভারত যে শক্তিমন্ত্রে দীক্ষা লাভ করলেন তারই ফলে কংগ্রেসে গণতন্ত্র ও স্বাদেশিকতার প্রতিষ্ঠা।

১৯০৫ খৃষ্টাব্দের অধিবেশন হয় বারাণসীতে। সভাপতি গোপাল কৃষ্ণ গোখলে; প্রতিনিধি সংখ্যা ৭৫৮। বারাণসীতে যখন কংগ্রেসের অধিবেশন, তখন বিক্ষুব্ধ বাংলায় একটা প্রবল আন্দোলনের স্রোত বয়ে চলেছে। লর্ড কার্জনের বঙ্গভঙ্গ ব্যবস্থাকে পাল্‌টে দিতে বাঙালী সেদিন দৃঢ় প্রতিজ্ঞা, সরকারের এই সর্বনেশে নীতির প্রতিবাদে বাঙ্গালীরা বিলাতী বর্জনের সঙ্কল্প করেছে। বারাণসীতে কংগ্রেসের অধিবেশনে লালা লজপত রায় বাংলায় এই নব জাতীয় ভাবের উন্মেষে বাঙ্গালীকে অভিনন্দিত ক'রে বক্তৃতা দেন।

১৯০৬ সনের অধিবেশন স্থল কলিকাতা। তখন বাংলার রাজনীতির গগন দুর্ভেদ্য ঘনঘটায় আচ্ছন্ন। এমনি সমস্যা-সঙ্কট-পরিপূর্ণ দুর্যোগে অরবিন্দ এসে পাকা মাঝির মত বাংলার রাজনীতির হাল ধরে বস্‌লেন। অরবিন্দ, বিপিনচন্দ্র, শ্যামসুন্দর, লক্ষপতি সুবোধ চন্দ্র মল্লিক, হেমেন্দ্র ঘোষ প্রভৃতি মিলে তখন ইংরেজী দৈনিক 'বন্দেমাতরম' বের ক'রে দেশময় জাতীয়তার আগুন ছড়াচ্ছেন। এই অধিবেশনে সভাপতি মনোনয়ন নিয়ে কংগ্রেসের ভেতর দুই দলের প্রবল বিরোধিতা উপস্থিত হয়। জাতীয় দল তিলক মহারাজকে সভাপতি করবার সঙ্কল্প করেন; কিন্তু নরমপন্থী মডারেটগণ সে চেষ্টা ব্যর্থ করতে চেষ্টা করেন, কারণ তিলক রাজদ্রোহের অপরাধে দণ্ডিত হয়েছিলেন। শেষ পর্যন্ত মডারেটগণের ষড়যন্ত্রে দাদাভাই নৌরজী সভাপতি হন। সভাপতি বলেন, 'ভারতের কাম্য স্বরাজ।' এই অধিবেশনে বয়কট প্রস্তাব যাতে গৃহীত না হয়

এজন্য মডারেটগণ যথেষ্ট চেষ্টা করেন। কিন্তু শেষ পর্যন্ত জাতীয় দলের বয়কট প্রস্তাবই গৃহীত হয়।

১৯০৭ সালের অধিবেশন সুরাটে। এই অধিবেশন মডারেট এব জাতীয়দলের মধ্যে প্রবল সংঘর্ষে ফলে সমাপ্তির পূর্বেই ভাঙ্গিয়া যায়। কংগ্রেসে মডারেট নেতৃবৃন্দ রাসবিহারী ঘোষকে সভাপতি মনোনীত করেন, কিন্তু জাতীয় দল সদ্যমুক্ত লালা লজপত রায়কে সভাপতি করতে চেষ্টিত হন। লালাজী রাজরোষে পড়ে দণ্ডিত হয়েছেন, মডারেটগণ তাকে সভাপতি করতে অসম্মত হয়েছিলেন। এদিকে জাতীয় দল জান্‌তে পারলেন যে, অধিবেশনে মডারেটগণ পূর্ববৎসরের কলিকাতা অধিবেশনে গৃহীত স্বরাজ, বয়কট এবং জাতীয় শিক্ষামূলক প্রস্তাবগুলি বর্জন করবেন ঠিক করেছেন। তখন তারা উহাতে বাধা দিতে সঙ্কল্প করলেন। অধিবেশনের পূর্বে জাতীয় দল অভ্যর্থনা সমিতির সভাপতি ত্রিভুবন দাস মালবীর নিকট পূর্ব বৎসরের প্রস্তাবের খস্‌ড়াগুলি পুনঃ পুনঃ চেয়েও পেলেন না। শেষে জাতীয় দলের পক্ষ থেকে অরবিন্দ ঘোষ, মতিলাল ঘোষ, তিলক প্রভৃতি স্থির করেন অধিবেশনে পূর্ববর্তী বৎসরের প্রস্তাব তিনটী বর্জনের প্রস্তাব করা হলে প্রবল ভাবে বাধাদান করবেন। অধিবেশনের আরম্ভ হইতেই সভাপতি নির্বাচন নিয়ে ভয়ানক গোলমালের সৃষ্টি হ'ল। এদিকে মণ্ডপের ওপর মডারেট নেতা ফিরোজশা মেটা নিযুক্ত গুণ্ডাদের হস্তে তিলক অপমানিত হলে ভীষণ উত্তেজনা ও গণ্ডগোলের সৃষ্টি হয়। এরূপ অবস্থায় শেষ পর্যন্ত বাধ্য হয়ে অধিবেশন বন্ধ ক'রে দিতে হয়।

১৯০৮ খ্রীষ্টাব্দের অধিবেশন মাদ্রাজে। এবারও সভাপতি হলেন রাসবিহারী ঘোষ। এ সময় থেকে কংগ্রেসে মডারেটগণের প্রাধান্য ১৯১৬ সাল পর্যন্ত অব্যাহত থাকে।

পরবর্তী ১৯০৯ সালের অধিবেশন হয় লাহোরে। সভাপতি হন পণ্ডিত মদনমোহন মালব্য। এবার প্রতিনিধি সংখ্যা মাত্র ২৪৩ জন।

১৯১০ খৃষ্টাব্দের অধিবেশন স্থান এলাহাবাদ। সভাপতি স্যার উইলিয়ম ওয়েডারবার্ণ। প্রতিনিধি সংখ্যা ৬৩৪। এই অধিবেশনে নূতন বড়লাট লর্ড হার্ডিংকে অভিনন্দন পত্র দেবার প্রস্তাব হয়।

১৯১১ সালের অধিবেশন কলিকাতায়। সভাপতি কিষণ নারায়ণ দার; অভ্যর্থনা সমিতির সভাপতি ভূপেন্দ্র নাথ বসু। এই অধিবেশনের পূর্বেই গভর্ণমেণ্ট বঙ্গভঙ্গ ব্যবস্থা রদ করেন।

১৯১২ খৃষ্টাব্দের অধিবেশন হয় বাঁকিপুরে। সভাপতি আর, এন্, মুধলকার। সভাপতি তাঁর অভিভাষণে বলেন, ভারতবাসীরা বৃটিশ সাম্রাজ্যের অন্যান্য স্থানের প্রজার তুল্যাধিকার চান।

১৯১৩ সালের অধিবেশন করাচীতে। সভাপতি নবাব সৈয়দ আহম্মদ। প্রতিনিধি সংখ্যা ৫৫০।

১৯১৪ খৃষ্টাব্দের অধিবেশন স্থান মাদ্রাজ। সভাপতি ভূপেন্দ্রনাথ বসু। প্রতিনিধি সংখ্যা ৮৬৬। সভাপতির বক্তৃতায় জাতীয় ভাব ব্যক্ত ছিল। এই অধিবেশনের পূর্বেই মহাসমর আরম্ভ হয়েছে। সে সময়ে মডারেটগণের কংগ্রেসে প্রাধান্য হেতু অধিবেশনে রাজভক্তি জ্ঞাপক প্রস্তাব গৃহীত হয়।

১৯১৫ সালের অধিবেশন বসে বোম্বাই শহরে। সভাপতি স্যার (পরে লর্ড) সত্যেন্দ্র প্রসন্ন সিংহ।

পরবর্তী অধিবেশন স্থান লক্ষ্ণৌ। সভাপতি অম্বিকাচরণ মজুমদার। এই অধিবেশনের পূর্বেই ফিরোজশা মেটার মৃত্যু হয় এবং বাংলার মডারেট নেতৃবৃন্দের চেষ্টায় জাতীয় দল কংগ্রেসে পুনরায় মিলিত হন। এই অধিবেশনেই কংগ্রেস সর্বপ্রথম মুসলমানদিগকে ব্যবস্থাপক সভাসমূহে স্বতন্ত্র নির্বাচনের অধিকার দিয়ে সাম্প্রদায়িকতায় ইন্ধন যোগান।

১৯১৭ সালে কলিকাতায় অধিবেশন হয়। এই সময়ে মিসেস্ এ্যানি বেসাণ্ট মুক্তি লাভ করলে জাতীয় দল তাঁকেই সভানেত্রী করতে চেষ্টিত হন। কিন্তু মডারেটগণ রাজরোষে পড়বার ভয়ে মিসেস্ বেসাণ্টকে সভানেত্রী করতে স্বীকৃত হলেন না। শেষ পর্যন্ত মিসেস্ বেসাণ্টই সভানেত্রী হলেন। এই অধিবেশনে প্রতিনিধি সংখ্যা ছিল ৪৯৬৭। ইহার পরে ১৯১৮ সালের ৮ই জুলাই মণ্টেগু শাসন-সংস্কার রিপোর্ট প্রকাশিত হলে উহা আলোচনার জন্য বোম্বাইতে একটি বিশেষ অধিবেশন হয়।

১৯১৮ খৃষ্টাব্দের সাধারণ অধিবেশন হয় দিল্লীতে। সভাপতি ছিলেন পণ্ডিত মদনমোহন মালব্য এবং প্রতিনিধি সংখ্যা ৮৮৬৯।

এই সময়েই মোহনদাস করমচাঁদ গান্ধী নূতন শক্তিরূপে ভারতের রাজনীতি ক্ষেত্রে আবির্ভূত হলেন। সে সময়ে রাওলাট আইনের বিরুদ্ধে দেশে ভয়ানক বিক্ষোভের সৃষ্টি হয়েছে। সর্বত্র জনমত বিক্ষোভ প্রদর্শন করে রাওলাট আইনের বিরুদ্ধে আন্দোলন কচ্ছে। এর ফলে

ইতিহাস-প্রসিদ্ধ জালিয়ানওয়ালা বাগ হত্যাকাণ্ড সংঘটিত হল। এর ফলে দেশের বিক্ষোভ আরও প্রবল আকার ধারণ করল।

১৯২০ সালের ৪ঠা সেপ্টেম্বর কলিকাতায় নিম্নলিখিত চারিটি বিষয়ের আলোচনার জন্য কংগ্রেসের এক অতিরিক্ত অধিবেশন হয়।

(১) জালীয়ানওয়ালাবাগ ব্যাপার।

(২) খিলাফৎ সমস্যা।

(৩) শাসন-সংস্কারের নিয়ম।

(৪) সহযোগিতা বর্জন।

এই অধিবেশনে মহাত্মা গান্ধী আনীত অসহযোগিতা প্রস্তাব গৃহীত হয়। কংগ্রেসের পরবর্তী ১৫ বৎসরের ইতিহাসের সঙ্গে অসহযোগ আন্দোলনের ইতিহাস অবিচ্ছিন্ন ভাবে জড়িত। কত, লোক, কত নেতা কত কর্মী যে সেই আন্দোলনে কত লাঞ্ছনা, নির্যাতন, কারাদণ্ড ভোগ করেছেন, সে একটা বিরাট ইতিহাস। ১৯২১ সনে আমেদাবাদে যে অধিবেশন হয় উহার নির্বাচিত সভাপতি দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ কারারুদ্ধ হওয়ায় হাকিম আজমল খাঁ সভাপতিত্ব করেন। এই সঙ্কটের সময় অধিবেশনে একটি মাত্র প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাব আনেন মহাত্মা গান্ধী। অসহযোগ আন্দোলনে আরও অধিক দৃঢ় থাক্‌তে দেশবাসীকে উপদেশ দিয়ে প্রস্তাব গৃহীত হয়। এই অধিবেশনেই মহাত্মা গান্ধীর নেতৃত্ব প্রতিভা স্বীকৃত হয়।

ইহার পর কংগ্রেসের ইতিহাসের আর এক গৌরবোজ্জ্বল অধ্যায় আইন অমান্য আন্দোলন। এই আন্দোলনের নেতা এবং প্রবর্তকও

মহাত্মা গান্ধী। ১৯৩০ সালে মহাত্মা গান্ধী তাঁর অহিংসা মন্ত্র উচ্চারণ করে আইন অমান্য আন্দোলন আরম্ভ করেছিলেন। সে আন্দোলনের লে ভারতে যে এক নূতন গতিশীল প্রাণের প্রতিষ্ঠা হয়েছে তাতে সন্দেহ নেই।

এর পর ১৯৩১ খৃষ্টাব্দ হতে কংগ্রেসে এক নূতন অধ্যায়ের সূচনা হয়। করাচী কংগ্রেসে ভাবী সমাজ ও রাষ্ট্র গঠনের মূল নীতি নির্ধারিত হয়। ইহার পর থেকে কংগ্রেসে চরমপন্থী এবং প্রগতিশীলদের আধিপত্য বিশেষ ভাবে প্রতিষ্ঠিত হয়। জওহরলাল এবং সুভাষচন্দ্র, পর পর দুই জন তরুণ নেতা কংগ্রেসের সভাপতি হওয়ায় কংগ্রেসের প্রগতিশীল মনোভাব বিশেষ ভাবে বৃদ্ধি পায়। এই সময়ে কংগ্রেসে সমাজতন্ত্রী মতবাদও ধীরে ধীরে প্রসার লাভ করে এবং কংগ্রেসের সমাজতন্ত্রবাদীগণ 'কংগ্রেস সমাজতন্ত্রী দল' নামে কংগ্রেসের মধ্যেই একটি নূতন দল সৃষ্টি করেন।

কংগ্রেসের অধিবেশন

বৎসর		স্থান		সভাপতি
১৮৮৫	—	বোম্বাই	—	উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১৮৮৬	—	কলিকাতা	—	দাদাভাই নওরজী
১৮৮৭	—	মাদ্রাজ	—	বদরুদ্দিন তায়েবজী
১৮৮৮	—	এলাহাবাদ	—	জর্জ্জ ইউল
১৮৮৯	—	বোম্বাই	—	স্যার উইলিয়ম ওয়েডারবার্ণ
১৮৯০	—	কলিকাতা	—	স্যার ফিরোজশাহ্ মেহ্তা

১৮৯১	—	নাগপুর	—	আনন্দচার্লু
১৮৯২	—	এলাহাবাদ	—	উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১৮৯৩	—	লাহোর	—	দাদাভাই নওরোজী
১৮৯৪	—	মাদ্রাজ	—	এ, ওয়েব
১৮৯৫	—	পুণা	—	সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
১৮৯৬	—	কলিকাতা	—	আর, এম, সিয়ানি
১৭৯৭	—	অমরাবতী	—	শঙ্করন নায়ার
১৮৯৮	—	মাদ্রাজ	—	আনন্দমোহন বসু
১৮৯৯	—	লক্ষ্ণৌ	—	রমেশচন্দ্র দত্ত
১৯০০	—	লাহোর	—	এন্, জি, চন্দাভরকর
১৯০১	—	কলিকাতা	—	দিনশা ওয়াচা
১৯০২	—	আহমেদাবাদ	—	সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
১৯০৩	—	মাদ্রাজ	—	লালমোহন ঘোষ
১৯০৪	—	বোম্বাই	—	সার হেন্‌রী কটন
১৯০৫	—	বেনারস	—	গোপালকৃষ্ণ গোখলে
১৯০৬	—	কলিকাতা	—	দাদাভাই নওরোজী
১৯০৭	—	সুরাট	—	রাসবিহারী ঘোষ
১৯০৮	—	মাদ্রাজ	—	রাসবিহারী ঘোষ
১৯০৯	—	লাহোর	—	মদনমোহন মালবীয়
১৯১০	—	এলাহাবাদ	—	স্যার উইলিয়াম ওয়েডারবার্ণ
১৯১১	—	কলিকাতা	—	বিষেণনারায়ণ দার

১৯১২	—	পাটনা	—	আর, এন, মুধোলকার
১৯১৩	—	করাচী	—	নবাব সৈয়দ মহম্মদ
১৯১৪	—	মাদ্রাজ	—	ভূপেন্দ্রনাথ বসু
১৯১৫	—	বোম্বাই	—	সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ
১৯১৬	—	লক্ষ্ণৌ	—	অম্বিকাচরণ মজুমদার
১৯১৭	—	কলিকাতা	—	য়্যানি বেসাণ্ট
১৯১৮	—	দিল্লী	—	হাসান ইমাম
"	—	বোম্বাই	—	মদনমোহন মালবীয়
১৯১৯	—	অমৃতসর	—	মতিলাল নেহ্‌রু
১৯২০	—	নাগপুর	—	লালা লাজপৎ রায়
"	—	কলিকাতা	—	বিজয় রাঘবাচার্য্য
১৯২১	—	আহ্‌মেদাবাদ	—	হাকিম আজমল খাঁ
১৯২২	—	গয়া	—	চিত্তরঞ্জন দাশ
১৯২৩	—	কোকনদ	—	আবুলকালাম আজাদ
"	—	দিল্লী	—	মহম্মদ আলি
১৯২৪	—	বেলগাঁও	—	মোহনদাস করমচাঁদ গান্ধী
১৯২৫	—	কানপুর	—	সরোজিনী নাইডু
১৯২৬	—	গৌহাটী	—	শ্রীনিবাস আয়েঙ্গার
১৯২৭	—	মাদ্রাজ	—	ডাক্তার এম্, এ, আন্‌সারী
১৯২৮	—	কলিকাতা	—	মতিলাল নেহ্‌রু
১৯২৯	—	লাহোর	—	জওয়াহরলাল নেহ্‌রু
১৯৩০	—	কলিকাতা	—	শ্রীযুক্তা নেলী সেনগুপ্তা
১৯৩১	—	করাচী	—	বল্লভভাই প্যাটেল
১৯৩২	—	দিল্লী	—	শেঠ রণছোড় লাল

১৯৩৩ —	কলিকাতা —	মদনমোহন মালবীয়
১৯৩৪ —	বোম্বাই —	রাজেন্দ্রপ্রসাদ
১৯৩৫ —	লক্ষ্ণৌ —	জওয়াহরলাল নেহ্রু
১৯৩৬ —	ফৈজপুর —	জওয়াহর লাল নেহ্রু
১৯৩৭ —	হরিপুরা —	সুভাষচন্দ্র বসু
১৯৩৯ —	ত্রিপুরী —	সুভাষচন্দ্র বসু
”	”	বাবু রাজেন্দ্র প্রসাদ

বঙ্গীয় প্রাদেশিক কন্‌ফারেন্‌স্‌

বৎসর	স্থান	সভাপতি
১৮৯৫—	বহরমপুর—	আনন্দমোহন বসু
১৮৯৬—	কৃষ্ণনগর—	গুরুপ্রসাদ সেন
১৮৯৭—	নাটোর—	সত্যেন্দ্রনাথ ঠাকুর
১৮৯৮—	ঢাকা—	কালীচরণ বন্দ্যোপাধ্যায়
১৮৯৯—	বর্দ্ধমান—	অম্বিকাচরণ মজুমদার
১৯০০—	ভাগলপুর—	রাজা বিনয়কৃষ্ণ দেব
১৯০১—	মেদিনীপুর—	এন্, এন্, ঘোষ
১৯০৩—	বহরমপুর—	মহারাজা জগদিন্দ্রনাথ রায়
১৯০৪—	বর্দ্ধমান—	আশুতোষ চৌধুরী
১৯০৫—	ময়মনসিংহ—	ভূপেন্দ্রনাথ বসু
১৯০৬—	বরিশাল—	আবদুর রসুল
১৯০৭—	বহরমপুর—	দীপনারায়ণ সিংহ (অসমাপ্ত থাকে)
১৯০৮—	পাবনা—	রবীন্দ্রনাথ ঠাকুর
১৯০৯—	হুগলী—	বৈকুণ্ঠনাথ সেন
১৯১০—	কলিকাতা—	অম্বিকাচরণ মজুমদার
১৯১১—	ফরিদপুর—	যতীন্দ্রনাথ রায় চৌধুরী
১৯১২—	চট্টগ্রাম—	আবদুল রসুল

১৯১৩— ঢাকা অশ্বিনীকুমার দত্ত
১৯১৪— কুমিল্লা— ব্যোমকেশ চক্রবর্ত্তী
১৯১৫— কৃষ্ণনগর— মতিলাল ঘোষ
১৯১৬— বারাসত— বৈকুণ্ঠনাথ সেন
১৯১৭— কলিকাতা— চিত্তরঞ্জন দাশ
১৯১৮— হুগলী অখিলচন্দ্র দত্ত
১৯১৯— ময়মনসিংহ যাত্রামোহন সেনগুপ্ত
১৯১৯— কলিকাতা— কামিনীকুমার চন্দ (বিশেষ অধিবেশন
১৯২০— মেদিনীপুর— ফজলুল হক্
১৯২১— বরিশাল— বিপিনচন্দ্র পাল
১৯২২— চট্টগ্রাম— বাসন্তী দেবী
১৯২৩— যশোহর— শ্যামসুন্দর চক্রবর্ত্তী
১৯২৪— সিরাজগঞ্জ— মৌলানা আক্রাম খাঁ
১৯২৫— ফরিদপুর— চিত্তরঞ্জন দাশ
১৯২৬— কৃষ্ণনগর— বীরেন্দ্রনাথ শাসমল
১৯২৭— মাজু— যোগীন্দ্রনাথ চক্রবর্ত্তী
১৮২৮— বসিরহাট— যতীন্দ্রনাথ সেনগুপ্ত
১৯২৯— রংপুর— সুভাষচন্দ্র বসু
১৯৩০— রাজসাহী— বিপিনবিহারী গঙ্গোপাধ্যায়
১৯৩১— বহরমপুর— হরদয়াল নাগ (বিশেষ অধিবেশন)
১৯৩২— কলিকাতা— গুণীন্দ্রনাথ মুখোপাধ্যায় (অসমাপ্ত থাকে)
১৯৩৫— দিনাজপুর— ইন্দ্রনারায়ণ সেনগুপ্ত
১৯৩৮— বিষ্ণুপুর— যতীন্দ্রমোহন রায়
১৯৩৯— জলপাইগুড়ি— শরৎচন্দ্র বসু

তৃতীয় ভাগ

আইন-আদালত

নূতন সংশোধিত প্রজাস্বত্ব আইন (১৯৩৮) স্থূলকথা

১। ১৯২৮ সালে যে খারিজ ফি বহাল হইয়াছিল বর্ত্তমানে সংশোধিত প্রজাস্বত্ব আইনে তাহা একেবারে উঠাইয়া দেওয়া হইয়াছে। রায়তী স্থিতিবান্ স্বত্বের জমি বিক্রয়ের সময় যে শতকরা ২০৲ টাকা ও বহন খরচা শতকরা ২৲ টাকা রেজেষ্ট্রী আফিসে ও আদালতের নীলামের সময় দিতে হইত তাহা আর দিতে হইবে না।

২। জমিদারদিগের অগ্রক্রয়ের ক্ষমতা একেবারে রহিত করা হইয়াছে। পূর্ব্বে রায়তি স্থিতিবান্ স্বত্বের জমি খরিদ বিক্রয় হইলে নোটিশ পাওয়ার দুই মাসের মধ্যে জমিদার দরখাস্ত করিলে শতকরা দশ টাকা অতিরিক্ত দিয়া উহা নিজে লইতে পারিতেন, কিন্তু বর্ত্তমান আইনে সে নিয়ম চলিবে না। তাহার পরিবর্ত্তে সকল ধর্ম্মাবলম্বী প্রজার অংশীদারগণকে উক্ত ক্ষমতা দেওয়া হইয়াছে। অংশীদার ব্যতীত অন্যের নিকট দখলী স্বত্বের জমি বিক্রয় হইলে ঐ যোতের অংশীদারগণ বর্ত্তমান আইন বলে উহা ফিরাইয়া লইতে পারিবেন।

৩। বাকী খাজনার সুদের হার শতকরা ১২॥৹ টাকার স্থলে ৬।৹ টাকা করা হইয়াছে। অর্থাৎ মাসিক যাহা ১৲৮ পাই ছিল, এই আইনে তাহা মাসিক ॥৪ পাই করা হইয়াছে।

৪। মূল খাজনা ও পথকরের অতিরিক্ত যে বে-আইনী টাকা এযাবৎ প্রজাদিগের নিকট হইতে ভূম্যধিকারী ও তাঁহার গোমস্তা তহশীলদার দস্তরী প্রভৃতিতে আদায় করিয়া আসিয়াছে তাহা রহিত করিবার জন্য

কঠোর আইন পাশ হইয়াছে। এখন হইতে ঐ অতিরিক্ত টাকা আদায় করিলে ৫০৲ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

৫। ১৯৩৭ সালের ১লা আগষ্ট হইতে ১০ বৎসরের জন্য কোন শ্রেণীর প্রজারই খাজনা বাড়িবে না। সাময়িকভাবে এই আইনটি বলবৎ হইয়াছে, তবে জমি কমবেশীর জন্য খাজনা কমবেশী হইতে পারিবে। যদি ১৯৩৭ সালের আগষ্ট মাসে খাজনা বৃদ্ধির কোন ডিক্রী হইয়া থাকে বা দলিল-পত্রের চুক্তিমত কোন বৃদ্ধির ব্যবস্থা থাকে তাহাও দশ বৎসর বন্ধ থাকিবে এবং এই দশটি বৎসর ভবিষ্যতে গণনার বাহিরে থাকিবে।

৬। ১৯৩৮ সালের এই সংশোধিত আইনে সুদ ও আসল ১৫ বৎসরে বা তাহার কম সময়ে শোধ করা যাইবে এই প্রকার চুক্তি ছাড়া কেবল সুদের পরিবর্ত্তে যে সকল দায়সুদী রেহানী দেওয়া হইয়াছে তাহা এবং পূর্ব্বে যে সকল সাধারণ দায়সুদী রেহান সুদের পরিবর্ত্তে দখল দিয়া দেওয়া হইয়াছে তাহা জমী দখল দেওয়ার তারিখ হইতে পনর বৎসর অতীত হইলে রেহানী ঋণ সুদ ও আসল আদায় হইয়াছে বলিয়া গণ্য হইবে। ঐ ঋণের সুদ বা আসল বাবদ আর কোন টাকা দিতে হইবে না। আপোষে রেহানদার জমির দখল ফেরত না পাইলে আদালতের সাহায্যে দখল ফেরত পাওয়া যাইবে।

৭। ডিক্রীর পর প্রজাকে টাকা আদায়ের সুযোগ ও সুবিধা দেওয়া হইয়াছে। ডিক্রীর পর ৬০ দিনের মধ্যে প্রজার উপর ডিক্রীজারি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ৬০ দিনের মধ্যে প্রজা যদি ডিক্রীর সমুদয় টাকা মিটাইয়া দিতে পারে তাহা হইলে প্রজাকে আর টাকার সুদ দিতে হইবে না অথবা ডিক্রীর মোকদ্দমায় ডিক্রীর অর্দ্ধেক টাকা আর জমাও দিতে হইবে না।

৮। এই আইনে ভূম্যধিকারী বাকী খাজানার বা বাকি কিস্তির নালিশ করিতে এক বা একাধিক বৎসরের অধিক দাবী করিতে পারিবেন, তবে একবার নালিশ করিলে ৯ মাসের মধ্যে দ্বিতীয় নালিশ করিতে পারিবেন না।

৯। তালুকের বা জোতের সম্পূর্ণ বা আংশিক কোনও জমি জলে ডুবিয়া নষ্ট হইয়া গেলে তজ্জন্য তালুকদার বা প্রজা হারাহারি মতে জমা বাদ পাইতে পারিবে এবং যদি ২০ বৎসরের মধ্যে ঐ জমি পুনরায় কার্য্যের উপযোগী হয় ৮৬ (ক) ধারার বিধান মতে বাকি খাজনা দিয়া তালুকদার বা প্রজা ঐ জমি পুনয়ায় দখল পাইবে।

১০। এ যাবৎ মধ্যস্বত্ব ভোগীর পক্ষে খাজনা আদায়ে যে বিড়ম্বনা ছিল—জমা ইস্তফা দিতে চাহিলেও জমিদারেরা তাহা লইতেন না এবং আইনের দ্বারা তাঁহাদিগকে বাধ্য করাও যাইত না—এই আইনে ৮৫ (ক) ধারার প্রয়োগে ইস্তফার জন্য প্রজার আদালতে নালিশ করিবার অধিকার আছে।

১১। সার্টিফিকেট বলে প্রজার খাজনা আদায় করিবার যে শক্তি ছিল, নূতন আইনে জমিদারের সেই শক্তির বিলোপ সাধন করা হইয়াছে।

চাষী-খাতক আইন

(১৯৩৬ খৃষ্টাব্দের বঙ্গীয় ৭ আইন)

১। (১) এই আইনকে বঙ্গদেশের চাষী-খাতক বিষয়ক ১৯৩৫ খৃষ্টাব্দের আইন বলা যাইতে পারিবে।

(৪) 'ঋণ' বলিতে কোন খাতকের নগদ টাকা পয়সায় অথবা জিনিষপত্রে বন্ধক রাখিয়া বা বিনা বন্ধকে নেওয়া কোন দেওয়ানী আদালতের ডিক্রী বা অন্য প্রকারে দেয়, এবং বর্ত্তমানে অথবা ভবিষ্যতে পরিশোধনীয় সর্ব্বপ্রকার দায় বুঝাইবে, কিন্তু নিম্নলিখিতগুলি দায়ের মধ্যে ধরা হইবে না :—

(ক) যে টাকা শোধ করিবার দায়িত্ব কোন অনিশ্চিত ঘটনার উপর নির্ভর করে।

(খ) ১৮ ধারামতে কোন বোর্ড কর্ত্তৃক ঋণের পরিমাণ নির্ণীত হইবার সময় যে খাজনা পাওনা হয় নাই।

(গ) আধি, বর্গা বা ভাগ বলিয়া পরিচিত প্রথা অনুসারে যে জমি চাষ করা হয় তাহার দরুণ দেয় ফসলের কোন অংশ।

(ঘ) নিম্নলিখিত বিষয়গুলি যথা :—

(১) ২৮ ধারার (১) প্রকরণে উল্লিখিত কোন টাকা, এবং

(২) প্রজার অধিকারে যে জমি আছে তাহার ব্যবহার অথবা দখলের দরুণ দেয় বাকী খাজনা ছাড়া রাজকীয় প্রাপ্য স্বরূপ আদায় যোগ্য কোন টাকা ;

(ঙ) তামাদির দরুন মোকদ্দমা বা দরখাস্ত করিয়া যে টাকা আদায় করা যাইবে না ; অথবা

(চ) ১৯৩৪ খৃষ্টাব্দের ভারতবর্ষের রিজার্ভ ব্যাঙ্ক বিষয়ক আইনের দ্বিতীয় তপশীলে যে সকল ব্যাঙ্কের নাম আছে তাহাদের প্রাপ্যঋণ ;

(৫) "খাতক" বলিতে বুঝাইবে যে খাতকের চাষ আবাদই প্রধান উপজীবিকা এবং যে—

(ক) রায়ত অথবা কোর্ফা রায়ত, অথবা

(খ) যে নিজে কিংবা তাহার পরিবারস্থ লোক অথবা ভাড়াকরা মজুর, অথবা আধিয়ার, বর্গাদার কিম্বা ভাগদার দিয়া জমি চাষ করে।

২। (১) স্থানীয় গভর্ণমেণ্ট বিজ্ঞাপন দিয়া কোন অঞ্চলের জন্য এক বা একাধিক ঋণ সালিসী বোর্ড স্থাপন করিতে পারিবেন।

(২) প্রত্যেকটী বোর্ডে এক জন সভাপতি এবং চার জনের অনধিক সভ্য থাকিবেন এবং তাহারা স্থানীয় গভর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হইবেন।

৩। (১) ৯ ধারার বিধানগুলি বজায় রাখিয়া যে কোন খাতক তাহার ঋণের মিটমাটের জন্য, সে যে অঞ্চলে সাধারণতঃ বাস করে সেই অঞ্চলের জন্য স্থাপিত বোর্ডের নিকট ৩ ধারার (১) প্রকরণমতে ঐ অঞ্চলের প্রথম বোর্ড স্থাপিত হইবার পাঁচ বৎসরের মধ্যে দরখাস্ত করিতে পারিবে।

(২) (১) প্রকরণমতে কোন খাতক ইতিপূর্ব্বে দরখাস্ত না করিয়া থাকিলে ঐ খাতকের যে কোন পাওনাদার ঐ প্রকরণমতে ঐ খাতক যে যে বোর্ডের নিকট দরখাস্ত করিতে পারিত সেই বোর্ডের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

(৩) একই খাতকের ঋণ সম্পর্কে যদি একাধিক বোর্ডের নিকট দরখাস্ত করা হয় তবে ঐরূপ দরখাস্তগুলি, এই আইনের অধীন প্রণীত

নিয়মাবলী বজায় রাখিয়া, একটী বোর্ডের নিকট পাঠাইতে হইবে ও উক্ত বোর্ড কর্ত্তৃক বিবেচিত হইবে।

(৪) যে বোর্ডের নিকট দরখাস্ত করা হয় সেই বোর্ডের নিকট দরখাস্ত দাখিলের স্থান সম্পর্কে যতশীঘ্র সম্ভব কোন আপত্তি উত্থাপন করা না হইয়া থাকিলে এবং তাহার দরুণ বিচারের কোন ত্রুটী না ঘটিয়া থাকিলে আপীল বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী ঐরূপ আপত্তি মঞ্জুর করিবেন না।

(৫) (১) প্রকরণে যাহাই থাকুক না কেন উপযুক্ত ও যথেষ্ট কারণ থাকিলে কোন বোর্ড, (১) অথবা (২) প্রকরণমতে প্রথম দরখাস্ত করিবার তারিখের পূর্ব্বে যে ঋণ করা হইয়াছে তাহার সম্পর্কে আরও একটী দরখাস্ত, প্রথম দরখাস্ত সেই বোর্ড অথবা অপর কোন বোর্ড যাহারই নিকট করা হইয়া থাকুক না কেন, গ্রহণ করিতে পারিবেন। কিন্তু যখন উক্ত কোন প্রকরণানুযায়ী ঐরূপ প্রথম দরখাস্ত ১৩ ধারার (৩) প্রকরণ অথবা ১৭ ধারার (১) প্রকরণের (খ) (৵০) দফা কিম্বা (২) প্রকরণ অনুসারে ডিসমিস হইয়াছে তখন উহা গ্রহণ করা চলিবে না।

(৬) (১) প্রকরণ অথবা (২) প্রকরণমতে দরখাস্ত করিবার তারিখের পর কোন খাতক যে ঋণ করিয়া থাকে (মায় যে খাজনা পাওয়া হইয়াছে) তাহা মিটমাট করিবার জন্য আর কোন দরখাস্ত কোন বোর্ড গ্রহণ করিতে পারিবেন না।

৪। (১) নিম্নলিখিত বিষয়ের মিটমাটের জন্য ৮ ধারার (১) প্রকরণমতে দরখাস্ত করা চলিবে :—

(ক) এমন কোন পৈতৃক ঋণ যাহার জন্য একত্রে দায়ী দুই কিংবা ততোধিক ব্যক্তিদিগের কোনও একজন এই আইনের অর্থ অনুসারে খাতক হন এবং তাঁহারা সকলে একত্রে ঐরূপ দরখাস্ত করেন, অথবা

(খ) এমন ঋণ যাহার জন্য একত্রে দায়ী দুই কিম্বা ততোধিক ব্যক্তিদিগের সকলেই এই আইনের অর্থ অনুসারে খাতক হন এবং তাঁহারা সকলে একত্রে ঐরূপ দরখাস্ত করেন।

এবং ঐরূপ দরখাস্তে উল্লিখিত যে কোন ঋণ সম্পর্কে, বোর্ড এই আইনানুসারে আদেশ দিতে পারিবেন।

(২) এই আইনের অর্থ অনুসারে যে ব্যক্তি খাতক সে যদি বাকী খাজানার ঋণ ছাড়া অন্য কোন ঋণের জন্য অপর ব্যক্তিদিগের সহিত একত্রে দায়ী হয় তবে ঐরূপ খাতক ঐরূপ ঋণ সম্পর্কে তাহার দায়ী লাঘবের জন্য ৮ ধারার (১) প্রকরণমতে দরখাস্ত করিতে পারিবে এবং বোর্ড এই বিষয়ের সমস্ত ঘটনা ও অবস্থা বিবেচনা করিয়া যদি ৭ ধারামতে এতদ্ পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হইয়া থাকেন, তবে ঐরূপ দরখাস্তকারী ঐ ঋণের জন্য যতদূর দায়ী ততদূর পর্য্যন্ত ঐ ঋণ সম্পর্কে যেরূপ আদেশ দেওয়া যুক্তিসঙ্গত মনে করেন সেইরূপ আদেশ এই আইনানুসারে দিতে পারিবেন এবং বোর্ডের ঐরূপ আদেশ সম্বন্ধে কোন দেওয়ানী আদালতে কিম্বা এই আইনে যেরূপ বিধান করা হইয়াছে সেইরূপে ছাড়া অন্য কোন প্রকারে প্রশ্ন করা চলিবে না :—

কিন্তু এই প্রকরণমতে বোর্ডের কোন আদেশ দ্বারা ঐ ঋণের জন্য অপর যে ব্যক্তি ঐ খাতকের সহিত একত্রে দায়ী তাহার দায়ের কোন ক্ষতিবৃদ্ধি হইবে না। কিন্তু কোন ক্ষেত্রেই ঐ ঋণের যিনি পাওনাদার তিনি যে সকল ব্যক্তি ঐ ঋণের জন্য একত্রে দায়ী তাহাদের নিকট হইতে তাঁহার প্রাপ্য টাকার অতিরিক্ত কিছু আদায় করিতে পারিবেন না।

৫। (১) ৮ ধারায় (১) প্রকরণমতে খাতক যে দরখাস্ত করিবে তাহাতে ঋণের একটী বিবরণ নির্দ্ধারিত ফরমে দিতে হইবে এবং উহাতে নিম্নলিখিত বিষয়গুলি থাকিবে :—

(ক) যে স্থানে সে সাধারণতঃ বাস করে ;

(খ) তাহার পাওনাদারদিগের নাম ও ঠিকানা খাতকের যতদূর জানা আছে তদনুসারে প্রত্যেক ঋণ সম্পর্কে প্রত্যেক পাওনাদার যে মবলগ টাকা তাঁহার প্রাপ্য বলিয়া দাবী করেন এবং ঐরূপ প্রত্যেকটী দাবীই খাতক স্বীকার করে কিনা সে সম্বন্ধে একটী মন্তব্য ;

(গ) মূল আসল টাকা ও দেয় সুদের হারের বিশেষ বিবরণসহ ঐরূপ প্রত্যেকটী ঋণের ইতিহাস ;

(ঘ) যে সকল ঋণের জন্য খাতক জামিনদাররূপে দায়ী অথবা অপর ব্যক্তিদিগের সহিত খাতকরূপে কিম্বা জামিনদাররূপে একত্রে দায়ী ঐরূপ ব্যক্তিদিগের নাম ও ঠিকানাসহ ঐ সকল ঋণের বিস্তৃত বিবরণ ;

(ঙ) খাতকের স্থাবর ও অস্থাবর উভয়বিধ সম্পত্তির (মায় তাহার পাওনা দাবীর) বিশেষ বিবরণ; উহার মূল্য এবং যে সকল স্থানে উহা পাওয়া যাইবে তাহার বিস্তৃত বিবরণ ;

এবং উহার উপর কোন ক্রোক বা বন্ধক থাকিলে অথবা পাওনাদারের উহা দখল রাখিবার অধিকার থাকিলে অথবা উহার উপর কোন টাকাপয়সার দায়িত্ব ন্যস্ত থাকিলে উহাদের বিস্তৃত বিবরণ এবং খাতকের কোন সরিক থাকিলে তাহার নাম ও ঠিকানা ;

(চ) দরখাস্ত দিবার তারিখের পূর্ব্বে দুই বৎসর মধ্যে খাতক কোন সম্পত্তি হস্তান্তর করিয়া থাকিলে (ঙ) দফায় বর্ণিতরূপ উহার বিশেষ বিবরণসহ যে ব্যক্তির নিকট হস্তান্তর করা হইয়াছে তাঁহার নাম ও ঠিকানা ;

(ছ) খাতকের কোন অতিরিক্ত আয় থাকিলে তাহার বিশেষ বিবরণ ; এবং

(জ) তাহার সমস্ত ঋণ ও সমস্ত সম্পত্তি এই বিবরণে উল্লিখিত হইয়াছে এই মর্ম্মে একটী ঘোষণা।

(২) ৮ ধারার (২) প্রকরণমতে পাওনাদার যে দরখাস্ত দিবেন তাহাতে ঋণের একটী বিবরণ নির্দ্ধারিত ফারমে দিতে হইবে এবং ঐ বিবরণে নিম্নলিখিত বিষয়গুলি থাকিবে :—

(ক) খাতক সাধারণতঃ যে স্থানে বাস করে তাহার নাম ;

(খ) খাতকের নিকট যে ঋণ প্রাপ্য বলিয়া পাওনাদার দাবী করেন তাহার প্রত্যেকটির মোট টাকার পরিমাণ ;

(গ) মূল আসল টাকা ও দেয় সুদের হারের বিশেষ বিবরণসহ ঐরূপ প্রত্যেকটী ঋণের ইতিহাস ;

(ঘ) পাওনাদারের যতদূর জানা আছে তদনুসারে অন্যান্য পাওনাদারদের নাম ও ঠিকানা ;

(ঙ) পাওনাদারদের যতদূর জানা আছে তদনুসারে (১) প্রকরণের (ঙ) দফায় লিখিতমত খাতকের সম্পত্তির বিশেষ বিবরণ;

(চ) পাওনাদারদের যতদূর জানা আছে তদনুসারে খাতকের কোন অতিরিক্ত আয় থাকিলে তাহার বিশেষ বিবরণ ;

(ছ) চাষ-আবাদই খাতকের প্রধান উপজীবিকা এই মর্ম্মে একটি ঘোষণা।

৬। এই আইনের অধীনে প্রণীত নিয়মাবলী বজায় রাখিয়া বোর্ড খাতক ও প্রত্যেক পাওনাদারকে প্রত্যেক ঋণ বিষয়ে তাঁহাদের বক্তব্য বুঝাইয়া বলিবার জন্য আহ্বান করিবেন এবং তাঁহারা যাহাতে আপোষে মিটমাট করিয়া ফেলেন তজ্জন্য যথাসাধ্য চেষ্টা করিবেন।

ষ্ট্যাম্প আইন

কোন্ দলিলে কত ষ্ট্যাম্প লাগিবে

খত বা তমস্থক—

১০৲ টাকার অনধিক					৵০
১০৲ টাকার অধিক, কিন্তু			৫০৲ টাকার অনধিক হইলে		।০
৫০৲	”	”	১০০৲	”	॥০
১০০৲	”	”	২০০৲	”	১৲
২০০৲	”	”	৩০০৲	”	১৸৵০
৩০০৲	”	”	৪০০৲	”	২॥০
৪০০৲	”	”	৫০০৲	”	৩৵০
৫০০৲	”	”	৬০০৲	”	৪॥০
৬০০৲	”	”	৭০০৲	”	৫।০
৭০০৲	”	”	৮০০৲	”	৬৲
৮০০৲	”	”	৯০০৲	”	৬৸০
৯০০৲	”	”	১০০০৲	”	৭॥০

১০০০৲ টাকার উপর প্রতি ৫০০৲ টাকা কিংবা তাহার কোন অংশের জন্য ৩৸০।

ডিবেঞ্চার—তমস্থকের মত ষ্ট্যাম্প লাগিবে।

জামিন নামা—১০০০৲ টাকার অনধিক টাকার জন্য হইলে তমস্থকের ন্যায় ষ্ট্যাম্প। তাহার অধিক হইলে ৭॥০ ষ্ট্যাম্প লাগিবে।

ঋণ স্বীকার পত্রঃ—যদি ২৲ টাকার অধিক ঋণ করিয়া তাহার প্রমাণের জন্য কোন খাতা কিম্বা কাগজ দস্তখত করিয়া মহাজনের নিকট রাখা হয় এবং তাহাতে ঐ ঋণ পরিশোধ করিবার এবং সুদ দিবার

অঙ্গীকার না থাকে তাহা হইলে এক আনা আটাল ষ্ট্যাম্পের দস্তখত করিতে হইবে।

সাধারণ হাতচিঠাতেও খাতক খাতার মাথায় এক আনার ষ্ট্যাম্প দিয়া নিজ নাম দস্তখত করিবেন এবং সেই খাতায় টাকার হিসাব জমা খরচ লেখা থাকিবে।

এগ্রিমেণ্ট বা চুক্তিপত্র ঃ—কোনও কোম্পানির কাগজ বা জয়েণ্ট ষ্টক কোম্পানির অংশ বিক্রয়ের চুক্তিপত্রে প্রতি ১০০০০৲ টাকায় ⁄১০; বিল অব এক্সচেঞ্জ বা হুণ্ডি বিক্রয়ের চুক্তিপত্রে ৶০; তদ্ভিন্ন অন্য কোনও চুক্তিপত্রে (বায়না পত্র ইত্যাদি) ৵০ আনা, কিন্তু কোন পাট্টা দিবার চুক্তিপত্রে পাট্টার ন্যায় ষ্ট্যাম্প লাগিবে।

নিরূপণ পত্র—বিবাহের যৌতুক দানের দলিল, ওয়াকফ্ নামা, দেবোত্তর করণের দলিল ইত্যাদি—

সম্পত্তির মূল্য ১০৲ টাকার অনধিক হইলে	৶০
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক	।৵০
৫০৲ " " ১০০৲ "	৸০
১০০৲ " " ১০০০৲ টাকা পর্য্যন্ত	
প্রতি ১০০৲ টাকায়	৸০
১০০০৲ টাকার অধিক হইলে প্রতি ৫০০৲	৩৸০

নিরূপণ-পত্র রদ করিয়া দলিল সম্পাদন করিতে হইলে তাহাতে তমসুকের ন্যায় ষ্ট্যাম্প লাগিবে, কিন্তু উহাতে কোন স্থলেই ১৫৲ টাকার অধিক ষ্ট্যাম্প লাগিবে না।

ট্রাষ্ট নামা—নিরূপণ পত্রের ন্যায় ষ্ট্যাম্প লাগিবে; কিন্তু কোন ক্রমে ২২৷৷০ টাকার অধিক হইবে না।

যদি চাহিবামাত্র টাকা দিবার আদেশ না হয়, কিন্তু ঐ দলিলের তারিখ হইতে বা যিনি টাকা দিবেন তাহাকে ঐ দলিল দেখাইবার তারিখ হইতে এক বৎসরের অনধিক কাল মধ্যে টাকা দিবার আদেশ হয় তাহা হইলে—

একখানি দেওয়া গেলে তাহার জন্য ষ্ট্যাম্প	এক সেটে দুই খানি থাকিলে সেটের প্রত্যেক খণ্ডের জন্য	এক সেটে তিন খানি থাকিলে সেটের প্রত্যেক খণ্ডের জন্য
২০০৲ টাকার অনধিক হইলে ৵০	⁄০	⁄০
২০০৲ টাকার অধিক কিন্তু ৪০০৲ টাকার অনধিক হইলে ।০	৵০	৵০
৪০০৲ ,, ৬০০৲ ।৵০	৶০	৶০
৬০০৲ ,, ১০০০৲ ॥৵০	।⁄০	।০
১০০০৲ ,, ১২০০৲ ৸০	।৵০	।০
১২০০৲ ,, ১৬০০৲ ১৲	॥০	।৵০
১৬০০৲ ,, ২৫০০৲ ১॥০	৸০	॥০
২৫০০৲ ,, ৫০০০৲ ৩৲	১॥০	১৲

দলিলের তারিখ বা দলিল দেখাইবার তারিখ হইতে এক বৎসরের অধিক কাল পরে টাকা দিবার আদেশ হইলে, ঐ টাকার পরিমাণে তমস্থকের ন্যায় ষ্ট্যাম্প লাগিবে।

দানপত্র—কোবালার ন্যায় ষ্ট্যাম্প লাগিবে।

কোম্পানির নিয়মাবলী—যদি লাভের জন্য কোম্পানি গঠিত হয়, তাহা হইলে নিয়মাবলীতে ৫০৲ টাকার ষ্ট্যাম্প। লাভের জন্য কোম্পানি না হইলে নিয়মাবলীতে ষ্ট্যাম্প লাগে না।

কোম্পানির সেয়ার সার্টিফিকেট—৵০ আনার ষ্ট্যাম্প।

কোম্পানির মেমোরেণ্ডাম অব এসোসিয়েসন (নিয়মাবলী সহ) ৫০৲

নিয়মাবলী না থাকিলে ৮০৲

লাভের জন্য যদি কোম্পানি না হয় তাহা হইলে তাহার মেমোরেণ্ডামে ষ্ট্যাম্প লাগিবে না।

আমমোক্তারনামা ও খাস মোক্তারনামা

যে দলিল দ্বারা সাধারণভাবে কার্য্য করিবার কোন ক্ষমতা দেওয়া হয় তাহাকে আমমোক্তার নামা কহে। আর যে দলিল দ্বারা কোন একটি বিশেষ কার্য্যের ক্ষমতা দেওয়া হয় তাহাকে খাস মোক্তারনামা কহে।

ইহার ষ্ট্যাম্প সাধারণতঃ ৸০ আনা। তবে প্রকার ভেদে বেশী আছে।

রেজিষ্টারী আইন

রেজিষ্টারী ফী

মূল্য	৫০৲ টাকার অনধিক হইলে	৷৷০ আনা
”	৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক হইলে	৸০ আনা
”	১০০৲ অনধিক এবং ২৫০৲ অনধিক হইলে	১৲ টাকা
”	২৫০৲ ” ” ৫০০৲ ” ”	৩৲ টাকা

মূল্য ৫০০৲ " " ১০০০৲ " " ৪৲ টাকা
" ১০০০৲ টাকার অধিক হইলে, প্রতি ১০০০৲ টাকায়
বা তাহার অংশে ২৲ টাকা

পাট্টা রেজিষ্টারী করিতে হইলে এক বৎসরের ভাড়া বা খাজনা এবং নজর সেলামী ইত্যাদি মিলিয়া যত টাকা হয় তাহার উপর পূর্ব্বোক্ত হারে ফী দিতে হইবে।

পাট্টা এবং কবুলিয়ত এক সঙ্গে রেজিষ্টারী করিলে উভয় দলিলেরই অর্দ্ধেক ফী দিতে হইবে।

বন্ধকী খতে যত টাকা কর্জ্জ লওয়া হইতেছে, সেই টাকার উপর ফী দিতে হইবে, বন্ধকী সম্পত্তির মূল্য ধরিয়া তাহার উপর ফী দিতে হইবে না।

কোনও দলিলে কোনও মূল্য বা খাজনা প্রভৃতি উল্লেখ না থাকিলে তাহা রেজিষ্টারী করিতে হইলে ২০৲ টাকা ফী দিতে হইবে।

উইল কিম্বা দত্তক গ্রহণের পত্র অনুমতি পত্র
রেজিষ্টারী ফী ৮৲ টাকা
উইল রদ করিবার ফী ৮৲ টাকা
উইল গচ্ছিত রাখিবার ফী ৪৲ টাকা
গচ্ছিত উইল ফেরৎ লইবার ফী ৪৲ টাকা
গচ্ছিত উইল কর্ত্তার মৃত্যুর পর খুলিবার ফী ৪৲ টাকা
চাকুরীর এগ্রিমেণ্ট বা একরার নামা ১৲ টাকা
আমমোক্তারনামা রেজিষ্টারী ফী ৪৲ টাকা
খাস মোক্তারনামা রেজিষ্টারীর ফী ২৲ টাকা
ডিক্রির নকল রেজিষ্টারীর ফী ২৲ টাকা
এতদ্ভিন্ন দলিল রেজিষ্টারী ফী ২৲ টাকা

দলিল নকলের ফী

বাঙ্গালা ভাষায় প্রতি ১০০ কথায়	৵০
ইংরাজী ভাষায় প্রতি ১০০ কথায়	।০

তল্লাসী ফী—যে যে বৎসরের সূচীপত্র তল্লাস করা হয় তাহার প্রথম বৎসরের জন্য ১৲ টাকা। অন্যান্য প্রতি বৎসরের জন্য ৷৷০ আনা। যত বৎসরের সূচীপত্র তল্লাস হউক না কেন তল্লাসী ফী ২০ টাকার অধিক হইতে পারিবে না।

অতিরিক্ত ফী—জেলার রেজিষ্টারের কাছে দলিল রেজিষ্টারী করিলে সাধারণ ফীর দ্বিগুণ ফী দিতে হয়; কিন্তু ঐ অতিরিক্ত ফী ১০৲ টাকার অধিক হইবে না।

বিলম্বে রেজেষ্টারীর ফী

৪ মাসের পর ৭ দিনের মধ্যে সাধারণ ফী	২ গুণ
৪ মাসের পর ২ মাসের মধ্যে সাধারণ ফী	৪ গুণ
৪ মাসের পর ৪ মাসের মধ্যে সাধারণ ফী	১০ গুণ

তাহার পর আর দলিলের রেজিষ্টারী করা হইবে না।

নিজ গৃহে থাকিয়া রেজিষ্টারী করিবার ফী

দলিল সম্পাদনকারী বাড়ীতে পীড়ায় শয্যাগত থাকিলে কিম্বা জেলে আবদ্ধ থাকিলে সাধারণ ফীয়ের উপর অতিরিক্ত ৫৲ টাকা; দলিল-কর্ত্তা পীড়িত না হইলে কিম্বা পর্দ্দানসীন স্ত্রীলোক হইলে সাধারণ ফীর উপর অতিরিক্ত ২৲ টাকা।

জেলার রেজিষ্টারী দ্বারা রেজিষ্টারী করাইলে উভয় স্থলেই ১০৲। ইহা ছাড়া সকল স্থলেই, রেজিষ্টারী অফিস হইতে দলিল-কর্ত্তার বাড়ী এক মাইলের অধিক দূরে হইলে প্রতি মাইলে ।৵০ হিসাবে যাতায়াতের খরচ দিতে হইবে।

রেজিষ্টারী অফিসে দলিল রেজিষ্টারী করিতে দিলে তাহা এক মাসের মধ্যে ফেরত লইতে হয়। না হইলে তাহার পর প্রতি মাসে ।৷০ দণ্ড দিতে হয়। উইল ছাড়া অন্য দলিল ২ বৎসরের মধ্যে ফেরৎ না লইলে নষ্ট করিয়া ফেলা হয়।

উইল ছাড়া অন্য সকল দলিলই সম্পাদনের তারিখ হইতে ৪ মাসের মধ্যে রেজিষ্টারী অফিসে দাখিল করিতে হইবে।

চারি মাসের পর দাখিল করিলে রেজিষ্টারী ফীর ১০ গুণ অর্থদণ্ড লইয়া রেজিষ্টার ঐ দলিল রেজিষ্টারীর আদেশ দিতে পারেন।

উইল যে সময়ে ইচ্ছা রেজিষ্টারী কিম্বা গচ্ছিত রাখিবার জন্য রেজিষ্টারী আফিসে দাখিল করা যাইতে পারে।

১৯৩৭ খৃষ্টাব্দের ১৮নং আইন

হিন্দুবিধবাদিগের সম্পত্তিতে অধিকার

এই আইনের বিধান এই যে—দায়ভাগ নিয়ম শাসিত কোন হিন্দু কোন সম্পত্তি রাখিয়া উইল না রাখিয়া প্রাণত্যাগ করিলে, এবং মিতাক্ষরা আদি অন্য নিয়ম শাসিত কোন হিন্দু পৃথক সম্পত্তি রাখিয়া বিনা উইলে প্রাণত্যাগ করেন সেই সম্পত্তি,

তাঁহার বিধবা পত্নী অথবা তাঁহার একাধিক বিধবা পত্নী থাকিলে তাঁহারা সকলে একত্রে,

উপধারার বিধানের অধীনে, একটী পুত্রের ন্যায় সমান অংশ পাইবেন। এই আইন আরম্ভের পূর্ব্বে উইল না করিয়া কেহ মারা গেলে তাহার সম্পত্তির প্রতি ইহা খাটিবে না।

১৯২৮ সনের বাল্যবিবাহ দমন আইন

২। (ক) এই আইনে পুরুষের বেলায় ১৮ বৎসরের নিম্নবয়স্ক বালক এবং স্ত্রীলোকের বেলা ১৪ বৎসরের নিম্নবয়স্ক বালিকা বুঝাইবে।

(খ) যাহাদের বিবাহ হইবে তাহাদের মধ্যে কেহ বালক বা বালিকা থাকিলে সে বিবাহ বাল্য বিবাহ বলিয়া গণ্য হইবে।

(গ) "বিবাহের পক্ষ" বলিতে যাহাদের বিবাহ হইবে তাহাদিগকে বুঝাইবে।

(ঘ) "নাবালক" বলিতে ১৮ বৎসরের কম বয়স্ক নরনারীকে বুঝাইবে।

৩। ১৮ বৎসরের অধিক এবং ২১ বৎসরের নিম্নবয়স্ক যে কোন পুরুষ বাল্য বিবাহ করিবে সে ১০০০৲ টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবে।

৪। ২১ বৎসরের অধিক বয়স্ক কোন পুরুষ বাল্য বিবাহ করিলে এক মাস পর্য্যন্ত সশ্রম কারাদণ্ড অথবা এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ডের যোগ্য হইবে।

৫। যে কেহ কোন বাল্য বিবাহ নিষ্পন্ন করিবে, পরিচালনা করিবে অথবা তত্ত্বাবধান করিবে তাহার এক মাস পর্য্যন্ত সশ্রম কারাদণ্ড, ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে। **যদি সে প্রমাণ করিতে পারে যে এই বিবাহ বাল্য বিবাহ নহে এরূপ বিশ্বাস করিবার তাহার কারণ ছিল তবে সে দণ্ডিত হইবে না।**

৬। নাবালকের বাল্য বিবাহ নাবালকের পিতা অভিভাবক অথবা আইনতঃ বা বে-আইনী ভাবে রক্ষক কোন ব্যক্তি যদি সেই বিবাহে উৎসাহ দেয়, অথবা সেই বিবাহে অনুমতি দেয়, বা গাফিলি করিয়া সেই বিবাহ বন্ধ করিতে অসমর্থ হয় তবে তাহার এক মাস পর্য্যন্ত সশ্রম কারাদণ্ড বা ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ডই হইতে পারিবে—

প্রকাশ থাকে যে, কোন নারী কারাদণ্ডে দণ্ডিত হইবে না।

নাবালকের রক্ষক যদি বিপরীত প্রমাণ না দিতে পারে তবে ধরিয়া লওয়া হইবে যে সে গাফিলি করিয়া এই বিবাহ বন্ধ করে নাই।

৭। এই আইনের ৩ ধারা অনুসারে অপরাধীর যে অর্থদণ্ডের বিধান আছে তাহা না দিতে পারিলে তাহার কারাদণ্ডের আদেশ দিতে পারিবেন না।

৮। কোন প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট্ কিংবা জিলা ম্যাজিষ্ট্রেট ভিন্ন অন্য কোন আদালত এই আইনের কোন অপরাধের মামলার নালিশ গ্রাহ্য করিতে বা বিচার করিতে পারিবেন না।

৯। বিবাহের তারিখ হইতে এক বৎসরের মধ্যে কেহ কোন অভিযোগ না করিলে কোন আদালত নালিশ গ্রাহ্য করিবেন না।

১০। কোন আদালত **কোন মামলার নালিশ গ্রাহ্য করিলে** এবং ১৮৯৮ খৃষ্টাব্দের ফৌজদারী কার্য্যবিধির ২০৩ ধারা অনুসারে ঐ মামলা ডিস্‌মিস করিলে উক্ত কার্য্যবিধির ২০২ ধারা অনুসারে সেই আদালত স্বয়ং অভিযোগের তদন্ত করিবেন বা আদলতের অধীন কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটকে তদন্তের আদেশ দিবেন।

১১। (১) অভিযোগকারীর জবানবন্দী গ্রহণের পর আসামীকে সমন দিবার পূর্ব্বে ১৮৯৮ খ্রীষ্টাব্দের ফৌজদারী কার্য্যবিধি আইনের ২৫০

ধারা অনুসারে যদি অভিযোগকারীকে কোন ক্ষতি পূরণ দিতে হয় সেজন্য মুচলিকা সহ বা মুচলিকা বিহীন ১০০৲ টাকার জামিন লিখিয়া দিতে হইবে।

নির্দ্দিষ্ট সময় মধ্যে জামিন না দিলে নালিশ ডিসমিস হইবে।

বঙ্গীয় মহাজনী আইন

বঙ্গদেশের মহাজনী কারবার সুপরিচালনার জন্য ১৯৩৩ সালের বঙ্গীয় সপ্তম আইন প্রবর্ত্তিত হয়। সেই আইনের বিধান অনেক পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়া বর্ত্তমান সনের নূতন মহাজনী আইন পাশ হইয়াছে। বর্ত্তমান আইনে খাতকের অনুকূলে অনেক অভিনব বিধান প্রবর্ত্তিত হইয়াছে। সর্ব্বোচ্চ সুদের হার কমাইয়া দেওয়া হইয়াছে এবং মহাজনদিগকে হিসাব পত্র রাখা এবং অন্যান্য দায়িত্ব ও কর্ত্তব্য সম্বন্ধে ও নানারূপ নূতন বিধান বিধিবদ্ধ হইয়াছে। সেই আইন এখনও প্রকাশিত ও প্রচারিত হয় নাই। অনতিবিলম্বেই প্রকাশিত হওয়ার সম্ভাবনা আছে।

ভারত-শাসন-বিধি

১৯৩৫ খৃষ্টাব্দের ভারত-শাসন আইন

Government of India Act, 1935

১৯৩৫ সনে ভারত-শাসন আইন পার্লিয়ামেণ্ট সভায় পাশ হয় এবং ঐ সনের ২রা আগষ্ট উহা সম্রাটের সম্মতি লাভ করে। এই আইন অনুসারে ব্রিটিশ ভারত ও দেশীয় রাজ্যসমূহ লইয়া সমগ্র ভারতে এক যুক্তরাষ্ট্র (Federation) গঠনের প্রস্তাব হয় এবং বিভিন্ন প্রদেশগুলিতে প্রাদেশিক স্বাতন্ত্র্য-মূলক শাসন-তন্ত্র (Provincial Autonomy) প্রতিষ্ঠিত হয়।

এই আইন অনুসারে ভারতবর্ষ ইংলণ্ডেশ্বর কর্ত্তৃক ইংলণ্ডেশ্বরের নামে (The British Crown) শাসিত হয়। ভারত-সচিব (The Secretary of State for India) ইংলণ্ডেশ্বরের এজেণ্টরূপে ভারত-শাসন কার্য্য পরিচালনা করেন। তিনিই সেজন্য পার্লিমেণ্টের নিকট দায়ী। এই আইন অনুসারে গবর্ণর-জেনেরেল ও গবর্ণরগণের কতকগুলি বিশেষ ক্ষমতা আছে, এবং কোন কোন বিষয়ে তাহাদের নিজ বিবেচনামত কার্য্য করিবার অধিকার আছে। সেই সকল বিষয়ে তাহারা ভারত-সচিবের নিকট দায়ী।

এই আইনদ্বারা যে ভারতীয় যুক্তরাষ্ট্র (The Federation of India) গঠিত হইয়াছে, তাহা দুইভাগে বিভক্ত—(১) কেন্দ্রীয় গবর্ণমেণ্ট (Central Government) এবং (২) প্রাদেশিক গবর্ণমেণ্ট সমূহ (Provincial Government)। এই উভয়ের প্রত্যেকেই কতকগুলি নির্দ্দিষ্ট বিষয় শাসন করিবার ভার প্রাপ্ত হইয়াছে।

এতদ্ব্যতীত একটি সম্পূর্ণ স্বাধীন ও নিরপেক্ষ বিচার-আদালত (Federal Court) স্থাপিত হইয়াছে। এই আদালত ভারত-শাসন-আইন সংক্রান্ত সমুদয় তর্কীয় বিষয়ের ব্যাখ্যা করিবে এবং বিবাদ মীমাংসা করিবে। এখন সম্পূর্ণ যুক্তরাষ্ট্র প্রবর্ত্তিত হয় নাই। ১৯৩৭ খৃষ্টাব্দের ১লা এপ্রিল হইতে প্রাদেশিক স্বতন্ত্র-শাসনপ্রণালী (Provincial Autonomy) প্রবর্ত্তিত হইয়াছে। তাহার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

প্রাদেশিক শাসন-বিভাগ
(The Provincial Executive)

এই আইন অনুসারে ব্রিটিশ-ভারত ১১টি গভর্ণর-শাসিত প্রদেশে বিভক্ত হইয়াছে—বঙ্গদেশ, আসাম, মাদ্রাজ, বোম্বাই, যুক্তপ্রদেশ, মধ্যপ্রদেশ ও বেরার, উড়িষ্যা-প্রদেশ, সিন্ধুপ্রদেশ, পাঞ্জাব, ও উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ।

গবর্ণর—গবর্ণর ইংলণ্ডেশ্বরের প্রতিনিধি স্বরূপ প্রাদেশিক শাসন-কার্য্য পরিচালনা করিবেন। গভর্ণরগণ সাধারণতঃ পাঁচ বৎসরের জন্য মনোনীত হইবেন। গভর্ণর এক মন্ত্রি-সভার সাহায্যে ও উপদেশ-ক্রমে শাসনকার্য্য পরিচালনা করিবেন। কিরূপে তিনি কার্য্য পরিচালনা করিবেন তদ্বিষয়ে তিনি নিয়োগের সময় বিশেষ উপদেশ (Instrument of Instruction) প্রাপ্ত হন। কোন কোন বিষয়ে গভর্ণরের বিশেষ দায়িত্ব আছে, এবং কোন কোন বিষয়ে তাহার বিশেষ ক্ষমতা আছে। এ সকল বিষয়ে মন্ত্রিগণের কোন হাত নাই। এই সকল বিশেষ দায়িত্ব ও ক্ষমতা অক্ষুণ্ণ রাখিয়া গভর্ণর মন্ত্রিসভার পরামর্শক্রমে শাসনকার্য্য পরিচালনা করেন।

গবর্ণরের বিশেষ দায়িত্বসমূহ—(১) প্রদেশের বা তাহার কোন অংশের শান্তি ও শৃঙ্খলা অব্যাহত রাখা, (২) সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়সমূহের ন্যায় সঙ্গত স্বার্থরক্ষা, (৩) পাবলিক সার্ভিসের কর্ম্মচারীদের ন্যায়সঙ্গত স্বার্থরক্ষা, (৪) ব্যবসা বাণিজ্য সম্বন্ধে অন্যায় পক্ষপাতিত্ব নিরোধ করা, (৫) আংশিকরূপে শাসন-বহির্ভূত অঞ্চলের (Partially excluded areas) শাসন-শৃঙ্খলা রক্ষা করা (বঙ্গদেশে দার্জ্জিলিং জেলা, ময়মনসিংহের শেরপুর ও সুসঙ্গ পরগণা), (৬) দেশীয় রাজ্য ও রাজগণের অধিকার ও গৌরব রক্ষা, (৭) গবর্ণর-জেনারেল নিজের ক্ষমতায় যে আদেশ বা উপদেশ দিবেন, তাহা পালন করা।

গবর্ণরের বিশেষ ক্ষমতা—(১) প্রয়োজন অনুসারে গবর্ণর শান্তিরক্ষার জন্য আইন প্রণয়ন করিবেন। (২) ব্যবস্থাপক সভা বন্ধ থাকিলে এবং অনতিবিলম্বে কাজ করা আবশ্যক হইলে গবর্ণর **অর্ডিনান্স** প্রণয়ন করিতে পারেন। কিন্তু কোন অর্ডিনান্স ব্যবস্থাপক সভা বসিবার পর ছয় সপ্তাহ কালের বেশি আর বলবৎ থাকিবে না। গবর্ণর অন্য সময়েও সুশাসনের জন্য **অর্ডিনান্স** প্রচার করিতে পারেন। ইহা প্রথম ছয় মাস কাল বলবৎ থাকিবে এবং আরও ছয় মাস বাড়ান যাইবে। (৩) সুশাসনের জন্য এবং তাঁহার কর্ত্তব্য সম্পাদন করিবার নিমিত্ত কোন আইন বিশেষ প্রয়োজনীয় মনে করিলে তিনি এক বিবৃতি সহ ঐ আইনের খসড়া ব্যবস্থাপক সভায় পাঠাইয়া দিবেন; ব্যবস্থাপক সভার সম্মতি ব্যতিরেকেই উহা আইনে পরিণত হইবে। উহাকে **গভর্ণরের আইন (Governor's Act)** বলা হইবে।

(৪) প্রয়োজন বোধ করিলে বা আইন অনুসারে প্রদেশ শাসন করা অসম্ভব হইলে, গবর্ণর **ঘোষণা-পত্র (Proclamation)** দ্বারা যে কোন ক্ষমতা বা দায়িত্ব নিজের হস্তে গ্রহণ করিতে পারেন;

কিন্তু এই ঘোষণা ছয় মাসের অধিক কাল বলবৎ থাকিবে না; ইহার সময় বাড়াইতে পারা যাইবে, কিন্তু কোন প্রকারেই ইহা তিন বৎসরের বেশি বলবৎ থাকিবে না। (৫) গবর্ণরের সম্মতি ছাড়া কোন ব্যয়ের দাবী মঞ্জুরির জন্য আইন সভায় উপস্থিত করা যাইবে না। ব্যবস্থাপক সভা কোন ব্যয় অগ্রাহ্য করিলে, গবর্ণর নিজের দায়িত্বে তাহা মঞ্জুর করিতে পারিবেন। (৬) গবর্ণর প্রয়োজন বোধ করিলে আইন সভার যে কোন আলোচনা বন্ধ করিয়া দিতে পারেন। (৭) গবর্ণরের সম্মতি ভিন্ন আইন সভায় কোন বিল পাশ হইলেও তাহা আইন বলিয়া গণ্য হইবে না। (৮) ব্যবস্থাপক সভা আহ্বান এবং উহার সমাপ্তি গবর্ণরের নির্দ্দেশ অনুসারে হইবে। (৯) পুলিশ আইনের কোনরূপ পরিবর্ত্তন গবর্ণরের সম্মতি ভিন্ন করা যাইবে না। (১০) গবর্ণরের অনুমতি ছাড়া গুপ্তচর বিভাগের (Intelligence Branch) সন্ত্রাসবাদ সম্বন্ধীয় কোন খবর প্রকাশ করা যাইবে না। (১১) বিধিসঙ্গত শাসনপদ্ধতি বল পূর্ব্বক পরিবর্ত্তনের কোন ষড়যন্ত্রের আশঙ্কা বোধ করিলে তিনি প্রয়োজন অনুরূপ ব্যবস্থা অবলম্বন করিতে পারেন।

মন্ত্রিসভা (Council of Ministers)—প্রদেশে একটী মন্ত্রিসভা আছে। গবর্ণর তাহাদিগকে নিযুক্ত করেন। মন্ত্রিগণের সংখ্যা আইনে নির্দ্দিষ্ট নাই। সরকারী কর্ম্মচারী মন্ত্রী নিযুক্ত হইতে পারেন না। মন্ত্রীদের কার্য্যকাল গবর্ণরের ইচ্ছার উপর নির্ভর করে। মন্ত্রীদের বেতন সভ্যাগণ স্থির করেন। কিন্তু তাঁহারা যদি কোন বেতন স্থির না করেন, বা কোন বেতন দেওয়া হইবে না বলিয়া স্থির করেন, তবে গবর্ণর ইচ্ছা করিলে তাঁহাদের বেতন স্থির করিয়া দিতে পারেন। কোন মন্ত্রী ছয় মাস কালের বেশি ব্যবস্থাপক সভার সভ্য না থাকিলে, মন্ত্রী হিসাবে আর কাজ করিতে পারেন না। মন্ত্রিগণের নিয়োগ ও পদচ্যুতি গবর্ণরের হাতে।

গবর্ণরের মতে যে ব্যক্তি আইন সভায় অধিক সংখ্যক সদস্যের বিশ্বাসপাত্র, তিনি তাঁহার সহিত পরামর্শ করিয়া অন্যান্য মন্ত্রীকে নিযুক্ত করিবেন। সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের লোক যাহাতে মন্ত্রিসভায় স্থান পায়, সে সম্বন্ধে তিনি দৃষ্টি রাখিবেন। মন্ত্রিমণ্ডলের একজন প্রধান মন্ত্রীরূপে (Chief Minister) কার্য্য করিবেন। ব্যবস্থা পরিষৎ মন্ত্রিমণ্ডলের প্রতি অনাস্থা প্রকাশ করিলে, মন্ত্রিমণ্ডল পদত্যাগ করিবেন।

প্রাদেশিক আইন-বিভাগ
(The Provincial Legislature)

প্রাদেশিক আইন-বিভাগ—প্রত্যেক গবর্ণর-শাসিত প্রদেশে একটি আইন-বিভাগ আছে। (ক) বাংলা, বিহার, আসাম, যুক্তপ্রদেশ, মান্দ্রাজ ও বোম্বের আইন-সভা দুই চেম্বার (Chambers) বা প্রকোষ্ঠে বিভক্ত, (খ) অন্যান্য প্রদেশে এক-চেম্বার-বিশিষ্ট আইন সভা আছে। দুই চেম্বারে বিভক্ত আইন সভার একটির নাম ব্যবস্থাপক সভা (Legislative Council) এবং অপরটীর নাম ব্যবস্থা পরিষদ (Legislative Assembly)। একপ্রকোষ্ঠ-বিশিষ্ট প্রদেশে ইহার নাম রাখা হইয়াছে **ব্যবস্থা-পরিষৎ**।

ব্যবস্থাপক সভা—ব্যবস্থাপক সভার সভ্যগণের কতক মনোনীত, কতক নির্ব্বাচিত এবং কতক ব্যবস্থা পরিষদের নির্ব্বাচিত। কোন্ প্রদেশে কোন্ সম্প্রদায়ের কতজন সদস্য লইয়া ইহা গঠিত, তাহা পর পৃষ্ঠায় প্রদত্ত হইয়াছে। এই সভা কখনও বন্ধ হইবে না। প্রত্যেক তিন বৎসর পর পর ইহার এক-তৃতীয়াংশ সভ্য অবসর গ্রহণ করিবেন এবং এক-তৃতীয়াংশ নূতন সভ্য নির্ব্বাচিত ও মনোনীত হইবেন।

বিভিন্ন প্রাদেশিক ব্যবস্থাপক সভার গঠন

প্রদেশ সমূহ	মোট আসন	সাধারণ আসন	মুসলমান	ইউরোপীয়ান	ভারতীয় খৃষ্টান	ব্যবস্থা পরিষদের নির্ব্বাচিত	গবর্ণমেণ্ট মনোনীত
বঙ্গদেশ ……	৬৩র কম নয় ৬[illegible]র বেশি নয়	১০	১৭	৩	…	২৭	৬এর কম নয় ৮এর বেশি নয়
মাদ্রাজ ……	৫৪র কম নয় ৫৬র বেশি নয়	৩৫	৭	১	৩	…	৮এর কম নয় ১০এর বেশি নয়
বোম্বাই ……	২৯এর কম নয় ৩০এর বেশি নয়	২০	৫	১	…	…	৩এর কম নয় ৪এর বেশি নয়
যুক্তপ্রদেশ ……	৫৮এর কম নয় ৬০এর বেশি নয়	৩৪	১৭	১	…	…	৬এর কম নয় ৮এর বেশি নয়
বিহার ……	২৯এর কম নয় ৩০এর বেশি নয়	৯	৪	১	…	১২	৩এর কম নয় ৪এর বেশি নয়
আসাম ……	২১এর কম নয় ২২এর বেশি নয়	১০	৬	২	…	…	৩এর কম নয় ৪এর বেশি নয়

ব্যবস্থা-পরিষৎ—এই পরিষৎ সর্বসাধারণের নির্ব্বাচিত প্রতিনিধি লইয়া গঠিত। হিন্দুসমাজের তপশীলভুক্ত জাতিসমূহের (Scheduled Castes) জন্য এখানে আসন নির্দ্দিষ্ট আছে বটে, কিন্তু তাহারা সাধারণ-ভাবে নির্ব্বাচিত হন।

সভ্য ও ভোট-দাতাগণের যোগ্যতা—বিকৃত-মস্তিষ্ক, দেউলিয়া, হীন অপরাধে অপরাধী, দুই বৎসরের অধিককালের জন্য দ্বীপান্তরিত বা কারাদণ্ডে দণ্ডিত কোন ব্যক্তি ব্যবস্থাপক সভা বা ব্যবস্থা পরিষদের সভ্য হইতে পারিবে না। ব্যবস্থাপক সভার সভ্যগণের বয়স ৩০ বৎসরের কম এবং ব্যবস্থা পরিষদের সভ্যগণের বয়স ২৫ বৎসরের কম হইবে না। যাঁহারা ছয় আনা চৌকিদারী টেক্স দেন, অথবা আয়কর দেন, অথবা মোটর গাড়ীর টেক্স দেন এবং যাঁহারা ম্যাট্রিকুলেশন পাশ করিয়াছেন, তাঁহারই নির্ব্বাচনে ভোট দিতে পারেন।

প্রত্যেক ব্যবস্থা পরিষদের জীবনকাল ৫ বৎসর; এই পাঁচ বৎসর পর আবার সাধারণ নির্ব্বাচন হইবে; কিন্তু গবর্ণর ইচ্ছা করিলে তাহার পূর্ব্বেই সভা বন্ধ করিয়া দিতে পারেন। ব্যবস্থা পরিষৎ বন্ধ হইলে গবর্ণর ছয় মাসের মধ্যে আবার সাধারণ নির্ব্বাচনের দিন নির্দ্ধারণ করিবেন। এক বৎসরের মধ্যে অন্ততঃ একবার আইন সভার অধিবেশন হইবে।

সভাপতি—ব্যবস্থাপক সভা ও ব্যবস্থা পরিষদের সভাপতি এবং সহকারী সভাপতি সভ্যদের মধ্য হইতে নির্ব্বাচিত হন। ব্যবস্থা পরিষদের সভাপতিকে **স্পীকার** (Speaker) এবং সহকারী সভাপতিকে **ডেপুটী স্পীকার** (Deputy Speaker) বলে। ব্যবস্থাপক সভার সভাপতি এবং সহকারী সভাপতিকে ক্রমান্বয়ে **প্রেসিডেণ্ট** (President) এবং **ডেপুটী প্রেসিডেণ্ট** (Deputy President) বলে।

বিভিন্ন প্রাদেশিক ব্যবস্থা-পরিষদের গঠন

প্রদেশ সমূহ	মোট আসন	সাধারণ আসন		অনুন্নত স্থান ও জাতি সমূহের প্রতিনিধি	শিখ	মুসলমান	এ্যাংলো ইণ্ডিয়ান	ইউরোপীয়ান	ভারতীয় খৃষ্টান	ব্যবসায়, শিল্প প্রভৃতির প্রতিনিধি	জমিদার	বিশ্ববিদ্যালয়	শ্রমিক	মহিলাদিগের আসন				
		মোট সাধারণ আসন	তপশীল ভুক্ত জাতি সমূহের জন্য রক্ষিত											সাধারণ	শিখ	মুসলমান	এ্যাংলো ইণ্ডিয়ান	ভারতীয় খৃষ্টান
বঙ্গদেশ	২৫০	৭৮	৩০	...	...	১১৭	৩	১১	২	১৯	৫	২	৮	২	..	২	১	...
বোম্বাই	১৭৫	১১৪	১৫	১	...	২৯	২	৩	৩	৭	২	১	৭	৫	...	১	...	...
মাদ্রাজ	২১৫	১৪৬	৩০	১	..	২৮	২	৩	৮	৬	৬	১	৬	৬	...	১	...	১
যুক্তপ্রদেশ	২২৮	১৪০	২০	...	...	৬৪	১	২	২	৩	৬	১	৩	৪	...	২	...	...
পাঞ্জাব	১৭৫	৪২	৮	...	৩১	৮৪	১	১	১	১	৫	১	৩	১	১	২	...	...
বিহার	১৫২	৮৬	১৫	৭	..	৩৯	১	২	১	৪	৪	১	৩	৩	...	১	...	...
মধ্যপ্রদেশ ও বেরার	১১২	৮৪	২০	১	...	১৪	১	১		২	৩	১	২	৩	...	...	...	...
আসাম	১০৮	৪৭	৭	৯	...	৩৪	...	১	১	১১	...	...	৪	১	...	...	...	...
উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ	৫০	৯	...	...	৩	৩৬	...	...	...	...	২	...	...	...	...	...	...	...
উড়িষ্যা	৬০	৪৪	৬	৫	...	৪	...	...	...	১	২	...	১	২	...	...	...	...
সিন্ধু	৬০	১৮	...	...	...	৩৩	...	২	...	২	২	...	১	১	...	১	...	...

বোম্বাইতে সাধারণ আসনের ৭টি মারাঠাদের জন্য রক্ষিত। পঞ্জাবে জমিদারদের একটি আসন একজন তুমানদারের (Tumandar) জন্য থাকিবে। আসামে মহিলাদের জন্য রক্ষিত আসন অসাম্প্রদায়িক।

ব্যবস্থাপক সভার নির্দ্ধারণ অনুসারে সভাপতির বেতন স্থির হয়। সভ্যগণ ইচ্ছা করিলে সভাপতিকে ভোটাধিক্য দ্বারা সরাইতে পারেন; কোন প্রস্তাবের মীমাংসা ভোটাধিক্য দ্বারা নির্দ্ধারিত হয়। কিন্তু কোন প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে সমান ভোট হইলে, সভাপতি নিজের ভোটের (casting vote) দ্বারা উহার মীমাংসা করিবেন।

সভ্যদের অধিকার ও বিশেষ সুবিধা—সভাগৃহে সভ্যদের বক্তৃতায় সম্পূর্ণ স্বাধীনতা আছে। সভাগৃহে তাহাদের বক্তৃতায় যে কথাই থাকুক না কেন, সেজন্য আদালতে মোকদ্দমা চলে না। সভ্যগণ কোন সংবাদ জানিবার জন্য প্রশ্ন ও অতিরিক্ত প্রশ্ন করিতে পারিবেন। সভ্যগণ সভার অনুমোদিত আইন অনুযায়ী বেতন ও ভাতা পাইবেন।

আইন সভার ক্ষমতা—উভয় চেম্বারের অনুমোদন ভিন্ন কোন কোন বিল পাশ হয় না। সেই বিলে গবর্ণর সম্মতি দিলে তবেই তাহা আইনে পরিণত হয়। যদি কোন বিল সম্বন্ধে উভয় চেম্বার মতবিরোধ হয় এবং তাহা বারো মাসের মধ্যে মীমাংসা না হয়, তবে গবর্ণর উভয় চেম্বার এক যোগে আহ্বান করিয়া, অধিক সংখ্যক সভ্যের ভোট অনুসারে উহা পাশ করাইয়া লইতে পারেন।

আর্থিক বিল (অর্থাৎ টেক্স বসান, ব্যয় এবং ঋণ গ্রহণ) ভিন্ন যে কোন প্রকার বিল যে কোন চেম্বারে উত্থাপিত হইতে পারে।

গবর্ণর কোন বিলে সম্মতি দিতে পারেন, সম্মতি নাও দিতে পারেন অথবা আইন সভার পুনর্বিবেচনার জন্য উহা ফেরত দিতে পারেন। তাঁহার বিশেষ দায়িত্ব পরিচালনে ব্যাঘাত জন্মিবার আশঙ্কা হইলে, যে কোন বিলের আলোচনা বন্ধ করিয়া দিতে পারেন। সকল বিলই সম্রাট কর্ত্তৃক নামঞ্জুর হইতে পারে।

আর্থিক বিল শুধু ব্যবস্থা পরিষদে উত্থাপিত হইতে পারে। গবর্ণরের সম্মতিক্রমে ব্যয়ের দাবী পরিষদের মঞ্জুরির জন্য উপস্থিত করিতে হইবে। পরিষৎ তাহা মঞ্জুর করিতে পারে, নামঞ্জুর করিতে পারে, অথবা কমাইয়া দিতে পারে। গবর্ণর নিজের বিশেষ দায়িত্ব পালন করিবার জন্য যে কোন ব্যয় করিতে পারেন।

মন্ত্রীদের বেতন সভ্যেরা নির্দ্ধারণ করিবেন; কিন্তু তাঁহারা যদি মন্ত্রীদের কোন বেতন নির্দ্ধারণ করিয়া না দেন, তবে গভর্ণর তাঁহাদের বেতন নির্দ্ধারণ করিবেন।

যদি পরিষৎ কোন মন্ত্রী বা মন্ত্রীদের পদত্যাগ ইচ্ছা করে, তবে তাঁহার বা তাঁহাদের উপর 'অনাস্থা-জ্ঞাপক' প্রস্তাব পাশ করিতে পারে। সেই ক্ষেত্রে তাঁহাদিগকে পদত্যাগ করিতে হয়। মন্ত্রীদের দ্বারা উপস্থাপিত কোন বিল যদি প্রত্যাখ্যাত হয়, কিংবা তাঁহার দাবীর টাকা কমাইয়া মঞ্জুর করা হয়, কিংবা নামমাত্র কমান হয়, তবে তাহাও অনাস্থা জ্ঞাপন বলিয়া ধরা হইবে।

প্রাদেশিক গভর্ণমেণ্টের শাসনাধীন বিষয়—(১) শান্তি ও শৃঙ্খলা রক্ষা, (২) পুলিশ, (৩) জেলখানা, (৪) প্রাদেশিক সাধারণ ঋণ, (প্রাদেশিক পাবলিক সার্ভিস্), (৬) প্রদেশের সাহায্য প্রাপ্ত লাইব্রেরী ও মিউজিয়াম, (৭) প্রাদেশিক পূর্ত্ত, (৮) স্থানীয় স্বায়ত্ত-শাসন, (৯) স্বাস্থ্য, (১০) যাতায়াত, (১১) সেচবিভাগ, (১২) কৃষি বিভাগ, (১৩) বন, (১৪) প্রাদেশিক ব্যবসায় বাণিজ্য প্রভৃতি ৫৪টি বিষয় প্রাদেশিক গর্ভমেণ্টের অধীন। এতদ্ব্যতীত আরো কতকগুলি বিষয় আছে যাহাতে গভর্ণর-জেনেরেলের অনুমতি ক্রমে প্রাদেশিক গভর্ণমেণ্ট হস্তক্ষেপ করিতে পারেন, যথা—ফৌজদারী আইন, উইল, উত্তরাধিকার ইত্যাদি।

বাংলার মন্ত্রিসভা—বাংলার ব্যবস্থা পরিষদে তিনটি দল উল্লেখ-যোগ্য—কংগ্রেস, মুসলীম লীগ ও কৃষক-প্রজাদল। একদল হিসাবে কংগ্রেসের সংখ্যাধিক্য থাকিলেও, শুধু কংগ্রেস দল অন্যান্য দলের সহিত না মিলিয়া নির্ভরযোগ্য মন্ত্রিসভা গঠন করিতে পারে না। অন্য কোন দলের সঙ্গে মিলনও সম্ভবপর হয় নাই। এখানে কৃষক প্রজা দলের নেতা মাননীয় মিঃ এ কে ফজলুল হক মুসলীম লীগ দলের সহিত মিলিয়া সম্মিলিত মন্ত্রিসভা (Coalition Ministry) গঠন করিয়াছেন এবং তিনিই প্রধান মন্ত্রী নিযুক্ত হইয়াছেন।

বাংলার সম্মিলিত মন্ত্রিসভার (Coalition Ministry) সদস্যগণের নাম এবং তাঁহাদের কে কোন্ বিভাগ শাসনের ভার প্রাপ্ত হইয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল—

(১) মিঃ এ, কে, ফজলুল হক—প্রধান মন্ত্রী ও শিক্ষাসচিব।

(২) মিঃ নলিনীরঞ্জন সরকার—অর্থসচিব।

(৩) খাজা সার্ নাজিমদ্দীন—আভ্যন্তরীণ আইন ও শৃঙ্খলা বিভাগ।

(৪) সার্ বিজয়প্রসাদ সিংহ রায়—রাজস্ব বিভাগ।

(৫) নবাব খাজা হবিবুল্লা—কৃষি ও শিল্প বিভাগ।

(৬) মহারাজ শ্রীশচন্দ্র নন্দী—যাতায়াত ও পাবলিক ওয়ার্কস্ বিভাগ।

(৭) মিঃ এইচ্, এস্, সুরাবর্দ্দি—বাণিজ্য ও শ্রমিক বিভাগ।

(৮) নবাব মুশার্‌রফ হোসেন—বিচার ও আইন বিভাগ।

(৯) মিঃ বি, এম্, মল্লিক—সমবায় সমিতি ও গ্রাম্য ঋণ বিভাগ।

(১০) মিঃ প্রসন্নদেব রায়কত—আবগারি ও বন বিভাগ।

(১১) মৌলভী তমিজউদ্দীন আহমদ—স্থানীয় স্বায়ত্ত-শাসন বিভাগ।

বাংলার ব্যবস্থা পরিষদের স্পীকার মাননীয় খান্ বাহাদুর আজিজুল হক্ এবং ব্যবস্থাপক সভার প্রেসিডেণ্ট মাননীয় মিঃ এস্, সি, মিত্র।

অন্যান্য প্রদেশের বর্ত্তমান মন্ত্রিসভা—(১) মান্দ্রাজে (কংগ্রেস) ১০ জন মন্ত্রীকে লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী মিঃ সি, রাজগোপালচারিয়ার। (২) বোম্বেতে (কংগ্রেস) ৭ জন মন্ত্রী লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী মিঃ বি, জি, খের। (৩) বিহারে (কংগ্রেস) ৪ জন মন্ত্রী লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী মিঃ শ্রীকৃষ্ণ সিংহ। (৪) আসামে (কংগ্রেস) সম্মিলিত মন্ত্রিসভায় ৫ জন সদস্য আছেন। প্রধান মন্ত্রী মিঃ গোপীনাথ বরদলৈ। (৫) মধ্যপ্রদেশে (কংগ্রেস) ৭ জন মন্ত্রী লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী মিঃ রবিশঙ্কর শুক্ল। (৬) উড়িষ্যায় (কংগ্রেস) ৩ জন মন্ত্রী লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী মিঃ বিশ্বনাথ দাস। (৭) পঞ্জাবে সম্মিলিত মন্ত্রিসভায় ৬ জন সদস্য আছেন। প্রধান মন্ত্রী সার্ সেকেন্দর হায়াৎ খান। (৮) যুক্তপ্রদেশে (কংগ্রেস) ৬ জন সদস্য লইয়া মন্ত্রিসভা গঠিত হইয়াছে। প্রধান মন্ত্রী পণ্ডিত গোবিন্দবল্লভ পন্থ। এই মন্ত্রিসভায় শ্রীযুক্তা বিজয়লক্ষ্মী পণ্ডিত নামে একজন মহিলা সদস্য আছেন। তিনি স্বাস্থ্য বিভাগের ভার পাইয়াছেন। (৯) উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের (কংগ্রেস) মন্ত্রিসভায় ৪ জন সদস্য আছেন। প্রধান মন্ত্রী ডাঃ খান্ সাহেব। (১০) সিন্ধুদেশের মন্ত্রিসভায় (কংগ্রেস-সম্মিলিত) ৩ জন সদস্য আছেন। প্রধান মন্ত্রী মিঃ আল্লাহ্‌ বক্স।

চীফ কমিশনারের প্রদেশ—গবর্ণর কর্ত্তৃক শাসিত পূর্ব্বোক্ত এগারটি প্রদেশ ছাড়া ব্রিটিশ বেলুচিস্থান, দিল্লী, আজমীঢ়-মাড়ওয়াড়, কুর্গ এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এই পাঁচটি প্রদেশের শাসনভার গভর্ণর-জেনারেলের হস্তে ন্যস্ত আছে। তিনি তাঁহার নিযুক্ত এক একজন চীফ কমিশনারের সাহায্যে ঐগুলির শাসনকার্য্য পরিচালনা করেন।

গ্রাম্য-স্বায়ত্বশাসন বিষয়ক ১৯১৯ সালের বঙ্গীয় ৫ আইন

ইউনিয়ন বোর্ড আইন

কলিকাতা শহর এবং অন্য মিউনিসিপাল শহর ছাড়া বঙ্গদেশে সর্ব্বত্র প্রচলিত।

ইউনিয়ন বোর্ডের ভোটদাতাদিগের যোগ্যতা

৭। (১) পূর্ণ একুশ বৎসর বয়স্ক এবং ইউনিয়নের অধিবাসী প্রত্যেক পুরুষ—

(ক) যিনি নির্ব্বাচনের অব্যাহিত পূর্ব্ববর্ত্তী বৎসরের সম্পূর্ণরূপে বা আংশিক ভাবে, উক্ত ইউনিয়নস্থিত জমি বাবদ সেস বিষয়ক ১৮৮০ সালের আইন মতে অন্যূন এক টাকা সেস্ দিয়াছেন, কিম্বা—

(খ) যাঁহার উপর, ঐরূপ নির্ব্বাচনের অব্যাহিত পূর্ব্ববর্ত্তী বৎসরে এই আইনানুসারে দেয় ইউনিয়নের রেটের জন্য, কিংবা এই আইনানুসারে কোন প্রথম নির্ব্বাচনের স্থলে, চৌকিদারি টেক্স স্বরূপ অন্যূন এক টাকা কর ধার্য্য হইয়াছে, ও তিনি সেই টাকা দিয়াছেন, কিংবা—

(গ) যিনি, নির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বৎসরে, উক্ত সেস বা রেট, টেক্সস্বরূপ অন্যূন এক টাকা দিয়াছেন এমন কোন অবিভক্ত একান্নবর্ত্তী পরিবারের অন্তর্গত, তিনি ইউনিয়ন বোর্ডের সভ্য নির্ব্বাচনে ভোট দিতে অধিকারী হইবেন।

কিন্তু (গ) দফামতে যোগ্য কোন অবিভক্ত একান্নবর্ত্তী পরিবারভুক্ত অন্যান্য যোগ্য ব্যক্তিগণ কর্ত্তৃক মনোনীত মাত্র একজন লোকেই ঐরূপ কোন নির্ব্বাচনে ঐ পরিবারের পক্ষে ভোট দিতে অধিকারী হইবেন।

বোর্ডের সভ্য হইবার যোগ্যতা

(২) যিনি ইউনিয়ন বোর্ডের সভ্যাদিগের নির্ব্বাচনে ভোট দিতে অধিকারী এবং ঐ ইউনিয়নের অধিবাসী, এমন প্রত্যেক ব্যক্তি, যথারীতি ইউনিয়নের সভ্যপদে নির্ব্বাচিত হইলে, ঐরূপ সভ্য হইবার অধিকারী হইবেন।

বোর্ডের গঠন

৮। প্রত্যেক ইউনিয়ন বোর্ডের একজন প্রেসিডেন্ট থাকিবেন; ইনি ঐ ইউনিয়ন বোর্ডের সভ্যগণ কর্ত্তৃক তাঁহাদের নিজেদের মধ্য হইতে নির্ব্বাচিত করিতে পারিবেন।

৯। প্রত্যেক ইউনিয়ন বোর্ড ইহার কোন একজন সভ্যকে সেই বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট নির্ব্বাচিত হইবেন।

বোর্ডের ক্ষমতা ও দায়িত্ব

২৬। (১) প্রত্যেক ইউনিয়ন বোর্ড—

(ক) ইউনিয়নের দফাদার ও চৌকিদারদিগের উপর এই আইন মতে যে সকল কর্ত্তব্য অর্পিত হইয়াছে তাহাদের দ্বারা যথাযথভাবে তাহা করাইয়া লইবার জন্য যাহা করা আবশ্যক তাহা করিবেন, এবং তাঁহাদের উপর সাধারণভাবে কর্ত্তৃত্ব করিবেন।

(খ) ইউনিয়নের স্বাস্থ্যরক্ষার ও ময়লা পরিষ্কারের এবং তথায় সাধারণের অনিষ্টজনক কর্ম্ম নিবারণের ব্যবস্থা যথাসম্ভব করিবেন;

(গ) ইউনিয়নের মধ্যে মেলা ও প্রদর্শনী বসিলে তথায় স্বাস্থ্যরক্ষার ও ময়লা পরিষ্কারের বিশেষ বন্দোবস্ত করিবেন;

(ঘ) ইউনিয়নের অন্তর্গত যে সমস্ত নর্দ্দমা ও ময়লা পরিষ্কারের অন্যান্য ব্যবস্থা অন্য কোন কর্ত্তৃপক্ষের অধীন নহে তাহাদের সম্বন্ধে কর্ত্তৃত্ব করিবেন ;

(ঙ) ইউনিয়নের জনসাধারণের স্বাস্থ্যরক্ষার জন্য এবং স্বাস্থ্য, ময়লা পরিষ্কার, কিংবা জল নিঃসরণের ব্যবস্থা উন্নতির জন্য যে যে কার্য্য করা প্রয়োজন সেই সমস্ত কার্য্য করিবেন ;

(চ) জেলা-ম্যাজিষ্ট্রেট বা জেলা বোর্ড বা লোকাল বোর্ড যে সকল স্থানীয় সংবাদ চাহেন তাহা দিবেন ; এবং

(ছ) এই আইনের উদ্দেশ্য সাধনার্থে অন্যান্য যে সকল কার্য্য করা আবশ্যক তাহা সম্পাদন করিবেন।

(২) গবাদির অনধিকার প্রবেশ বিষয়ক ১৮৭১ সালের ১ আইনের ৩১ ধারা মতে বিজ্ঞাপন দ্বারা যে যে কার্য্য ইহার অর্পিত হয় সেই কার্য্য সম্পাদন করিবেন ;

(৩) জেলার ম্যাজিষ্ট্রেট সেইরূপ করিতে আদেশ দিলে বঙ্গদেশের জন্মমৃত্যু রেজিষ্টারী করণ বিষয়ক ১৮৭৩ সালের আইনের বিধানুসারে ইউনিয়নের মধ্যে জন্ম ও মৃত্যু রেজিষ্টারী করিবার ব্যবস্থা করিবেন ;

(৪) জারির জন্য ইউনিয়ন বোর্ড যে সকল পরোয়ানা পাইবেন তাহা ১০১ ধারার অধীন নিয়মাবলী অনুসারে দফাদার কিংবা চৌকিদার কর্ত্তৃক যথাযথ ভাবে জারি করাইবেন, এবং

(৫) সাধারণের হিতকর অপর যে কোন স্থানীয় কার্য্যের দ্বারা সাধারণের স্বাস্থ্য, স্বাচ্ছন্দ্য ও সুবিধা বৃদ্ধি হওয়া সম্ভব এবং এই আইনে যাহার সম্বন্ধে অন্য রকমে বিধান করা হয় নাই তাহা হাতে লইতে ও সম্পাদন করিতে পারিবেন।

ইউনিয়ন কোর্ট

নিম্নলিখিত শ্রেণীর মোকদ্দমাগুলি ইউনিয়ন কোর্টে চলিতে পারে—

(ক) চুক্তি মূল্যে প্রাপ্য টাকার জন্য মোকর্দ্দমা;

(খ) অস্থাবর সম্পত্তি বা ঐ সম্পত্তির মূল্য আদায়ের জন্য মোকদ্দমা;

(গ) অস্থাবর সম্পত্তির অন্যায় পূর্ব্বক গ্রহণ বা ক্ষতিকরণ হেতু ক্ষতিপূরণের টাকা আদায়ের মোকদ্দমা

(যদি এই সকল মোকদ্দমার তায়দাদ দুই শত টাকার অধিক না হয়)

কিন্তু কোন বিবাদী ৮১ ধারার বিধান অনুসারে দরখাস্ত করিলে তাহা পাইয়া যে ছোট আদালত কিংবা মুনসেফী আদালতের বিচারাধিকারের সীমানার মধ্যে উক্ত ইউনিয়ন অবস্থিত, সেই আদালত স্বয়ং বিচার করিবার জন্য কোন ইউনিয়ন কোর্ট হইতে—

(/০) কোন মোকদ্দমা উঠাইয়া লইতে পারিবেন যদি উহার তায়দাদ পঁচিশ টাকার অধিক না হয়; এবং

(৵০) কোন মোকদ্দমা অবশ্য উঠাইয়া লইবেন যদি উহার তায়দাদ পঁচিশ টাকার অধিক হয়।

দেওয়ানী মোকদ্দমার কোর্টফি

৭৫৲ টাকা পর্য্যন্ত প্রতি ৫৲ বা তন্ন্যূন টাকায়			...	।৵০
৭৫র অধিক	১০০ পর্য্যন্ত	প্রতি ৫৲ বা তন্ন্যূন টাকায়		॥০
১০০ ,,	১৫০ ,,	১০	,,	১॥৵০
১৫০ ,,	১০০০ ,,	,,	,,	১৲
১০০০ ,,	৭৫০০ ,,	১০০	,,	৭৲
৭৫০০ ,,	১০০০০ ,,	২৫০	,,	১৫৲
১০০০০ ,,	২০০০০ ,,	৫০০	,,	২২॥০
২০০০০ ,,	৫০০০০ ,,	১০০০	,,	৩০৲
৫০০০০র অধিক প্রতি ৫০০০০ টাকা তন্ন্যূন টাকায়				৭॥০

কোনস্থলেই আর্জ্জি কিংবা আপীলের উপরে ১০,০০০ দশ হাজার টাকার বেশী ফি দিতে হয় না।

ইন্‌কাম ট্যাক্সের হার

বাৎসরিক আয়			ইন্‌কাম্ ট্যাক্স
২,০০০৲	হইতে	৪,৯৯৯৲	প্রতি টাকায় ৬ পাই
৫,০০০৲	,,	৯,৯৯৯৲	প্রতি টাকায় ৯ পাই
১০,০০০৲	,,	১৪,৯৯৯৲	প্রতি টাকায় এক আনা
১৫,০০০৲	,,	১৯,৯৯৯৲	প্রতি টাকায় এক আনা চার পাই
২০,০০০৲	,,	২৯,৯৯৯৲	প্রতি টাকায় এক আনা সাত পাই
৩০,০০০৲	,,	৩৯,৯৯৯৲	প্রতি টাকায় এক আনা এগারো পাই
৪০,০০০৲	,,	৯৯,৯৯৯৲	প্রতি টাকায় দুই আনা এক পাই

১০০,০০০ ও বেশী প্রতি টাকায় দুই আনা দুই পাই

কোন কোম্পানী কিম্বা রেজিষ্টার্ড ফার্ম্ম তাহাদের আয় যাহাই হউক না কেন প্রতি টাকায়—দু আনা দু পাই।

পোষ্টাফিস সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

পোষ্টাফিস ও টেলিগ্রাফ আফিস—নিউইয়ার্স ডে, গুডফ্রাইডে, কিংস্ বার্থডে (রাজার জন্মদিন), বড়দিন এবং রবিবার বন্ধ থাকে। শ্রীপঞ্চমী, বকরি-ঈদ, মহরম, মহালয়া, দুর্গাপূজা, ইদলফেতর উপলক্ষে ১ দিন করিয়া ছুটি থাকে।

পোষ্টাফিস শনিবার ৩টার সময় বন্ধ হয়।

পোষ্টাফিসে কোন অভিযোগ করিলে /০ আনার ষ্ট্যাম্প দিতে হয়। অভিযোগ সত্য বলিয়া সাব্যস্ত হইলে ঐ একআনা ফেরৎ পাওয়া যায়।

ভারতবর্ষীয় পোষ্টেজ রেট

পোষ্টকার্ড		পত্রাদি		পুস্তক বা প্যাটার্ণ প্যাকেট।		রেজিষ্টার্ড সংবাদপত্র অগ্রিম মাশুল দেয়।			পার্শেল (মাশুল অগ্রিম দিতে হয়)			
									৪৪০ তোলার অধিক নহে।		৪৪০ তোলার উপর রেজিঃ অবশ্য কর্ত্তব্য।	
সিঙ্গেল	রিপ্লাই	এক তোলা পর্য্যন্ত	এক তোলার বেশী প্রতি তোলায় বা আংশিক তোলায়	প্রথম ২॥০ তোলা পর্য্যন্ত।	২॥০ তোলার বেশী প্রতি ২॥০ তোলায়	১০ তোলা পর্য্যন্ত।	১০ তোলার অধিক ২০ তোলা পর্য্যন্ত।	তদুপরি প্রতি ২০ তোলায় বা আংশিক তোলায়	৪০ তোলার অনধিক।	তদুপরি প্রতি ৪০ তোলায় বা আংশিক তোলায়।	৪৪০ তোলার অধিক কিন্তু ৪৮০ তোলার অনধিক।	তদুপরি প্রতি ৪০ বা আংশিক তোলায় (৮০০ তোলা পর্য্যন্ত)।
৻১৫	/১০	/০	৻১০	৻১০	৻৫	৻৫	৻১০	৻১০	।০	।০	৩৲	।০

(ক) মাশুল অগ্রিম না দিলে, অথবা কম মাশুল দিলে বিলির সময়, নিম্নহারে আদায় করিয়া লওয়া হয়। (১) পত্র বা পোষ্টকার্ড মাশুল না দেওয়া থাকিলে—বিলির সময় দ্বিগুণ আদায় করা হয়। (২) পত্রে বা প্যাকেটে কম মাশুল থাকিলে, কমের দ্বিগুণ। (৩); রিপ্লাই-কার্ডের একখানিতে ষ্ট্যাম্প দেওয়া না থাকিলে—/০ আদায় হয়।

রেজেষ্টারী ফিস—পত্র পোষ্টকার্ড বুক ও প্যাটার্ণ প্যাকেট পার্শেল রেজেষ্টারী করা যায়। ফিস অতিরিক্ত তিন আনা লাগে।

ইন্‌শিওরেন্স ফি—১০০৲ টাকা পর্য্যন্ত ৵০ আনা, ১৫০৲ টাকা পর্য্যন্ত ।০ আনা, ২০০৲ টাকা পর্য্যন্ত ।/০, তদূর্দ্ধে ১০০০৲ টাকা পর্য্যন্ত শতকরা ৶০ হিসাবে।

মণি-অর্ডার ফি—১০৲ পর্য্যন্ত—৶০; তদূর্দ্ধে ২৫৲ টাকা পর্য্যন্ত ।০ এবং তদূর্দ্ধে প্রতি ২৫৲ টাকায় ।০ আনা। ৬০০৲ টাকা পর্য্যন্ত মণি-অর্ডার করা যায়।

ভ্যালুপেয়েবল ডাক—রেজেষ্টারী করা পার্শেল পুস্তকের প্যাকেট এবং রেলওয়ে রসিদ ভেলুপেয়েবল করা যাইতে পারে। গ্রহীতার নিকট হইতে দাম আদায় করা হয়।

টেলিগ্রাফ (ভারতবর্ষীয়)—এক্সপ্রেস অর্থাৎ জরুরী,—প্রথম ৮ কথায় ১৶০; অতিরিক্ত প্রত্যেক কথায়—৶০

অর্ডিনারি অর্থাৎ সাধারণ, প্রথম ৮ কথায় ৷৵৹; অতিরিক্ত প্রত্যেক কথায়—৴৹

টেলিগ্রাফিক মণি-অর্ডার—টেলিগ্রাফিক মণি-অর্ডার ৬০০৲ টাকার অধিক এবং এক টাকার কম হয় না। এক্সপ্রেস বা জরুরী বা অর্ডিনারি বা সাধারণ টেলিগ্রামের হারের উপর মণি-অর্ডারের কমিশন যোগ করিয়া মোট যাহা হয়, টেলিগ্রাফিক মণি-অর্ডারে তাহাই দিতে হয়।

পোষ্টাফিস সেভিংস্ ব্যাঙ্ক—পোষ্টাফিসে টাকা গচ্ছিত রাখা যায়। পোষ্টাফিসের নিয়মানুসারে ইচ্ছামত টাকা উঠাইয়া লইতে পারা যায়। চারি আনার কম এবং বৎসরে ৭৫০৲ টাকার অধিক জমা রাখা যায় না। সপ্তাহে অর্থাৎ সোমবার হইতে শনিবারের মধ্যে একবার মাত্র টাকা উঠাইয়া লওয়া যাইতে পারে। শনিবার টাকা লইয়া আবার সোমবারে লওয়া যাইতে পারে। ক্রমশঃ জমাইয়া সাবালকপক্ষে ৫০০০৲ পর্য্যন্ত এবং নাবালক পক্ষে ১০০০৲ পর্য্যন্ত জমা রাখা যায়। সুদ বার্ষিক ২৷৹ হিসাবে পাওয়া যায়।

বৈদেশিক পোষ্টেজ—প্রতি পোষ্টকার্ড—৵৹, রিপ্লাই—৷৹

পত্র—ব্রিটিশ সাম্রাজ্যের যে কোন অংশে এক আউন্সের অনধিক—৵১০; অতিরিক্ত আউন্স বা আংশিক—৵৹

ব্রিটিশ সাম্রাজ্যের বাহিরে যে কোনও অংশে প্রতি আউন্স—৶১০ অতিরিক্ত প্রতি আউন্স বা আংশিক—৵৹

পোষ্টাফিসের ক্যাস সার্টিফিকেট—৫ বৎসরের পোষ্টাফিসের ক্যাস সার্টিফিকেট—১০৲ ২০৲ ৫০৲ ১০০৲ ৫০০৲ ও ১০০০৲ যথাক্রমে

৮৸/০, ১৭৷৵০, ৪৪/০, ৮৮৵০, ৪৪০৷৵০, ও ৮৮১৷০ টাকায় পাওয়া যায়। কোন ইন্‌কাম টাক্স দিতে হয় না। একজন লোক ১০০০০৲ টাকার পর্য্যন্ত কিনিতে পারে। প্রত্যেক লোক নিজের নামে কিংবা অন্যের নামে এক সঙ্গে কিনিতে পারেন। অভিভাবক নাবালকের নামে ক্যাস সার্টিফিকেট কিনিতে পারেন। ৫ বৎসরের মধ্যে ক্যাস সার্টিফিকেট ইচ্ছা করিলে ভাঙ্গাইতে পারা যায়। ৫ বৎসর রাখিলে সম্পূর্ণ টাকা পাওয়া যায়।

রেলওয়ে সম্বন্ধে জ্ঞাতব্য বিষয়

১। রবিবার, বড়দিন ও গুড্‌ফ্রাইডে—এ কয়দিন পার্শেলাদি আদানপ্রদান বন্ধ থাকে। অন্য সকল দিনই রেল আফিস খোলা থাকে।

২। রেল বিভাগে ষ্টাণ্ডার্ড সময় প্রচলিত। উহা কলিকাতার সময়ের ৩৭ মিনিট এবং ঢাকার সময়ের ৩০ মিনিট পরবর্ত্তী।

৩। তিন বৎসরের বালকবালিকাদের ভাড়া লাগে না। ১২ বৎসর পর্যন্ত অর্দ্ধেক ভাড়া।

৪। ফ্রি লাগেজ স্বরূপ প্রথম শ্রেণীর যাত্রী ১॥ মণ, ২য় শ্রেণীর যাত্রী ১৴ মণ এবং তৃতীয় শ্রেণীর যাত্রী ।৫ জিনিষ সঙ্গে লইতে পারেন।

৫। শুক্রবার হইতে শনিবার রাত্রি ১২টা পর্য্যন্ত **উইক এণ্ড রিটার্ণ টিকেট** দেওয়া হয়। ১৫ মাইলের উর্দ্ধে যে কোন ষ্টেশনের টিকেট করা যায়। এ টিকেটে মঙ্গলবার রাত্রি ১২টার মধ্যে ফিরিতে হয়। সকল শ্রেণীর জন্যই সাধারণ রিটার্ণ টিকেট পাওয়া যায়। ভাড়া সিঙ্গেল ভাড়ার দেড় গুণ।

একটী কামরা বা একটী ক্যারেজ রিজার্ভ করা যায় অন্ততঃ ৭ দিন পূর্ব্বে দরখাস্ত দিতে হয়। বড় বড় ষ্টেশনে ২৪ ঘণ্টা পূর্ব্বে সংবাদ দিলেই চলে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যাত্রিগণ ॥০ আনা অতিরিক্ত দিলে তাহাদের নামে পূর্ব্বেই রিজার্ভ করিতে পারেন। ইণ্টার ও ৩য় শ্রেণীর জন্য ।০ আনা লাগে। রিজার্ভের পর গাড়ী ব্যবহার না করিলে লোকসানি খরচ দিতে হয়।

কলিকাতায় নিম্নলিখিত ঠিকানায় রেলওয়ে বুকিং অফিস আছে। এখানে বেলা ৯টা হইতে ৬টা পর্য্যন্ত টিকিট পাওয়া যায় ও পার্শ্বেলাদি পাঠান যায়।—

ই. আই. রেলের—(১) আর্ম্মি এণ্ড নেভি ষ্টোরস্, ৪১নং চৌরঙ্গী (২) ১৫নং বেন্টিক ষ্ট্রীট (৩) ১৩৯।৩ রসারোড (সাঃ) (৪) ৭৬।২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট (৫) ৬নং ফেয়ার্লী প্লেস্ (৬) ৯৮।১ নিউ ডায়মণ্ড হারবার রোড (খিদিরপুর) (৭) ১১৬।১, হ্যারিসন রোড (৮) ২৫।১, পার্কষ্ট্রীট।

ই. বি. রেলের—(১) আর্ম্মি এণ্ড নেভি ষ্টোরস্, ৪১নং চৌরঙ্গী (২) ১৫নং বেন্টিঙ্ক ষ্ট্রীট (৩) ১৩৯।৩ রসারোড (সাঃ) (৪) ৭।৬।২

কর্ণওয়ালিস্ ষ্ট্রীট (৫) ৯৮।১ নিউ ডায়মণ্ড হারবার রোড (৬) ১১৬।১ হ্যারিসন রোড (৭) ২৫।এ, পার্ক ষ্ট্রীট (৮) টমাস্ কুক এণ্ড সন্স— ৪নং ডালহৌসি স্কোয়ার (৯) ৩নং কয়লাঘাট ষ্ট্রীট।

বি, এন. রেলের—(১) আর্ম্মি এণ্ড নেভি ষ্টোর্স্ ৪১ নং চৌরঙ্গী (২) ১৩৯।৩ রসারোড (সাঃ) (৩) ৯ বি চিত্তরঞ্জন এভিনিউ (৪) ৭৬।২ কর্ণওয়ালিস ষ্ট্রীট (৫) এস্প্লানেড ম্যানসন্স ইষ্ট (৬) ৯৮।১, নিউ ডায়মণ্ড হারবার রোড (৭) টমাস কুক এণ্ড সন্স, ৪ ডালহৌসি স্কোয়ার।

মুদ্রা, ওজন ও দৈর্ঘিক পরিমাণ

ইংরাজী মুদ্রার পরিমাণ

৪ ফার্দ্দিঙে	১ পেনি
১২ পেন্সে (পেনিতে)	১ শিলং
২ শিলিংএ	১ ফ্লোরিন
৫ শিলিংএ	১ ক্রাউন
২০ শিলিংএ	১ পাউণ্ড
২১ শিলংএ	১ গিনি
২৭ শিলিংএ	১ মইডোর

দৈর্ঘিক পরিমাণ

৩ যবে	৸০ ইঃ বা ১ অঙ্গুলি
৩ অঙ্গুলিতে	২।০ ইঃ বা ১ গিরা
৮ গিরাতে	১৮ ইঃ বা ১ হাত
২ হাতে	৩৬ ইঃ বা ১ গজ
১॥ ফিটে	১৮ ইঃ বা ১ হাত
৩ ফিটে	১ গজ

বহুস্থানে ২৪ ইঞ্চিতেও গজ হয়।

বাজার ওজনের ক্রম।

৫ সিকিতে	১ কাঁচ্চা ৶৫
৪ কাঁচ্চায়	১ ছটাক ৴০
৪ ছটাকে বা ২০ তোলায়	১ পোয়া ।০
৪ পোয়ায়	১ সের
৫ সেরে	১ পশুরি ৴৫
৮ পশুরিতে বা ৪০ সেরে	১ মণ ১৴

কলিকাতায় চাউল মাপিবার ক্রম।

৫ ছটাকে	১ কুণিকা
৪ কুণিকাতে	১ রেক
৪ রেকে	১ পালি
৮ পালিতে	১ মণ

ধান্যাদি মাপিবার ক্রম।

১০ ছটাকে	১ খুঁচি
২ খুঁচিতে	১ রেক
২ রেকে	১ পালি
২ পালিতে	১ দ্রোণ
২ দ্রোণে	১ কাটি
৮ দ্রোণে	১ মণ
৮ কাটিতে	১ আড়ি
২০ আড়িতে	১ বিশ
২০ দ্রোণে	১ সলি
১৬ বিশে	১ কাহন

সোণা ও রূপার ওজন।

৬ রতিতে (বা কুঁচে)	১ আনা
৮ রতিতে	১ মাসা
১২ মাসায় (বা ১৬ আনায়)	১ ভরি (তোলা)

বাজার ওজন—বাঙ্গালা

৫ সিকিতে	১ কাঁচ্চা
৪ কাঁচ্চায়	১ ছটাক
৪ ছটাকে	১ পোয়া
৪ পোয়ায়	১ সের
৪০ সেরে	১ মণ

ইংরাজী

১৬ ড্রামে	১ আউন্স
১৬ আউন্সে	১ পাউণ্ড
২৮ পাউণ্ডে	১ কোয়ার্টার
৪ কোয়ার্টারে	১ হাণ্ড্রেডওয়েট
২০ হাণ্ড্রেড্ওয়েটে (হন্দরে)	১ টন

ইং ওজনের বাং ওজনের তুলনা

২॥০ তোলায়	১ আউন্স
প্রায় অর্দ্ধ সেরে	১ পাউণ্ড
।৩॥৶০ (তের সের ১০ ছটাকে)	১ কোয়ার্টার
১।১৪॥০ (একমণ সাড়ে চৌদ্দ সেরে)	১ হন্দর
৮২ পাউণ্ডে	১ মণ
২৭।০ মণে	১ টন

কালবিভাগ

৬০ অনুপলে	১ বিপল
৬০ বিপলে	১ পল
৪৮ মিনিটে	১ মুহূর্ত্ত বা দ্বাদশক্ষণ
৬০ পলে বা ২৪ মিনিটে	১ দণ্ড
২॥০ দণ্ডে	১ ঘণ্টা

৭৷৷০ দণ্ডে বা তিন ঘণ্টায়	১ প্রহর
৮ প্রহরে ১ দিন (অহোরাত্র)	
৭ দিনে	১ সপ্তাহ
১৫ দিনে	১ পক্ষ
৩০ দিনে বা ২ পক্ষে	১ মাস
২ মাসে	১ ঋতু
১২ মাসে বা ৬ ঋতুতে	১ বৎসর
২২ বৎসরে	১ যুগ
১০০ বৎসরে	১ শতাব্দী

পথের ইংরাজী মাপ

১২ ইঞ্চিতে	১ ফুট
৩ ফুটে	১ ইয়ার্ড (গজ)
১৭৬০ ইয়ার্ডে (গজে)	১ মাইল

পথের বাঙ্গালা মাপ

৪ অঙ্গুলিতে	১ মুষ্টি বা মুট
৩ মুষ্টিতে	১ বিঘত
৬ মুষ্টিতে	১ হস্ত (হাত)
৪ হস্তে	১ ধনু
২০০০ ধনুতে	১ ক্রোশ

জমীর মাপ

৮ যবে	১ অঙ্গুলি
৪ অঙ্গুলীতে	১ মুষ্টি
৩ মুষ্টিতে	১ বিঘত
২ বিঘতে	১ হাত
৫ বর্গহাতে	১ কাঁচ্চা ৫
৪ কাঁচ্চায় বা ৪৫ বর্গফিটে বা ২০ বর্গ গজে	১ ছটাক /০
৫ হাত দীর্ঘে × ৪ হাত প্রস্থে = 4 Sq. ft.	১ ছটাক
১৬ ছটাকে or 720 Sq. ft.	১ কাঠা /১
২০ কাঠায় or 14400 Sqft.	১ বিঘা ১/
৩ পূর্ণ চল্লিশের এক বিঘায়	১ একর

ডাক্তারি ওজন

২০ গ্রেণে	১ স্ক্রুপল
৩ স্ক্রুপলে	১ ড্রাম
৮ ড্রামে বা আড়াই ভরিতে	১ আউন্স
১২ আউন্সে	১ পাউণ্ড

১৮০ গ্রেণ ১ তোলার সম ওজন।

ডাক্তারি ওজন

৬০ মিনিমে (ফোটায়)	১ ড্রাম
৮ ড্রামে	১ আউন্স
১৬ আউন্সে	১ পাইন্ট

১২ আউন্সে ১ ছোট পাইণ্ট

এক আউন্সে প্রায় আধ ছটাক এবং এক পাউণ্ড ও এক পাইণ্ট প্রত্যেক প্রায় আধ সেরের সমান, কোথাও বা কুড়ি আউন্সে পাইণ্ট ধরে

বৈদ্যক ওজন

৪ ধানে	১ রতি
৮ রতিতে	১ মাসা
১২ মাসায়	১ তোলা

কাগজের মাপ

ফুলস্‌ক্যাপ—১৭ × ১৩॥০ ইঞ্চি

ডবল ফুল্‌সক্যাপ—১৭ × ২৭ ইঃ।

ক্রাউন—১৫ × ২০ ইঃ।

ডবল ক্রাউন—২০ × ৩০ ইঃ।

ডিমাই—১৮ × ২২ ইঃ।

ডবল ডিমাই—২২ × ৩৬ ইঃ।

মিডিয়াম—১৮ × ২৬ ইঃ।

রয়েল—২০ × ২৩ ইঃ।

ডবল রয়েল—২৩ × ৪০ ইঃ।

সুপার রয়েল—২২ × ২৮ ইঃ।

ডবল সুপার রয়েল—২৮ × ৪৪ ইঃ।

ইম্পিরিয়েল—

২২ × ৩০ ইঃ

২২ × ৩২ ইঃ

ইংলণ্ডীয় ও ভারতীয় মুদ্রার তুলনা।

এক ফার্দ্দিঙে ৩ পাই, ৪ ফার্দ্দিঙে বা ১ পেনিতে ৴০, ১২ পেন্সে ১ শিলিং বা ৸০, ২০ শিলিংএ ১ পাউণ্ড বা ১ গিনিতে ১৫৲। ইংরাজী বাট্টা (এক্সচেঞ্জ) অনুসারে দর কম-বেশী হয়।

সুদকষা (একশত টাকার সুদ)

মাস	শত করা ৩৲ হিঃ	শত করা ৩॥০ হিঃ	শত করা ৪৲ হিঃ	শত করা ৪॥০ হিঃ	শত করা ৫৲ হিঃ
১	।০	।৮ পাঃ	।/৪ পাঃ	।৵০	।৵৮ পাঃ
২	॥০	॥/৪ পাঃ	॥৵৮ পাঃ	৸০	৶/৪ পাঃ
৩	৸০	৸৵০	১৲	১৵০	১।০

মাস মাহিনার দৈনিক বেতন হার

মাসিক বেতন	২৮ দিন			৩০ দিন			৩১ দিন		
টাকা	টাকা	আনা	পাই	টাকা	আনা	পাই	টাকা	আনা	পাই
১৲	০	০	৬	০	০	৬	০	০	৬
২৲	০	১	১	০	১	০	০	১	০
৩৲	০	১	৮	০	১	৭	০	১	৬
৪৲	০	২	৩	০	২	১	০	২	০
৫৲	০	২	১০	০	২	৮	০	২	৬
৬৲	০	৩	৫	০	৩	২	০	৩	১
৭৲	০	৪	০	০	৩	৮	০	৩	৭
৮৲	০	৪	৬	০	৪	৩	০	৪	১
৯৲	০	৫	১	০	৪	৯	০	৪	৭
১০৲	০	৫	৮	০	৫	৪	০	৫	১
১১৲	০	৬	৩	০	৫	১০	০	৫	৮
১২৲	০	৬	১০	০	৬	৪	০	৬	২
১৩৲	০	৭	৫	০	৬	১১	০	৬	৮
১৪৲	০	৮	০	০	৭	৫	০	৭	২
১৫৲	০	৮	৬	০	৮	০	০	৭	৮
১৬৲	০	৯	১	০	৮	৬	০	৮	৩
১৭৲	০	৯	৮	০	৯	০	০	৮	৯
১৮৲	০	১০	৩	০	৯	৭	০	৯	৩
১৯৲	০	১০	১০	০	১০	১	০	৯	৯
২০৲	০	১১	৫	০	১০	৮	০	১০	৩
২১৲	০	১২	০	০	১১	২	০	১০	১০
২২৲	০	১২	৬	০	১১	৮	০	১১	৪
২৩৲	০	১৩	১	০	১২	৩	০	১১	১০
২৪৲	০	১৩	৮	০	১২	১০	০	১২	৪
২৫৲	০	১৪	৩	০	১৩	৪	০	১২	১০
২৬৲	০	১৪	১০	০	১৩	১০	০	১৩	৫
২৭৲	০	১৫	৫	০	১৪	৪	০	১৩	১১

মাসিক বেতন	২৮ দিন			৩০ দিন			৩১ দিন		
২৮৲	১	০	০	০	১৪	১১	০	১৪	৫
২৯৲	১	০	৬	০	১৫	৬	০	১৪	১১
৩০৲	১	১	২	১	০	০	০	১৫	৫
৩১৲	১	১	৮	১	০	৬	১	০	০
৩২৲	১	২	৩	১	১	০	১	০	৬
৩৩৲	১	২	১০	১	১	৭	১	১	০
৩৪৲	১	৩	৫	১	২	১	১	১	৬
৩৫৲	১	৪	০	১	২	৮	১	২	০
৩৬৲	১	৪	৬	১	৩	২	১	২	৬
৩৭৲	১	৫	১	১	৩	৮	১	৩	১
৩৮৲	১	৫	৮	১	৪	৩	১	৩	৭
৩৯৲	১	৬	৩	১	৪	৯	১	৪	২
৪০৲	১	৬	১০	১	৫	৪	১	৪	৭
৪১৲	১	৭	৫	১	৫	১০	১	৫	১
৪২৲	১	৮	০	১	[illegible]	৪	১	৫	৮
৪৩৲	১	৮	৫	১	[illegible]	১১	১	৬	২
৪৪৲	১	৯	১	১	[illegible]	৫	১	৬	৮
৪৫৲	১	৯	৮	১	৮	০	১	৭	২
৪৬৲	১	১০	৩	১	৮	৭	১	৭	৮
৪৭৲	১	১০	১০	১	৯	১	১	৮	৩
৪৮৲	১	১১	৫	১	৯	৭	১	৮	৯
৪৯৲	১	১২	০	১	১০	১	১	৯	৩

মাসিক বেতন	২৮ দিন			৩০ দিন			৩১ দিন		
টাকা	টাকা	আনা	পাই	টাকা	আনা	পাই	টাকা	আনা	পাই
৫০৲	১	১২	৬	১	১০	৮	১	৯	৯
৫১৲	১	১৩	১	১	১১	২	১	১০	৩
৫২৲	১	১৩	৮	১	১১	৮	১	১০	১০
৫৩৲	১	১৪	৩	১	১২	৩	১	১১	৪
৫৪৲	১	১৪	১০	১	১২	১০	১	১১	১০
৫৫৲	১	১৫	৫	১	১৩	৪	১	১২	৪
৫৬৲	২	০	০	১	১৩	১০	১	১২	১০
৫৭৲	২	০	৬	১	১৪	৪	১	১৩	৫
৫৮৲	২	১	১	১	১৪	১১	১	১৩	১১
৫৯৲	২	১	৮	১	১৫	৫	১	১৪	৫
৬০৲	২	২	৩	২	০	০	১	১৪	১১
৬১৲	২	২	১০	২	০	৬	১	১৫	৫
৬২৲	২	৩	৫	২	১	০	২	০	০
৬৩৲	২	৪	০	২	১	৭	২	০	৬
৬৪৲	২	৪	৭	২	২	১	২	১	০
৬৫৲	২	৫	১	২	২	৮	২	১	৬
৬৬৲	২	৫	৮	২	৩	২	২	২	১
৬৭৲	২	৬	৩	২	৩	৯	২	২	৬
৬৮৲	২	৬	১০	২	৪	৩	২	৩	০
৬৯৲	২	৭	৫	২	৪	১০	২	৩	৬
৭০৲	২	৮	০	২	৫	৪	২	৪	০
৭১৲	২	৮	৭	২	৫	১০	২	৪	৭
৭২৲	২	৯	১	২	৬	৫	২	৫	১
৭৩৲	২	৯	৮	২	৬	১১	২	৫	৮
৭৪৲	২	১০		২	৭	৬	২	৬	২
৭৫৲	২	১০	১০	২	৮	০	২	৬	৯
৭৬৲	২	১১	৫	২	৮	৬	২	৭	৬
৭৭৲	২	১২	০	২	৯	১	২	৭	৯
৭৮৲	২	১২	৭	২	৯	৭	২	৮	০
৭৯৲	২	১৩	২	২	১০	২	২	৮	৯
৮০৲	২	১৩	৯	২	১০	৮	২	৯	৩

বাংলা ওজনের ইংরাজী পরিমাণ

বাংলা ওজন	ইংরাজী ওজনের যত হয়			
	কোয়াটার	পাউণ্ড	আউন্স	ড্রাম
/১ সের	,,	২	,,	১৫
/২ সের	,,	৪	১	১৩
/৩ সের	,,	৬	২	১২
/৪ সের	,,	৮	৩	১০
/৫ সের	,,	১০	৪	৯
।০ সের	,,	২০	৯	২
।৫ সের	১	২	১৩	১১
॥০ সের	১	১৩	২	৪
॥৫ সের	১	২৩	৬	১৪
৸০	২	৫	১১	৭
৸৫	২	১৬	১১	৭
১/০	২	১৬	৪	৯

ইংরাজী ওজনের বাংলা পরিমাণ

ইংরাজী ওজন	বাংলা ওজনে যত হয় (৮০ তোলায় সের)					
	মণ	সের	ছটাঃ	তোঃ	আনা	গণ্ডা
১ আউন্স	”	”	”	২	।৵০	১৮
৩ আউন্স	”	”	/০	২	।০	১৪
৮ আউন্স	”	”	৶০	৪	।৶০	২
১২ আউন্স	”	”	।/০	৪	৵০	১৩
১ পাউণ্ড	”	”	।৶০	৩	৸৵০	৪
৩ পাউণ্ড	”	/১	।৶০	১	॥৵০	১৩
১৪ পাউণ্ড	”	/৬	৸০	৪	।৶০	২
১ কোয়ার্টার বা ২৮ পাঃ	”	।৩	॥/০	১	৸৵০	৪
২ কোয়ার্টার		॥৭	৶০	২	৸০	৮
১ হন্দর	১/০	।৪	৶০	২	॥০	১৮
৪ হন্দর	৫/০	।৭	৸০	২	৶০	১১
১০ হন্দর	১৩/০	॥৪	।৶০	২	॥০	১৮
১ টন	২৭/০	/৮	৸৵০	১	/০	১৫

১৯৩৮ সালের ভারতীয় বীমা আইন
(India Act IV of 1938)

১৯৩৮ সালের নূতন বীমা আইন ১৯৩৮ ২৬শে ফেব্রুয়ারী গভর্ণর-জেনারেলের সম্মতি লাভ করে এবং ৫ই মার্চ্চ তারিখে উহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হয়। এই আইন দ্বারা বীমা প্রতিষ্ঠানগুলির ভিত্তি সুদৃঢ় করা হইয়াছে এবং ইনসিওরেন্স এজেন্টগণের এবং বীমাকারীগণেরও স্বার্থ যাহাতে সুরক্ষিত হয় সে বিষয়ে বিশেষ ব্যবস্থা করা হইয়াছে। এই আইনের প্রয়োজনীয় বিধানগুলির মর্ম্ম আমরা সংক্ষেপে নিম্নে লিপিবদ্ধ করিলাম।

[অনুবাদে **বীমাকারক** বলিতে বীমা-ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং **বীমাকারী** বলিতে যে জীবন বা সম্পত্তি-আদি বীমা করে তাহাকে বুঝিতে হইবে]

৭ ধারা—টাকা জমা দেওয়ার বিধান। প্রত্যেক বীমাকারক Reserve Bank of Indiaর যে কোন আফিসে গভর্ণমেণ্টের জন্য নগদ অথবা আইন-অনুমোদিত সিকিউরিটি দ্বারা নিম্নলিখিতরূপে টাকা জমা দিতে হইবে :—

(ক) যে স্থলে কেবলমাত্র জীবনবীমা ব্যবসা করা হয় সে স্থলে ২০০,০০০ দুই লক্ষ টাকা।

(খ) অগ্নিবীমা স্থলে ১৫০০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা।

(গ) সমুদ্র-বীমার স্থলে ১৫০০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা।

(ঘ) আকস্মিক বিপদ ও অন্যান্য বীমা, মজুরদের ক্ষতিপূরণ বীমা ও মটরগাড়ী বীমা—১৫০০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা।

(ঙ) জীবন বীমা এবং (খ), (গ), (ঘ) এর কোন একটির জন্য তিন লক্ষ টাকা, ইহার মধ্যে দুই লক্ষ জীবনবীমার জন্য জমা থাকিবে।

(চ) জীবন-বীমা এবং (খ), (গ), (ঘ) ইহার কোন দুইটির জন্য চারিলক্ষ টাকা (ইহার মধ্যে দুই লক্ষ জীবন-বীমার জন্য।)

(ছ) জীবন-বীমা এবং (খ), (গ), (ঘ) এই সমস্ত কার্য্যের জন্য চারি লক্ষ পঞ্চাশ হাজার টাকা (তন্মধ্যে জীবন-বীমার জন্য দুই লক্ষ।)

(জ) জীবন-বীমা ছাড়া (খ), (গ), (ঘ)—ইহার কোন দুইটি—আড়াই লক্ষ।

(ঝ) জীবন-বীমা ছাড়া—(খ), (গ), (ঘ)—এই তিনটির জন্য ৩½ লক্ষ।

(ঞ) দেশীয় ছোট ছোট জাহাজ ও মালামালের বীমা কার্য্যের জন্য—দশ হাজার টাকা মাত্র।

৮ ধারা—জমার টাকা রিজার্ভ রাখার কথা। ১। ৭ ধারা অনুসারে যে টাকা জমা দেওয়া যায় তাহা বীমাকারকের সম্পত্তি বলিয়া গণ্য হইবে। কিন্তু উহা হস্তান্তরিত বা কোনরূপ দায়াবদ্ধ করা যাইবে না।

২। **পলিসি-হোল্ডারদের স্বার্থরক্ষা** ঐ জমার টাকা বীমার পলিসি বাবদ দেনা ছাড়া অন্য কোনরূপ দেনা শোধ করার জন্য পাওয়া যাইবে না। ঐ জমার টাকা কেবল মাত্র বীমাপত্রের দাবীর জন্য দায়ী হইবে।

২৭ ধারা। ৫৫%. গবর্নমেণ্ট সিকিউরিটিতে খাটাইতে হইবে—বীমাকারীদের বীমাপত্রের মেয়াদ উত্তীর্ণ হইয়া যে সমস্ত দাবী উত্থাপিত হইবে তাহার শতকরা ৫৫ ভাগ টাকা সর্ব্বদা নিম্নলিখিত ভাবে খাটাইবে এবং এরূপভাবে খাটান টাকার সম্পত্তি সর্ব্বদা মজুত রাখিবে।

শতকরা ২৫ ভাগ গভর্ণমেণ্ট সিকিউরিটিতে, শতকরা ৩০ ভাগ গভর্নমেণ্ট সিকিউরিটিতে অথবা অন্যান্য অনুমোদিত সিকিউরিটিতে।

এই সিকিউরিটি সম্বন্ধে আরো নানারূপ উপবিধান আছে (২৭ ধারা ১।২।৩।৪ দ্রষ্টব্য)।

২৯ ধারা। টাকা ধার দেওয়ার বাধা—কোন বীমা কোম্পানী তাহার ডিরেক্টার, ম্যানেজার, ম্যানেজিং এজেণ্ট, একচুয়ারী অডিটার অথবা কোন কর্ম্মচারীকে অথবা ঐ বীমা-কারবারের কোন অংশীদারকে টাকা ধার অথবা সাময়িক অ্যাড্‌ভান্স দিতে পারিবে না।

৩২ ধারা—ম্যানেজিং এজেন্সি প্রথা বাতিল। ১। কোনও বীমাকারক প্রতিষ্ঠান এই আইন প্রবর্ত্তনের পর তাহার ব্যবসা পরিচালনের জন্য ম্যানেজিং এজেণ্ট নিযুক্ত করিতে পারিবে না।

২।৩। বর্ত্তমানে যাহারা ম্যানেজিং এজেণ্ট আছেন, তাহারা তিন বৎসরের পর পদচ্যুত হইবেন। ম্যানেজিং এজেণ্টরূপে কার্য্যের জন্য মাসিক দুই হাজার টাকার অধিক লইতে পাইবেন না।

৩৩ ধারা। গভর্ণমেণ্টের তদন্তকারীর ক্ষমতা—যদি সুপারিণ্টেডেণ্ট অব ইনসিওরেন্স এর এরূপ বিশ্বাস করিবার কারণ ঘটে যে কোন বীমাকারকের বীমা-কারীগণের স্বার্থ বিপন্ন হইয়াছে, অথবা বীমাকারক তাহার দায় শোধ করিতে পারিতেছে না, অথবা এই আইনের বিধান-বিরুদ্ধ কোন কার্য্য করিয়াছে বা করিতে উদ্যত হইয়াছে,

অথবা যদি এই সম্বন্ধে কোন কোম্পানী অন্যূন দশ ভাগের এক ভাগ অংশীদার (যাহাদের মোট মূলধনের এক-দশমাংশ অংশ আছে) অথবা অন্যূন ৫০ জন বীমাকারী যাহাদের বীমা তিন বৎসর যাবৎ চলিতেছে এবং যাহাদের বীমার মোট মূল্য ৫০ হাজার টাকা—তাহারা যদি এফিডেভিট্ দাখিল করিয়া দাবী করেন, তবে বীমাকারককে নোটিশ দিয়া এ দাবীর তদন্তের জন্য এক এডিটর বা একচুয়ারী বা উভয় নিযুক্ত করিতে পারিবেন। এই তদন্তের দ্বারা কোনও ত্রুটি প্রকাশ পাইলে এবং সুপারিণ্টেণ্ডেণ্ট অব ইনসিওরেন্স তাহা সংশোধন করিবার নির্দ্দেশ দিলে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা সম্পন্ন করিতে হইবে—

তাহা না করিলে অথবা বীমাকারীদের স্বার্থরক্ষার জন্য আবশ্যক বোধ করিলে সুপারিণ্টেণ্ডেণ্ট বীমাকারীকে নোটিশ দিয়া ব্যবসা উঠাইবার জন্য দরখাস্ত করিতে পারিবেন।

৩৮ ধারা—বীমাপত্রের দান ও হস্তান্তরের কথা। (১) বীমাপত্র দান বা হস্তান্তর করিতে হইলে তাহা বীমাপত্রের উপর লিখিয়া অথবা ভিন্ন দলিলদ্বারা করা যাইবে। তাহাতে হস্তান্তর-কারীর বা তাহার প্রতিনিধির দস্তখৎ থাকিবে এবং একজন সাক্ষীর দস্তখৎ থাকিবে এবং হস্তান্তর বিবরণ লিখিত থাকিবে।

(২) কিন্তু এই হস্তান্তরের নোটীশ বীমাকারকের প্রধান আফিসে না দিলে বীমাকারকের বিরুদ্ধে উক্ত বীমার প্রাপ্য টাকার জন্য কোন মোকদ্দমা করা যাইবে না।

(৩) এই মনোনয়ন পলিশির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্ব্বে যে কোন সময় বাতিল করা যাইবে। একের অধিক দাবী বা নোটীশ হইলে যাহার নোটীশের তারিখ পূর্ব্বে হইবে তাহারে দাবীই অগ্রগণ্য হইবে।

(৪) বীমাকারক উক্তরূপ নোটীশ পাইয়া এক টাকার অনধিক চাঁদা গ্রহণ করিয়া নোটীশ প্রাপ্তি স্বীকার করিবে। এই প্রাপ্তিস্বীকার পত্রই বীমাকারকের বিরুদ্ধে অকাট্য প্রমাণ।

৩৯ধারা—বীমাকারীর মনোনয়ন। (১) বীমাকারী বীমা করার সময়ে অথবা টাকা পাওয়ায় পূর্ব্বে কোনও এক বা একাধিক লোককে মনোনীত করিতে পারিবে। তিনি বা তাহাদের নিকট বীমাকারীর মৃত্যু হইলে টাকা দেওয়া যাইবে।

(২) এইরূপ মনোনয়ন বীমাপত্রের উপর এনডোর্স করিতে হইবে এবং উহা পলিসির রেজেষ্টারীতে রেকর্ড করিবার জন্য বীমা-কারককে জানাইতে হইবে।

(৩) এই এনডোসমেণ্ট রেজেষ্ট্রী করার জন্য বীমাকারক এক টাকার অনধিক ফিস্ দাবী করিতে পারিবে না।

(৪) ৩৮ ধারার বিধানমতে হস্তান্তর বা দান হইলে মনোনয়ন বাতিল হইবে।

(৫) বীমাকারীর জীবিতকালে এবং টাকা পাওয়ার পূর্ব্বে যদি মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ সকলেই মারা যায় তবে ঐ টাকা বীমাকারী অথবা তাহার ওয়ারীশানগণ পাইবে।

(৬) যদি মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের পূর্ব্বে বীমাকারীর মৃত্যু হয়, তবে পলিসির টাকা মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণকে দেওয়া হইবে।

(৭) যে স্থানে ১৮৭৪ সালের বিবাহিতা স্ত্রীলোকের সম্পত্তি বিষয়ক আইনের ৬ ধারা খাটে সেস্থলে এই আইনের ব্যবস্থা খাটিবে না।

৪১ ধারা—রিবেট প্রথা নিষেধ। কোন লোক প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে বীমা করাইবার প্ররোচনা দেওয়ার জন্য সম্পূর্ণ কমিশন বা তাহার কোন অংশ যাহা তাহার প্রাপ্য তাহা বাদ দিতে পারিবে না অথবা বীমাকারকের প্রচারিত বিবরণপত্রে যাহা আছে তাহা ছাড়া বীমাপত্র গ্রহণ করার জন্য বা পুনরুদ্ধারের জন্য কোন প্রকারের রিবেট গ্রহণ করিতে পারিবে না।

৪৫ ধারা—সামান্য ভুল বা মিথ্যার জন্য পলিসিতে দোষ বর্ত্তিবে না। বীমাপত্রের তারিখ হইতে দুই বৎসর পরে এমন কোন অজুহাত চলিবেনা যে প্রপোজাল, মেডিকাল রিপোর্ট বেকারী

অথবা বীমাকারীর বন্ধুর রিপোর্ট বা অন্য কোন দলিল যাহা দৃষ্টে পলিসি ইস্যু করা হইয়াছে, তাহা নির্ভুল নহে বা মিথ্যা, যদি বা বীমাকারক দেখাইতে পারে যে উহা মূল্যবান প্রয়োজনীয় বিষয় এবং বীমাকারী জ্ঞাতসারে প্রতারণার জন্যই এইরূপ উক্তি করিয়াছে।

[পূর্ব্বে এই সকল সামান্য ভুলের জন্যও পলিশি বাতিল হইতে পারিত, এই বিধানে তাহা সম্ভবপর নহে।]

৪৭ ধারা—৯মাস মধ্যে পলিসির টাকা দেয়।

কোন জীবনবীমার টাকা দেওয়ার সময় যদি বীমাকারক দেখিতে পায় যে নানারূপ বিরুদ্ধ দাবী উপস্থিত করা হইতেছে, অথবা দাবী-কারকের স্বত্ব প্রমাণিত হয় নাই, অথবা অন্য কোন যথেষ্ট কারণে অন্য কোন ভাবে টাকা দেওয়ার দায়িত্ব হইতে নিষ্কৃতি পাওয়া যায় না, তবে বীমাপত্রের সময় উত্তীর্ণ হওয়ার তারিখ হইতে নয় মাস পরে বীমা-কারক আদালতে টাকা জমা দেওয়ার জন্য দরখাস্ত করিবে।

(২) আদালত হইতে ঐরূপ টাকা জমার রসিদ পাইলে বীমা-কারকের দায় সন্তোষজনকভাবে মুক্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এইরূপ দরখাস্তে বীমাকারীর নাম, ঠিকানা ইত্যাদি ও উপধারায় লিখিত বিবরণ সহ এফিডেভিট্ ক্রমে দরখাস্ত করিতে হইবে।

(৪) পলিসি ম্যাচিওর (mature) হওয়ার সময় হইতে ছয় মাসের পূর্ব্বে এরূপ কোন দরখাস্ত করিলে আদালত তাহা গ্রহণ করিবেন না।

(৫,৬,৭,৮,) আদালত ঐ টাকা গভর্ণমেণ্ট সিকিউরিটিতে রাখিবেন এবং দাবীদারগণকে নোটিশ দিবেন এবং এই সম্পর্কে সকল প্রশ্নের মীমাংসা করিবেন।

---

৪৮ ধারা—বীমাকারীগণের মনোনীত চতুর্থাংশ ডিরেক্টর

বীমাকারক কোম্পানী ১৯১৩ সনের ভারতীয় কোম্পানীর আদেশ অনুসারে গঠিত হইলে, তাহার পরিচালক সমিতির চতুর্থাংশ সভ্য এইরূপ হইবে যাহাদের সভ্য হইবার যোগ্যতা আছে এবং ঐ কোম্পানীতে বীমা করা আছে। উক্ত সভ্যগণকে বীমাকারিগণ যথাবিধি ভার দিয়া মনোনীত করিবেন।

৫১ ধারা—প্রস্তাবপত্র ও রিপোর্টের নকল পাওয়ার কথা

বীমাকারী দরখাস্ত করিলে এবং তৎসহ ন্যায্য ফিস্ দিলে (এক টাকার অনধিক) প্রস্তাবপত্রে ও ডাক্তারী রিপোর্টে যে সকল প্রশ্ন করা হইয়াছিল এবং তাহার যে সকল উত্তর দেওয়া হইয়াছিল সে সকল অবিকল নকল বীমাকারক বীমাকারীকে দিবেন।

বাংলায় ব্যাঙ্ক

এসোসিয়েটেড ব্যাঙ্ক অব ত্রিপুরা লিঃ—গঙ্গাসাগর, এ, বি, আর।

ব্যাঙ্ক অব এশিয়া লিঃ—৩ এবং ৪ হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।

ব্যাঙ্ক অব ক্যালকাটা লিঃ—২৬, ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা।

ব্যাঙ্ক অব কমার্শ লিঃ—১২, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

বেঙ্গল ব্যাঙ্ক লিঃ—অরিয়েণ্টাল বিল্ডিংস, ২, ক্লাইভ রো, কলিকাতা।

বেঙ্গল সেণ্ট্রাল ব্যাঙ্ক লিঃ—৮৬, ক্লাইভ ষ্ট্রিট, কলিকাতা।

ক্যালকাটা সিটি ব্যাঙ্ক লিঃ—১১, হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।

ক্যালকাটা কমার্শিয়েল ব্যাঙ্ক লিঃ—১৪, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ক্যালকাটা ন্যাশনাল ব্যাঙ্ক লিঃ—ক্লাইভ রো, কলিকাতা

ক্যালকাটা পিপলস্ ব্যাঙ্ক লিঃ—১২, ডালহৌসি স্কোয়ার, ইষ্ট, কলিকাতা

সেণ্ট্রাল ক্যালকাটা ব্যাঙ্ক লিঃ—৩, হেয়ার ষ্ট্রীট, কলিকাতা

চাঁদপুর সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ—চাঁদপুর, ত্রিপুরা

চট্টগ্রাম সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক—চট্টগ্রাম

চট্টগ্রাম লোন কোং লিঃ—চট্টগ্রাম

সিটি কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ—৮, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

কুমিল্লা ব্যাঙ্কিং কর্পোরেশন লিঃ—কুমিল্লা

কুমিল্লা ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ—কুমিল্লা

কমরেড্ ব্যাঙ্ক লিঃ—১৫, ক্লাইভ রো, কলিকাতা

কন্টিনেণ্টাল ব্যাঙ্ক অব এশিয়া লিঃ—১০২।১ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

কো-অপারেটিভ ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক—কুমিল্লা

কো-অপারেটিভ লেণ্ড মরট্গেজ ব্যাঙ্ক—ময়মনসিংহ

ঢাকা ফেডারেল ব্যাঙ্ক লিঃ—ভিক্টোরিয়া পার্ক সাউথ, ঢাকা

দার্জ্জিলিং ব্যাঙ্ক লিঃ—২, কমার্শিয়াল বিলডিংস্, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ইষ্টবেঙ্গল ব্যাঙ্ক লিঃ—কুমিল্লা

ইষ্ট বেঙ্গল কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ—ময়মনসিংহ

ইষ্টার্ণ ব্যাঙ্ক লিঃ—৯, ক্লাইভ ষ্ট্রীট কলিকাতা

ইষ্টার্ণ কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ—ষ্টেশন রোড, চট্টগ্রাম।

ইষ্টার্ণ ন্যাসনাল ব্যাঙ্ক লিঃ—১০, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ইষ্টার্ণ ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ—চট্টগ্রাম

এমপ্লইস্ ব্যাঙ্ক লিঃ—খুলনা

ফেডারেটেড কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ—৯, ক্লাইভ রো, কলিকাতা

গিরিশ ব্যাঙ্ক লিঃ—২১-এ ক্যানিং ষ্ট্রিট, কলিকাতা

গ্রেট ইণ্ডিয়ান ব্যাঙ্ক লিঃ—২২, আর জি কর রোড, কলিকাতা

হুগলী ব্যাঙ্ক লিঃ—৪৩, ধর্ম্মতলা ষ্ট্রীট কলিকাতা

ইম্পিরিয়েল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া—৩, ষ্ট্র্যাণ্ড রোড (সাউথ), কলিকাতা

কার্ত্তিকপুর ব্যাঙ্ক লিঃ—৯৭, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

খুলনা ব্যাঙ্কিং করর্পোরেশন—খুলনা।

খুলনা কায়স্থ ব্যাঙ্ক লিঃ—খুলনা।

লয়েল ব্যাঙ্ক লিঃ—চাঁদপুর।

লক্ষ্মী ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক লিঃ—৮৪, চৌরঙ্গী রোড, কলিকাতা।

মারকেনটাইল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া লিঃ—৮, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

মহালক্ষ্মী ব্যাঙ্ক লিঃ—চট্টগ্রাম।

ময়মনসিং ব্যাঙ্ক অব কমার্শ এণ্ড ইণ্ডাষ্ট্রীস্ লিঃ—১৩৫, প্রিনসিপ ষ্ট্রীট, কলিকাতা।

নাথ ব্যাঙ্ক লিঃ—১৩৫, ক্যানিং ষ্ট্রীট কলিকাতা।

ন্যাশান্যাল মারকেনটাইল ব্যাঙ্ক লিঃ—১৪, হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।

নিউ বেঙ্গল ব্যাঙ্ক লিঃ—১০, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

নিউ ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ—কুমিল্লা।

নোয়াখালি ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ—২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

নর্থ বেঙ্গল ব্যাঙ্ক—রংপুর।

পাইওনিয়ার ব্যাঙ্ক লিঃ—কুমিল্লা, কলিকাতা।

প্রবর্ত্তক ব্যাঙ্ক লিঃ—১৩।২ ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট, কলিকাতা।

প্রুডেনসিয়াল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া লিঃ—২৯নং ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা।

রায়কত ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক—জলপাইগুড়ি।

রাজস্থান ব্যাঙ্ক লিঃ—১০২।১ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

সোনার বাংলা ব্যাঙ্ক লিঃ—১৩৭, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

সাউদার্ন ব্যাঙ্ক লিঃ—১৪, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা)

ত্রিপুরা মডার্ণ ব্যাঙ্ক লিঃ—আখাউরা, ত্রিপুরা।

ইউনিয়ন ব্যাঙ্ক অব বেঙ্গল লিঃ—৮ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

বাংলায় বীমা কোম্পানী

আর্য্যস্থান ইন্‌সিওরেন্স কোং লিঃ—২, ডালহৌসী স্কোয়ার, কলিকাতা।

আর্য্য ইন্‌সিওরেন্স কোং লিঃ—২, লায়ন্স রেঞ্জ কলিকাতা।

এসিয়া মিউচুয়েল ইন্‌সিওরেন্স কোং লিঃ—৭, রাধাবাজার লেন, কলিকাতা।

বেঙ্গল কো-অপারেটিভ্ ইন্‌সিওরেন্স সোসাইটী লিঃ—১০২।১ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

বেঙ্গল ইন্‌সিওরেন্স এণ্ড রিয়েল প্রোপারটী কোং লিঃ—২, চার্চ্চ লেন, কলিকাতা।

বেঙ্গল মারকেন্‌টাইল লাইফ্‌ ইন্‌সিওরেন্স কোং লিঃ—১, মিশন রো, কলিকাতা।

ভাগ্যলক্ষ্মী ইন্‌সিওরেন্স লিঃ—৩।১, মেঙ্গোলেন্‌, কলিকাতা।

কলিকাতা ইন্‌সিওরেন্স লিঃ—৮৬, ক্লাইভ ষ্টীট, কলিকাতা।

ডমিনিয়ান ইন্সিওরেন্স কোং লিঃ—১৬, মেঙ্গোলেন, কলিকাতা।

ইষ্টার্ণ ফেডারেল ইউনিয়ন ইন্‌সিওরেন্স কোং লিঃ—৯, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ইষ্টার্ণ নেশনেল ইন্‌সিওরেন্স কোং লিঃ—১২, ডালহৌসি স্কোয়ার, ইষ্ট, কলিকাতা।

ইষ্ট ইণ্ডিয়া ইন্‌সিওরেন্স কোং লিঃ—১০, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

জেনুইন্‌ ইন্‌সিওরেন্স কোং লিঃ—১০০, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

দি হিমালয় ইন্‌সিউরেন্স কোং লিঃ—১৫, চিত্তরঞ্জন এভেনিউ, কলিকাতা।

দি হিন্দু মিউচুয়েল লাইফ্‌ এসিওরেন্স লিঃ—১৪ ম্যাডেন ষ্ট্রীট, সাউথ্‌ কলিকাতা।

হিন্দুস্থান কো-অপারেটিভ. ইন্‌সিউরেন্স সোসাইটি লিঃ—
৬৫এ সুরেন্দ্রনাথ বানার্জ্জি রোড, কলিকাতা।

হুকুমচাঁদ লাইফ্ এসিওরেন্স কোং লিঃ—৩০ ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ইণ্ডিয়া ইকুইটেবল্ ইন্‌সিওরেন্স কোং লিঃ—১০২, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ইণ্ডিয়ান ইনকমিকইন্‌সিওরেন্স কোং লি ঃ—ক্লাইভ ষ্ট্রীট।

জাতীয় কল্যাণ ইন্‌সিওরেন্স সোসাইটি লিঃ—৯, এস্‌প্লেনড ইষ্ট, কলিকাতা।

লাইট অব্ এসিয়া ইন্‌সিওরেন্স কোং লি ঃ—২, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা।

মহাবীর ইন্‌সিওরেন্স কোং লিঃ—৫, রয়েল একস্‌চেঞ্জ প্লেইস, কলিকাতা।

মেট্রপলিটন ইন্‌সিওরেন্স কোং লিঃ—২৮, পলক ষ্ট্রীট্, কলিকাতা।

ন্যাসনেল ইণ্ডিয়ান্ লাইফ্ ইন্‌সিওরেন্স কোং লিঃ—১২, মিশনরো, কলিকাতা।

ন্যাসনেল্ ইনসিওরেন্স্ কোং লিঃ—৭, কাউন্সিল হাউস্ ষ্ট্রীট, কলিকাতা।

ন্যাসনেল্ মারকেন্‌টাইল্ ইন্‌সিওরেন্স কোং লিঃ—৮, কেনিং ষ্ট্রীট, কলিকাতা।

প্রবর্ত্তক ইন্‌সিওরেন্স কোং লিঃ—১৩/২, ওল্ড কোর্ট হাউস্ ষ্ট্রীট, কলিকাতা।

রেডিকেল ইন্‌সিওরেন্স কোং লিঃ—২৯, ডালহৌসি স্কোয়ার, কলিকাতা।

রাজস্থান ইন্‌সিওরেন্স কোং লিঃ—১২, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ইউনিক এস্যিরেন্স কোং লিঃ—১০, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

চতুর্থ ভাগ

স্বাস্থ্য-তত্ত্ব

খাদ্য-বিজ্ঞান

স্বাস্থ্যই সকল সুখের মূল। কিন্তু স্বাস্থ্যরক্ষা সম্বন্ধে প্রয়োজনীয় সাধারণ জ্ঞানও অনেকেরই নাই। ব্যাধি হইলে ঔষধ সেবনের প্রয়োজনীয়তা সকলেই বোধ করেন কিন্তু ব্যাধি যাহাতে না হয় সে উপায় অবলম্বনে অনেকেই উদাসীন। অথচ সেইটিই বিশেষ প্রয়োজনীয়।

আজকাল বৈজ্ঞানিক আলোচনা ও গবেষণার ফলে স্বাস্থ্য-বিজ্ঞানের অনেক উন্নতি হইয়াছে। বিশেষতঃ খাদ্যাখাদ্য নির্ণয়ের অনেক নূতন তত্ত্ব পরীক্ষিত ও আবিষ্কৃত হইয়াছে। শিক্ষিত ব্যক্তি মাত্রেরই সে সকলের সহিত পরিচিত হওয়া আবশ্যক। বাঙ্গালীর খাদ্য ও উহার প্রয়োজনীয় সংস্কার সম্বন্ধে বিশেষজ্ঞগণ অনেক পরীক্ষা করিয়া যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, আমরা এ স্থলে তাহাই সংক্ষেপে বলিব।

এই সকল বিষয় ভালরূপ বুঝিতে হইলে জড়বিজ্ঞান ও দেহ-বিজ্ঞান সম্বন্ধে অল্পবিস্তর জ্ঞান থাকা আবশ্যক। প্রথমে সেই সকল কথা সাধারণ ভাবে বলিতেছি।

খাদ্যের উপাদান-পদার্থ—একথার অর্থ কি ?

আমাদের শরীরে অস্থি মাংস আদি বিভিন্ন পদার্থ আছে। এইগুলি বিভিন্ন উপাদানে গঠিত। সুতরাং শরীর রক্ষার জন্য আমরা যে খাদ্য গ্রহণ করি তাহাতেও ঐ সকল উপাদান পদার্থ থাকা প্রয়োজন।

এ স্থলে উপাদান পদার্থ শব্দের অর্থ কি সেটি বুঝা উচিত। পদার্থ মাত্রেই দুই প্রকার—মূল পদার্থ (elements) ও যৌগিক পদার্থ (compounds)। যে পদার্থ রাসায়নিক বিশ্লেষণ করিলে তাহাতে একাধিক

অন্য পদার্থ পাওয়া যায় না, তাহাই মূল পদার্থ। যেমন, স্বর্ণ, রৌপ্য, লৌহ, গন্ধক, অক্সিজেন, হাইড্রোজেন, নাইট্রোজেন ইত্যাদি।

দুই বা ততোধিক মূল পদার্থ রাসায়নিক প্রক্রিয়াতে মিলিত হইয়া যে ভিন্ন ধর্ম্মাক্রান্ত নূতন পদার্থের সৃষ্টি করে, তাহা যৌগিক পদার্থ; যেমন, জল, প্রস্তর, উদ্ভিদ ইত্যাদি।

আমাদের দেশে প্রাচীনগণ পাঁচটি মূল পদার্থের কথা বলিয়াছেন, ইহাকে বলে পঞ্চভূত—ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম। দেহটা যখন এই পঞ্চভূতে মিশিয়া যায় তখন তাহাকে 'পঞ্চত্ব' পাওয়া বলে। কিন্তু প্রকৃতপক্ষে এ গুলি মূল পদার্থ নহে। মৃত্তিকা, জল, বায়ু যৌগিক পদার্থ। পাশ্চাত্য বিজ্ঞানে মূল পদার্থ ৯২টি এ পর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে। তন্মধ্যে প্রায় ১৫টি আমাদের দেহ-গঠনে প্রয়োজনীয়। ইহাদের মধ্যে আবার—কার্ব্বন (অঙ্গার), হাইড্রোজেন (জলজান), অক্সিজেন (অম্লজান), নাইট্রোজেন, গন্ধক, ফসফরাস ইত্যাদি কয়েকটি মূল পদার্থের অংশই বেশী।

এই মূল পদার্থগুলির সংযোগে নানারূপ যৌগিক পদার্থের উৎপত্তি হয়। তন্মধ্যে কয়েকটি জীব ও উদ্ভিদের দেহ-গঠনের ও দেহ-রক্ষার কার্য্য করে। এই গুলিকেই দেহের উপাদান-পদার্থ বলে। পণ্ডিতগণ এই উপাদান-পদার্থ গুলিকে ছয় শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। দেহ রক্ষার্থ আমাদের খাদ্যে এই ছয় শ্রেণীর উপাদান থাকা প্রয়োজন। সেই ছয় শ্রেণীর উপাদান-পদার্থের নাম এই—

১। শ্বেতসার- শর্করা-জাতীয়—(কার্ব্বো-হাইড্রেট carbo-hydrate).

২। স্নেহ-জাতীয়—(ফ্যাট, Fat).

৩। আমিষ বা ছানা জাতীয় (প্রোটিন, Protien).

৪। লবণ জাতীয়—(Salt).

৫। ভাইটামিন—(খাদ্যপ্রাণ, Vitamin).

৬। জল (Water).

এই উপাদান গুলি পূর্ব্বোক্ত কার্ব্বন, হাইড্রোজেন ইত্যাদি মূল পদার্থের সংযোগে গঠিত। যে খাদ্যে যে জাতীয় উপাদান পদার্থ বেশী থাকে তাহাকে সেই জাতীয় খাদ্য বলা হয়। যেমন শর্করা-জাতীয়, আমিষ-জাতীয় খাদ্য ইত্যাদি। বিভিন্ন জাতীয় খাদ্যে শরীরের বিভিন্ন উপাদান নির্ম্মাণ করে, একজাতীয় খাদ্যে তাহা হয় না। এই জন্য আমাদের মিশ্র খাদ্য গ্রহণ করা দরকার। একমাত্র দুগ্ধে সকল জাতীয় উপাদানই উপযুক্ত পরিমাণ আছে, এই হেতু শিশুরা কেবল দুগ্ধ খাইয়াই বাঁচিয়া থাকে, কিন্তু পূর্ণ বয়স্কের পক্ষে কেবল দুগ্ধ খাইয়া দেহ রক্ষা করিতে হইলে অনেক বেশী পরিমাণ গ্রহণ করিতে হয়, এবং তাহাতে কোন কোন উপাদান প্রয়োজনের অতিরিক্ত হইয়া পড়ে। এক্ষণে এই বিভিন্ন জাতীয় খাদ্যের কোন্‌টির কি গুণ তাহা সংক্ষেপে বলিতেছি।

১। শর্করা-শ্বেতসার জাতীয় খাদ্য—
(কার্ব্বোহাইড্রেট)

কার্ব্বোহাইড্রেট শব্দের অর্থ এই যে কার্ব্বনের সহিত হাইডর বা জলের সংযোগে ইহার উৎপত্তি। চাউল, ময়দা, বার্লি ইত্যাদির স্বাদহীন শ্বেতবর্ণ পদার্থকে শ্বেতসার এবং গুড়, চিনি ইত্যাদিকে শর্করা বলে, ইহা সকলেই জানেন। কিন্তু বৈজ্ঞানিকগণ এই উভয়কেই এক জাতীয় খাদ্য বলিয়াই গণ্য করেন। কারণ, শর্করা হইতেই উদ্ভিদগণ শ্বেতসার প্রস্তুত করে, কচিধানের দুধ, ভূট্টা ইত্যাদি মিষ্ট লাগে, অনেকেই হয়তো জানেন। কিন্তু এইগুলি পরিপক্ক হইলে শ্বেতস্বারে পরিণত হয়। আবার এই স্বেতসার মুখের লালার সহিত মিশ্রিত হইয়া শর্করায় পরিণত হয়। চিড়া, মুড়ি, ভাজা কাটাল বীচি ইত্যাদি মুখে রাখিয়া কিছুক্ষণ চিবাইলে মিষ্ট মিষ্ট লাগে, সকলেই জানেন।

বস্তুতঃ শ্বেতসার ও শর্করা মূলতঃ এক জাতীয় পদার্থ। এই কারণে চাউল, যব, ময়দা, আলু, এরারুট, গুড়, চিনি ইত্যাদি সমস্তই শর্করা-জাতীয় পদার্থ বলিয়া গণ্য হয়। এই জাতীয় পদার্থ শরীরে তাপ ও শক্তি উৎপাদন করে। প্রয়োজনের অতিরিক্ত কার্ব্বোহাইড্রেট গ্রহণ করিলে শরীরে মেদ উৎপন্ন হয়। অতিরিক্ত ভাত, রুটি ইত্যাদি খাইলে লোক স্থূলকায় হয়।

বলা আবশ্যক যে বিজ্ঞানে শর্করা বলিতে কেবল চিনি, গুড় বুঝায় না। শর্করা জাতীয় পদার্থ বহুবিধ, রাসায়নিকগণ তাহাদের বিভিন্ন নাম দিয়াছেন। তাহাদের গুণাবলীও বিভিন্নরূপ। কয়েকটি প্রধান প্রধান শর্করা জাতীয় পদার্থের নাম ও পরিচয় দিতেছি—

গ্লুকোজ (glucose) বা দ্রাক্ষা-শর্করা

ইহা প্রাণীর রক্তে সামান্য পরিমাণ আছে। পাকা ফলে অন্য শর্করার সহিত ইহা প্রচুর পরিমাণে থাকে। আঙ্গুরে ইহা খুব বেশী পরিমাণ থাকে। (শতকরা ২০ ভাগ)। এই জন্য ইহাকে দ্রাক্ষা-শর্করা বলে। ভাত, রুটি ইত্যাদির শ্বেতসার পরিপাক কালে গ্লুকোজে পরিণত হয়। উহাতেই শরীরে তাপ ও শক্তি উৎপন্ন করে।

দুর্ব্বল রোগীর পক্ষে ইহা বিশেষ উপকারী। ইহা অল্প সময়ে সোজা-সুজি রক্তে পরিণত হয়, পরিপাকের জন্য কোন পরিবর্ত্তনের মধ্য দিয়া ইহাকে যাইতে হয় না।

ফ্রাকটোজ (Fructose) বা ফল-শর্করা।

উদ্ভিদের রসে ও পাকা ফলে এই শর্করা আছে। মধুতে প্রায় ৪০ ভাগই এই শর্করা। শর্করার মধ্যে ফ্রাকটোজই সর্ব্বাপেক্ষা মিষ্ট।

ইক্ষু-শর্করা (Sucrose)—ইক্ষু, বীটপালং, তাল ও খেজুর রসে এবং আনারসেও ইহা যথেষ্ট পরিমাণ থাকে। ইহা অধিক খাইলে শরীরের অনিষ্ট হয়।

দুগ্ধ-শর্করা (Lactose)—স্তন্যপায়ী জীবের দুগ্ধে এই শর্করা আছে। ইহা অপেক্ষাকৃত কম মিষ্ট। ইহা অধিক খাইলেও অপকার হয় না, বরং শরীরের পক্ষে হিতকর হয়।

এতদ্ব্যতীত আরও নানারূপ শর্করা আমরা খাদ্যের সহিত গ্রহণ করিয়া থাকি। পূর্বে বলিয়াছি শ্বেতসারও একরূপ শর্করা। চাউল, গম, যব, গোল আলু, মানকচু ইত্যাদিতে শ্বেতসার প্রচুর পরিমাণ থাকে। মুখের লালা রসের ক্রিয়াতে ইহা শর্করাতে পরিণত হয়।

২। স্নেহজাতীয় খাদ্য (Fat)

সকল প্রকার উদ্ভিজ্জ তৈল, প্রাণীর চর্বি ঘৃত, মাখন প্রভৃতি এই জাতীয় খাদ্য। অক্সিজেন, কার্বন ও হাইড্রোজেন ইহাদের প্রধান উপাদান। ইহা দ্বারা শরীরে তাপ ও শক্তি উৎপন্ন হয়। কিন্তু কেবল এই জাতীয় পদার্থে শরীর রক্ষা হয় না, ইহার সহিত কার্বোহাড্রেট বা শ্বেতসার জাতীয় খাদ্য সংযুক্ত থাকা প্রয়োজন। যাহারা সাধারণ ভাবে পরিশ্রম করেন তাহাদের দৈনিক খাদ্যে ৫ ১/২—৭ তোলা তৈল, ঘৃত ইত্যাদি স্নেহ পদার্থ থাকা আবশ্যক।

৩। আমিষ জাতীয় খাদ্য (প্রোটিন, protien)

মৎস্য, মাংস ডিম্বের শ্বেতাংশ, ছানা, বিবিধ ডাল প্রভৃতি আমিষ জাতীয় খাদ্যের অন্তর্গত। এই জাতীয় খাদ্যে যথেষ্ট পরিমাণ নাইট্রোজেন থাকে। ইহা শরীর গঠনে ও শরীরের ক্ষয়পূরণে বিশেষ প্রয়োজনীয়। জীবনাধার প্রোটোপ্ল্যাজম, পেশী, কোষ প্রভৃতির প্রধান উপাদান প্রোটিন।

প্রোটিন বিভিন্ন প্রকার আছে, উহাদের নামও বিভিন্ন, গুণও বিভিন্ন। দুগ্ধের (ছানা) প্রোটিনের নাম কেজিন, ডিমের শ্বেতাংশের প্রোটিনের নাম আল্‌বুমিন, ডিমের পীতাংশের প্রোটিনের নাম ভাইটেলিন, ডালের প্রোটিনের নাম লেগুমিন ইত্যাদি।

আমরা শস্যাদি হইতে যে প্রোটিন পাই তাহাকে বলি উদ্ভিজ্জ প্রোটিন. দুধ, মাছ, মাংস হইতে যে প্রোটিন পাই তাহাকে বলে প্রাণিজ প্রোটিন। উদ্ভিজ্জ প্রোটিন অপেক্ষা প্রাণিজ প্রোটিন বেশী কার্য্যকরী। উদ্ভিজ্জ প্রোটিনের মধ্যে গোল আলুর প্রোটিন বিশেষ উপকারী। তবে আলুর খোসা ছাড়াইয়া পাক করিলে খাদ্য হিসাবে উহার কোন মূল্য থাকে না। আমাদের উদ্ভিজ্জ প্রোটিন ও প্রাণিজ প্রোটিন উভয়ই গ্রহণ করা কর্ত্তব্য। যাহারা মাছ মাংস খান না, তাহাদের উপযুক্ত পরিমাণ দুগ্ধ পান করা উচিত, নচেৎ শরীর রক্ষা হয় না। বলা বাহুল্য, দুগ্ধ জৈব পদার্থ, উহার প্রোটিন জৈব প্রোটিন। খাদ্যে উপযুক্ত পরিমাণ প্রোটিন না থাকিলে শক্তিহীনতা জন্মে, প্রজনন শক্তি হ্রাস পায়, অবয়বও হ্রস্ব হয়। কোন জাতিকে শৌর্য্যবীর্য্য ও শক্তি সাহসিকতায় অগ্রগণ্য করিতে প্রোটিনের অসাধারণ প্রভাব। কিন্তু দুঃখের বিষয়, বাঙ্গালীদের সাধারণ খাদ্যে এই উপাদান অপেক্ষাকৃত কম। বিশেষজ্ঞগণ বলেন, খাদ্যে প্রোটিনের অল্পতাই বাঙ্গালীদের হ্রস্ব অবয়ব ও ব্যাধি-প্রবণতার জন্য দায়ী।

কয়েকটি পরিচিত উদ্ভিজ্জ খাদ্যদ্রব্যে প্রোটীনের শতকরা পরিমাণ নিম্নে দেওয়া গেল।—

সিদ্ধ চাউল	৬.৭১	মটর	২২.৭
আতপ চাউল	৬.৮৩	ছোলা	২১.৭
আটা	১৩.৮	বরবটী	২৪.১
ময়দা	১১.	শিম	২০.৫
সোনামুগ	২৩.৮	সয়াবিন	৪০
মসুরী	২৫.১	বাধাকপি	১.৬
খেসারী	৩১.৯	পালং শাক	২.১
মাষকলাই	২২.৭	বেগুণ	৬.৬

ইহাতে দেখা যাইতেছে যে চাউল অপেক্ষা আটায় প্রোটিনের পরিমাণ বেশী। এই কারণে ডাক্তারেরা বাঙ্গালীদের পক্ষে (বিশেষতঃ

ছাত্রদের) পক্ষে একবেলা রুটি খাওয়া ভাল মনে করেন। আরও দেখা যাইবে, ডালের মধ্যে প্রোটিন হিসাবে খেসারী সর্ব্বোৎকৃষ্ট, কিন্তু উহা ব্যবহারে একরূপ পক্ষাঘাত রোগ হইবার সম্ভাবনা থাকে। খেসারীর পরেই মসুরীর স্থান, বস্তুতঃ ডালের মধ্যে উহাই সর্ব্বোৎকৃষ্ট। তরকারীর মধ্যে সিম, বড়বটী, কলাইশুঁটি ইত্যাদি সিম জাতীয় তরকারী বিশেষ পুষ্টিকর। কেননা এগুলিতে প্রোটিনের অংশ খুব বেশী।

এখানে কেবল উদ্ভিজ্জ প্রোটিনের কথা বলা হইল। কিন্তু আমাদের খাদ্যে প্রাণিজ প্রোটিনও থাকা আবশ্যক। মাছ, মাংস ও দুধে তাহা প্রচুর পাওয়া যায়। দুধের ছানা ও অ্যালবুমিন উৎকৃষ্ট প্রোটিন। দুধের অ্যালবুমিন ছানার জলে থাকে।

৪। লবণ জাতীয় পদার্থ

আমাদের খাদ্যের আর একটি আবশ্যক উপাদান লবণ জাতীয় পদার্থ। আমরা সাধারণতঃ যে লবণ ব্যবহার করি ইহাকে বৈজ্ঞানিক ভাষায় সোডিয়ম ক্লোরাইড (common salt) বলে। লবণ শব্দ বিজ্ঞানে ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। কোন ধাতু পদার্থের সহিত অম্ল সংযোগে উৎপন্ন যৌগিক পদার্থকেই বিজ্ঞানে লবণ বলে। সুতরাং লবণ নানাবিধ; যেমন ফসফরাস ঘটিত লবণ, লৌহ ঘটিত লবণ, পটাস ঘটিত লবণ ইত্যাদি। দুধ, ফলমূল, তরকারী ইত্যাদি যে সকল খাদ্য আমরা সর্ব্বদা ব্যবহার করি তাহার প্রত্যেকেরই মধ্যে অল্পবিস্তর লবণ আছে। লবণ স্বাস্থ্যরক্ষার পক্ষে বিশেষ প্রয়োজনীয়, ইহা অস্থি গঠনে সাহায্য করে। ইহাই শরীরের কাঠামো তৈরী করে এবং উহা সুস্থ ও সবল রাখে।

অম্ল উৎপাদক ও ক্ষার-উৎপাদক খাদ্য

Acid-forming and Base-forming diets.

আমাদের কতকগুলি খাদ্য অম্ল-উৎপাদক (Acid), কতকগুলি খাদ্য ক্ষার-উৎপাদক (Alkaline), কতকগুলি খাদ্যের প্রতিক্রিয়া সমভাবাপন্ন

(neutral)। আমাদের রক্তের স্বাভাবিক প্রতিক্রিয়া সামান্য ক্ষার-ভাবাপন্ন। যদি রক্তের এই স্বাভাবিক প্রতিক্রিয়ার ব্যত্যয় হইয়া কিছু কম ক্ষারভাবাপন্ন হয়, তবেই আমাদের অসুখ হয়। রক্তের প্রতিক্রিয়া সামান্য অম্লভাবাপন্ন হইলেও কঠিন ব্যাধি এমন কি মৃত্যু হইতে পারে। সুতরাং আমাদের খাদ্যদ্রব্য নির্ণয়ে এমন ব্যবস্থা করিতে হয় যাহাতে রক্তের স্বাভাবিক অবস্থা ঠিক থাকে, উহাতে অম্লরসের বৃদ্ধি না হয়। এই হেতু কোন্ কোন্ খাদ্য অম্ল উৎপাদক ও কোন্ কোন্ খাদ্য ক্ষার-উৎপাদক, কোন্ কোন্ খাদ্যের প্রতিক্রিয়া সমভাবাপন্ন তাহা জানা উচিত। তাহা নিম্নে লিখা হইল—

অম্ল-উৎপাদক খাদ্য—মাছ, মাংস, ডিম, চাউল, রুটি।

ক্ষার-উৎপাদক খাদ্য—সাধারণতঃ সর্বপ্রকার ফল, শাক-শব্জী, দুধ।

সমভাবাপন্ন (neutral) খাদ্য—মাখন, দুধের সর, চিনি।

কমলা, লেবু, আলু, আপেল, কলা, মূলা, সীম, বাদাম বাধাকপি, ফুলকপি ইত্যাদি দেহের অম্লরস কমাইবার পক্ষে বিশেষ উপযোগী।

পূর্বোক্ত তালিকা হইতে দেখা যাইবে যে আমাদের প্রধান খাদ্য ভাত রুটি, মাছ, মাংস অম্লত্ব উৎপাদন করে, এই জন্য উহাদের সহিত উপযুক্ত পরিমাণ শাকশব্জী এবং ফলমূল গ্রহণ করা উচিত। নচেৎ রক্তে অম্লরসের আধিক্য হইয়া কঠিন রোগ হইতে পারে। রক্তচাপ (Blood pressure) রোগে ক্ষারত্ব উৎপাদক খাদ্যে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়। জানা উচিত, অম্লরস খাদ্য মাত্রেই অম্ল-উৎপাদক হয় না; লেবু কমলা ইত্যাদি অম্লরসাত্মক হইলেও পরিপাকান্তে ক্ষার রস উৎপন্ন করে।

৫। ভাইটামিন (খাদ্য-প্রাণ)

পূর্বে শ্বেতসার-শর্করা, প্রোটিন, স্নেহ পদার্থ ও লবণ-পদার্থ, খাদ্যের এই চারি প্রকার উপাদানের কথা লিখা হইয়াছে। এতকাল এই চারিটি

এবং জল এই পাঁচটিই খাদ্যের উপাদান বলিয়া গণ্য হইয়াছে। কিন্তু পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ অনেক পরীক্ষা ও গবেষণার পর স্থির করিয়াছেন যে এ সকল ব্যতীতও খাদ্যের মধ্যে আরও কোন কোন পদার্থ আছে, যাহা আমাদের স্বাস্থ্যরক্ষার পক্ষে বিশেষ প্রয়োজনীয়। তাহারা এই পদার্থের নাম দিয়াছেন ভাইটামিন (খাদ্যপ্রাণ)। ভাইটামিন-যুক্ত খাদ্যদ্রব্যের অভাব হইলে বেরিবেরি, সংক্রামক শোথ, স্কার্ভি, রিকেট প্রভৃতি রোগ উৎপন্ন হয়। এই জাতীয় খাদ্যের উপরই নীরোগ দীর্ঘায়ু নির্ভর করে। শরীরের উপযুক্ত পুষ্টিসাধনে, প্রজনন শক্তির বর্দ্ধনে এবং রোগাদি প্রতিষেধেও ভাইটামিনের যথেষ্ট উপকারিতা আছে। 'ভাইটা' অর্থ, জীবন, প্রাণ। প্রকৃতপক্ষে ভাইটামিন প্রাণপ্রদ জীবনীশক্তি বর্দ্ধক খাদ্য-উপাদান। এ পর্য্যন্ত কয়েক রকম ভাইটামিন আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে পাঁচ প্রকার ভাইটামিনের ক্রিয়া ও গুণ নিশ্চিতরূপে নির্ণীত হইয়াছে। ইহাদিগকে ভাইটামিন এ', ভাইটামিন 'বি', ভাইটামিন 'সি' ইত্যাদি বলা হয়। কোন্ প্রকার ভাইটামিনের কি কি গুণ এবং উহা কোন্ প্রকার খাদ্যে আছে তাহা সাধারণ ভাবে নিম্নে লিখিত হইল—

ভাইটামিন 'এ' A

আমাদের খাদ্যে উপযুক্ত পরিমাণ ভাইটামিন এর অভাব হইলে চক্ষুর পীড়া এবং ফুসফুস মূত্রযন্ত্র প্রভৃতির পীড়াও ঘটিয়া থাকে। উহার অভাবে যক্ষ্মা প্রভৃতি সংক্রামক ব্যাধির আক্রমণ প্রতিষেধের ক্ষমতা কমে। উহার অল্পতায় প্রজনন শক্তি হ্রাস পায়। অতএব আমাদের দৈনিক খাদ্যে যে উপযুক্ত পরিমাণ এই ভাইটামিন থাকা উচিত তাহা বলাই বাহুল্য।

আমাদের ব্যবহৃত অনেক খাদ্যেই ভাইটামিন এ আছে, তবে কোন কোন খাদ্যে খুব বেশী এবং কোন কোন খাদ্যে অপেক্ষাকৃত কম, এবং

কোন কোন খাদ্যে সামান্য পরিমাণ। এ বিষয়ে সামান্য জ্ঞান থাকিলেই আমরা অনায়াসে এই ভাইটামিনযুক্ত পুষ্টিকর খাদ্য নির্ণয় করিয়া লইতে পারি।

কাঁচা দুধে ও এক-বলকা দুধে, দুধের মাখনে, ডিমের পীতাংশে, টাটকা শাক-শব্জীতে, বিলাতী বেগুন, পালং শাক ও লেটুস শাকে ইহা বেশী পরিমাণ আছে। কড, হ্যালিবট প্রভৃতি মৎস্যের যকৃতের তৈলে ইহা বেশী থাকে (Codliver oil)। আচার্য্য রায় লিখিয়াছেন—"আমাদের ল্যাবরেটরীর পরীক্ষার ফলে দেখা গিয়াছে যে ভেটকী চিতল, মৃগেল, রোহিত, ইলিস প্রভৃতি মৎস্যের লিভার তৈলে ভাইটামিন এ র পরিমাণ কডলিভার অয়েল অপেক্ষা বহুগুণে বেশী। ক্ষুদ্র মৎস্যের মধ্যে পারসে এবং টেংরাতেই ভাইটামিন 'এ' বেশী আছে।"

ছানা, ঘোল, বাঁধাকপি, গাজর সীম, মটরশুঁটি নারিকেল, আনারস কমলা, লেবু, পাকা আম প্রভৃতিতেও ইহা যথেষ্ট আছে।

সুতরাং এ দিকে এসকল বিষয়ে একটু জ্ঞান থাকিলে সকলেই অনায়াসে ও অল্প সময়ে এই ভাইটামিনযুক্ত খাদ্যের ব্যবস্থা করিতে পারেন।

ভাইটামিন 'বি,' B_1

ইহা বেরিবেরি রোগের অব্যর্থ ঔষধ। এতদ্ব্যতীত ইহা শরীরের পুষ্টিসাধন করে, স্নায়ুমণ্ডলীকে দৃঢ় ও সুস্নিগ্ধ রাখে, ক্ষুধা বৃদ্ধি করে ও কোষ্ঠকাঠিন্য নিবারণ করে। ইহার অভাবে পরিপাক-শক্তি হ্রাস পায়, চক্ষু, কর্ণ, নাসিকা ও বুকের পীড়া এবং বেরিবেরি ও প্যালাগ্রা নামক মারাত্মক চর্ম্মরোগ জন্মিয়া থাকে। ইহার অভাবে শরীরের বৃদ্ধিও লোপ পায় এবং মানুষ খর্ব্বাকার হয়।

ইহা যব, ভুট্টা, ধান ও গমের অঙ্কুরে, দধি ও ঘোলে, ডিমের কুসুমে, বিলাতী বেগুন, পালং শাকে ও আঁছাটা চাউলে বেশী আছে। টাটকা

শাকশব্জী, বাঁধা কপি, লেটুস, গোল আলু ও কাচা দুধেও ইহা যথেষ্ট পরিমাণ আছে।

আচার্য্য রায় লিখিয়াছেন—

"আমাদের পরীক্ষায় মসূরী, মুগ ও মটরের ডালে ও পোস্ততে এই ভাইটামিন বেশী দেখা গিয়াছে। অতএব প্রত্যহ ডাল খাওয়া বিধেয়। কর্ণেল ম্যাককে বাঙ্গালীর দৈনিক খাদ্যে তিন ছটাক ডাল অনুমোদন করিয়াছেন"—খাদ্য-বিজ্ঞান।

চাউলের কুড়াতে এই ভাইটামিন থাকে, কলছাঁটা চাউলে কুড়া থাকে না, কাজেই উহার ব্যবহার অকর্ত্তব্য। এই ভাইটামিন জলে দ্রবণীয়, সুতরাং ফেন ফেলিয়া দিলে এই ভাইটামিন এবং চাউলের অন্যান্য সারাংশ পরিত্যক্ত হয়।

"ফেন সহিত ভাতের ব্যবহার স্বাস্থ্যরক্ষা ও খরচ উভয়দিক হইতেই কল্যাণপ্রদ" :—চুণীলাল বসু।

সিদ্ধ চাউল অপেক্ষা আতপ চাউলে এই ভাইটামিন বেশী থাকে এবং আমনের চাউলে আউশ অপেক্ষা বেশী ভাইটামিন থাকে।

এক বলকের দুধ, ছানা, ননী, ঘি, সুজি, লেবু, কমলালেবু, পেয়াজ, পেপে, আপেল, আনারস, সীম, মটরশুঁটি, মাছ, মাংস ও ডিমে ইহা মধ্যম রকম আছে।

ভাইটামিন বি$_2$ নামে আর একটি ভাইটামিন আবিষ্কৃত হইয়াছে। ডিমের শ্বেতাংশ ও ছানার জলে ইহা বেশী পরিমাণ থাকে। গো দুগ্ধ টমেটো, গাজর, পালংশাক, গোল আলুতেও ইহা কম বেশী দেখা যায়। ইহার অভাবে ক্ষুধামান্দ্য ও রক্তাল্পতা জন্মে এবং চোখে ছানি পড়ে বলিয়া জানা গিয়াছে।

ভাইটামিন 'সি' C

ভাইটামিন 'সি' এর অভাবে স্কার্ভি নামক পীড়া জন্মে। ভাইটামিন সি' ব্যতীত শারীরিক ক্রিয়া সুচারুরূপে সম্পন্ন হয়না। শরীরে রক্ত যে কার্য্য করে, ইহাও প্রায় তদ্রূপ কার্য্য করে। ইহার অভাবে শরীরের বৃদ্ধি ও সুস্থতা অসম্ভব। ইহা রোগ প্রতিশেধের শক্তি বৃদ্ধি করে।

কমলালেবু, লেবু, আনারস, আলু বিলাতী বেগুণ প্রভৃতি অম্ল-মধুর ফলে ইহা যথেষ্ট আছে। গোল আলু, বাঁধাকপি, ফুলকপি, পালংশাক, পেপে, টাটকা শাক-শবজী ও অঙ্কুরিত ছোলা মুগ প্রভৃতিতেও ইহা পাওয়া যায়। একটি ডাবের জলে এক ব্যক্তির দৈনিক প্রয়োজনীয় ভাইটামিন 'সি' পাওয়া যায়। মুলাতে ইহা বেশী পরিমাণ আছে, কিন্তু ছাল ফেলিয়া দিলে প্রায় কিছুই থাকেনা।

ভাইটামিন 'সি' সাধারণ রান্নার উত্তাপে নষ্ট হয়। শাক প্রভৃতি তেলে কড়া ভাজিলে উহার ভাইটামিন 'সি' কিছুই থাকেনা। সুতরাং সকলেরই কাচা ফলমূলাদি কিছু কিছু দৈনিক খাওয়া প্রয়োজন। কচি শাক, বিলাতী বেগুণ প্রভৃতি কাচা সালাদ (salad) করিয়া খাওয়া খুব ভাল। সাহেবেরা এইরূপ কিছু রোজই খাইয়া থাকেন। 'সি' ভাইটামিন আবার বায়ুর সংস্পর্শেও নষ্ট হইতে থাকে, সুতরাং কমলা ইত্যাদির রস করিয়া অধিকক্ষণ রাখিয়া দিতে নাই। আচার্য্য রায় তাঁহার 'খাদ্য-বিজ্ঞান' নামক উপাদেয় স্বাস্থ্যকামী মাত্রেরই অবশ্য-পাঠ্য গ্রন্থে লিখিয়াছেন—"ইহা স্মরণ রাখা উচিত যে, অম্ল সংযোগে ভাইটামিন 'সি' অধিকক্ষণ স্থায়ী হয়। দধিতে ভাইটামিন 'সি' আছে। আমাদের লেবরেটরির পরীক্ষায় দেখা গিয়াছে, পেয়ারাতে ভাইটামিন 'সি' সর্ব্বাপেক্ষা বেশী পরিমাণ আছে। কচি শাঁসযুক্ত ডাবের জল ও ফোঁপড়াতেও ভাইটামিন 'সি' বেশ দেখা যায়। ভাইটামিন 'সি'র জন্য পেয়ারা, বিলাতী বেগুণ, লেবু, কমলালেবু, বাতাবিলেবু, নাসপাতি,

শশা, অঙ্কুরিত মুগ, বরবট প্রভৃতি সকল গৃহস্থই ব্যবহার করিতে পারেন। ফলগুলি ভাইটামিন 'সি' ব্যতিরেকে লবণজাতীয় পদার্থের জন্যও বড় উপকারী। আমাদের পূজার নৈবিদ্য যে ভাইটামিন-সংযুক্ত উপাদানে ভরপুর তাহা আমরা বেশ বুঝিতে পারি এবং আমাদের প্রাচীন ঋষিদের অন্তর্দৃষ্টির প্রসার দেখিয়া বিস্ময়-বিমুগ্ধ হইয়া পড়ি।'

...আমি অন্য প্রবন্ধে অনেকবার লিখিয়াছি—"চা-পান না বিষপান।' এখন নব্য বাবুরা রেস্তোরায় যাইয়া চপ, কাটলেট অথবা চায়ের আড্ডায় যাইয়া চা এবং তাহার সঙ্গে সঙ্গে ২।১ খানা বিস্কুট ভক্ষণ করেন, কিন্তু আমাদের আবহমান প্রচলিত যে জলখাবার প্রথা তাহা ক্রমে ক্রমে অন্ততঃ সহর হইতে অপসারিত হইতেছে। পূর্ব্বে জলখাবারের জন্য মুগ বা বুটের অঙ্কুর, কয়েক টুকরা কচি শশা বা খিরা, আম, নারিকেল কোরা, গুড় ইত্যাদি দেওয়া হইত। এখন দেখা যাইতেছে, এই প্রকার খাদ্যে যথেষ্ট পরিমাণে ভাইটামিন আছে।

আবার এক দুর্দ্দশা এই যে সহর হইতে চিড়া, মুড়ি, খই প্রভৃতি খাদ্য ক্রমশই উঠিয়া যাইতেছে। একটিন বিস্কুট ওজনে মাত্র দুই পাউণ্ড বা চৌদ্দ ছটাক। কিন্তু মুড়ি, ভাজা চিরা, খই ইত্যাদিও এই জিনিষ। আমি জিজ্ঞাসা করি, চৌদ্দ ছটাক মুড়ি বা চিড়ার কত দাম?

...আমরা বিদেশীদিগের খাদ্য অনুসরণ করিতে যাইয়া খাদ্যবিষয়ে সর্ব্বনাশের দিকে যাইতেছি।"

এই প্রসঙ্গে একটি কবিতা মনে পড়িল—

চিড়া মুড়ি নারিকেল গুড় ছোলা মুগ,
খাদ্যপ্রাণ-পূর্ণ খাদ্যে হতো জলযোগ।
বার মাস তের পর্ব্বে নাহি ছিল ছুট,
এখন অসার খাদ্য চা-চিনি-বিস্কুট।

ভাইটামিন 'ডি' D

ভাইটামিন 'ডি' মাংসপেশী দৃঢ় করে এবং দাঁত ও হাড়ের সম্যক বৃদ্ধি-সাধনে ইহা সাহায্য করে। শরীরের বৃদ্ধি ও সুস্থতার জন্যও ইহার প্রয়োজন। ইহার অভাবে ক্যারিজ নামক দন্তরোগ জন্মিয়া থাকে। ইহা যক্ষ্মারোগ নিবারণে বিশেষ কার্য্যকরী। ইহার অভাবে অন্যান্য রোগের আক্রমণ প্রতিরোধ করিবার ক্ষমতাও লোপ পায়। ইহার অভাবে শিশুদের রিকেট নামক রোগ হয় এবং বয়স্কদের একপ্রকার অস্থিরোগ জন্মে।

ইহা কড্‌লিভার তৈলে বেশী আছে। ডিমের কুসুমে, মাখনে ও ওগুলি পাওয়া যায়। অন্যান্য খাদ্যে ইহা বেশী নাই। কিন্তু সূর্য্য-রশ্মি হইতেই ইহা আমরা সোজাসুজি পাইতে পারি। আমাদের গাত্রস্থ আরগস্‌টেরল নামক পদার্থ সূর্য্যরশ্মির (Ultra-violet rays) প্রভাবে ভাইটামিন 'ডি'তে পরিণত হয়।

সূর্য্যরশ্মিতে বেগুণী, গাঢ় নীল, নীল, পীত, সবুজ, কমলা লাল এই সাতটি রং আছে ইহা সকলেই দেখিয়া থাকিবেন। রামধনুতে উহা দেখা যায়, তিন কোণা কাচের মধ্যদিয়াও উহা দেখা যায়। এই সাতটি দৃশ্যমান রশ্মি ব্যতীত বেগুণী ও লালের বহির্দ্দেশে আরও অদৃশ্য রশ্মি আছে। বেগুণী বা ভাওলেট রঙের পার্শ্বে যে অদৃশ্য রশ্মি আছে তাহাকে বেগুণী-অতীত বা আলট্রা ভাওলেট রশ্মি বলে। ইহা হইতেই আমরা 'ডি' ভাইটামিন পাইতে পারি।

ব্যাধি-বীজনাশনে এই রশ্মির অসাধারণ প্রভাব। এই কারণে পাশ্চাত্য দেশে 'সান্‌বাথ' ইত্যাদি প্রক্রিয়ার প্রচলন হইয়াছে। আমাদের দেশে শিশুদিগের শরীরে সরিষার তৈল মাখাইয়া পিড়িতে শোওয়াইয়া রৌদ্রে রাখার প্রথা আছে। উহা বিজ্ঞান-সম্মত সুপ্রথা।

আমাদের সকলেরই কিছুক্ষণ রৌদ্রে থাকা ভাল। শিশুদিগকেও রৌদ্রে কিছুক্ষণ খেলাবেড়া করিতে দেওয়া ভাল। সূর্য্যই জীবের জীবনাধার। সূর্য্যরশ্মি রোগনাশক, এই হেতুই প্রাচীনগণ বলিয়াছেন—'আরোগ্যমিচ্ছেৎ ভাস্করাৎ।'

কিন্তু মনে রাখা উচিত, এই রশ্মির অথবা ভাইটামিন ডি'র অধিক ব্যবহার স্বাস্থ্যের ক্ষতিজনক। অতিশয় কিছুই ভাল নয়। অধুনা কৃত্রিম উপায়েও আলট্রা ভাওলেট রশ্মি প্রয়োগ করা হয়। উহারও ব্যবহারে সুনিপুণ বিশেষজ্ঞগণের পরামর্শ আবশ্যক।

ভাইটামিন 'ই' E

ইহা প্রজনন শক্তি বাড়ায়। ইহার সম্পূর্ণ অভাবে স্ত্রীলোকের গর্ভসঞ্চারের পরে ভ্রূণ নষ্ট হইয়া যায়। অসময়ে গর্ভপাতও ইহার অভাবে ঘটিয়া থাকে। ভুট্টা, ওট ও গমের অঙ্কুর-তৈলে এবং অঙ্কুরিত মুগের মধ্যে ইহা পাওয়া যায়। আমাদের অন্যান্য অনেক খাদ্যও ইহা সামান্য পরিমাণ আছে। সামান্য মাত্রাতেই ইহা ফলদায়ক হয়।

বাঙ্গালীর খাদ্য সংস্কার—উহার প্রয়োজনীয়তা

আমাদের এই সুজলা সুফলা শস্যশ্যামলা বঙ্গভূমিতে সুলভ সুখাদ্যের অভাব নাই। কিন্তু আধুনিক খাদ্য-বিজ্ঞান সম্বন্ধে অজ্ঞতা, গতানুগতিকতা ও কতকটা পাশ্চাত্যের অন্ধ অনুকরণের দরুণ আমরা প্রকৃত সুখাদ্য অগ্রাহ্য করিয়া অনেক সময় অখাদ্যই গ্রহণ করিয়া থাকি। এই কারণে অন্যান্য জাতির তুলনায় আমাদের শারীরিক দুর্ব্বলতা ও রোগপ্রবণতা অনেক বেশী। দেশীয় ও বিদেশীয় বিশেষজ্ঞগণ বাঙ্গালীর খাদ্য-সম্বন্ধে অনেক গবেষণা করিয়াছেন এবং এখনও করিতেছেন।

তাঁহারা সকলেই এক বাক্যে বাঙ্গালীর খাদ্য-সংস্কার সম্বন্ধে যে সব উপদেশ দিয়াছেন, স্বাস্থ্যকামী ব্যক্তিমাত্রেরই তাহা অনুসরণ করা উচিত। আমরা এস্থলে সে সকল কথা সংক্ষেপে উল্লেখ করিতেছি। এই সকল উপদেশের মূলে যে সকল বৈজ্ঞানিক তত্ত্ব আছে তাহা সর্ব্বত্র উল্লেখ করার স্থানাভাব, তবে পূর্ব্বে খাদ্যাদির উপাদান সম্বন্ধে সে সব কথা বলা হইয়াছে তাহাতেই এই সকল তত্ত্ব অনেকটা বুঝা যাইবে।

১। ভাত বাঙ্গালীর প্রধান খাদ্য। কিন্তু আমাদের অজ্ঞানতা ও গতানুগতিকার দরুণ আমাদের প্রধান খাদ্যটি একরূপ অসার খাদ্যে পরিণত হইয়া পড়িয়াছে। চাউলের উপরের পর্দায় (কুঁড়া) পুষ্টিকর ভাইটামিন থাকে, কলে ছাঁটা চাউলে উহা নষ্ট হইয়া যায়। এইজন্য ঢেকি ছাঁটা চাউল খাওয়ার প্রয়োজন। তার পর, চাউল সিদ্ধ করিয়া ফেন ফেলিয়া দেওয়া অণুচিত, কেননা চাউলের অন্যান্য সার-পদার্থও ফেনের সহিত অনেক চলিয়া যায়। চাল ধোয়ার সময় পুনঃ পুনঃ কচলাইয়া কুঁড়া ফেলিয়া দেওয়া কর্ত্তব্য নহে। খিচুরী খাওয়ার অভ্যাস করা ভাল, তাহাতে সারপদার্থ কিছু নষ্ট হয় না।

২। শরীরের সম্যক্ বৃদ্ধি ও পুষ্টির জন্য প্রোটীন বা আমিষ জাতীয় খাদ্য উপযুক্ত পরিমাণ খাওয়া প্রয়োজন। মাছ, মাংস, দুধ, ডাল ইত্যাদি প্রোটীন খাদ্য। ভাত, শ্বেতসার জাতীয় খাদ্য। উহাতে প্রোটিনের অংশ অপেক্ষাকৃত কম। বিশেষজ্ঞগণের মত এই যে, বাঙ্গালীর খাদ্যে—অনেক স্থলেই প্রোটীনের অল্পতা দেখা যায়। আটাতে চাউলের অপেক্ষা প্রোটীন বেশী আছে, সুতরাং একবেলা রুটী খাওয়ার ব্যবস্থা ভাল। কেবল এক থালা ভাত খাইয়া পেট ভরিলে পেট মোটা হইতে পারে, কিন্তু স্বাস্থ্যরক্ষা হয় না, শক্তি বৃদ্ধি হয় না। উহার সহিত উপযুক্ত পরিমাণ ডাল, মাছ, ইত্যাদি খাওয়া প্রয়োজন। যাহারা নিরামিশভোজী তাহাদের দুগ্ধ কিছু বেশী খাওয়া প্রয়োজন। মাছের

চেয়ে ডাল কম পুষ্টিকর নহে, কিন্তু রীতিমত শারিরীক পরিশ্রম না করিলে ডাল ভালরূপ হজম হয় না। ডাল ব্যতীতও মাছ অথবা দুধ খাওয়ার প্রয়োজন, কেননা প্রাণিজ প্রোটীনও শরীর রক্ষার পক্ষে বিশেষ প্রয়োজনীয়।

৩। দুধ একটি আদর্শ খাদ্য। উহা প্রকৃতই অমৃতস্বরূপ। উহাতে খাদ্যের প্রয়োজনীয় সমস্ত উপাদানই আছে। দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যের প্রচুর ব্যবহার প্রচলিত হওয়ার প্রয়োজন। বিলাতে প্রত্যেক ব্যক্তি যাহাতে অন্ততঃ ১ পাইন্ট (দশ ছটাক) দুধ পাইতে পারে, সেজন্য আন্দোলন ও চেষ্টা চলিতেছে। তথায় অনেক স্থলে ছাত্রদিগকে বিনামূল্যে দুগ্ধ প্রদানের ব্যবস্থা আছে। আমরা সামর্থ্যসত্ত্বেও অনেক সময় অপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যে অর্থব্যয় করি, কিন্তু অবশ্য-প্রয়োজনীয় অমৃতোপম দুগ্ধের দিকে দৃষ্টি দেই না। দুগ্ধ দুষ্প্রাপ্য হইলে তাহার অভাব কতকটা পুরণ হইতে পারে ডিম, মাছ, বা মাংসাদি আহারে। খাদ্যে মাছ এবং দুধ—দুইটিরই যদি অভাব হয়, তবে স্বাস্থ্যরক্ষা ও শরীরপুষ্টি অসম্ভব। কিন্তু উপযুক্ত পরিমাণ দুগ্ধ গ্রহণ করিলে মাছ মাংস ত্যাগ করিলেও ক্ষতি হয় না, অনেক স্থলে উপকার হয়।

৪। খাদ্যে বিভিন্ন ভাইটামিনের প্রয়োজনীয়তা সম্বন্ধে পূর্ব্বে বিস্তারিত বলা হইয়াছে। বিশেষজ্ঞগণ বলেন—আমাদের খাদ্যে অনেকস্থলেই প্রয়োজনীয় ভাইটামিন ও লবণ জাতীয় পদার্থের অভাব দৃষ্ট হয়। ইহার কারণ খাদ্যের অভাব নয়, খাদ্য-নির্ব্বাচনের দোষ। এ দেশের অনেক সহজ প্রাপ্য সুলভ খাদ্যেই প্রয়োজনীয় বিভিন্ন ভাইটামিন পাওয়া যায়। অধিকাংশ শাক-শবজীতেই 'ডি' ব্যতীত অন্যান্য ভাইটামিন এবং লবণজাতীয় পদার্থ আছে। প্রত্যহই শাক-শবজী কিছু কিছু খাওয়া একান্ত আবশ্যক। অনেকে মনে করেন শাক দরিদ্রের খাদ্য। তা বটে, যদি কেবল শাকই খেতে হয়। অন্যান্য

খাদ্যের সঙ্গে ইহার ব্যবহার স্বাস্থ্যপ্রদ। শাকে বৃদ্ধি মল, এ কথাও শুনা যায়। কিন্তু জানা উচিত, যে সমস্ত দ্রব্য হজম হয় তাহাদের সহিত যে দ্রব্য হজম হয় না, কেবল মল জন্মায়, তাহাও আমাদের কিছু কিছু খাইতে হয়। নচেৎ কোষ্ঠ পরিষ্কার হয় না।

শাকের মধ্যে **পালং শাক অতি উৎকৃষ্ট খাদ্য।** ইহা প্রচুর ভাইটামিনের জন্য প্রসিদ্ধ। আবার ইহাতে লৌহঘটিত লবণও যথেষ্ট আছে, এজন্য ইহা রক্তাল্পতা রোগে বিশেষ উপকারী। ইহাতে 'এ' ভাইটামিন যথেষ্ট আছে। লেটুস শাকে বি এবং ই ভাইটামিন যথেষ্ট আছে। মটর, মশুরী, মুগ প্রভৃতি ডালে 'বি' ভাইটামিন যথেষ্ট আছে। ডিমে ও দুধে ভাইটামিন এ, বি, ডি যথেষ্ট পাওয়া যায়। সুতরাং একটু বিবেচনা করিয়া খাদ্য নির্ব্বাচন করিলে আমাদের সাধারণ খাদ্যে কোন ভাইটামিনের অভাব হয় না।

৫। আমাদের **প্রত্যহই কিছু কিছু ফল খাওয়া একান্ত প্রয়োজন।** কমলা, লেবু, কাগজী, আম, আনারস, পেপে আঙ্গুর, আপেল, বিলাতী বেগুন প্রভৃতি ফলে প্রচুর ভাইটামিন 'সি' আছে। বিবিধ লবণের জন্যও ফল গ্রহণ অবশ্য কর্ত্তব্য।

বিলাতী বেগুন অতি সুলভ অথচ অতি মূল্যবান খাদ্য-উপাদান পূর্ণ। ইহাতে এ, বি এবং সি ভাইটামিন পাওয়া যায়। কাঁচা বিলাতী বেগুনের চেয়ে পাকা ফলে ভাইটামিন এ ও সি বেশী পাওয়া যায়। ইংরেজীতে একটা কথা আছে,—"An apple a day keeps the doctor away"। অবশ্য আমাদের পক্ষে তাহা সুলভ নহে, সহজপ্রাপ্যও নহে। ডাঃ নীলরতন ধর, মেঘনাথ সাহা প্রভৃতি স্বনামখ্যাত বৈজ্ঞানিকগণ—বিলাতী বেগুন সম্বন্ধেও ঐ কথাই বিশেষ পরীক্ষা করিয়া বলিয়াছেন—"A tomato a day keeps the doctor away"—রোজ একটি টমেটো খাইলে ডাক্তার ডাকিতে হয় না।

বাঙ্গালীর ভাইটামিন-প্রধান খাদ্য

আমাদের দৈনিক প্রয়োজনীয়। 'সি' ভাইটামিন অৰ্দ্ধ ছটাক হইতে এক পোয়া পর্য্যন্ত পাকা বিলাতী বেগুণের রস হইতে পাওয়া যায়।

আমাদের সহজপ্রাপ্য আর একটি উৎকৃষ্ট ফল আম। উহা প্রকৃতই অমৃত ফল। উহাতে ভাইটামিন এ ও সি যথেষ্ট আছে। এই জন্য প্রতি বৎসর উহা প্রচুর পরিমাণে বিদেশেও চালান হয়। কিন্তু আমাদের দেশে এখনও উৎকৃষ্ট জাতীয় আম্র উৎপাদনে সেরূপ চেষ্টা হইতেছেনা।

৬। অনেক স্থলে দেখা যায়, যে খাদ্যে আমাদের শরীরের পুষ্টি আনে, সে খাদ্যে মনে তুষ্টি আনে না। রুচিকর না হইলে তাহা সুখাদ্য হইলেও উহাতে উপকার হয় না। ভাইটামিন হিসাবে **চিনি অপেক্ষা গুড় অতিশয় পুষ্টিকর** এবং উহা প্রকৃতপক্ষে অধিক মিষ্টরসযুক্ত, কিন্তু অভ্যাসবশতঃ অনেকেরই উহাতে রুচি হয় না। অনেকে ভদ্রতার খাতিরেও নিমন্ত্রণ আদি ব্যাপারে চিনি ব্যবহার করেন। বলা উচিত, উহাতে অমর্য্যাদার ভয় নাই, অধুনা অনেক ভদ্রলোকেই গুড় ধরিয়াছেন, স্বয়ং রবীন্দ্রনাথও গুড় ব্যবহার করেন। কলে ছাঁটা ধব্‌ধবে সরু চাউল অপেক্ষা ঢেঁকি-ছাঁটা মোটা লাল চাউল অধিক পুষ্টিকর। কিন্তু অভ্যাসবশতঃ উহাতে অনেকের রুচি হয় না, আবার শারিরীক পরিশ্রম না করিলে উহা হজমও হয় না। গরীব লোকে কিন্তু উহাই অধিক পছন্দ করে। একবার নৌকার মাঝিকে তাহার প্রাপ্য খোরাকীবাবদ আমাদের নিত্যখাদ্য সরু চাল দিয়াছিলাম, তাহাতে সে বলিল—"না বাবু, ও চা'লে আমাদের হবেনা, উহাতে ক্ষুধা (তাড়াতাড়ি) লাগে, পয়সা দিন, মোটা চা'ল কিনে নিব।" অনেক স্থলে দেখা যায়, আলু পটল ইত্যাদি তরকারীর খোসা ছাড়াইয়া পাক করা টা একটি ভদ্র-ব্যবহার হইয়া উঠিয়াছে। উহাতে ঐ সকল পদার্থের সারাংশ অনেক নষ্ট হয়, **ওগুলি খোসাশুদ্ধই পাক করিতে হয়,** অথবা খোসাগুলো পৃথক্ ভাবে ছেচকি

করিয়া পাক করিয়া খেতে হয়; শুনিয়াছি শান্তি-নিকেতনের ছাত্রাবাসে এইরূপ করা হয়।

৭। বয়সভেদেও প্রয়োজনীয় খাদ্যের পরিমাণ ও রকমে অনেকটা পার্থক্য করিতে হয়। উঠতি বয়সে যে যে খাদ্য বিশেষ প্রয়োজনীয়, বৃদ্ধবয়সে তাহা অনেকটা অপ্রয়োজনীয় ও অপকারী হইয়া থাকে।

উঠতি বয়সের উপযোগী খাদ্য—দুধ, মাছ, মাংস, ডিম, টাটকা শাক-শবজী ও ফলমূল। বালকেরা যাহাতে এই সমস্ত খাদ্য উপযুক্ত পরিমাণে পায় প্রত্যেক অভিভাবকেরই সে দিকে দৃষ্টি রাখা প্রয়োজন। কেবল এক থালা ভাত খাওয়াইয়া পেট ভরাইলে সন্তান পালন করা হয় না। ইহাদের মধ্যে দুগ্ধের ব্যবহার যাহাতে বেশী হয় সেই দিকে বিশেষ দৃষ্টি দেওয়া আবশ্যক। বিলাতের কোন অনাথ আশ্রমের এক দল বালকের প্রত্যেককে সাধারণ খাদ্যের সহিত অতিরিক্ত ১ পাইণ্ট (॥৴০ ছটাক) করিয়া দুগ্ধ খাইতে দিয়া পরীক্ষা করায় দেখা গিয়াছে, এক বৎসরে সাধারণ খাদ্যভোজীদের তুলনায় তাহাদের **উচ্চতা প্রায় দেড়গুণ** এবং **ওজন প্রায় দ্বিগুণ** বাড়িয়াছে।

প্রৌঢ় ও বৃদ্ধ বয়সে শরীরের বৃদ্ধির কার্য্য স্থগিত হয়। এই বয়সে আমিষ জাতীয় খাদ্যের উপযোগিতা বেশী নাই বরং বেশী ভক্ষণে উহা অনিষ্টকর হয়। এই বয়সে স্নেহ জাতীয় ও শ্বেতসার জাতীয় খাদ্যের মোট মাত্রাও কিছু কমাইয়া দিতে হয়। তবে এ বয়সেও বিভিন্ন প্রকার মিশ্র খাদ্যই প্রয়োজনীয়। বৃদ্ধ বয়সে যুবাকালের আহারের ১/৩ ভাগের অধিক খাদ্য গ্রহণ উচিত নহে। কিন্তু 'ডি' ভিন্ন অন্য ভাইটামিন খাদ্যের মধ্যে পর্য্যাপ্ত পরিমাণ থাকা উচিত। বিশেষতঃ ভাইটামিন 'এ' খাদ্যের মধ্যে থাকিলে বিশেষ ভাল হয়। ৪০ বৎসরের পর মাংস খাওয়া একেবারে বর্জ্জন বা খুব কমাইয়া দেওয়া কর্ত্তব্য। বৃদ্ধের দৈনিক খাদ্যে কিছু দধির ব্যবস্থা থাকা বাঞ্ছনীয়। দধি অন্ত্রের অনিষ্টকর জীবাণু ধ্বংস করে, অনেকে শেষ বয়স পর্য্যন্ত দধি ব্যবহার করিয়া

দীর্ঘজীবী হইয়াছেন, এরূপ জানা যায়। বৃদ্ধ বয়সে দুধ ও ফলমূলই বিশেষ উপযোগী খাদ্য।

দীর্ঘ জীবন লাভের প্রকৃত উপায়

কতিপয় প্রসিদ্ধ বিশেষজ্ঞের মতে নিম্নলিখিত স্বাস্থ্যের নিয়মগুলি যথারীতি পালন করিলে দীর্ঘজীবন লাভ হয়।—

১। যতদূর সম্ভব কাজকর্ম্ম ও বিশ্রাম উন্মুক্ত স্থানে করিবেন।

২। শয়ন গৃহের জানালা যতদূর সম্ভব উন্মুক্ত রাখিবেন। ঘরের বাহিরে শয়ন করিতে পারিলেই ভাল।

৩। গুরু ভোজন সর্ব্বদা পরিহার করিবেন।

৪। উত্তমরূপে চর্ব্বণ করিয়া তৎপর খাদ্যদ্রব্য গলাধঃকরণ করিবেন। টপ্ টপ্ গিলিবেন না।

৫। যাহাতে কোষ্ঠ পরিষ্কার থাকে তাহা করিবেন।

৬। দাঁত, জিহ্বা পরিষ্কার রাখিবেন।

৭। প্রত্যহ অন্ততঃ ৭ হইতে ৯ ঘণ্টা ঘুমাইবেন।

৮। বসা, দাঁড়ান ও হাঁটিবার সময় মেরুদণ্ড সোজাভাবে রাখিবেন।

৯। বৃদ্ধ বয়সে খাদ্যের মোট পরিমাণ কমাইয়া দিবেন।

১০। অধিক মাংস ও মসলাযুক্ত খাদ্য আহার করিবেন না।

১১। মনটি যাহাতে সর্ব্বদা প্রসন্ন ও চিন্তাশূন্য থাকে তাহার চেষ্টা করিবেন ও উৎকণ্ঠার বশীভূত হইবেন না।

১২। গভীর নিঃশ্বাস লইবেন।

১৩। অতিরিক্ত পরিশ্রম করিবেন না, ক্লান্ত হইলেই বিশ্রাম করিবেন। কিন্তু শারীরিক ব্যায়াম কিছু কিছু বৃদ্ধবয়সেও দৈনিক কর্ত্তব্য।

১৪। কোন বিষাক্ত পদার্থ বা রোগ-জীবাণু যাহাতে শরীরে প্রবেশ না করে তৎপ্রতি সর্ব্বদা সতর্ক থাকিবেন।

গৃহ-চিকিৎসা—সহজ মুষ্টিযোগ

কোন ব্যাধি হইলে যতদূর সম্ভব তাহার কারণ অনুসন্ধান করিয়া তাহা দূর করা প্রয়োজন। তাহা না করিয়া একটু অসুখ-বিসুখ হইলেই নানারূপ ঔষধপত্রের বিধি-ব্যবস্থা করা ঠিক নয়। উহাতে অপকার হয়। পেটের বেদনা বা উদরাময় হইলে একটু আফিং খাইলে বা কোন পেটেণ্ট ঔষধাদি খাইলে শরীর সুস্থ বোধ হয়, কিন্তু উহাতে প্রকৃতপক্ষে শরীর নিরাময় হয় না। পরিপাক ক্রিয়ার দোষে শরীরযন্ত্রের যে গণ্ডগোল হইয়াছে তাহা দূর না করিলে ঐ সাময়িক প্রতীকারে কোন স্থায়ী ফল হয় না, উহাতে শেষে গুরুতর পীড়া উপস্থিত হয়।

আমাদের শরীরের মধ্যে এমন শক্তি আছে যে সে স্বভাবতই নিজেকে সুস্থ রাখিতে চেষ্টা কর। অনেক স্থলে শুধু চুপ করিয়া শুইয়া থাকিলে বা উপবাস করিলেই অনেক ব্যাধি আরোগ্য হয়। শরীরে সামান্য আঘাত লাগিলে উহাতে যদি রোগোৎপাদক জীবাণু প্রবেশ করিতে না পারে, তবে আপনা হইতে উহা সারিয়া যায়, ভালরূপ ব্যাণ্ডেজ করিয়া রাখিয়া ভাঙ্গা হাড়ও জোড়া লাগে।

সাধারণতঃ আহারাদির অনিয়মে অথবা অন্যান্য কু অভ্যাসের ফলে রোগ উৎপন্ন হয়। অথবা শরীরে কোনরূপ রোগ-বীজাণু প্রবেশ করিয়াও রোগ উৎপত্তি কর—কলেরা, ম্যালেরিয়া, বসন্ত প্রভৃতি রোগ এই কারণে হয়।

নানা কারণে আমাদের জ্বর হয়, সুতরাং জ্বর হইলে যতদূর সম্ভব সেই কারণ অনুসন্ধান করিয়া তাহার প্রতীকার করিতে হয়, নচেৎ জ্বর বন্ধ হয় না, অনেক স্থলে সাধারণ জ্বর ২।১ দিন লঙ্ঘন দিলেই দূর হয়, অনুমানে প্রথমেই ঔষধপত্রাদি ব্যবহার করা সঙ্গত নয়।

শরীর সুস্থ রাখিতে হইলে কতকগুলি সাধারণ নিয়ম সতর্কভাবে পালন করিতে হয়। এই গুলির প্রতি বিশেষ লক্ষ্য রাখা কর্ত্তব্য।

১। খাদ্য ও পানীয় বিশুদ্ধ হওয়া প্রয়োজন।

২। প্রচুর পরিমাণ সূর্য্যালোক ও বিশুদ্ধ বায়ু সেবন আবশ্যক।

৩। মলমূত্রাদি নিয়মিত ত্যাগ করা প্রয়োজন।

৪। প্রতিদিন যথাসময়ে উপযুক্ত ব্যায়াম ও যথেষ্ট বিশ্রাম আবশ্যক।

৫। শরীরে যাহাতে কোনরূপ বিষাক্ত বাষ্পাদি বা রোগ-বীজাণু প্রবেশ করিতে না পারে সে বিষয়ে সতর্ক থাকা আবশ্যক।

সূর্য্যই জগতের জীবনাধার। সূর্য্যালোকে রোগ জীবাণু সমূহ ধ্বংসপ্রাপ্ত হয়। দেহের যে অঙ্গে সূর্য্যালোক বেশী লাগে তথায় প্রায়ই চর্ম্মরোগ হয় না। যক্ষ্মাদি রোগের চিকিৎসায় সূর্য্যালোকের প্রয়োজনীয়তা সকলেই জানেন।

জলের বিভিন্নরূপ ব্যবহার দ্বারাও অনেক ব্যাধির উপশম হয়। তন্মধ্যে সেক প্রদান অনেক রোগে একটি বিশেষ ফলদায়ক প্রতীকার।

শরীরের কোন অঙ্গে পর্য্যায়ক্রমে শীতল ও উষ্ণ জল প্রয়োগ করিলে সেই অংশের রক্ত-সঞ্চালন ক্রিয়া দ্রুত বর্দ্ধিত হয়। এইরূপ সেক প্রদানে অনেক ব্যাধির উপশম হয়।

বিভিন্ন ব্যাধির প্রতীকার

অজীর্ণ—অগ্নিমান্দ্য (Dyspepsia)

'অজীর্ণ রোগ' একটি সাধারণ নাম। এই রোগের নানা প্রকার-ভেদ আছে, এবং ইহার কারণও অসংখ্য। সাধারণতঃ পরিপাক ক্রিয়ার গণ্ডগোলে এই রোগ ঘটে। অবস্থা অনুসারে চিকিৎসা ও

পথ্যাদির ব্যবস্থারও পার্থক্য হয়। তবে আহারাদি বিষয়ে কতকগুলি সাধারণ নিয়ম সকলেরই পালন করা উচিত তাহাতেই অনেক সময় বিশেষ উপকার দর্শে। প্রথমে আমরা তাহাই বলিতেছি।

সাধারণ নিয়ম

১। তাড়াতাড়ি খাইবেন না। ভাত, রুটি, চিড়া, মুড়ি ইত্যাদি কঠিন খাদ্যদ্রব্য অধিক্ষণ উত্তমরূপে চর্ব্বণ করিয়া তারপর গলাধঃকরণ করিবেন, ইহা না করাই অজীর্ণ রোগের একটি প্রধান কারণ। মনে রাখিতে হইবে দন্ত পরিপাক-যন্ত্র-বিশেষ, উহার ব্যবহার না করিয়া টপ্ টপ্ খাদ্যদ্রব্য গিলিয়া ফেলিলে অজীর্ণ দোষ অবশ্যম্ভাবী।

২। কখনই উদরপূর্ত্তি করিয়া আহার করিবেন না। আরোও কিছু খাওয়ার আকাঙ্ক্ষা থাকিতেই আহার শেষ করিবেন।

৩। প্রত্যহ নির্দ্দিষ্ট সময়ে আহার করা উচিত। অজীর্ণ দোষ থাকিলে অল্প অল্প পরিমাণ খাদ্য বেশী বারে খাইলে হজম করা সহজ হয়। কিন্তু একবার খাওয়ার পর ৩।৪ ঘণ্টার মধ্যে আর কিছু খাওয়া কর্ত্তব্য নহে।

৪। ভোজনের সময় অধিক পরিমাণে জল পান করা উচিত নহে। ২।৩ ঘণ্টা পরে জল খাইতে দোষ নাই।

৫। প্রত্যহই যথাসময়ে কিছু কিছু শারীরিক পরিশ্রমসাধ্য কার্য্য বা ব্যায়ামাদি করা নিতান্ত আবশ্যক।

৬। বায়ু-পরিবর্ত্তনে অনেক সময় এই রোগে উপকার পাওয়া যায়।

৭। মধ্যে মধ্যে উপবাস করিয়া পাকস্থলীকে বিশ্রাম দেওয়া ভাল।

পথ্যাপথ্য—নিম্নলিখিত খাদ্যাদি এই রোগে **হিতকর**— পুরাতন চাউল, কাঁচা পেপে, দুগ্ধ, ঘোল, অর্দ্ধসিদ্ধ বা কাঁচা ডিম। ডিমের শ্বেতাংশ অপেক্ষাকৃত বেশী উপকারী, টোষ্ট করা বাসি রুটি, টাট্‌কা

ছোট মাছ, আনারস, ডাবের জল ও নরম শাঁস, কমলা-লেবু, আঙ্গুর, বেদানা আপেল ইত্যাদি ফল এবং তিক্ত তরকারী এই রোগে উপকারী।

নিম্নলিখিতগুলি এই রোগে **বর্জ্জনীয়**—

মাছ ভাজা, আলু ভাজা, বেগুন ভাজা, ইত্যাদি সর্ব্বপ্রকার ভাজা দ্রব্য। ভাজা অপেক্ষা পোড়া বা সিদ্ধ দ্রব্য সহজে পরিপাক পায়। অধিক লঙ্কার ঝাল, অধিক অম্ল, অধিক পিষ্টক ও পায়সাদি, অধিক তৈলাক্ত মাছ, চিংড়ি, কাঁকড়া ইত্যাদি সর্ব্বথা বর্জ্জনীয়। মুগ, মসুর বা কলাইর দাল অল্প খাওয়া যাইতে পারে, অন্য প্রকার দাল বর্জ্জনীয়। চা, কাফি, ককো ইত্যাদি অপকারী।

আহারের পর বুক জ্বালা করিলে ও অম্ল ঢেকুর উঠিলে শ্বেতসার জাতীয় খাদ্য (ভাত, রুটি, চিড়া, মুড়ি আলু ইত্যাদি) কমাইয়া দেওয়া কর্ত্তব্য অথবা কিছু দিন বর্জ্জন করা বিধেয়।

কয়লার জ্বাল অপেক্ষা কাঠের জ্বালে ধীরে ধীরে খাদ্যদ্রব্য পাক করিলে উহা সহজে হজম হয়।

অজীর্ণ রোগের কয়েকটি টোটকা ঔষধ—

১। (ক) **পেট ফাঁপিলে** লবণ ও জোয়ান খাইলে উপকার হয়।

(খ) তলপেটে সাবান জল মালিস করিলেও উপকার পাওয়া যায়।

(গ) হরিতকী, যোয়ান ও সৈন্ধব লবণ নারেঙ্গা লেবুর রসে ভিজাইয়া রৌদ্রে রাখ। পরে যোয়ান ও হরিতকী জারিয়া আসিলে খলে ফেলিয়া উত্তমরূপে চূর্ণ কর। ইহার এক আনা বা দুই আনা মাত্রা একটু হিং সহযোগে খাইলে অজীর্ণ, অগ্নিমান্দ্য, পেট ফাঁপার সদ্য উপকার পাওয়া যায়।

অরুচি ও অগ্নিমান্দ্যে নিম্নলিখিত টোটকা উপকারী—

১। (ক) সকাল বেলা লবণ ও আদা খাইবে।

(খ) লবণ ও জামীরের রস খাইলেও উপকার হয়।

(গ) হরিতকী ও মৌরী প্রত্যেক এক আনা করিয়া লইয়া উহার দ্বিগুণ পরিমাণ কাশীর চিনির সহিত মিলাইয়া সকালবেলা খাইলে পেটের গোলমাল ভাল হয়।

(ঘ) ঘিয়ে ভাজা হিং ও সৈন্ধব লবণ এক আনা করিয়া লইয়া এক সঙ্গে মিলাইয়া ভাতের প্রথম গ্রাসেই খাবে। ২।৩ দিন খেলেই অরুচি, অক্ষুধা ইত্যাদি দূর হয়, অগ্নি বৃদ্ধি হয়।

কোষ্ঠ-কাঠিন্য

এই রোগের প্রতীকারে সর্ব্বদা জোলাপ আদি ঔষধের ব্যবহার না করিয়া খাদ্যাদির সুব্যবস্থা করাই অধিক আবশ্যক।

১। প্রতিদিন রীতিমত শারীরিক পরিশ্রম করা কর্ত্তব্য। ভ্রমণ, সন্তরণ, অশ্বারোহণ, দাঁড় টানা, বাগানের কাজকর্ম্ম করা—এই সকল ব্যায়ামে এই রোগ বিনা ঔষধেই সারিয়া যায়। দৌড়ান এবং স্কিপিং খেলা এই রোগের পক্ষে উপকারী ব্যায়াম।

২। রাত্রিতে শয়নের সময় এবং প্রাতে শয্যা হইতে উঠিয়া এক গ্লাস জল খাওয়ার অভ্যাস করিলে সহজেই এই রোগের হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায়। দিবসে বিভিন্ন সময়ে অন্ততঃ দেড় সের পরিমাণ জল পান করা একান্ত কর্ত্তব্য। প্রতিদিন নির্দ্দিষ্ট সময়ে মলত্যাগের অভ্যাস করিতে হয়।

পথ্যাপথ্য।— বাসি পাওরুটি, যাঁতাভাঙ্গা আটার রুটি, মাখন ও মিশ্রি, খই ও দুধ, খাদ্যসহ গুড় ও মধু, পাকা পেঁপে, আঙ্গুর, কমলালেবু, কিসমিস, মনাক্কা, খেজুর ইত্যাদি ফল উপকারী। শাক-শব্জী ও টাটকা ফলের ব্যবহারে এই রোগে উপকার পাওয়া যায়। তবে কাচাকলা, মোচা, নূতন আলু, মানকচু এই রোগে বর্জ্জন করা উচিত। এই রোগে ডিম্ব বা মাংসও বর্জ্জন করা কর্ত্তব্য।

অর্শ

এই রোগে যাহাতে কোষ্ঠ পরিষ্কার থাকে সেই দিকে বিশেষ লক্ষ্য রাখিতে হয়। কোষ্ঠকাঠিন্য দূর করাই এই রোগের একটি প্রধান চিকিৎসা।

অর্শ রোগে অধিক লঙ্কা, অধিক লবণ বা কোন রুক্ষ দ্রব্য খাওয়া অবিধেয়। নিত্য ঘোলের ব্যবহার বিশেষ হিতকর।

ওল, ঘোল নিত্য খায়
তার কাছে অর্শ না যায়।

ওল, পেঁপে, আনারস ও হরিতকী উপকারী।

৭।৮ দিন ঘোষা ভিজান জলে শৌচ কার্য্য করিলে এই রোগ আরোগ্য হইতে পারে। ঘোষা একরূপ ফল, বেনে দোকানে পাওয়া যায়।

আমাশয়

আমাশয় নানা প্রকার আছে। সকল অবস্থায় একরূপ ব্যবস্থা চলে না। রোগের কঠিন অবস্থায় অভিজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা লওয়া কর্ত্তব্য। সাধারণ অবস্থায় নিম্নলিখিত টোট্‌কাগুলি ব্যবহার করা যায়।

১। খানকুনির রস দুই তোলা সকালে ও সন্ধ্যায় তিন দিন খাইলে আমাশয় আরোগ্য হয়।

২। ইসবগুল ও মিশ্রি প্রত্যেক এক তোলা করিয়া লইয়া জলের সঙ্গে মিশাইয়া খাইলে আমাশয় সারে।

৩। উচ্ছে পাতার রস এক তোলা সকাল বেলায় খাইলে উপকার হয়।

৪। আমাশয়ে ঘোল-ভাত সুপথ্য, সফরী কলাও উহার সঙ্গে খাওয়া যায়।

৫। রক্তামাশয়ে কুড়চির ছাল ও ডালিম ছাল একত্র সিদ্ধ করিয়া ছাকিয়া উহার জল খাইলে উপকার হয়। প্রত্যেক ছাল এক ছটাক,

জল ৴১ সের আধপোয়া থাকিতে নামাইয়া সকাল সন্ধ্যায় দুই বেলা সেব্য।

কৃমি

গা বমি-বমি করা, পেট বেদনা, মুখে জল উঠা, নাক চুলকান, গুহ্যদ্বার চুলকান, নিদ্রাকালে দাঁত কড়মড়্ করা, অক্ষুধা, দুর্ব্বলতা ইত্যাদি কৃমি রোগের লক্ষণ।

কৃমি নানা রকম আছে, তন্মধ্যে কেচোর ন্যায় বড় কৃমি, সুতার ন্যায় ক্ষুদ্র কৃমি—এই দুই প্রকার কৃমিই সচরাচর দেখা যায়। ক্ষুদ্র কমি তল-পেটের নিম্নাংশে থাকে এবং গুহ্যদ্বারে চুলকানি ও উত্তেজনা উৎপাদন করে। অনেক সময় মলের সহিত উহারা বহির্গত হইয়া যায়।

১। আনারসের পাতার রস এক তোলা পরিমাণ তিন দিন খাইলে কৃমির যন্ত্রণা দূর হয়।

২। বিড়ঙ্গের (বেণেদোকানে পাওয়া যায়) খোসা ছাড়াইলে যে দানা বাহির হয় তাহা মধু সহ পেষণ করিয়া তিন দিন খাইলে কৃমি দূর হয়।

৩। কৃমির ঔষধ খাইয়া জোলাপ লইলে কৃমি বাহির হইয়া যায়। ডাক্তারের মতে সাণ্টেনাইন খাওয়াইয়া জোলাপ দেওয়া হয়। অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ অনুসারে মাত্রা ঠিক করিয়া নিতে হয়। বয়সভেদে উহার মাত্রার তারতম্য হয়।

বাত

বেশী বয়সে অনেকেরই বাতের দোষ জন্মে, কেহ কেহ গুরুতর রূপেও আক্রান্ত হন। পূর্ব্ব হইতেই খাদ্যাদি নির্ব্বাচনে সাবধানতা অবলম্বন করিলে এই রোগ সহসা আক্রমণ করিতে পারে না। আক্রান্ত হইলেও পথ্যাপথ্যের নিয়ন্ত্রণ দ্বারাই ইহার যন্ত্রণা হইতে অনেকটা নিষ্কৃতি পাওয়া যায়, আনুমানিক ঔষধাদি সেবনে বিশেষ কোন ফল হয় না।

আধুনিক স্বাস্থ্য-বিজ্ঞানের সিদ্ধান্ত এই যে ইউরিক এসিড নামক পদার্থের সোডিয়াম লবণ গ্রন্থিতে জমিয়া বাত উৎপন্ন করে। আমাদের অনেক খাদ্যেই পিউরিন নামে এক প্রকার পদার্থ আছে, উহা শরীরে দগ্ধ হইয়া ইউরিক এসিড উৎপন্ন করে। উহা মূত্রের সহিত বাহির হইয়া যায়। যকৃৎ ও মূত্রযন্ত্রের ক্রিয়া সুস্থভাবে চলিলে এই ব্যাধি হইতে পারে না। উহাদের স্বাভাবিক ক্রিয়ার ব্যাঘাত ঘটিলেই এই রোগের লক্ষণ দেখা যায়।

পূর্ব্বে বলা হইয়াছে আমাদের খাদ্যের কতকগুলি পদার্থ অম্ল-উৎপাদক এবং কতকগুলি পদার্থ ক্ষার-উৎপাদক। আমাদের খাদ্যে ক্ষার-উৎপাদক লবণ পদার্থের অল্পতা ঘটিলেই বাত রোগ জন্মে। শাকশব্জী ও ফলে যথেষ্ট লবণ-পদার্থ আছে, এই সকল যথেষ্ট পরিমাণে না খাইলে অম্ল-রসের আধিক্য হয় ক্ষার-পদার্থের অল্পতা ঘটে, উহাতে বাত ও বিবিধ রোগের সৃষ্টি হয়।

বাত রোগে নিম্নলিখিত প্রতীকার অভিজ্ঞ চিকিৎসক গণের

১। অম্ল-উৎপাদক খাদ্য বর্জ্জন করিবে। (৭ পৃঃ দ্রষ্টব্য)

২। ক্ষার-উৎপাদক খাদ্য গ্রহণ করিবে। (৮ পৃঃ দ্রষ্টব্য)

৩। যাহাতে কোষ্ঠশুদ্ধি হয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিবে।

৪। প্রচুর জল পান করিবে, তাহাতে শরীরের ক্ষতি কারক পদার্থ মূত্রের সহিত বাহির হইয়া যাইবে।

৫। বিশুদ্ধ মুক্ত বায়ুতে থাকিয়া কাজকর্ম্ম ও ব্যায়ামাদি করিবে।

৬। সমস্ত শরীর বা শরীরের একাংশ কিছুক্ষণ রৌদ্রে রাখিবে। (সূর্য্য-রশ্মির উপকারিতা পূর্ব্বেই বলা হইয়াছে)।

৭। এই সব খাদ্য-পদার্থে পিউরিন নাই—ফল, রুটি, ভাত, দুধ, মাখন, ডিম, পনির। সুতরাং এগুলি বাত রোগে সুপথ্য। নিম্নলিখিত

খাদ্যে পিউরিন আছে—মাছ, মাংস, ডাল, বাঁধাকপি, ফুলকপি, সিম ইত্যাদি শাক। সুতরাং এ গুলি বাতরোগে অহিতকর।

এই রোগে আপেল, কমলা, লেবু, আনারস ইত্যাদি ফল বিশেষ হিতকর।

এই রোগের গরম জলে স্নান ও বেদনা স্থানে গরম সেক বিশেষ উপকারী। সূর্য্যরশ্মি ও বিদ্যুৎশক্তির সাহায্যেও এই রোগের চিকিৎসা হইয়া থাকে। উহা অভিজ্ঞ চিকিৎসকের পরামর্শক্রমে করিতে হয়।

ম্যালেরিয়া

বাংলা দেশে ঘরে ঘরে ম্যালেরিয়া। ভারতে প্রায় ১০ লক্ষ লোক প্রতি বৎসর ম্যালেরিয়ায় মারা যায়। আরো কত লক্ষ লক্ষ লোক রোগাক্রান্ত হইয়া জীবনীশক্তি ও কর্ম্মশক্তি হারাইয়া প্রাণটি লইয়া কোনরূপে বাঁচিয়া আছে মাত্র। এই রোগে শীঘ্র শীঘ্র মৃত্যু হয় না।

এই দারুণ ব্যাধির উৎপত্তি আহারাদির দোষে হয় না। এই রোগের বীজাণু দেহে প্রবেশ করিলেই এই রোগ হয়। এই বীজাণুর বাহক এনোফিলিন নামক এক জাতীয় মশা।

মশায় দংশনকালে শরীর হইতে রক্ত চুষিয়া লয়। ম্যালেরিয়াগ্রস্ত কোন রোগীকে মশকে দংশন করিয়া যে রক্ত চুষিয়া লয় তাহাতে ম্যালেরিয়া রোগের বীজাণু থাকে। সেই মশক অপর কোন সুস্থ ব্যক্তিকে দংশন কালে তাহার দেহে ঐ ম্যালেরিয়ার বীজাণু প্রবেশ করাইয়া দেয় উহার কয়েকদিন পরেই সেই ব্যক্তির জ্বর হয়। এইরূপে মশকের দ্বারা ম্যালেরিয়া সংক্রামিত হয়। সুতরাং

(ক) কোন স্থানে স্ত্রী জাতীয় এনোফিলিন মশা না থাকিলে তথায় কাহারও ম্যালেরিয়া হইতে পারে না।

(খ) মশা থাকিলেও যদি উহাতে দংশন করিতে না পারে তবে ম্যালেরিয়া সংক্রামিত হইতে পারে না।

(গ) কোন স্থানে মশা থাকিলেও যদি ম্যালেরিয়া রোগী না থাকে তবে ম্যালেরিয়া সংক্রামিত হইতে পারে না।

সুতরাং ম্যালেরিয়া নিবারণের তিনটি উপায়—

(১) মশককুল নির্মূল করা।

(২) মশার দংশন হইতে আত্মরক্ষা করা।

(৩) সমস্ত ম্যালেরিয়া রোগী নিরাময় করা অথবা যথায় মশা নাই তথায় যাইয়া বাস করা।

ইহার কোনটি তত সহজসাধ্য নহে। তবে এ বিষয়ে সকলেরই বিশেষভাবে সচেষ্ট হওয়া উচিত।

মশা লতা গুল্মে ঢাকা বদ্ধ জলে ডিম পাড়ে, উহারা যেখানে জন্মে তাহার নিকটেই থাকে। উহারা দিনের বেলায় অন্ধকারে লুকাইয়া থাকে, রাত্রিতে বাহির হইয়া দংশন করে। শরীরে যে সকল স্থান খোলা থাকে সাধারণতঃ সেই সকল স্থানেই দংশন করে।

এই সকল বিবেচনা করিয়া মশকের বংশ হ্রাস করা এবং মশকের দংশন নিবারণ করার উপায় স্থির করিতে হয় এবং অনেক স্থলেই সেই সকল উপায় অবলম্বন করা হইতেছে।

ম্যালেরিয়াপূর্ণ স্থানে বাস করিলে মশারির ব্যবহার অবশ্য কর্ত্তব্য বলাই বাহুল্য। রাত্রিতে হাতে পায়ের যে স্থান অনাবৃত থাকে তথায় তৈল মাখানো উচিত।

ম্যালেরিয়ার প্রধান ও একমাত্র ঔষধ কুইনাইন। উহা দীর্ঘদিন খাইতে হয় এবং উহার ব্যবহার কালে যাহাতে মশায় আর দংশন করিতে না পারে সে বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হয়।

ব্যক্তি-পরিচয়

আনে, এম্, এস্, বিএ, এল্ এল্‌বি জন্ম ১৮৮০। ভারতীয় ব্যবস্থাপক সভার তিনবার সভ্য হন। কংগ্রেস ন্যাশনালিষ্ট পার্টির বিশিষ্ট সভ্য। মারাঠী।

আম্বেদকার, ডাঃ বি, আর, পিএচ্ ডি, ডি এস্‌সি, বার-এট্-ল। জন্ম ১৮৯৩। বোম্বের লোক, অনুন্নত সমাজের নেতা। পণ্ডিত লোক, বহু-বিখ্যাত গ্রন্থকার। বোম্বাই ব্যবস্থাপক সভার মনোনীত সভ্য।

আয়ার, স্যার সি, পি, রামস্বামী, কে. সি. আই. ই.—জন্ম ১৮৭৯। মাদ্রাজী, ভারতের অন্যতম বিশিষ্ট আইনজ্ঞ। ১৯০৩ সালে ২৪ বৎসর বয়সে মাদ্রাজ বারে যোগদান করেন। গোলটেবিল বৈঠকে যোগদান করিয়াছিলেন। বহুবার বড় লাটের একসিকিউটিভ্ কাউন্সিলর ছিলেন। বর্তমানে ত্রিবাঙ্কুর রাজ্যের দেওয়ান।

আলম, ডাঃ এস্, মোহাম্মদ, বার-এট্-ল। জন্ম ১৮৯২। পাঞ্জাবের বিশিষ্ট মুসলিম নেতা। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে যোগদান করেন। কংগ্রেস ওয়ার্কিং কমিটীর সভ্য ছিলেন। পাঞ্জাব ব্যবস্থা-পরিষদের কংগ্রেসী সভ্য।

আবদার রহিম স্যার, কে সি এস আই, এম্ এ, বার-এট্-ল। ১৯৩৫ সাল হইতে ভারতীয় ব্যবস্থাপক এসেমব্লীর প্রেসিডেন্ট।

আহমেদ, ডাঃ জিয়াউদ্দীন, এম্ এ, পিএচ্ ডি—জন্ম ১৮৭৮। আলিগড়, এলাহাবাদ, কলিকাতায় ও ক্যাম্ব্রিজে শিক্ষা লাভ করেন। বর্তমানে আলিগড় মুসলিম য়ুনিভার্সিটীর ভাইস্-চ্যান্সেলার। গণিতজ্ঞ। রয়েল এ্যাষ্ট্রনমিকাল সোসাইটীর ও লণ্ডন ম্যাথেমেটিকাল সোসাইটির সভ্য।

আলামোহন দাস—বাঙালীর মধ্যে মাত্র ইনিই বৃহৎ কল-কারখানার যন্ত্রাদি নির্ম্মাণে অগ্রণী ও সফলকাম হইয়াছেন। জুট মিল, মেসিনারী ম্যানুফ্যাকচারিং কোং এবং ব্যাঙ্ক প্রভৃতি প্রতিষ্ঠানের মালিক ও পরিচালক। ইনি রাস্তায় খই, মুড়ি ফেরি করিয়া জীবিকার্জ্জন আরম্ভ করেন। স্বীয় অধ্যবসায় ও প্রতিভাবলে যন্ত্রশিল্প ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব লাভ করিয়াছেন এবং দেশের মুখ উজ্জ্বল করিয়াছেন।

আসফ্ আলী, বার-এট্-ল—জন্ম ১৮৮৮। দিল্লীনিবাসী। কংগ্রেস আন্দোলনে বহুবার কারারুদ্ধ হইয়াছিলেন। ইঁহার স্ত্রী অরুণা আসফ আলী (বাঙ্গালী মেয়ে) নারী আন্দোলনে অগ্রণী।

উদয়শঙ্কর—জন্ম ১৯০০, উদয়পুর। সতর বৎসর বয়সে বোম্বের জে. জে. কলেজে চিত্রবিদ্যাশিক্ষার নিমিত্ত ভর্ত্তি হন। পরে লণ্ডনের রয়েল কলেজ অব আর্টস্এ প্রবিষ্ট হন। রাশীয়ান নর্ত্তকী পাভলোভার সহিত সমস্ত আমেরিকা পরিভ্রমণ করেন। ১৯২৫ সালে প্যারিসে নৃত্যানুষ্ঠানে প্রভূত সুনাম অর্জন করেন। নৃত্য সম্পর্কে পৃথিবীর বহুস্থান পরিভ্রমণ করিয়াছেন। ১৯৩৩ সালে ভারতে প্রত্যাবর্তন করেন এবং বর্তমানে দেরাদূনে একটি নৃত্যশিক্ষা প্রতিষ্ঠান গঠন করিবার জন্য চেষ্টিত রহিয়াছেন।

এণ্ডরুজ, সি এফ্,—জন্ম ১৮৭১। বার্মিংহাম ও ক্যাম্ব্রিজে শিক্ষা সমাপন করিয়া ক্যাম্ব্রিজ ব্রাদারহুডে যোগদান করেন এবং দিল্লী সেণ্ট ষ্টিফেন কলেজের অধ্যাপক হইয়া আসেন। অতঃপর রবীন্দ্রনাথের শান্তি-নিকেতনে যোগদান করেন এবং দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের দুর্দশা দূর করিবার বাসনায় তথায় যান। ইনি পৃথিবীর সর্বত্র ঘুরিয়া ঘুরিয়া বিদেশে ভারতীয়দের দুরবস্থা দূরীকরণের চেষ্টায় আছেন। 'দীনবন্ধু'

৫গুরুজ বলিয়া পরিচিত। ভারতবর্ষ, গান্ধীজি, রবীন্দ্রনাথ সম্বন্ধে অনেক গ্রন্থ লিখিয়াছেন।

এরাণ্ডেল, ডাঃ এস. জর্জ, ডি. লিট্, এম্ এ, এল্ এলবি. জন্ম ১৮৭৮। ক্যাম্ব্রিজের শিক্ষা সমাপন করিয়া পরলোকগত ডাঃ এ্যানি বেসান্তের সঙ্গে ভারতবর্ষে আগমন করেন। ইনি বর্তমানে ভারতের থিয়সফিকাল সোসাইটির প্রেসিডেণ্ট। ইঁহার স্ত্রী একজন মাদ্রাজী মহিলা—শ্রীমতী রুক্মিণী (নৃত্য-নিপুণা)।

কেলকার, এন্, সি—জন্ম ১৮৭৯ খৃষ্টাব্দে। বালগঙ্গাধর তিলকের রাজনৈতিক শিষ্য—সাংবাদিক। ১৯২০ সালে বোম্বে প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির অধিবেশনের সভাপতি ছিলেন। ১৯২৩ এবং ১৯২৬ সালে আইনপরিষদের সভ্য ছিলেন। পুণা মিউনিসিপ্যালিটির সভাপতি (১৯১৮, ১৯২২—২৪), হিন্দু মহাসভার সভাপতি ছিলেন—দ্বিতীয় গোলটেবিল বৈঠকের সদস্য—কেশরী পত্রিকার সম্পাদক ছিলেন।

খারে, ডাঃ নারায়ণ ভাস্কর—জন্ম ১৮৮৪। নাগপুর গবর্ণমেণ্ট কলেজ হইতে বি-এ পাশ করিয়া (১৯০২) লাহোর মেডিকেল কলেজে ভর্ত্তি হন এবং এম্. বি ডিগ্রি লাভ করেন (১৯০৭)। মধ্যপ্রদেশ গবর্ণমেণ্ট মেডিকেল সার্ভিসে নিযুক্ত হন। কিন্তু পরে সরকারী চাকুরী ত্যাগ করিয়া রাজনীতিতে যোগদান করেন। ১৯৩৫ সালে কেন্দ্রীয় পরিষদে নির্বাচিত হন। নাগপুর কংগ্রেস কমিটির সভাপতি ছিলেন (১৯৩৫—১৯৩৭), নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির সদস্য ছিলেন। মধ্য প্রদেশের ভূতপূর্ব কংগ্রেসী প্রধান মন্ত্রী।

খাঁ, আগা মাননীয়, জি. সি. আই. ই, জি. সি. এস্ আই, জি. সি ভি ও, এল্ এল্ ডি।—জন্ম ১৮৭৫। ইয়োরোপে শিক্ষিত। ১৮৮৬ সালে ব্যক্তিগত 'মাননীয়' পদবীলাভ করেন, অনারারী এল্এল্ ডি ডিগ্রি

প্রাপ্ত হন (অক্সফোর্ড, ১৯১১)। মুসলমানদের ইস্‌মাইলিয়া সম্প্রদায়ের গুরু ও নেতা। একজন ফরাসী মহিলাকে বিবাহ করিয়াছেন (১৯২৯)। ১৯৩৭ সালে লীগ অব নেশন্‌সের বিভাগীয় সভাপতি ছিলেন।

খান্, আব্দুল গফুর—জন্ম ১৮৯১ খৃষ্টাব্দে পেশোয়ারে। এণ্ট্রান্স পর্য্যন্ত পড়িয়াছেন। ১৯০৯ সালে সৈন্য বিভাগের ভারতীয় কমিশনে যোগদানের জন্য অনুরুদ্ধ হন, কিন্তু উহাতে অসম্মত হইয়া সরকারী আমন্ত্রণ অগ্রাহ্য করেন। ১৯১২ সাল হইতে জনসেবার কাজে আত্মনিয়োগ করেন। নিজ গ্রামে একটি জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠা করেন, কিন্তু ১৯১৫ সালে উহা বন্ধ করিয়া দেওয়া হয়। রাওলাট আইন আন্দোলনে বিশিষ্ট অংশ গ্রহণ করিয়াছিলেন। অসহযোগ আন্দোলনে যোগদান করিয়া তিন বৎসর কঠোর কারাদণ্ড ভোগ করেন (১৯২২)। ১৯২৪ সালে লক্ষ্ণৌতে মহাত্মা গান্ধীর সংস্পর্শে আসেন। ১৯২৯ সালে আফগান জিরগা গঠন করেন এবং 'খোদাই খিদমৎগার' বাহিনী গঠন করিয়া যথেষ্ট ক্ষমতার পরিচয় দেন। ১৯৩০ সালের আইন অমান্য আন্দোলনে যোগদান করেন এবং দুই বৎসর কারাদণ্ড ভোগ করেন। বর্ত্তমানে কংগ্রেসের একজন বিশিষ্ট নেতা এবং 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত।

খের, বি. জি.—জন্ম আগষ্ট ২৪, ১৮৮৮। পুণা এবং বোম্বের উইলসন কলেজে শিক্ষালাভ করিয়া ১৯০৮ সালে আইন পাশ করেন। ইউরোপ এবং আমেরিকা ভ্রমণ করেন (১৯১২)। ১৯২২ সালে রাজ-নীতিতে যোগদান করেন। বহু সভা-সমিতির সভ্য ছিলেন, ১৯৩২ সালে লবণ আইন অমান্যে যোগদান করিয়া কারাদণ্ড ভোগ করেন। ১৯৩৭ জুলাই মাসে বোম্বের প্রধান মন্ত্রী হন। সংস্কৃতে সুপণ্ডিত।

গউবা, খলিদ লতিফ—জন্ম ১৮৯৯। ব্যারিষ্টার—পূর্বে হিন্দু

ছিলেন। নাম ছিল কানাইলাল গউবা। ১৯৩২ সালে ইসলামে দীক্ষিত হন। ক্যাম্ব্রিজে শিক্ষাপ্রাপ্ত হন। বহু কোম্পানীর ডিরেক্টর। মিস্ মেয়োর 'মাদার ইণ্ডিয়া' পুস্তকের যোগ্য প্রত্যুত্তর দিয়া 'Uncle Sam' পুস্তক লিখিয়া দেশময় একটা চাঞ্চল্যের সৃষ্টি করেন।

ঘোষ, অরবিন্দ—জন্ম কলিকাতায় ১৮৭২ খৃষ্টাব্দে। সাত বৎসর বয়সের সময় পিতামাতার সঙ্গে বিলাত গমন করেন এবং বিলাতের সেণ্ট পলস্ স্কুলে এবং কেম্ব্রিজের কিংস্ কলেজে শিক্ষা লাভ করেন। ১৮৯০ সালে আই-সি-এস্ পরীক্ষা পাশ করেন। কিন্তু অশ্বারোহণ পরীক্ষা না দেওয়ার জন্য অগ্রাহ্য হন। ইংলণ্ড হইতে প্রত্যাবর্ত্তন করিয়া কিছুদিন বরোদা রাজ্যে চাকুরী করিবার পর বাংলায় চলিয়া আসেন এবং রাজনৈতিক আন্দোলনে যোগদান করেন। তৎকালীন রাজনৈতিক জাতীয়তাবাদী পত্রিকা বন্দেমাতরমের প্রথম সম্পাদক। আলিপুর বোমার ষড়্যন্ত্র মামলায় অভিযুক্ত হইয়াছিলেন, কিন্তু অভিযোগ হইতে মুক্তিলাভ করেন। ১৯১০ সালে তাঁহার নামে পুনরায় গ্রেপ্তারী পরোয়ানা বাহির হয়। কিন্তু ইতিপূর্ব্বেই তিনি ফরাসী উপনিবেশ পণ্ডিচেরীতে আশ্রয় লাভ করায় গ্রেপ্তার হন নাই। বর্ত্তমানে তিনি পণ্ডিচেরী আশ্রমে বাস করিতেছেন। জাগতিক সমস্ত বিষয় পরিত্যাগ পূর্বক ভগবৎ যোগ সাধনায় নিরত আছেন।

ঘোষ, ডাঃ জ্ঞানচন্দ্র, ডি-এস্-সি—ঢাকা ও কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের রসায়ন বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক। বিজ্ঞান জগতের ইলেক্ট্রোকেমিষ্ট্রী বিষয়ে মূল্যবান্ গবেষণা করিয়াছেন। বহুদিন হইতে ইম্পিরিয়াল কৃষি গবেষণা কাউন্সিলের সভ্য এবং ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের ১৯৩৯ সালের সভাপতি। বর্ত্তমানে বাঙ্গালোরে ইণ্ডিয়ান সায়েন্স ইনষ্টিটিউটের ডিরেক্টর নিযুক্ত হইয়াছেন।

গান্ধী, এম, কে—জন্ম ১৮৬৯ খৃষ্টাব্দের ২রা অক্টোবর। রাজকোট, ভবনগর এবং লণ্ডনে শিক্ষালাভ করেন। দক্ষিণ আফ্রিকায় বহুদিন আইন ব্যবসায়ে লিপ্ত ছিলেন। ১৯১৫ সালে ভারতের রাজনৈতিক আন্দোলনের নেতৃস্থান অধিকার করেন। ১৯১৫—১৯ সালে সত্যাগ্রহ আন্দোলন আরম্ভ করেন। ১৯২০ সালে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব করেন এবং কারাদণ্ড প্রাপ্ত হন। ভূতপূর্ব্ব কংগ্রেস সভাপতি। ১৯৩০ সালে আইন অমান্য আন্দোলন আরম্ভ করেন। দ্বিতীয় গোল টেবিল বৈঠকের প্রতিনিধি—ভারতের সর্ব্বদলমান্য নেতা, বর্ত্তমানে হরিজন আন্দোলনে সংশ্লিষ্ট। প্রত্যক্ষ রাজনীতি হইতে অবসর গ্রহণ করিয়াছেন, তথাপি গুরুতর রাজনৈতিক কার্যের পরামর্শদাতা।

চট্টোপাধ্যায়, কমলা দেবী—জন্ম ১৯০৩ সালে, মাঙ্গালোরে। দক্ষিণ কানারার এক বিখ্যাত সারস্বত ব্রাহ্মণ পরিবারে জন্ম হয়। অতি বাল্যকালে বিবাহ হয়, কিন্তু পাঠ্যাবস্থায় বিধবা হন। পরে শ্রীযুক্তা সরোজিনী নাইডুর ভাই কবি হারীন্দ্র চট্টোপাধ্যায়ের সঙ্গে পুনর্বিবাহ হয়, কিন্তু বিবাহ-বিচ্ছেদ ঘটিয়াছে। ইনি ভারতীয় নারীদের মুখপাত্ররূপে ইংলণ্ডে ও য়ুরোপে গিয়াছেন। ১৯২২ সালে কংগ্রেস আন্দোলনে যোগদান করেন এবং এজন্য বহুবার কারারুদ্ধ হন। বর্ত্তমানে ভারতের কংগ্রেস সোস্যালিষ্ট পার্টির মহিলা নেতা।

চাটার্জি, রামানন্দ এম্, এ,—জন্ম ১৮৬৫ সালে, বাঁকুড়ায়। 'প্রবাসী' ও "মডার্ণ রিভিয়ু" কাগজের সম্পাদক। বাঁকুড়া জিলা স্কুল হইতে ১৮৮৩ সালে এণ্ট্রান্স পরীক্ষায় ৪র্থ স্থান অধিকার করেন। অতঃপর প্রেসিডেন্সী, সেণ্ট জেভিয়ার্স ও সিটী কলেজে অধ্যয়ন করেন। ১৮৯৫ সালে এলাহাবাদ কায়স্থ কলেজের প্রিন্সিপাল নিযুক্ত হন। 'প্রদীপ' নামক সচিত্র মাসিক পত্রিকা প্রকাশ করেন। ১৯০১ সালে

এলাহাবাদ হইতে মাসিক প্রবাসী পত্রিকা প্রকাশ করেন। ১৯০৬ সালে অধ্যক্ষের পদ ত্যাগ করেন এবং "মডার্ণ রিভিয়ু" নামক ভারতের অন্যতম শ্রেষ্ঠ ইংরেজি মাসিক প্রকাশ করেন। এদেশের বিখ্যাত ও শ্রদ্ধেয় সাংবাদিক।

চাটার্জি, স্যর অতুল, কে, সি, এস, আই; কে, সি, আই, ই; জি, সি, আই, ই; আই, সি, এস—জন্ম ২৪ নবেম্বর, ১৮৭৪। আই, সি, এস, পরীক্ষায় প্রথম হন। ১৯২৫—৩১ সাল পর্যন্ত ভারতের হাই কমিশনার ছিলেন। ১৯৩২ সালে অটোয়াতে ভারতীয় প্রতিনিধিদলের নেতা ছিলেন। ইণ্ডিয়া কাউন্সিলের সভ্য ছিলেন।

চিন্তামণি, সি, ওয়াই—জন্ম ১৮৮০ অব্দের ১০ই এপ্রিল। এলাহাবাদের লীডার পত্রিকার প্রধান সম্পাদক। কয়েকবার যুক্ত-প্রদেশের আইনসভার সদস্য হন। ১৯২১—২৩ সাল যুক্তপ্রদেশ সরকারের শিক্ষা ও বাণিজ্য সচিব ছিলেন। দ্বিতীয় গোলটেবিল বৈঠকের ডেলিগেট, যুক্তপ্রদেশ উদারনৈতিকদলের সভাপতি, দুইবার ভারতের জাতীয় উদারনৈতিক দলের সভাপতি হন।

জয়াকর, মুকুন্দ রামরাও, ডাঃ, বার-অ্যাট্‌ল—১৯২৩ সালে বোম্বে আইনপরিষদের সভ্য, স্বরাজ্যদলের নেতা হিসাবে পরিষদে বিশিষ্ট স্থান লাভ করেন। ১৯২৫ সালে কংগ্রেস পরিত্যাগ করেন। ১৯২৬-৩০ সাল পর্য্যন্ত পরিষদে সদস্য ছিলেন। ১৯৩৭ সালে ভারতীয় যুক্তরাষ্ট্র আদালতের বিচারপতি নিযুক্ত হন। ১৯৩৮ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় হইতে এল্ এল্-ডি উপাধি লাভ করেন।

জিন্না, মহম্মদ আলি, বার-আট্-ল—জন্ম ১৮৭৬ খৃষ্টাব্দে করাচিতে। বোম্বে হাইকোর্টের একজন বিখ্যাত ব্যবহারজীবী ছিলেন—স্বর্গীয় দাদাভাই নৌরজীর নিকট রাজনীতিতে দীক্ষালাভ করেন।

১৯০৬ সালে দাদাভাই নৌরজির সেক্রেটারী ছিলেন। প্রথমে কংগ্রেসের একজন প্রধান নেতৃস্থানীয় ছিলেন—রাওলাট আইন পাশ করার প্রতিবাদে আইন পরিষদের সদস্যপদ ত্যাগ করিয়াছিলেন। পরে কংগ্রেস হইতে সরিয়া পড়েন এবং মুস্‌লীম লীগে যোগ দেন। প্রথমতঃ সাম্প্রদায়িকতার ঘোর বিদ্বেষী ছিলেন এবং সাম্প্রদায়িকতার বিরুদ্ধে বহু বক্তৃতা দিয়াছিলেন। বর্ত্তমানে মুসলীম লীগের প্রেসিডেন্ট।

জেহাঙ্গীর, স্যার কাওয়াসজী—জন্ম ১৮৭৯ খৃষ্টাব্দে। বোম্বে এবং কাম্ব্রিজে শিক্ষালাভ করেন। ১৯১৯-২০ সালে বোম্বে কর্পোরেশনের সভাপতি। বোম্বে আইনসভার সভ্য; ১৯৩০ সালে আইন পরিষদের সদস্য ছিলেন। বিখ্যাত কাওয়াসজী জেহাঙ্গীর এণ্ড কোং লিঃ এর প্রধান অংশীদার।

ঝা, অমরনাথ ডাঃ—বর্ত্তমানে এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চান্সেলার। রয়েল সোসাইটী অব লীটারেচারের ফেলো, কবিতা-সমিতির সহ-সভাপতি, রয়েল সোসাইটী অব্ আর্টসের ফেলো, হিন্দী এবং সংস্কৃত সাহিত্যে খ্যাতনামা পণ্ডিত লোক।

ঠাকুর, রবীন্দ্রনাথ, স্যার, কে-টি—জন্ম কলিকাতায় ১৮৬১ খৃষ্টাব্দের ৬ই মে। মহর্ষি ৺দেবেন্দ্রনাথ ঠাকুদের সর্ব্ব কনিষ্ঠ পুত্র এবং প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের পৌত্র। কিছুদিন কলিকাতার ওরিয়েন্টাল সেমিনারী এবং জেভিয়ার্স স্কুলে পড়াশুনা করিয়া পরে বাড়ীতেই লেখাপড়া করেন। ১৭ বৎসরের সময় প্রথম বিলাত গমন করেন এবং কিছুদিন লণ্ডনের ইউনিভার্সিটী কলেজে পড়েন। কিছুদিন পড়িয়াই কলেজে পড়া ছাড়িয়া দেন। বর্তমান ভারতের সর্বশ্রেষ্ঠ কবি সাহিত্যিক এবং দার্শনিক। ১৯১২ সালে লণ্ডনে গিয়া তাহার বিখ্যাত কাব্যগ্রন্থ গীতাঞ্জলির ইংরাজী অনুবাদ করেন এবং

১৯১৩ সালের নভেম্বর মাসে উক্ত গীতাঞ্জলির জন্য নোবেল পুরস্কার লাভ করেন। কলিকাতা, ঢাকা, কাশী হিন্দু বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানীয় ডি-লিট উপাধি প্রাপ্ত হন। সে বছরই নাইট উপাধিতে ভূষিত হন। পৃথিবীর প্রায় সর্বত্র ভ্রমণ করিয়াছেন। আমেরিকা ও জাপানে বহু বক্তৃতা দিয়াছেন (১৯১৫-১৬)। তাঁহার লেখা কবিতা এবং অন্যান্য সাহিত্য পৃথিবীর সমস্ত ভাষায় অনূদিত হইয়াছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের 'হিবার্ট-লেকচারার' নিযুক্ত হইয়াছিলেন। তাঁহার কর্মজীবনের শ্রেষ্ঠ কীর্তি বোলপুরে বিশ্বভারতীর প্রতিষ্ঠা (১৯০০)। ১৯০৭ সালে বঙ্গীয় কংগ্রেসের প্রাদেশিক অধিবেশনের সভাপতি ছিলেন। ১৯৩১ সালে ৭০ বৎসর পূর্ণ হওয়ায় তাঁহার জন্মোৎসব উপলক্ষে পৃথিবীর সর্বস্থান হইতে অভিনন্দন প্রাপ্ত হন। ভারতের সর্বত্র মহাসমারোহে 'রবীন্দ্রজয়ন্তী' প্রতিপালিত হয়।

ঠাকুর, অবনীন্দ্রনাথ, সি-আই-ই—জন্ম, ১৭ই আগষ্ট, ১৮৭১। ভারতের শ্রেষ্ঠ চিত্রশিল্পী এবং পৃথিবীর সর্বশ্রেষ্ঠ চিত্রশিল্পীদের অন্যতম। ভারতে চিত্রশিল্পের নবযুগের প্রবর্তক। প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের প্রপৌত্র এবং গুণেন্দ্রনাথ ঠাকুরের তৃতীয় পুত্র। প্রথমতঃ ইতালীয়ান শিল্পী সিনর গিলহার্দি এবং মিঃ পামারের নিকট য়ুরোপীয় শিল্পশিক্ষা আরম্ভ করেন। পরে য়ুরোপীয় শিল্প-চর্চা পরিত্যাগ করিয়া ভারতীয় প্রাচীন হিন্দুশিল্পে মনোনিবেশ করেন এবং উক্ত শিল্পে নবযুগ আনয়ন করেন। দুই শতেরও উপরে চিত্র অঙ্কিত করিয়াছেন। প্রসিদ্ধ চিত্রগুলির মধ্যে 'অশোকের বাণী' চিত্রখানা অসাধারণ প্রতিভার পরিচায়ক। ভারতের সর্বত্র তাঁহার বহু কৃতী ছাত্রশিষ্য রহিয়াছেন। তাঁহাদের মধ্যে শান্তি-নিকেতনের শ্রীযুক্ত নন্দলাল বসু, মাদ্রাজ গভর্ণমেণ্ট আর্ট স্কুলের

প্রিন্সিপ্যাল শ্রীযুক্ত দেবীপ্রসাদ রায় চৌধুরী এবং লাহোর গভর্ণমেণ্ট আর্ট স্কুলের প্রিন্সিপ্যাল প্রভৃতি শিল্পীবৃন্দ উল্লেখযোগ্য।

ঠাকুরদাস, স্যার পুরুষোত্তমদাস, সি-আই-ই, এম-বি-ই—জন্ম ৩০শে মে ১৮৮১। এলফিনষ্টোন কলেজে শিক্ষা প্রাপ্ত হন। প্রথম জীবন হইতেই বোম্বের জনহিতকর কর্মী হিসাবে খ্যাতি লাভ করেন। ১৯১১ সালে কাইজার ই-হিন্দ পদক লাভ করেন। ১৯২৮ সালে সি-আই-ই উপাধিতে ভূষিত হন, উহার ছয় বৎসর পরে নাইট উপাধি লাভ করেন। বহুপ্রকার ব বসায়ে লিপ্ত আছেন এবং রিজার্ভব্যাঙ্কের একজন ডিরেক্টার। ১৯২০ সালে বোম্বের শেরিফের আসন অলঙ্কৃত করিয়াছিলেন।

দেশাই, জে, ভুলাভাই, এম্, এ, এল্ এল্, বি,—জন্ম ১৮৭৭ সালে। বোম্বেতে শিক্ষাপ্রাপ্ত হন। বোম্বাই হাইকোর্টে এড্‌ভোকেটরূপে যোগদান করেন। কিছুকাল বোম্বের এডভোকেট-জেনারেল ছিলেন—শাসনতান্ত্রিক আইনে সবিশেষ জ্ঞানসম্পন্ন। বারদৌলী সত্যাগ্রহের সময় কৃষকদের পক্ষে ব্রোম্‌ফিল্ড কমিটিতে উপস্থিত ছিলেন, ১৯৩২ সালে আইন অমান্য আন্দোলনে যোগদান করেন এবং কারাদণ্ড ও ১০,০০০ টাকা অর্থদণ্ড ভোগ করেন। কংগ্রেস পার্লামেণ্টারী বোর্ড গঠনে বিশেষ অংশ গ্রহণ করেন। গুজরাট হইতে কেন্দ্রীয় আইন সভার সদস্য নির্বাচিত হন—কেন্দ্রীয় পরিষদের বিরোধী দলের নেতা, কংগ্রেস পার্লিয়ামেণ্টারী বোর্ডের সভাপতি।

দলীপসিংজী, কে, এস্—জন্ম ১৩ই জুন, ১৯০৫। বিখ্যাত ক্রিকেট-খেলোয়ার রণজিৎসিংজীর ভাইপো। পৃথিবীর শ্রেষ্ঠ ব্যাট্‌স্‌ম্যানদের অন্যতম। সর্বশুদ্ধ ৫০টি সেঞ্চুরী করিয়াছেন—সর্বোচ্চ রাণ (৩৩৩) ১৯৩০ সালে ব্রাইটনে খেলিয়া। প্রথম টেষ্ট ১৯২৯ সালে দক্ষিণ

আফ্রিকার বিরুদ্ধে। ১৯২১ সালে ইংলণ্ডের সাসেক্স টিমের অধিনায়ক হইয়াছিলেন। বর্ত্তমানে অবসর গ্রহণ করিয়াছেন।

নরিম্যান, কে-এফ্—জন্ম বোম্বের থানা জেলায়, ১৮৮৫ খৃষ্টাব্দে। মধ্যবিত্ত পারশী পরিবারে জন্মগ্রহণ করেন। বি-এ পাশ করিবার পর পুলিশ কোর্টে চাকুরী করেন। আইন পাশ করিয়া ওকালতি আরম্ভ করেন। কয়েক বৎসর পর বোম্বে কর্পোরেশনের সভ্য নির্বাচিত হন। ১৯২৪-২৫ সালে আইনপরিষদের নির্বাচনে সর্বোচ্চসংখ্যক ভোট পাইয়া জয়লাভ করেন। বোম্বে স্বরাজ্যদলের নেতৃত্বগ্রহণ করেন এবং গভর্ণমেণ্ট কর্তৃক অভিযুক্ত হন। হার্ভে-নরিম্যান মামলায় খ্যাতিলাভ করেন, এবং সসম্মানে মুক্তি পান। ১৯২৮ সালের প্রথম নিখিলভারত যুবক সঙ্ঘের সভাপতি মনোনীত হন। ১৯২৯ সাল হইতে কংগ্রেসের কাজে আত্মনিয়োগ করেন এবং ১৯৩০ সালের আইন অমান্য আন্দোলনে যোগদিয়া কয়েকবার কারাবরণ করেন। ১৯২৯ সালে বোম্বে প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি নির্বাচিত হন। ১৯৩৪ সালের কংগ্রেস অধিবেশনের অভ্যর্থনা সমিতির সভাপতি ছিলেন। ১৯৩৫ সালে বোম্বে কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন।

নাইডু, মিসেস্ সরোজিনী—জন্ম হায়দরাবাদে (দাক্ষিণাত্য) ১৮৭৯ খৃষ্টাব্দে। জাতিতে বাঙ্গালী হিন্দু। লণ্ডন এবং কেম্ব্রিজে বিদ্যালাভ করেন। ভারতের নারী আন্দোলনে শীর্ষস্থানীয়া। কংগ্রেসের সর্বপ্রথম মহিলা সভানেত্রী। দেশের জন্য বহুবার কারাবরণ করিয়াছেন। ১৯৩২ সালের ভারত গভর্ণমেণ্টের দক্ষিণ আফ্রিকা ডেলিগেশনের সভ্যা। জন্মগত কবি। তাঁহার বহু কবিতা পৃথিবীর নানা ভাষায় অনূদিত হইয়াছে। 'Bird of Time' 'The Golden Threshold' প্রভৃতি গ্রন্থের প্রণেত্রী। ১৯১৪ সালে রয়েল সোসাইটী অব লিটারে-

চারের ফেলো। ১৯১৫ সালে কংগ্রেসে যোগদান করেন। ১৯৩১ সালের গোলটেবিল বৈঠকের ডেলিগেট। ভারতের সবচেয়ে পরিচিতা এবং খ্যাতনামা মহিলা।

নেহেরু, পণ্ডিত জহরলাল, বার অ্যাট্-ল—জন্ম ১৮৮৯। ক্যাম্ব্রিজের হ্যারো স্কুল এবং ট্রিনিটি কলেজে শিক্ষালাভ করেন। কংগ্রেসের ১৯২৯-৩০ এবং ১৯৩৫-৩৬ সালের অধিবেশনের সভাপতি। য়ুরোপ এবং সোভিয়েট রাশিয়ার সর্বত্র পরিভ্রমণ করিয়াছেন। ভারতের প্রধান নেতৃবৃন্দের অন্যতম। শক্তিশালী এবং চিন্তাশীল লেখক। তাঁহার আত্মজীবনী ইংলণ্ড এবং ভারতে অসাধারণ জনপ্রিয়তা লাভ করিয়াছে। কংগ্রেসের কার্য্যে বহুবার কারাবাস ভোগ করিয়াছেন। ১৯১৮ সাল হইতে এ-আই-সি-সির সভ্য। বর্ত্তমানে ওয়ার্কিং কমিটির সভ্য।

পরমানন্দ, ভাই, এম-এ। ডি-এ-ভি কলেজ হইতে এম-এ পাশ করিয়া উক্ত কলেজের অধ্যাপকের পদ গ্রহণ করেন। ১৯০৫ সালে আর্য সমাজের প্রচারক হিসাবে দক্ষিণ আফ্রিকায় গমন করেন, ১৯০৮ সালে ভারতে প্রত্যাগমন করিলে পর রাজনৈতিক সন্দেহে ধৃত হইয়া তিন বৎসরের জন্য কারাগারে প্রেরিত হন। পুনরায় (১৯১০) ভারতের বাহিরে গমন করেন এবং ১৯১৩ সালে ভারতে ফিরিবার পর আমেরিকায় প্রতিষ্ঠিত ভারতীয় গদর (বিপ্লব) দলের সভ্য সন্দেহে ধৃত হইয়া যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত হন (১৯১৪)। কিন্তু ১৯২০ খৃষ্টাব্দে মুক্তি লাভ করেন। কংগ্রেসে যোগদান করেন এবং লাহোর ন্যাশনাল কলেজের প্রিন্সিপ্যালের পদ গ্রহণ করেন। কিন্তু পরে কংগ্রেস ছাড়িয়া হিন্দু মহা-সভায় যোগদান করেন এবং বিনাপ্রতিদ্বন্দ্বিতায় কেন্দ্রীয় পরিষদের সভ্যপদ লাভ করেন। ১৯৩৪ সালে হিন্দু মহাসভার সভাপতি নির্বাচিত হন।

পণ্ডিত, মিসেস বিজয়লক্ষ্মী—পণ্ডিত জওহরলালের ভগ্নী। ভারতের (যুক্তপ্রদেশের) সর্বপ্রথম মহিলা মন্ত্রী। ১৯৩০-৩২ সালে কংগ্রেস আন্দোলনে উল্লেখ্য অংশ গ্রহণ করিয়াছিলেন। কংগ্রেসের আইন অমান্য আন্দোলনে যোগদানের ফলে দুইবার কারাবরণ করিয়াছিলেন।

পরাঞ্জপে, আর, পি, এম-এ, ডি-এস্ সি—জন্ম ৬ই ফেব্রুয়ারী, ১৮৭৬। লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ভাইস-চ্যান্সেলার। ক্যাম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র র‍্যাংলার (১৮৯৯), ফারগুসন কলেজের ভূতপূর্ব প্রিন্সিপ্যাল এবং প্রফেসার। ১৯২১-২৩ এবং ১৯২৯ সালে বোম্বে গভর্ণমেণ্টের শিক্ষাসচিব। বোম্বে বিশ্ববিদ্যালয়ের ফেলো (১৯০৫-২৭), বোম্বে আইন সভার সদস্য (১৯১৩-১৬), ভারত আইন সভার সদস্য (১৯২৭-৩২)।

প্যাটেল, সর্দার বল্লভভাই, ব্যারিষ্টার—আইন পাশ করিয়া বোম্বাইর গোধরা নগরে আইন ব্যবসায়-আরম্ভ করেন। পরে বিলাত হইতে ব্যারিষ্টারী পাশ করিয়া আহমদাবাদে আইন ব্যবসায় আরম্ভ করেন। সেই সময়ে মহাত্মা গান্ধীর সংস্পর্শে আসিয়া স্বদেশী আন্দোলনে যোগদান করেন। কংগ্রেসের বহু গুরুত্বপূর্ণ আন্দোলন পরিচালনা করিয়া সফল নেতৃত্বের পরিচয় দেন। একবার কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। কয়েকবার কারাদণ্ড ভোগ করিয়াছেন। বর্ত্তমানে কংগ্রেস ওয়ার্কিং কমিটির সভ্য এবং একজন বিশিষ্ট নেতা।

বসু, সুভাষচন্দ্র—জন্ম ২৩ জানুয়ারি, ১৮৯৭। কটক র‍্যাভেনশ কলেজ হইতে ম্যাট্রিক পাশ করিয়া কলিকাতাস্থ প্রেসিডেন্সী কলেজ, স্কটিশ চার্চেস্ কলেজ ও ইংলণ্ডের ক্যাম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেন। ১৯২০ সালে আই, সি, এস্ পরীক্ষায় ইংরেজিতে প্রথম হইয়া চতুর্থ স্থান অধিকার করেন। ক্যাম্ব্রিজেও বি, এ, পাশ করেন। আই. সি.

এস্ পদত্যাগ করেন (১৯২১) এবং অসহযোগ আন্দোলনে যোগদান করেন। ১৯২৩ সালে "ফরওয়ার্ড" পত্রিকার ম্যানেজার, ১৯২৪ সালে কলিকাতা কর্পোরেশনের চীফ্ এক্সিকিউটিভ অফিসার হন এবং ঐ সালেই ১৮১৮ সালের ৩নং রেগুলেশন অনুসারে বন্দী। ১৯৩০ সালে এক বছরের জন্য কারাদণ্ডিত হন এবং ঐ অবস্থায়ই কলিকাতার মেয়র নির্বাচিত। ১৯৩১ সালের জানুয়ারী মাসে ছয় মাসের জন্য কারাদণ্ডিত। বোম্বেতে পুনরায় ৩নং রেগুলেশনে বন্দী। ভগ্নস্বাস্থ্যের জন্য য়ুরোপ গমন। ১৯৩৭ সালে মুক্তিলাভ। ১৯৩৭ ও ৩৯ সালে ভারতীয় কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। ১৯৩৯ সালে সভাপতি পদ ত্যাগ, "ফরওয়ার্ড ব্লক" নামক স্বতন্ত্র দল গঠন।

বসু, শরৎচন্দ্র, এম, এ, বি, এল, ব্যার-এট্-ল—জন্ম ১৮৮৯। সুভাষচন্দ্রের জ্যেষ্ঠ ভ্রাতা। ১৯২৩—২৪ সালে কলিকাতা কর্পোরেশনের অল্ডারম্যান। ১৯৩৩ সালে ভারতীয় ব্যবস্থা পরিষদের সভ্য, বি পি. সি. সি র. প্রেসিডেণ্ট। বহুদিন ১৮১৮ সালের ৩ আইনে বন্দী ছিলেন। ১৯৩৭ সাল হইতে বঙ্গীয় ব্যবস্থাপরিষদের সভ্য ও বিরোধী দলের নেতা। কলিকাতা হাইকোর্টের অন্যতম শ্রেষ্ঠ ব্যবহারাজীব।

বাজাজ, শেঠ যমুনালাল—জন্ম ১৮৮৯ সালে জয়পুরে ওয়ার্দ্ধার শেঠ যমনালালজী ইহাকে ১৮৯৩ সালে দত্তক রাখেন। ১৯১৯ সালে অসহযোগ আন্দোলনে যোগদান করেন। ১৯২০ সাল থেকে ইনি ভারতীয় কংগ্রেসের ট্রেজারার। ইনি নিখিলভারত শিল্প সংঘ ও নিখিল ভারত কাটুনী-সংঘের অন্যতম উদ্যোক্তা এবং গান্ধী-সেবাসংঘের প্রতিষ্ঠাতা।

বিরলা, জি. ডি.—১৮৯১ সালে জয়পুর রাজ্যে জন্ম গ্রহণ করেন। বিরলা জুটমিলের ম্যানেজিং ডিরেক্টর, ভারতবর্ষময় বহু কাপড়ের কল,

চিনির কল, জমিদারির ইনি মালিক। কলিকাতা ইণ্ডিয়ান চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট ১৯২৪; ফেডারেশন অব ইণ্ডিয়ান চেম্বার এর প্রেসিডেন্ট ১৯২৯; ২য় রাউণ্ড টেবিল কনফারেন্সের সভ্য। বহুপর্যটক।

মালব্য, পণ্ডিত মদনমোহন—জন্ম ১৮৬১। যুক্তপ্রদেশ ব্যবস্থা পরিষদের সদস্য (১৯০২–১২), ভারতীয় আইনপরিষদের ভূতপূর্ব সদস্য। বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং ভূতপূর্ব ভাইসচ্যান্সেলার। হিন্দুমহাসভার ভূতপূর্ব সভাপতি। কংগ্রেসের সভাপতি (১৯০৯ এবং ১৯১৮), দ্বিতীয় গোলটেবিল বৈঠকের সদস্য। আইন অমান্য আন্দোলনে দুইবার জেলে গিয়াছেন। বর্তমানে অবসর গ্রহণ করিয়াছেন।

মিত্র, বি,এল. কে-সি-এস্-আই। বাংলার ভূতপূর্ব এড্ভোকেট-জেনারেল। বড়লাটের ব্যবস্থাপক সভার আইন সচিব। বর্তমানে ভারতের এডভোকেট-জেনারেল।

মিত্র, সত্যেন্দ্রচন্দ্র—নোয়াখালী জেলা-নিবাসী। খ্যাতনামা কংগ্রেস কর্মী। ১৯১৮ সালের তিন আইনে বন্দী হইয়া বহুদিন আটক ছিলেন। স্বরাজ্যদলের সভ্য হিসাবে বঙ্গীয় আইন সভার সদস্য নির্বাচিত হন, পুনরায় ১৯২৪ সালে গ্রেপ্তার হইয়া ১৯২৭ সাল পর্য্যন্ত মান্দালয় জেলে অন্তরিন ছিলেন। ১৯৩০ সালে বঙ্গীয় আইন সদস্য নির্বাচিত হইয়া ১৯৩৪ পর্য্যন্ত ছিলেন। পুনরায় ১৯৩৭ সালে নির্বাচিত হইয়া বঙ্গীয় ব্যবস্থাপক সভার সভাপতি হন।

মীরা বেন—প্রকৃত নাম মিস্ মেড্লেন শ্লেড্। এডমিরাল স্যার এড্মণ্ড শ্লেডের কন্যা। রেঁামারেঁালা লিখিত মহাত্মা গান্ধীর জীবনী পাঠ করিয়া মহাত্মা গান্ধীর প্রতি আসক্ত হন। ভারতে আগমন করিলে মহাত্মা গান্ধী তাঁহাকে কন্যারূপে গ্রহণ করেন। গত আইন অমান্য

আন্দোলনে দুইবার কারাবরণ করিয়াছিলেন। ভারতের সর্বত্র পরিভ্রমণ করিয়া খদ্দর ও চরকার প্রচার করেন। বর্তমানে গান্ধীর নিকট থাকিয়া ভারতের সেবায় একান্তভাবে নিয়োজিত রহিয়াছেন।

মুখার্জী, শ্যামাপ্রসাদ, এম-এল, বি-এল, লিট্, বার-অ্যাট্-ল—স্যার আশুতোষ মুখার্জির দ্বিতীয় পুত্র। জন্ম ১৯০১ জুলাই মাসে। ১৯২৩ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফেলো নির্বাচিত হন। কংগ্রেস সভ্য হিসাবে বঙ্গীয় আইন সভার সদস্য নির্বাচিত হন (১৯২৯)। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ভাইসচ্যান্সেলার। ১৯৩৭ সালে পুনরায় আইনসভার সদস্য নির্বাচিত হন। বর্তমানে বাংলার হিন্দু সংগঠন কার্যে আত্মনিয়োগ করিয়াছেন।

মুখার্জী, স্যার মন্মথনাথ, এম-এ, বি-এল—জন্ম ১৮৭৪। এম-এ, বি-এল পাশ কলিকাতা হাইকোর্টে আইন ব্যবসায় আরম্ভ করেন। স্বীয় প্রতিভাবলে শীঘ্র আইন বিষয়ে প্রতিপত্তি অর্জন করেন। পরে নিজ ক্ষমতাবলে হাইকোর্টের প্রধান বিচারপতি পদে অধিষ্ঠিত হন। ১৯৩৫ সালে নাইট উপাধি লাভ করেন। ভারত গভর্ণমেণ্টের আইন সচিবের পদ অলঙ্কৃত করেন।

মুঞ্জে, ডাঃ বি, এস— মারাঠী ব্রাহ্মণ। হিন্দু মহাসভার নেতা, একবার সভাপতিও হইয়াছিলেন। আইন অমান্য আন্দোলনে যোগ দিবার ফলে কারাদণ্ড ভোগ করেন। বর্তমানে হিন্দু মহাসভার একজন বিশিষ্ট নেতা। হিন্দুদের সামরিক শিক্ষা লাভের জন্য বহু গঠনমুলক কার্য্য করিয়াছেন। হিন্দুদের সামরিক শিক্ষার জন্য নাসিকের ভোঁসলা সামরিক বিদ্যালয় তাঁহার জীবনের সর্বপ্রধান কীর্তি।

যোশী, এন, এম, বি-এ—বোম্বে আইন সভার সদস্য। ভারত ভৃত্যসঙ্ঘের বিশিষ্ট সদস্য। বোম্বে কর্পোরেশনের সভ্য (১৯১৯-২৩)

দ্বিতীয় গোলটেবিল বৈঠকের সদস্য। জেনেভায় আন্তর্জাতিক শ্রমিক কন্‌ফারেন্সের ভারতীয় প্রতিনিধি। আইন সভায় শ্রমিক প্রতিনিধিত্ব করিতে মনোনীত (১৯২১,২৪,২৭,৩১,৩৫)।

রহমান, এফ, এ, ডাঃ—অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় হইতে বি-এ পাশ করেন। ১৯২১ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিহাসের রীডার নিযুক্ত হন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্র হইতে বঙ্গীয় আইন সভায় প্রবেশ লাভ করেন (১৯২৪)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলার মনোনীত হন (১৯৩৪) এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান হন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট।

রায় আচার্য্য প্রফুল্লচন্দ্র স্যার, সি-আই-ই, ডি-এস্-সি, পি-এচ-ডি, ডি-এস্-সি (ডারহাম) - জন্ম ১৮৬১, ২রা আগষ্ট খুলনা জেলার বারুলি গ্রামে। কিছু দিন প্রেসিডেন্সী কলেজে পড়াশুনা করিয়া এডিনবার্গ বিশ্ব-বিদ্যালয়ে গমন করেন। সেখান হইতে বি এস্-সি পাশ করিয়া ভারতে ফিরিয়া আসেন এবং প্রেসিডেন্সী কলেজে অধ্যাপনার কাজ গ্রহণ করেন। ১৯১০ অব্দে প্রেসিডেন্সী কলেজ হইতে অবসর গ্রহণ করিলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পালিত অধ্যাপক পদ গ্রহণ করেন। ১৮৯২ অব্দে তাঁহার বিখ্যাত বেঙ্গল কেমিকেল প্রতিষ্ঠিত করেন। ১৮৯৫ সালে পারদ এবং নাইট্রিক এসিড সম্বন্ধে গবেষণা আরম্ভ করেন এবং উহাতে সাফল্য লাভ করিয়া অশেষ কৃতিত্ব প্রকাশ করেন। তাঁহার লিখিত "হিন্দু রসায়ন শাস্ত্রের ইতিহাস" নামক গ্রন্থখানা বিজ্ঞান-জগতে অমূল্য সম্পদ।

রায়, এম, এন—প্রকৃত নাম নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য, এক বাঙ্গালী গ্রাম্য স্কুল-মাষ্টারের ছেলে। ১৮০৩ সালেই বৈপ্লবিক আন্দোলনের সহিত সংশ্লিষ্ট হন। ১৯০৬ খৃষ্টাব্দে রাজনৈতিক ডাকাতির অভিযোগে এবং ১৯০৮ সালে হাওড়া ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত হন। পুনরায় ১৯১৪ সালে

গার্ডেনরিচ ডাকাতি মামলায়ও অভিযুক্ত হইয়াছিলেন। মহাযুদ্ধের সময় ১৯১৪-১৫ সালে গদর দলে যোগদান করেন এবং ভারতে অস্ত্রশস্ত্র আমদানীর জন্য জার্ম্মান গভর্ণমেণ্টের সহিত ষড়যন্ত্রে লিপ্ত হন। উহাতে বিফল হইয়া ছদ্মনামে চীনদেশে পলায়ন করেন এবং ডাঃ সানইয়াৎ সেনের সংস্পর্শে আসেন। চীন হইতে আমেরিকা এবং মেক্সিকো যাইয়া সাম্যবাদ প্রচার করেন। মেক্সিকোতে একটি সাম্যবাদী দল গঠন করেন। যুদ্ধের সময় লেনিনের আহ্বানে রাশিয়ায় যান এবং কমুনিষ্ট ইণ্টারন্যাশনোলের প্রাচ্যশাখার সর্বোচ্চ পদ লাভ করেন। বহুদিন পৃথিবীর নানাস্থানে রাজনৈতিক কার্য্যোপলক্ষে ঘুরিয়া ১৯৩০ সালে ভারতে পদার্পণ করেন। ১৯৩১ সালে বোম্বেতে গ্রেপ্তার হইয়া ছয় বৎসরের জন্য কারাগারে প্রেরিত হন। ১৯৩৬ সালে মুক্ত হইয়া কংগ্রেসে যোগদান করেন।

রাধাকৃষ্ণন, স্যার এস, এম-এ, ডি-লিট—জন্ম ১৮৮৮, ৫ই সেপ্টেম্বর, দাক্ষিণাত্যের তিরুতানি নামক স্থানে। প্রথমতঃ মান্দ্রাজ, মহীশূর এবং কলিকাতায় দর্শন শাস্ত্রের অধ্যাপনা করেন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রাচ্য দর্শনের অধ্যাপক। ইংলণ্ড এবং আমেরিকার প্রাচ্য দর্শন সম্বন্ধে বক্তৃতা দিবার জন্য আমন্ত্রিত হন। ১৯২৯-৩০ অব্দে হিবার্ট লেকচারার নিযুক্ত হন। এই পদে তিনি দ্বিতীয় ভারতীয়। ১৯২১-৩১ পর্য্যন্ত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শনের পঞ্চমজর্জ্জ চেয়ারের অধ্যাপক ছিলেন। তাঁহার লেখা, বক্তৃতা এবং চিন্তাধারা জগতের সর্বত্র একটা বিশিষ্ট স্থান লাভ করিয়াছে।

রামন, স্যার চন্দ্রশেখর ভেঙ্কট, এম-এ, এল এল-ডি, ডি-এসসি এফ-আর-এস, কেটি—জন্ম ত্রিচিনাপল্লীতে ১৮৮৮ অব্দে। মান্দ্রাজ প্রেসিডেন্সী কলেজ হইতে এম-এ ডিগ্রী লইয়া তিনি ভারত সরকারে

অর্থনৈতিক বিভাগে চাকুরী গ্রহণ করেন (১৯০৭)। ১৯১৭ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যার পালিত প্রফেসর নিযুক্ত হইলেন। ভারত হইতে য়ুরোপে যাওয়া কালীন জাহাজ হইতে সমুদ্রের জলে নানা প্রকার রঙ্গের খেলা দেখিয়া সেই সম্বন্ধে গবেষণা সুরু করেন। উহার ফলে পদার্থবিদ্যায় অনেক নূতন তথ্য আবিষ্কার করেন। ১৯৩০ সালে পদার্থবিদ্যার নোবেল পুরস্কার লাভ করেন। ভারতীয় বিজ্ঞান ইনষ্টিটিউটের ভূতপূর্ব ডিরেক্টর। প্রতিভাশালী বৈজ্ঞানিক হিসাবে রামন পৃথিবীর সর্বত্র পরিচিত।

সরকার, নলিনীরঞ্জন—জন্ম ময়মনসিংহ জেলায় ১৮৮৮ খৃষ্টাব্দে স্বদেশী আন্দোলনে লেখাপড়া ছাড়িয়া দেন। হিন্দুস্থান বীমা কোম্পানীতে কেরাণীরূপে যোগদান করিয়া স্বীয় প্রতিভা বলে সামান্য কেরাণী হইতে জেনারেল ম্যানেজার এর পদে উন্নীত হয়। ভারতীয় বাণিজ্যের এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং কার্য্যকলাপের সহিত ঘনিষ্টভাবে সংশ্লিষ্ঠ। ১৯৩৪-৩৫ সালে কলিকাতা মেয়র নির্বাচিত। বর্তমানে বাংলা সরকারের অর্থসচিব।

সরকার, স্যার যদুনাথ—এম-এ, পি-আর-এস., ডি-লিট (ঢাকা) কে-টি, সি-আই-ই—জন্ম ১৮৭০। অধ্যাপক মেট্রোপলিটন ইনষ্টিটিউশন (১৮৯৩), অধ্যাপক প্রেসিডেন্সী কলেজ (১৮৯৮-৯৯) বাংলা সরকারের শিক্ষাবিভাগে কিছুদিন ছিলেন। পাটনা কলেজ (১৮৯৯—১৯১৭) কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ে ভারতীয় ইতিহাসের প্রধান অধ্যাপক (১৯১৭—১৯), কটকের র‍্যাভেনশ কলেজের অধ্যাপক (১৯১৯—২৩), কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলর (১৯২৬—২৭), রয়েল এশিয়াটিক সোসাইটির ফেলো। বহু ঐতিহাসিক পুস্তকের গ্রন্থকার, মোগল যুগের অথরিটি।

সরকার, স্যার এন্, এম্, এম-এ কে-সি-এস-আই, বার-অ্যাট্-ল—কলিকাতা হইতে ল'পাশ করিয়া কিছুদিন ওকালতী করেন। ১৯০২ সালে মুনসেফের পদ প্রাপ্ত হন, কিন্তু চাকুরীতে ইস্তফা দিয়া বিলাত চলিয়া যান। বিলাত হইতে ব্যারিষ্টার হইয়া কলিকাতা হাইকোর্টে যোগ দেন। ১৯২৮ সালে বাংলা সরকারের এড্ভোকেট-জেনারেল নিযুক্ত হন। ১৯৩০ সালে কংগ্রেসের আইন অমান্য আন্দোলনে বাধাদান করিবার জন্য নাগরিক রক্ষা সমিতি নামক একটি সমিতি গঠন করেন। ভারত সরকারের ভূতপূর্ব আইন-সচিব।

সাভারকর, বিনায়ক, বার-অ্যাট-ল—বোম্বাই প্রদেশের বিখ্যাত স্বদেশ প্রেমিক, এক ব্রাহ্মণ পরিবারে ১৮৮৩ খৃষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। প্রথম জীবন হইতেই ভারতের স্বাধীনতার জন্য বহু কাজ করিয়া আসিয়াছেন। ইংলণ্ডে ভারতীয় রাজনৈতিক প্রচার কার্য্য চালাইবার জন্য ইংলণ্ডে প্রেরিত হন। সেখানে মাদামকামা এবং স্বামী কৃষ্ণবর্ম্মার সহিত থাকিয়া রাজনৈতিক প্রচার কার্য্য চালান। নাসিক ষড়যন্ত্র মামলায় ইংলণ্ডেই গ্রেপ্তার হন, কিন্তু বন্দী অবস্থায় মার্সেলিস্ বন্দরে জাহাজ হইতে পলায়ন করেন। পুনরায় গ্রেপ্তার হইয়া যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত হন। ১৯১১—২৪ সাল পর্য্যন্ত দ্বীপান্তরে কাটাইবার পর ১৯২৪ সালে রত্নগিরিতে অন্তরিণ হন। বর্ত্তমানে সমস্ত বিধিনিষেধ হইতে মুক্তিলাভ করিয়াছেন। এখন নিখিল ভারত হিন্দু মহাসভার সভাপতি।

কলিকাতার ষ্ট্রীট্ ডাইরেক্টরী

(বর্ণানুক্রমিক)

কলিকাতা, আলিপুর, খিদিরপুর, চিৎপুর, মাণিকতলা, বেলেঘাটা (সহর ও সহরতলীর) ষ্ট্রীট ও লেনগুলি ৩২টী ওয়ার্ডেবিভক্ত। এখানে কেবলমাত্র ষ্ট্রীট ও লেনের নাম ও ঠিকানা দেওয়া গেল। সাধারণের সুবিধার জন্য ওয়ার্ডগুলি নিম্নে লিখিত হইল।

ওয়ার্ড নং ১। শ্যামপুকুর। উত্তরে—সার্কুলার ক্যানেল। দক্ষিণে—উল্টাডিঙ্গি রোড ও গ্রে ষ্ট্রীট। পূর্ব্বে—সার্কুলার ক্যানেল ও অপার সার্কুলার রোড। পশ্চিমে—অপার চিৎপুর রোড ও চিৎপুর ব্রিজ এ্যাপ্রোচ্ রোড।

ওয়ার্ড নং ২। কুমারটুলি। উত্তরে—গঙ্গা। দক্ষিণে নিমতলা ঘাট ষ্ট্রীট। পূর্ব্বে—অপার চিৎপুর ব্রিজ এপ্রোচ্ রোড। পশ্চিমে—গঙ্গা।

ওয়ার্ড নং ৩। বড়তলা। উত্তরে—গ্রে ষ্ট্রীট ও উল্টাডিঙ্গি রোড। দক্ষিণে—বিডন ষ্ট্রীট ও মাণিকতলা রোড। পূর্ব্বে—সার্কুলার ক্যানেল। পশ্চিমে—অপার চিৎপুর রোড।

ওয়ার্ড নং ৪। সুকিয়াস্ ষ্ট্রীট্। উত্তরে—বিডন ষ্ট্রীট ও মাণিকতলা রোড। দক্ষিণে—কেশব সেন ষ্ট্রীট ও গ্যাস ষ্ট্রীট। পূর্ব্বে—সার্কুলার ক্যানেল ও অপার সার্কুলার রোড। পশ্চিমে—কর্ণওয়ালিস ষ্ট্রীট।

ওয়ার্ড নং ৫। জোড়াবাগান। উত্তরে নিমতলা ঘাট ষ্ট্রীট। দক্ষিণে—কটন ষ্ট্রীট ও মীরবহর ঘাট ষ্ট্রীট। পূর্ব্বে—অপার চিৎপুর রোড। পশ্চিমে—গঙ্গা।

ওয়ার্ড নং ৬। জোড়াসাঁকো। উত্তরে বিডন ষ্ট্রীট। দক্ষিণে —মেছুয়া বাজার ষ্ট্রীট। পূর্ব্বে কর্ণওয়ালিস ষ্ট্রীট। পশ্চিমে—অপার চিৎপুর রোড।

ওয়ার্ড নং ৭। বড়বাজার। উত্তরে—মীরবহর ঘাট ষ্ট্রীট ও কটন ষ্ট্রীট। দক্ষিণে—লালবাজার ষ্ট্রীট, ডালহাউসি স্কয়ার নর্থ, ফেয়ার্লি প্লেস এবং তথা হইতে সোজা গঙ্গার ধার। পূর্ব্বে—লোয়ার চিৎপুর রোড। পশ্চিমে—গঙ্গা।

ওয়ার্ড নং ৮। কলুটোলা। উত্তরে—মেছুয়াবাজার ষ্ট্রীট। দক্ষিণে—বহুবাজার ষ্ট্রীট। পূর্ব্বে কলেজ ষ্ট্রীট। পশ্চিমে—লোয়ার চিৎপুর রোড।

ওয়ার্ড নং ৯। মুচিপাড়া। উত্তরে—কেশব সেন ষ্ট্রীট ও গ্যাস্ ষ্ট্রীট। দক্ষিণে—বহুবাজার ষ্ট্রীট ও বেলেঘাটা রোড। পূর্ব্বে-সার্কুলার ক্যানেল। পশ্চিমে—কলেজ ষ্ট্রীট।

ওয়ার্ড নং ১০। বহুবাজার। উত্তরে—বহুবাজার ষ্ট্রীট। দক্ষিণে—ধর্ম্মতলা ষ্ট্রীট। পূর্ব্বে—ওয়েলিংটন ষ্ট্রীট। পশ্চিমে—বেন্টিঙ্ক ষ্ট্রীট।

ওয়ার্ড নং ১১। পদ্মপুকুর। উত্তরে—বহুবাজার ষ্ট্রীট দক্ষিণে —ধর্ম্মতলা ষ্ট্রীট। পূর্ব্বে—লোয়ার সার্কুলার রোড। পশ্চিমে—ওয়েলিংটন ষ্ট্রীট।

ওয়ার্ড নং ১২। ওয়াটালু ষ্ট্রীট। উত্তরে—লালবাজার ষ্ট্রীট, ডালহাউসি স্কয়ার নর্থ, ফেয়ার্লিপ্লেস ও তথা হইতে সোজা গঙ্গার ধার। দক্ষিণে—এস্প্লানেড পূর্ব্ব ও পশ্চিম লরেন্স রোড। পূর্ব্বে বেন্টিঙ্ক ষ্ট্রীট। পশ্চিমে—গঙ্গা।

ওয়ার্ড নং ১৩। ফিনিক বাজার। উত্তরে—ধর্ম্মতলা ষ্ট্রীট। দক্ষিণে কিড ষ্ট্রিট ও রিপণ ষ্ট্রীট। পূর্ব্বে—ওয়েলেস্লি ষ্ট্রীট। পশ্চিমে—চৌরঙ্গি রোড ও ফ্রিস্কুল ষ্ট্রিটের কিয়দংশ।

ওয়ার্ড নং ১৪। তালতলা। উত্তরে ধর্ম্মতলা ষ্ট্রীট। দক্ষিণে—রিপণ ষ্ট্রীট। পূর্ব্বে—লোয়ার সার্কুলার রোড। পশ্চিমে—ওয়েলেস্লি ষ্ট্রীট।

ওয়ার্ড নং ১৫। কলিঙ্গা। উত্তরে—রিপণ ষ্ট্রিট। দক্ষিণে—থিয়েটার রোড। পূর্ব্বে—লোয়ার সার্কুলার রোড। পশ্চিমে—ওয়েলেস্লি ষ্ট্রীট ও উড ষ্ট্রিট্।

ওয়ার্ড নং ১৬। পার্কষ্ট্রীট। উত্তরে—কিড ষ্ট্রীট ও রিপণ ষ্ট্রীট। দক্ষিণে—থিয়েটার রোড। পূর্ব্বে—উড ষ্ট্রীট ও ওয়েলস্‌লি ষ্ট্রীট। পশ্চিমে—চৌরঙ্গি রোড।

ওয়ার্ড নং ১৭। বামন বস্তি। উত্তরে—থিয়েটার রোড। দক্ষিণে—লোয়ার সার্কুলার রোড। পূর্ব্বে—লোয়ার সার্কুলার রোড। পশ্চিমে—চৌরঙ্গি রোড।

ওয়ার্ড নং ১৮। ট্যাংরা। উত্তরে—বেলেঘাটা ক্যানেল ও পাগলাডাঙ্গা রোড। দক্ষিণে—তিলজলা রোড ও তপসিয়া রোড, দক্ষিণ। পূর্ব্বে—পাগলডাঙ্গা রোড, চিংড়িহাটা রোড, ট্যাংরা রোড, দক্ষিণ তপসিয়া রোড, উত্তর হিউঘেস রোড, নূতন রাস্তা, তপসিয়া রোড ও দক্ষিণ হিউঘেস রোডের সঙ্গমস্থল। পশ্চিমে—কাঁকুড়গাছি কর্ড ও ই, বি, রেল।

ওয়ার্ড নং ১৯। ইটালি। উত্তরে—বেলিয়াঘাটা রোড, সার্কুলার ও বেলিয়াঘাটা ক্যানেল। দক্ষিণে—বেণিয়াপুকুর রোড, ফুলবাগান রোড, ইটালি সাউথ রোড ও ক্রিষ্টোফার রোড। পূর্ব্বে কাঁকুড়গাছি কর্ড, ও ই, বি, রেল। পশ্চিমে—লোয়ার সার্কুলার রোড।

ওয়ার্ড নং ২০। বেনিয়াপুকুর। উত্তরে—বেনিয়াপুকুর রোড, ফুলবাগান রোড, সাউথ ইটালি ও ক্রীষ্টফার রোড। দক্ষিণে—বেকবাগান লেন এবং লোয়ার সার্কুলার রোডের কোণ হইতে কলিকাতা ইম্‌প্রুভমেণ্ট ট্রাষ্টের নূতন রাস্তা, এবং পার্ক সার্কাস ও নিউ পার্ক ষ্ট্রীটের নূতন ৬০ ফুটের সঙ্গমস্থল পর্য্যন্ত এবং কলিকাতা ইপ্রুভমেণ্ট ট্রাষ্ট রোড হইতে ই,বি, রেল পর্য্যন্ত। পূর্ব্বে—কাঁকুড়গাছি কর্ড ও ই, বি, আর। পশ্চিমে—লোয়ার সার্কুলার রোড।

ওয়ার্ড নং ২১। বালিগঞ্জ। উত্তরে—লোয়ার সার্কুলার রোড, কলিকাতা ইম্‌প্রুমেণ্ট ট্রাষ্টের নূতন রাস্তা; বেকবাগান লেন ও লোয়ার সার্কুলার রোডের কোণ হইতে বাহির হইয়া পার্ক সার্কাস ও নিউ পার্ক ষ্ট্রীটের নূতন ৬০ ফুট পর্য্যন্ত। কলিকাতা ইপ্রুভমেণ্ট ট্রাষ্টের দুর্গা রোড হইতে ই, বি, রেলের দিকে গিয়াছে এবং তিলজলা রোড ও তপসিয়া রোড দক্ষিণ লাইনের সঙ্গমস্থল পর্য্যন্ত। দক্ষিণে—হাজরা রোড, বণ্ডেল রোড এবং ই, বি, রেল হইতে সোজা তিলজলা মসজিদবাড়ী লেনের দক্ষিণ

প্রান্ত পর্য্যন্ত। পূর্ব্বে—তপসিয়া রোড সাউথ, তিলজলা মসজিদবাড়ী লেন ও ই, বি, আর। পশ্চিমে—ল্যান্সডাউন রোড।

ওয়ার্ড নং ২২। ভবানীপুর। উত্তরে—লোয়ার সার্কুলার রোড। দক্ষিণে—বলরাম বসুর ঘাট হইতে পূর্ব্বদিকে বলরাম বসুর রোড ও কালীঘাট রোডের সঙ্গমস্থল। তথা হইতে কালীঘাট রোডের কিয়দংশ ও রসা রোড কালীঘাটের সঙ্গমস্থল। দক্ষিণে—রসা রোড ও হাজরা রোডের মোড় পর্য্যন্ত; পূর্ব্বে হাজরা রোড ও ল্যান্সডাউন রোডের সঙ্গমস্থল। পূর্ব্বে—ল্যান্স্‌ডাউন রোড। পশ্চিমে—টালির নালা ও জিরাট ব্রিজ অ্যাপ্রোচ্‌।

ওয়ার্ড নং ২২ এ। কালীঘাট। উত্তরে—বলরাম বসু ঘাট রোড এবং কালীঘাট রোডের কিয়দংশ। দক্ষিণে—নেপাল ভট্টাচার্য্যের ষ্ট্রীট, সদানন্দ রোড ও রাসবিহারি এ্যাভিনিউএর কিয়দংশ। পূর্ব্বে—রসা রোড। পশ্চিমে টালির নালা।

ওয়ার্ড নং ২৩। আলিপুর। উত্তরে—টালির নালা। দক্ষিণে—টালিগঞ্জ, সার্কুলার রোড ও পোর্টকমিশনারের জমির দক্ষিণ হইতে ডায়মণ্ড হারবার রোডের সঙ্গমস্থল পর্য্যন্ত। পূর্ব্বে—টালির নালা। পশ্চিমে—ডায়মণ্ডহারবার রোড ও খিদিরপুর ব্রিজ এ্যাপ্রোচ্‌।

ওয়ার্ড নং ২৪। একবালপুর। উত্তরে—সার্কুলার গার্ডেনরিচ রোড। দক্ষিণে—সাপুর রোড, গড়াগাছা রোড ও তারাতলা রোড। পূর্ব্বে ডায়মণ্ডহারবার রোড। পশ্চিমে—হাইড রোড।

ওয়ার্ড নং ২৫। ওয়ার্ডগঞ্জ ও হেষ্টিংস্‌। উত্তরে—ক্লাইভ রোড, ট্রাণ্ড রোড এবং ষ্ট্রাণ্ড রোডের দক্ষিণ হইতে গঙ্গা পর্য্যন্ত। দক্ষিণে—সার্কুলারগার্ডেন রিচ রোড ও পুরাতন তারাতলা রোডের দক্ষিণপ্রান্ত। পূর্ব্বে—সেণ্ট জর্জের গেট রোড, খিদিরপুর ব্রিজ এ্যাপ্রোচ্‌ ও হাইড রোড। পশ্চিমে পুরাতন তারাতলা রোডের পশ্চিম প্রান্ত এবং গঙ্গা।

ওয়ার্ড নং ২৬। গার্ডেনরিচ। উত্তরে—সাহাপুর রোড, গড়াগাছা রোড, পুরাতন তারাতলা রোডের দক্ষিণ প্রান্ত এবং গঙ্গা। দক্ষিণে—পোর্ট কমিশনারের জমি। পূর্ব্বে—ডায়মণ্ডহারবার

রোড, পুরাতন তারাতলার পশ্চিম প্রান্ত এবং গঙ্গা। পশ্চিমে—পোর্ট কমিশনারের জমি।

ওয়ার্ড নং ২৭। টালিগঞ্জ। উত্তরে—বণ্ডেল রোড, হাজরা রোড এবং নেপাল ভট্টাচার্য্যের ষ্ট্রীট হইতে টালির নালা। দক্ষিণে—টালিগঞ্জ সার্কুলার রোড এবং ই, বি, রেল বজ বজ ব্রাঞ্চ। পূর্ব্বে—রসারোড সাউথ ও ই, বি, রেল লাইন। পশ্চিমে—রসা রোড সাউথ ও টালির নালা।

ওয়ার্ড নং ২৮। বেলিয়াঘাটা। উত্তরে—নারিকেলডাঙ্গা মেন রোড। দক্ষিণে—বেলেঘাটা ক্যানেল। পূর্ব্বে—নূতন ক্যানেল। পশ্চিমে—সার্কুলার ক্যানেল।

ওয়ার্ড নং ২৯। মানিকতলা। উত্তরে—নূতন ক্যানেল। দক্ষিণে—নারিকেলডাঙ্গা মেন রোড। পূর্ব্বে—নূতন ক্যানেল। পশ্চিমে—সার্কুলার ক্যানেল।

ওয়ার্ড নং ৩০। বেলগাছিয়া। উত্তরে—পাইকপাড়া রোড ও বেলগেছিয়া রোড। দক্ষিণে—সার্কুলার ক্যানেল ও নূতন ক্যানেল। পূর্ব্বে—ই, বি, আর। পশ্চিমে—বারাকপুর ট্রাঙ্ক রোড।

ওয়ার্ড নং ৩১। সাতপুকুর। উত্তরে কালিচরণ ঘোষের রোড ও রামকৃষ্ণ ঘোষের লেন। দক্ষিণে—পাইকপাড়া রোড ও বেলগাছিয়া রোড। পূর্ব্বে—ই, বি, আর। পশ্চিমে—বারাকপুর ট্রাঙ্ক রোড।

ওয়ার্ড নং ৩২। কাশীপুর। উত্তরে—প্রামাণিক ঘাট রোড, কাশীপুর রোড ও কাশীনাথ দত্তের রোড। দক্ষিণে—সার্কুলার ক্যানেল। পূর্ব্বে—বারাকপুর ট্রাঙ্ক রোড। পশ্চিমে—গঙ্গা।

অ

অকল্যাণ্ড প্লেস—৩।১৪, অকল্যাণ্ড স্কয়ার। অকল্যাণ্ড স্কয়ার—রাউডন ষ্ট্রীট। অকল্যাণ্ড রোড—ইডেন গার্ডেনের উত্তর। অক্রুর দত্তের লেন—৩৯, ওয়েলিংলন ষ্ট্রীট। অখিল মিস্ত্রির লেন—১৮ আমহার্ষ্ট ষ্ট্রীট। অদ্বৈত মল্লিক লেন—৪, যোগেন দত্ত লেন। অন্নদা নিয়োগী লেন—২।৬।এ রামকৃষ্ণ লেন—অনাথ দেবের লেন—১১।১ বি বিডন

রো (দর্জ্জিপাড়া)। অনাথনাথ দেব লেন—৩১।১, বেলগাছিয়া রোড ও নিউ রোড। অনাথবাবুর বাজার লেন—১৫৯, মাণিকতলা ষ্ট্রীট্। অন্নদা প্রসাদ ষ্ট্রীট—২৬ বি, কালী দত্ত ষ্ট্রীট। অপার উড ষ্ট্রীট,—১৩, থিয়েটার রোড। অপার চিৎপুর রোড ৮৭।১ লোয়ার চিৎপুর রোড হইতে আরম্ভ, ১৩৮ মেছুয়া বাজার হইতে বাগবাজার পর্য্যন্ত চিৎপুর রোডের অংশ। অপার সার্কুলার রোড—১৪৯।১, বহুবাজার ষ্ট্রীট, (শিয়ালদহ ষ্টেশনের চৌমাথা হইতে শ্যামবাজারের চৌমাথা পর্য্যন্ত)। অপূর্ব্বমিত্ররোড—পি ১৩৮, রসা রোড সাউথ। অর্ফ্যানগঞ্জ রোড—১, ডায়মণ্ডহারবার রোড (খিদিরপুর)। অবিনাশ মিত্রের লেন—৪৮, বিডন রো। অবিনাশ শাসমল লেন—১৩৯, রাজা রাজেন্দ্র লাল মিত্র রোড। অভয় গুহ রোড—১৫২।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট। অভয় ঘোষের লেন—৯০।২, গ্রেষ্ট্রীট। অভয় মিত্রের ষ্ট্রীট—১৬৪, অপার চিৎপুর রোড (কুমারটুলি)। অভয় সরকারের লেন—৩।৩, পদ্মপুকুর রোড (খিদিরপুর)। অভয় সাহা লেন—৫ রামকৃষ্ণ লেন। অভয় হালদারের লেন—১৩, মদন বড়ালের লেন (বহুবাজার)। অমৃত ব্যানার্জী রোড—পি ৫৬, রসা রোড সাউথ। অশ্বিনী দত্ত রোড—মনোহরপুর রোড ও পণ্ডিতিয়া রোডের সংযোজক রাস্তা। অশোক রোড—ওয়ার্ড ২৭, মহানির্ব্বান রোড। অক্ষয় বসুর লেন—১১৬।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট। অক্ষয় দত্তের লেন—২৬, নিমতলা ঘাট ষ্ট্রীট।

আ

আউটরাম ষ্ট্রীট—৫, সর্ট ষ্ট্রীট। আউটরাম রোড—ডাফ্রিন রোড ও খিদিরপুর রোডের সঙ্গম স্থল। আগামেদী ষ্ট্রীট—৩, কমেদন বাগান লেন। আনন্দ লেন—৬১, রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট। আনন্দ খাঁর লেন—২১, বেনেটোলাষ্ট্রীট। আনন্দ চ্যাটার্জ্জি লেন—২০, বাগবাজার ষ্ট্রীট। আনন্দপালিত রোড—৭৪, সাউথ রোড (ইটালি)। আব্দুল রাজ্জ রোড—১ মনহর পুকুর রোড। আমড়াতলা লেন—৩, আমরাতলা ষ্ট্রীট। আমড়াতলা ষ্ট্রীট—৭১।১১, ক্যানিং ষ্ট্রীট। আমহার্ষ্ট ষ্ট্রীট—১৬৭, বহুবাজার ষ্ট্রীট। আমহার্ষ্ট রো—৭৪।৫, আমহার্ষ্ট ষ্ট্রিট।

আর্ম্মেনিয়ান ষ্ট্রীট—৭, খঙ্গরা পটি ষ্ট্রীট। আর, জি, কর রোড—১নং ওয়ার্ড। আরপুলি লেন—৩৩, কলেজ ষ্ট্রীট। আরিফ রোড —৬।১, ক্যানেল ইষ্ট রোড (উল্টোডাঙ্গা পুলের নিকট)। আয়রণ সাইড রোড—ওল্ড, বালিগঞ্জ রোডের নিকট। আলবার্ট রোড—১৮, ক্যামাক ষ্ট্রীট। আর্ল ষ্ট্রীট—২ কুপার ষ্ট্রীট। আলিপুর পার্ক রোড—রাজা সন্তোষ রোড (ষ্ট্রীট এণ্ড ওয়েষ্ট)। আলিপুর পার্ক প্লেস্—ওয়ার্ড ২৩, আলিপুর পার্ক রোড। আলিপুর রোড—২৩ নং ওয়ার্ড, জিরাট ব্রিজ। আলিমুদ্দিন ষ্ট্রীট—৮, ওয়েলেস্‌লি স্কয়ার। আলেন গার্ডেন—২৮, পার্ক ষ্ট্রীট। আলন বি রোড—৩৯, এলগিন রোড, আশুতোষ দের লেন—৩১, মাণিকতলা ষ্ট্রীট। আশুতোষ শীলের লেন—৫।২, সুকিয়া ষ্ট্রীট। আশুবিশ্বাস রোড—২৪, দক্ষিণ চক্রবেড়িয়া রোড—আশুতোষ মুখার্জ্জী রোড—২২, ওয়ার্ড (ভবানীপুর)। আশুবাবুর লেন—১৩০।৪, সার্কুলার গার্ডেন রিচ রোড, (খিদিরপুর)। আসগার মিস্ত্রীর লেন—১৮ ওয়ার্ড, গোবরা গোরস্থান রোড। আসটন রোড—৩৮ উত্তর চক্রবেড়িয়া রোড। আহিরীটোলা ষ্ট্রীট—১০৫—দর্ম্মামাঠা ষ্ট্রীট ঐ ১ম লেন—১৫০, আহিরীটোলা ষ্ট্রীট। ঐ ২য় লেন—১০৩।১, আহিরীটোলা ষ্ট্রীট। আহিরীটোলা বাই লেন—৪৯, আহিরীটোলা ষ্ট্রীট। আহিরীপুকুর রোড—১৬।এ, আহিরী পুকুর ১ম লেন। ঐ ১ম লেন—৩৪, বেক বাগান রো (বালিগঞ্জ)। ঐ ২য় লেন—৬।এ, আহিরী পুকুর রোড।

ই

ইউরোপীয়ান এসাইলম লেন—৭৯।এ, লোয়ার সার্কুলার রোড। ইডেন হাঁসপাতাল রোড—২০।২ ফিয়ার্স লেন। ইডেন হাঁসপ্যতাল লেন—৩৩, ইডেন হাঁসপাতাল রোড। ইডেন গার্ডেন রোড—দক্ষিণে ষ্ট্রাণ্ড রোড, ইডেন গার্ডেনের পূর্ব্ব। ইণ্ডিয়ান মিরার ষ্ট্রীট—৯০, ওয়েলেসলি ষ্ট্রীট। ইন্দ্ররায় রোড—১৫৪, রসা রোড। ইব্রাহিম রোড—ওয়ার্ড ২৪। ইমদাদ আলির লেন—৫১, তালতলা লেন। ইমামবক্স লেন—১০৪।১এ, দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট (সোণাগাছি)। ইলিয়ট

রোড—১৮, রিপণ ষ্ট্রীট। ইলিয়ট লেন—২৮ রিপণ ষ্ট্রীট। ইসমাইল ষ্ট্রীট—৩১, ফুলবাগান রোড। ইষ্ট কুলিয়া রোড—১০১, বেলিয়াঘাটা মেইন রোড। ইসলাম লেন—৭ হাতী বাগান রোড (নর্থ ইটালী) ইস্মাইল মদন লেন, ১৪ জ্যাকেরিয়া ষ্ট্রীট।

ঈ

ঈশ্বরচক্রবর্ত্তী লেন—৬।১ ঈশ্বর মিল লেন। ঈশ্বর মণ্ডলের লেন—১৮নং ওয়ার্ড, ট্যাংরা রোড সাউথ। ঈশ্বর গাঙ্গুলির লেন—৬০।১, হালদারপাড়া রোড। ঈশ্বর ঠাকুরের লেন— ৪১।২, বিডন রো। ঈশ্বর মিল লেন— ২১।বি, গোয়াবাগান ষ্ট্রীট। ঈশ্বর মিল বাই লেন—৮।সি ঈশ্বর মিল লেন।

উ

উইলিয়মস্ লেন—২এ, ম্যাকারথি লেন (জেলে পাড়ার রাস্তা)। উজীর চৌধুরী রোড—৪, ক্যানাল ইষ্ট রোড। উডষ্ট্রীট—২২, পার্কষ্ট্রীট (বামনবস্তি রাস্তা)। ঐ অপার—১৩ থিয়েটার রোড। উডবার্ণ রোড—২৩৪।২, লোয়ার সার্কুলার রোড। উড়িয়াপাড়া লেন—ইটালি বাজার। ঐ—৩৯, হাওড়া রোড। উত্তরপাড়া লেন—বারাকপুর ট্রাঙ্করোড ও গোপাল চাটার্জ্জি রোড। উমাকান্ত সেন লেন—৩১, ওয়ার্ড। উমাদাসের লেন—৬৫, ফ্রি স্কুল ষ্ট্রীট (জানবাজার)। উপেন্দ্রচন্দ্র মিত্রের লেন—১০২, হাওড়া রোড। উমানন্দ রোড—৩৬।১ এলগিন রোড। উমেশচন্দ্র দত্তের লেন—৪।১, বিডন ষ্ট্রীট। উলিউল্লা লেন—১৪ ওয়ার্ড, ওয়েলসলি স্কোয়ার। উন্টাডিঙ্গি রোড—২৩৪।২ অপার সার্কুলার রোড। উন্টাডিঙ্গি রোড— ৬ ক্যানাল ইষ্ট রোড। উলটাডিঙ্গি জং রোড—হালসি বাগান রোড ও রাজাদীনেন্দ্র ষ্ট্রীট।

এ

একডেলিয়া রোড—১৪।১ গড়িয়াহাট রোড। একবালপুর গলি—৪০—একবালপুর রোড, খিদিরপুর।

একবালপুর রোড—৪, ভূকৈলাশ রোড। একবালপুর লেন—২৪ নং ওয়ার্ড। একার রোড—২০৩, লোয়ার সার্কুলার রোড। এক্সিবিশান

রোড—ওয়ার্ড ২১। এজরা ষ্ট্রিট—১৩, রাধাবাজার ষ্ট্রীট, ডোম টুলি। এজরাম্যানসন—১০ নং গভর্ণমেণ্ট প্লেস। এণ্টনিবাগান লেন—৬৩, অপার সার্কুলার রোড। এলগিন রোড—১৫, ল্যান্সডাউন রোড। এসপ্লানেড রো ওয়েষ্ট—১, ষ্ট্রাণ্ড রোড। এসপ্লানেড রো ইষ্ট—১৭, গভর্ণমেণ্ট প্লেস ইষ্ট।

ও

ওনরাইৎ ১ম লেন—৮৩ বি, সাউথ রোড, ইটালি। ওনরাইৎ—৮২, সাউথ রোড, ইটালি। ওমদা রাজার লেন—১৩৫, বেলেঘাটা রোড। ওয়াটগঞ্জ স্কয়ার—৯২, গার্ডেন রিচ রোড। ওয়াটগঞ্জ ষ্ট্রীট—১৩৪, সার্কুলার গার্ডেনরিচ রোড, খিদিরপুর। ওয়াটারলু ষ্ট্রীট—১০, গভর্ণমেণ্ট প্লেস ইষ্ট। ওয়ার্ড ইনষ্টি- টিউসন ষ্ট্রীট—৭।১, মানিকতলা রোড। ওয়েডারবার্ণ রোড—৪৮।এ, যতিনদাস রোড। ওয়েভারলি লেন—৮৭।বি, সুরেন্দ্রনাথ বানার্জ্জি-রোড। ওয়েলিংটন লেন—৩, শাঁখারিটোলা লেন। ওয়েলিংটন ষ্ট্রীট—৮৩, বহুবাজার ষ্ট্রীট। ওয়েলিংটন স্কোয়ার—৩৯, ওয়েলিংটন ট। ওয়েলেসলি প্লেস্—৩২।১, ডালহাউসি স্কয়ার সাউথ। ওয়েলেসলি স্কোয়ার—৭৫, ওয়েলেসলি ষ্ট্রীট। ওয়েলেসলি ষ্ট্রীট—৪৯।১, ধর্ম্মতলা ষ্ট্রীট। ওয়েলেসলি ১ম লেন—১৪নং ওয়ার্ড, ওয়েলেসলি ষ্ট্রীট। ওয়েলেসলি ২য় লেন—৫ টার্ণার ষ্ট্রীট। ওয়েষ্টন ষ্ট্রীট—৭২।১০, বেণ্টিঙ্ক ষ্ট্রীট। ওলাইচণ্ডী রোড—৩০নং ওয়ার্ড, বেলগাছিয়া রোড ওল্ডকোর্টহাউস কর্ণার—২২, লালবাজার (লালগির্জ্জার পূর্ব্ব রাস্তা)। ওল্ডকোর্টহাউস লেন—১, লায়ন্‌সরেন্স। ওল্ড কোর্টহাউস ষ্ট্রীট—১০, গভর্ণমেণ্ট প্লেস ইষ্ট (লালদিঘির পূর্ব্ব রাস্তা)। ওল্ড চিনাবাজার ষ্ট্রীট—৬৩। জে, রাধাবাজার ষ্ট্রীট। ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রীট—৫, হেষ্টিং ষ্ট্রীট। ওল্ড বালিগঞ্জ রোড—২১ নং ওয়ার্ড, ব্রাইট ষ্ট্রীট। ওল্ড বালিগঞ্জ ১ম লেন ও ২য় লেন—২১ ওয়ার্ড, ব্রাইট ষ্ট্রীট। ওস্তাগরের লেন—১২।১, জাননগর রোড।

ক

ককলার লেন—৬৮, মনোহর পুকুর রোড। ককবর্ণস লেন—১৩, রয়েড ষ্ট্রীট। কটন ষ্ট্রীট—৫৬, ক্লাইভ ষ্ট্রীট, তুলাপটী।

কর্ণওয়ালিশ ষ্ট্রীট—৫৬ কলেজ ষ্ট্রীট (ঠনঠনিয়া)। কর্ণওয়ালিস স্কোয়ার—১২৭ মাণিকতলা ষ্ট্রীট। কর্ণফিল্ড রোড—১২, সুইন হো ষ্ট্রীট বালিগঞ্জ। কনভেণ্ট রোড—৫৩, লোয়ার সার্কুলার রোড, ইটালি। কনভেণ্ট লেন—১৯নং ওয়ার্ড, ট্যাংরা রোড (ইটালি)। কনভেণ্ট স্কোয়ার—১নং ওয়ার্ড। কনুলালের লেন—৫৫, বটতলা ষ্ট্রীট। কপিবাগান লেন—১৯, নন্দলাল বসু লেন। কাপালিটোলা লেন—১, ক্ষীরুর লেন। কর্পোরেশন প্লেস—চৌরঙ্গী ও হগ ষ্ট্রীট। কবির রোড—৩৬০,রসারোড সাউথ। কমার্শিয়াল বিল্ডিংস—ষ্টাণ্ড রোড (উত্তর)। কমিসারিয়েট রোড—২৫ ওয়ার্ড (হেষ্টীংস)। কয়লা ঘাটা ষ্ট্রীট—১৪ ষ্ট্রাণ্ড রোড। কয়লা সড়ক রোড—৩৬, সার্কুলার গার্ডেনরিচ রোড, খিদিরপুর। কয়লা সড়ক লেন—২৪, ভেণ্টমিশন রোড। কম্বলিটোলা লেন—৩৪ শ্যামবাজার ষ্ট্রীট। করফর্ম্মা লেন—৪৮, দর্ম্মাহাটা ষ্ট্রীট। করবলা মহম্মদ ষ্ট্রীট—২৩, আমড়াতলা ষ্ট্রীট, মুরগীহাটা। করিমবক্স লেন ২০ ওয়েলেসলিষ্ট্রীট। কারিমবক্স লেন—৯ লক গেট রোড। করিম হোসেন লেন—২০ ও ২১নং ওয়ার্ড কড়েয়া রোড। করিসচার্চ্চ লেন—৩২।২ আমহার্ষ্ট ষ্ট্রীট (মির্জ্জাপুর দপ্তরীপাড়া)। কলভার্ট রোড—৩ ওমদা রাজা লেন (বেলেঘাটা)। কলিন ষ্ট্রীট—৩২, সুরেন্দ্রনাথ বানার্জ্জী রোড। কলিমুদ্দিন সরকারের লেন—১৩৮, বেলেঘাটা মেন রোড। কলিমুদ্দিন লেন—৪, সারতউল্লা লেন। কলুটোলা লেন—১২, কলুটোলা ষ্ট্রীট—৩১ ও ৩২ লোয়ার চিৎপুর রোড। কলেজ লেন—৯, কলেজ স্কোয়ার। কলেজ ষ্ট্রীট—২১২, বহুবাজার ষ্ট্রীট। কলেজ স্কয়ার—৫৩।১, কলেজ ষ্ট্রীট। কলেজ ষ্ট্রীট বাই লেন—৯নং ওয়ার্ড। কলেজ রো—৫৭।এ, কলেজ ষ্ট্রীট। কসাইপাড়া লেন—২৩, দরগা রোড। কসাই বস্তির ১ম লেন—৪৬।৮, ক্যানাল ইষ্ট রোড। ঐ ২য় লেন—৭৩ নারিকেলডাঙ্গা নর্থ রোড। ঐ ক্রস লেন—৪৭।৬, ক্যানাল ইষ্ট রোড। কংগ্রেস একজিবিশন রোড—২১ ওয়ার্ড পার্কষ্ট্রীট। কাউই লেন—২৬, ফ্রিস্কুল ষ্ট্রীট। কাউন্সিল হাউস ষ্ট্রীট—৯, হেয়ার ষ্ট্রীট (পাথুরিয়া গীর্জ্জার পূর্ব্ব রাস্তা)। কাঁকুড়গাছি রোড—১১৬, মাণিকতলা মেন রোড। কাঁকুড়গাছি দ্বিতীয় লেন—২৩৪, মাণিকতলা

মেন রোড। ঐ ১ম লেন—২৭, কাঁকুড়গাছি রোড। ঐ ৩য় লেন—১৮৯, মানিকতলা মেন রোড। কাঁকুলিয়া রোড—১৬, ফের্ণ রোড। কাটগোলা লেন—৬৬, দরমাহাটা ষ্ট্রীট। কাঁটাপুকুর লেন—২৩, বাগবাজার ষ্ট্রীট। কাটুয়াখাটি রোড—৪, ভবাণীপুর রোড। কাটুয়াখাটি লেন—৮১১, শাঁখারিপাড়া রোড, ভবাণীপুর। কার্ত্তিক বসুর লেন—৬৪।এ, গ্রে ষ্ট্রীট। কানাই ধর লেন—১১, ছুতার পাড়া লেন। কানাই মুখার্জ্জির লেন—১১৩, হরতকী বাগান লেন। কানাই শীল ষ্ট্রীট,—৭১।১ কলুটোলা ষ্ট্রীট। কানাইলাল শেঠ ষ্ট্রীট—৮২, বড়তলা ষ্ট্রীট। কানুলাল লেন—৫৫, বড়তলা ষ্ট্রীট। কাপালি বাগান লেন—ওয়ার্ড ১৯, চিংড়িহাটা রোড হইতে। কামারডাঙ্গা রোড—ওয়ার্ড ১৮।১৯, পটারি রোড। কায়সার ষ্ট্রীট—৩০২।১, আপার সার্কুলার রোড, শিয়ালদহ। কারফর্ম্মা লেন—১৮, দর্ম্মাহাটা ষ্ট্রীট। কারবালা ট্যাঙ্ক লেন—১৩৮।১, আপার সার্কুলার রোড। কারবালা মহম্মদ ষ্ট্রীট—২৩ আমড়াতলা ষ্ট্রীট। কালভার্ট রোড—৩, ওমদা রাজা লেন (বালিগঞ্জ) কালাকার লেন—৩৮১১ শিবতলা ষ্ট্রীট। কালাকার ষ্ট্রীট—৫৫ বাঁশতলা ষ্ট্রীট বড়বাজার। কালাচাঁদ পতিতুণ্ডি লেন—২৪। বি রাণী রোড। কাঁলাচাঁদ সান্যালের লেন—১০৩ কর্ণওয়ালিস ষ্ট্রীট শ্যামবাজার। কালিদাস দত্তের লেন—৩১, হিদারাম বানার্জ্জি লেন, বহুবাজার। কালিদাস পতিতুণ্ডি লেন—১৩৬।২, কালীঘাট রোড। কালিদাস সিংহের লেন—৭২, মেছুয়াবাজার ষ্ট্রীট। কালীদাস লেন—১৬, শাঁখারি-টোলালেন। কালী লেন—২৭৫।সি, কালীঘাট রোড। কালীকুমার বানার্জ্জির লেন—৫, বারাকপুর ট্রাঙ্ক রোড। ৫। কালীতারা বসুর লেন—১৬১, বেলেঘাটা মেন রোড। কালীনাথ বানার্জ্জি লেন—১১৭, মাণিকতলা রোড। কালীঘাট রোড—১৪৪, আশুতোষ মুখার্জ্জির রোড। কালীচরণ ঘোষের রোড—৩১ ওয়ার্ড। কালীচরণ শেঠের লেন—৩১, সাউথ সিথি রোড। কালী টেম্পল রোড—২৪৭, কালীঘাট রোড। কালীদত্তের ষ্ট্রীট—৩১, গ্রে ষ্ট্রীট। কালী মিত্রের লেন—৫, হরিঘোষ ষ্ট্রীট। কালীমোহন বানার্জ্জির লেন—১৬২ আশুতোষ মুখার্জ্জি রোড। কালীপ্রসাদ চক্রবর্ত্তীর ষ্ট্রীট—১৮৫, আপার চিৎপুর রোড (বাগবাজার)।

কালীপ্রসন্ন সিংহ রোড—৬।২৬, কাশীপুর রোথ। কালীবিশ্বাসের লেন—৩৪, বিডন ষ্ট্রীট। কালী সোমের ষ্ট্রীট—৬৮, আপার সার্কুলার রোড। কানু ঘোষের লেন—৯, সুকিয়াস ষ্ট্রীট। কাশীঘোষের লেন—১৫৪, মাণিকতলা ষ্ট্রীট। কাশীমিত্রের ঘাট ষ্ট্রীট—২৫১, অপার চিৎপুর রোড। কাশী-বোসের লেন—২৮।১।১, হরিঘোষ ষ্ট্রীট। কাশীনাথ দত্তের রোড—৪৭, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড। কাশীদত্তের ষ্ট্রীট—৭৩।২, নিমতলা ষ্ট্রীট। কাশীনাথ মল্লিকের লেন—২, রামলোচন মল্লিক ষ্ট্রীট। কাশীপুর রোড—চিৎপুর ব্রিজের উত্তর দিকে। কাশীশ্বর চাটার্জ্জি লেন—১১।১, প্রামাণিক ঘাট রোড। কাসারিপাড়া রোড—৬৯, শম্ভুনাথ পণ্ডিতের ষ্ট্রীট (ভবানীপুর)। কাসারিপাড়া লেন—১১, কাঁসারিপাড়া রোড—ভবানীপুর)। কাসুন্দিয়া রোড—১১৮, খুরুট রোড (হাওড়া)। (কাসুয়াবিনা এভিনিউ—খিদিরপুর রোড হইতে। কিড ষ্ট্রীট—৩০, চৌরঙ্গী রোড। কিড লেন—১২, কিড ষ্ট্রীট। কিম্বার ষ্ট্রীট—ঝাউতলা রোড। কিশোরী মুখার্জ্জি লেন—২৭, মদন মিত্রের লেন। কিংস রোড ১, হাওড়া রোড। কীর্ত্তি মিত্রের লেন—২, মোহনবাগান রো। কীর্ত্তিবাস লেন—ওয়ার্ড ২৭। কুইন্স পার্ক—২৮, ওল্ড বালিগঞ্জ রোড। কুণ্ডুর রোড—২০।২, কাঁসারিপাড়া রোড, ভবানীপুর। কুণ্ডু চৌধরী লন—৭০, নিমতলা ষ্ট্রীট। কুণ্ডুলেন—৭১।বি, বেলগাছিয়া রোড। কুপার ষ্ট্রীট—৯৬, ল্যান্সডাউন রোড। কুমারটুলি স্কয়ার—২, ওয়াড, নন্দরাম সেন ষ্ট্রীট ও অভয় চরণ মিত্র ষ্ট্রীট। কুমারটুলি ষ্ট্রীট—১।২, গঙ্গাপ্রসাদ লেন। কুলিয়া ট্যাংরা ১ম লেন—ক্যানেল সাউথ রোড। সাউথ রোড। কুষ্টিয়া রোড—৫, পিকনিক্ গার্ডেন রোড। কুষ্টিয়া মসজিদ বাড়ি রোড—২১ ওয়ার্ড, কুষ্টিয়া রোড। কৃপানাথের লেন—৫৯, শোভাবাজার ষ্ট্রীট। কৃপানাথ দত্তের রোড—৬, বারাকপুর ট্রাঙ্ক রোড। কৃষ্ণলাল দাসের রোড—১০৯, কাশীপুর রোড। কৃষ্ণ লাহার লেন—২১, গবিন্দ সরকার লেন। কৃষ্ণবিহারী সেনের ষ্ট্রীট—১১২।১, হ্যারিসন রোড। কৃষ্ণদাস কুণ্ডুর ষ্ট্রীট—২৯।১, বনমালী সরকারের ষ্ট্রীট। কৃষ্ণদাস পালের লেন—১৯, বারাণসী ঘোষের ষ্ট্রীট। কৃষ্ণদাস পালের ২য় লেন—৮।২. কৃষ্ণদাস পালের লেন। কৃষ্ণমোহন মিত্রের লেন—৯৫,

হাওড়া রোড, (মুর্গিহাটা)। কৃষ্ণমল্লিক লেন ৭৫।এ, বেলগাছিয়া রোড। কৃষ্ণরাম বসুর ষ্ট্রীট—৭৬, শ্যামবাজার ষ্ট্রীট।
কেণ্ডারডাইন লেন—৬১, বহুবাজার ষ্ট্রীট। কেদার দত্তের লেন—১, বিডন রো। কেদার বসুর লেন—৩৬।৩, উত্তর রসা রোড, ভবানীপুর। কেদারনাথ মুখার্জ্জি লেন—তেওড়া পাড়া লেন, হাওড়া। কেদারনাথ দাস লেন—৩১, সাউথ সিথি রোড। কেবলকৃষ্ণ বসুর ষ্ট্রীট ৩৫, বনমালী সরকার ষ্ট্রীট। কেয়াতলা লেন—৬২, মনহরপুকুর রোড। কেয়াতলা রোড ৬৩।১, মনহরপুকুর রোড। কেরাণীবাগান মিডল লেন—১২৯, বহুবাজার ষ্ট্রীট। কৈলাশ বোস ষ্ট্রীট—২৩, কর্ণওয়ালিস ষ্ট্রীট। কৈলাশ মুখার্জ্জি লেন—১৩, রামনারায়ণ ভট্টাচার্য্য লেন—(দর্জ্জিপাড়া)। কৈলাশ সাহার লেন—১২।১২, চিত্তরঞ্জন এভিনিউ। কোইলেন—২৬, ফ্রি স্কুল ষ্ট্রীট। কোমদান বাগান লেন—২৫, ইউরোপায়ান এসাইলাম লেন। কোরাবর্দ্দার লেন—১৯, ফ্রি স্কুল ষ্ট্রীট। ক্যাণ্টোফার লেন—৩৬, ফুলবাগান রোড, ইটালি (হাড়িপাড়ার রাস্তা)। ক্যাথেটাল রোড—চৌরঙ্গী, কুইন্সওয়ে ও ভিক্টোরিয়া মেমোরিয়েল সম্মুখ। ক্যানিং ষ্ট্রীট—২৮, ষ্ট্রাণ্ড রোড (মুর্গিহাটা)। ক্যানাল ষ্ট্রীট—৭, কনভেণ্ট রোড (ইটালি)। ক্যানেল রোড—ক্লাইভ রো ও হেষ্টিংস ব্রিজ (হেষ্টিংস)। ক্যানেল সাউথ রোড মুন্সিবাজার ষ্ট্রীট (পামার বাজার রোড)। ক্যানেল ওয়েষ্ট রোড—বেলেঘাটা মেইন রোড। ক্যানেল ইষ্ট রোড—ক্যানেল গজনবি ব্রীজ ও ক্যানেল সারকুলার রোড (উল্টাডাঙ্গা)। ক্যানেল ইষ্ট বাই লেন—৫৪, ক্যানেল ইষ্ট রোড। ক্যানেল সার্কুলার রোড—ক্যানাল গজনবি ব্রিজ ও ক্যানেল ইষ্ট রোড। ক্যামাক ষ্ট্রীট—২৬, পার্ক ষ্ট্রীট। ক্রস ষ্ট্রীট—৫৩, ক্লাইভ ষ্ট্রীট (সুতাপট্টি)। ক্রাউচ লেন—৫, সেণ্ট জেমস স্কয়ার। ক্রীক রো—১২, ওয়েলিংটন স্কয়ার। ক্রীক লেন—৩৩।১, ক্রীক রো। ক্রীমেটোরিয়ম ষ্ট্রীট—৪৩, জাননগর রোড। ক্রীষ্টোফার রোড সাউথ রোড ইটালি। ক্রুকেড লেন—৭, ডেকর্স লেন (বাশতলা)। ক্লাইভ রো—ওয়ার্ড ২৫, সেণ্ট জর্জ্জেস রোড, হেষ্টিংস। ক্লাইভ রো—৮, ক্লাইভ ষ্ট্রীট। ক্লাইভ ষ্ট্রীট—৮, লায়ন্স রেন্স। ক্লাইভ বিল্ডিংস—৭নং

ওয়ার্ড। ক্লাইভ ঘাট ষ্ট্রীট—২২, ষ্ট্রাণ্ড রোড নর্থ হইতে। ক্লার্ক ষ্ট্রীট—৯৬, ল্যান্‌সডাউন রোড।

খ

খইরু লেন—১. কাপালিটোলা লেন। খেংরাপটী ষ্ট্রীট—১১৯।৯এ, পুরাতন চীনাবাজার ষ্ট্রীট। খালিসাটোলা রোড—ওয়ার্ড ২৫, ক্যানাল রোড, হেষ্টিংস। খানমহল ষ্ট্রীট ২১ ক্যানেল ইষ্ট রোড। খিদিরপুর রোড—খিদিরপুর ব্রিজ হইতে। খুদিরাম বসু রোড—১৭।১।এ, রাজা রাজকিশর ষ্ট্রীট। খেলাত ঘোষের লেন—১৭, ব্রজদুলাল ষ্ট্রীট (পাথুরিয়া-ঘাটা)। খেলাতবাবু লেন—৭১।১, বারাকপুর ট্রাঙ্ক রোড। খোদাগঞ্জ রোড—১০২।৩, বেলিয়াঘাটা মেইন রোড।

গ

গগন চন্দ্র পাল লেন—৮, বারাণসি ষ্ট্রীট। গগন সরকার রোড—১১২।১২, বেলিয়াঘাটা মেন রোড। গঙ্গাপ্রসাদ মুখার্জ্জি রোড—৭৬ পদ্ম পুকুর রোড। গঙ্গাপ্রসাদ লেন—৭, স্কালমস ষ্ট্রীট। গঙ্গারাম পালিতের লেন—১৪৩, ধর্ম্মতলা ষ্ট্রীট। গঙ্গারাম বৈরাগীর লেন—১।৩, বিলিলিয়স রোড (হাওড়া)। গঙ্গাধর বাবুর লেন—২৪০।৫, বহুবাজার ষ্ট্রীট। গঙ্গাধর বানার্জ্জি লেন—৮৪, ডায়মণ্ডহারবার রোড খিদিরপুর। গঙ্গাধর মিস্ত্রীর লেন—কাসুন্দিয়া রোড (হাওড়া)। গঙ্গানারায়ণ দত্তের লেন—২০, পাথুরিয়া ঘাটা ষ্ট্রীট। গড়িয়াহাটা রোড—১৯, ওল্ড বালিগঞ্জ রোড। গড়পার রোড—২৯২, অপার সার্কুলার রোড। গড়পার লেন—৬৯, গড়পার রোড। গড়গাছা রোড—২৪নং, ওয়ার্ড (ডায়মণ্ড হারবার রোড)। গণপত বগলা রোড—ওয়ার্ড ৫। গণেন্দ্র মিত্রের লেন—১, সিকদার বাগান লেন। গণেশ সরকারের লেন—সার্কুলার গার্ডেন রিচ্ রোড (খিদিরপুর)। গবর্ণমেন্ট প্লেস—বঙ্গের গবর্ণর বাহাদুরের বাটীর চতুষ্পার্শ্বস্থ রাস্তা। গরচা ১ম লেন—১৯, গরচা ২য় লেন। ঐ ২য় লেন—৩, পণ্ডিতিয়া রোড। গরচা রোড—৫৪,

গড়িয়া হাটা রোড। গরাণহাটা ষ্ট্রীট—১১১, অপার চিৎপুর রোড। গরাণহাটা লেন—৯৮।৩, অপার চিৎপুর রোড। গাঙ্গুলীর লেন—২৩।২, দর্ম্মাহাটা ষ্ট্রীট। গার্ডেন রিচ রোড—মুচিখোলা (খিদিরপুর)। গার্ডেনার লেন—২১, ডক্টর লেন (তালতলা)। গানফাউণ্ডারী রোড—বারাকপুর রোড ও দমদম রোড। গারষ্টিংস প্লেস—৫ ও ৬, হেয়ার ষ্ট্রীট। গালিফ ষ্ট্রীট—২৩, আর জি কর রোড। গ্যাস ষ্ট্রীট—২৯৬, অপার সার্কুলার রোড। গিব্‌সন লেন—২৮, বেণ্টিঙ্ক ষ্ট্রীট। গিরি বাবুর লেন—২৬২, বহুবাজার ষ্ট্রীট। গিরিশ পার্ক—ওয়ার্ড ৬, চিত্তরঞ্জন এভিনিউ ও বিবেকানন্দ রোডের সঙ্গম স্থল। গিরিশ বানার্জ্জি লেন—২২।এ, চক্রবেরিয়া রোড সাউথ। গিরিশ বিদ্যারত্নের লেন—৯০।১বি, অপার সার্কুলার রোড। গিরিশ মুখার্জ্জি রোড—৭৭।২, রসারোড সাউথ, ভবানীপুর। গ্রীকচার্চ্চ রো—৭৭নং ওয়ার্ড, রসারোড সাউথ। গুড়িপাড়া রোড—১৯নং ওয়ার্ড (মুন্সিবাজার রোড)। গুপ্তর লেন—৩২।১, অপার চিৎপুর রোড। গুমগড় লেন—১৮।বি, টেম্পল ষ্ট্রীট। গুরুপ্রসাদ চৌধুরীর লেন—৮০, বেচু চাটার্জি ষ্ট্রীট। গুরুপ্রসাদ রায়ের লেন—১৩, গোসাইপাড়া লেন। গুলু ওস্তাগরের লেন—৯০, দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট, দর্জ্জিপাড়া। গেকুল মিত্রের লেন—১৬১, অপার চিৎপুর রোড। গোখলে রোড—৪, শম্ভুনাথ পণ্ডিত ষ্ট্রীট। গোপ লেন—৩১, ইসমাহল ষ্ট্রীট (ইটালি)। গোপালচন্দ্রের লেন—৩৯, ফিয়ার লেন। গোপালচন্দ্র বোস লেন—১২, সাউথ সিথি রোড। গোপাল ডাক্তার রোড—২৫ নং ওয়ার্ড, রাসনাথ পাল লেন। গোপাল দত্তের গার্ডেন লেন—৩৪, বাহিরসুরা রোড। গোপালনগর রোড—৫, জাজেজ কোর্ট রোড—(আলিপুর)। গোপালচন্দ্র চাটার্জ্জি রোড—৮৩, কাশিপুর রোড। গোপালচন্দ্র মুখার্ঘ্যি রোড—১১, বারাকপুর ট্রাঙ্ক রোড। গোপাল ঘোষের লেন—৭৯।বি, ডায়মণ্ডহারবার রোড, খিদিরপুর। গোপাল নিয়োগীর লেন—২০৩, আপার চিৎপুর রোড (বাগবাজার)। গোপাল বসুর লেন—৬২।ডি, বেচুচাটার্ঘ্যি ষ্ট্রীট। গোপাল বানার্জির ষ্ট্রীট—৩০, চাউল পটি রোড ভবানীপুর। গোপাল বনোর লেন—৩৮।বি, টালিগঞ্জ রোড। গোপাল মিত্রের লেন—২৪, নন্দলাল বসুর লেন। গোপাল

বিশ্বাসের লেন—৬।বি, বলরাম ঘোষের ষ্ট্রীট। গোপীকৃষ্ণ পালের লেন—১৩, গৌর লাহার ষ্ট্রীট। গোপী বসুর লেন—১৯, কেণ্ডার লাইন লেন। গোপী বসাকের লেন—১১, দর্প নারায়ণ ঠাকুরের ষ্ট্রীট। গোপী রায়ের লেন—১৫, গোঁসাইপাড়া লেন। গোপী সেনের লেন—১৪৮, অপার চিৎপুর রোড। গোপীমোহন দত্তের লেন—১২১।১এ কর্ণওয়ালিস ষ্ট্রীট। গোপীমণ্ডল লেন—৯০, কাশিপুর রোড। গোবরা রোড—৪, ডিহি সিরামপুর রোড (ইটালি)। গোবরা গোরস্থান রোড,—১৮, ওয়ার্ড (আজগর মিস্ত্রীর লেন ও লেপার এসাইলাম হাঁসপাতাল)। গোবরা গোরস্থান লেন—১৮নং ওয়ার্ড, মহেন্দ্র নাথ রায় লেন। গোবিন্দ আঢ্যর রোড—আলিপুর রোড ও টালিগঞ্জ সাকুলার রোড। গোবিন্দ ধরের লেন—১৬, আর্ম্মেনিয়ান ষ্ট্রীট। গোবিন্দ সরকারের লেন—২৩, বাঞ্ছারাম অক্রুর লেন, বহুবাজার। গোবিন্দ সেনের লেন—৯৭।২, প্রেমচাঁদ বড়ালের ষ্ট্রীট। গোবিন্দ ঘোষালের লেন—৩১, বলরাম বসুর ঘাট রোড, ভবানীপুর। গোবিন্দপুর রোড—২৭নং ওয়ার্ড। গোবিন্দ বসুর লেন—২৭, মদন পালের লেন। গোবিন্দ পালের লেন—২২, কালীকুমার বানার্য্যি লেন। গোবিন্দ রায়ের লেন—১৩৩, কালীঘাট রোড। গোমেস লেন—১১৮, লোয়ার সার্কুলার রোড। গোয়ালপাড়া লেন—১৪, গোয়াবাগান ষ্ট্রীট। গোয়েঙ্কা লেন—২, শিবতলা ষ্ট্রীট। গোয়াবাগান ষ্ট্রীট—২৪, বিডন ষ্ট্রীট। গোয়াবাগান লেন—৩৩।১, বিডন ষ্ট্রীট। গোয়ালটুলি রোড—৫৩।২, শম্ভুনাথ পণ্ডিতের ষ্ট্রীট, ভবানীপুর। গোয়ালটুলী লেন—১২৪, সুরেন্দ্রনাথ বানার্য্যি ষ্ট্রীট। গোরাচাদ রোড—২১।১২, জাণনগর রোড (ইটালি)। গোরাচাঁদ লেন—২০নং ওয়ার্ড। গোলাপ শাস্ত্রী লেন—১২৯, বহুবাজার ষ্ট্রীট। গোলাবাড়ী ঘাট ষ্ট্রীট—২৪৪, অপার চীৎপুর রোড, বাগবাজার। গলোক দত্তের লন—২৪।৪, বেনেটোলা ষ্ট্রীট। গোলাম সোবান লেন—২০, রিপণ ষ্ট্রীট। গোসাইয়ের লেন—১০৫, অপার চিৎপুর রোড, বাগবাজার। গোঁসাইপাড়া লেন—২৫, বলরাম মজুমদার ষ্ট্রীট। গোখানা লেন—৯২, বৈঠকখানা রোড। গৌর ঘোষের লেন—৩১, চক্রবেড়িয়া রোড সাউথ। গৌর লাহা ষ্ট্রীট।—৬৭।১২, নিমতলা ঘাট ষ্ট্রীট। গৌরমোহন ঘোষের রোড—৩২, রমেশ

মিত্র রোড। গৌরমোহন মুখার্জ্জি ষ্ট্রীট—৫৮, সিমলা ষ্ট্রীট। গৌরদাস বসাকের লেন—১৫, বসাক ষ্ট্রীট। গৌর দের লেন—৬৪, হিদারাম ব্যানার্জ্জি লেন। গৌরসুন্দর শেঠের লেন—৩৭, সাউথ সিঁথি রোড। গৌরীবেড়ে লেন—২২, উল্টাডাঙ্গা রোড। গৌরীশঙ্কর লেন—৩৭, নীলমণি মিত্রের ষ্ট্রীট। গৌরীশঙ্কর ঘোষালের লেন—৫, জয়নারায়ণ তর্কপঞ্চাননের লেন। গৌরীপাড়া রোড—৯নং ওয়ার্ড। গ্রাণ্ডস্ ষ্ট্রীট—২০, ধর্ম্মতলা ষ্ট্রীট। গ্রান্টিস লেন—৮১, বেন্টিঙ্ক ষ্ট্রীট। গ্রিয়ার স্কয়ার—২১৪।২, অপার সার্কুলার রোড।

গ্রে ষ্ট্রীট—১৫৪, অপার চিৎপুর রোড। গ্রোভ লেন—৯২, হাজরা রোড।

ঘ

ঘুঘুডাঙ্গা লেন—৪৬, ওল্ড বালিগঞ্জ ১ম লেন। ঘোষাল ষ্ট্রীট—২৭, পালিত ষ্ট্রীট। ঘোষ বাগান লেন—৪৬, লক ঘাট রোড। ঘোষ লেন—৪১।সি, মাণিকতলা ষ্ট্রীট।

চ

চক্রবেড়ীয়া রোড নর্থ—৩০, রোনাল্ড রোড (বালিগঞ্জ)। চক্রবেড়ীয়া রোড সাউথ—৬৩, আশুতোষ মুখার্জ্জি রোড। চক্রবাড়ী লেন—১৪, চক্রবাড়ী রোড, বালিগঞ্জ। চড়কডাঙ্গা রোড—বেলিয়াঘাটা ব্রিজ, মেন রোড ও ক্যানেল ইষ্ট রোডের সঙ্গম স্থল। চণ্ডি বসু লেন—২৭, তাল পুকুর রোড। চন্দ্র কুমার মণ্ডল লেন—৫২।১, টালিগঞ্জ রোড। চন্দ্র কুমার রায়ের লেন—১৮, প্রামাণিক ঘাট রোড। চন্দ্রনাথ সিমলাই লেন—৬০, বারাকপুর ট্রাঙ্ক রোড। চন্দ্রমোহন লেন—৩, রাজেন্দ্র মল্লিক ষ্ট্রীট। চন্দ্রমোহন সুর লেন—ওয়ার্ড ২৯।৯, ওল্টাডাঙ্গা মেন রোড। চন্দ্রমোহন সুর লেন—ওয়ার্ড ৬, ৪৯।বি, মাসিকতলা ষ্ট্রীট। চাউলপটি রোড—১৭০, বেলিয়াঘাটা মেন রোড। চার্চ্চ লেন—১, হেয়ার ষ্ট্রীট। চাঁদনি এ্যাপ্রোস্—৪০, চাঁদনি চক ষ্ট্রীট। চাঁদনি চক ষ্ট্রীট—১৬৭, ধর্ম্মতলা ষ্ট্রীট। চাঁদের নাথ চ্যাটার্জ্জির ষ্ট্রীট—৩৬, আশুতোষ মুখার্জ্জি

রোড। চাপাতলা ১ম বাই লেন—৪২।১, প্রেমচাঁদ বড়াল ষ্ট্রীট। চাপাতলা ৬ষ্ট বাই লেন—৩০, ইডেন হাঁসপাতাল রোড। চাপেল রোড —ক্লাইভ রো (হেষ্টিংস)। চাপেল লেন—১৩, চাপেল রোড (হেষ্টিংস)। চামারু খানসামা লেন—২১, ওয়ার্ড, ঝাউতলা লেন। চামরু সিং লেন—৬, নারিকেল ডাঙ্গা মেন রোড। চারনক্ প্লেস্—১০৫, ক্লাইভ ষ্ট্রীট। চালতা বাগান ২য় লেন—৭ বি, চালতা বাগান লেন। চালতা বাগান লেন—১২, বিনোদ সাহা লেন। চাষাধোবা পাড়া ষ্ট্রীট—পি ১২, নিউ জগন্নাথ ঘাট রোড। চিত্তরঞ্জন এভিনিউ নর্থ—ওয়ার্ড ৮, হ্যারিসন রোড ও চিত্তরঞ্জন এভিনিউ সাউথ। চিত্তরঞ্জন এভিনিউ সাউথ—ওয়ার্ড ৮। চিৎপুর ব্রিজ এ্যাপ্রোস্—২০৯।১ অপার চিৎপুর রোড ও শ্রীকৃষ্ণ লেন। চিৎপুর রোড লোয়ার—৩১১ বহুবাজার ষ্ট্রীট। চিন্তামনি দাস লেন—৬১ পটুয়া টোলা লেন। চিংড়িহাটা লেন—১৮, ওয়ার্ড, চিংড়ি হাটা রোড। চিংড়ি হাটা রোড (ইটালি)—১০, পামার বাজার রোড। চেতলা রোড —৪০, গোপাল নগর রোড। চেতলা সেণ্টাল রোড—২৩, ওয়ার্ড, রাজা সন্তোষ রোড। চেতলা হাট রোড—গোপাল নগর রোড ও চেতলা রোডের সঙ্গম স্থল। চৈতন শেঠ ষ্ট্রীট—৪, দয়াহাঠা ষ্ট্রীট। চৈতন সেন লেন—৫১, ওয়েলিংটন ষ্ট্রীট। চৌরঙ্গী প্লেস—১৩, চৌরঙ্গি রোড। চৌরঙ্গি রোড—২, ধর্ম্মতলা ষ্ট্রীট। চৌরঙ্গি লেন—২, সর্দ্দার ষ্ট্রীট। চৌরঙ্গি স্কয়ার—১০ নং ওয়ার্ড।

ছ

ছকু খানসামার লেন—৩৬, অপার সার্কুলার রোড। ছাতাওয়ালা গলি—৮, লোয়ার সার্কুলার রোড। ছাতু বাবুর লেন (ইটালি)—২৮, মিড্ল রোড, ইটালি। ছিদাম মুদির লেন—৩৩, বিডন রো, দর্জ্জিপাড়া। ছুতার পাড়া লেন—৫২।১, প্রেমচাঁদ বড়াল ষ্ট্রীট।

জ

জগন্নাথ মুখার্জ্জি লেন—৭৭, বেলতলা রোড, ভবানীপুর। জগদীশনাথ রায় লেন—৯৩।৭, হরিঘোষ ষ্ট্রীট। জগন্নাথ ঘাট রোড—৩৭২, আপার চিৎপুর রোড। জগন্নাথ দত্ত লেন—১১, রাজা দিনেন্দ্র নারায়ণ রায় ষ্ট্রীট। জগন্নাথ সরকার লেন—৪২, ওয়াটগঞ্জ ষ্ট্রীট খিদিরপুর। জগন্নাথ

সুর লেন—৫২, দুর্গা চরণ মিত্র ষ্ট্রীট, দর্জ্জিপাড়া। জগমোহন মল্লিক লেন—৭৭, বড়তলা ষ্ট্রীট। জগমোহন সাহা লেন—৫৫, মুক্তরাম বাবু ষ্ট্রীট। জনক রোড—১০২, রাসবিহারী এভিনিউ। জমাদ্দার খাঁর লেন—২১ ওয়ার্ড, সামসুল হুদা লেন। জয়নারায়ণ তর্কপঞ্চানন লেন—১৩৫,নারিকেল ডাঙ্গা মেন রোড। জয়নারায়ণ চন্দ্র লেন—৩।২, আমহার্ষ্টষ্ট্রীট। জয় ভট্টাচার্য্যের লেন—৫, স্কালস ষ্ট্রীট। জয়মিত্রের ঘাট লেন—১৩, কাশীমিত্র ঘাট লেন। জয়মিত্র ষ্ট্রীট—১৩৫,অপার চিৎপুর রোড। জরিফ লেন—৭৬, বিডন ষ্ট্রীট। জহরলাল দত্ত লেন—১৭,উল্টাডিঙ্গি মেন রোড। জাজেজ কোর্ট রোড আলিপুর—২৩, ওয়ার্ড, কালীঘাট ব্রিজ রোড ও ব্রিজ রোড। জানকী দাস লেন—৪১, মুক্তারাম বাবু ষ্ট্রীট। জান নগর ২য় লেন—৩৮, জান নগর রোড। জাননগর রোড—২০, কড়েয়া বাজার রোড। জালা লেন—৪৫, ডায়মণ্ডহারবার রোড। জালিয়া টোলা ষ্ট্রীট—১২০।১, বারানসি ঘোষ ষ্ট্রীট। জালিয়া পাড়া লেন—২, হিদারাম বানার্জ্জি লেন। জাষ্টিস চন্দ্রমাধব রোড—১১০, রসা রোড। জাষ্টিস দ্বারকানাথ রোড—৩০, এলগিন রোড। জীবনকৃষ্ণ ঘোষ রোড—৩০, বেলগাছিয়া রোড। জীবনকৃষ্ণ মিত্র রোড—২২, পাইকপাড়া রাজা মনিন্দ্র রোড। জোড়া শিব বাগান লেন—৫৮।২, নারিকেল ডাঙ্গা মেন রোড। জৈনদ্দি মিস্ত্রী লেন—১০।১, মায়ারপুর রোড। জ্যাকারিয়া ষ্ট্রীট—৪০, লোয়ার চিৎপুর রোড। জ্যাকসন্ লেন—১৩৪, ক্যানিং ষ্ট্রীট।

ঝ

ঝাউতলা রোড—পি ৪৫, এক্সটেনশন অব পার্ক ষ্ট্রীট, বালিগঞ্জ। ঝাউতলা লেন—৩৬, ঝাউতলা রোড। ঝামা পুকুর লেন—৯৬, কেশব চন্দ্র সেন ষ্ট্রীট।

ট

টাউণ্ডসেন রোড—৩১।১।১, চক্রবেড়ে রোড, সাউথ। টার্ণার রোড—ওয়ার্ড ৩২ (কাশীপুর)। টামার লেন—৭৭।২, হ্যারিসন রোড। টালিগঞ্জ সার্কুলার রোড—২৪, রসা রোড। টোড়ি লেন—৩৩, মার্কিস ষ্ট্রীট। টেরেটি বাজার ষ্ট্রীট—১২, লোয়ার চিৎপুর রোড। টেম্পল ষ্ট্রীট—৪২।২, চাঁদনি চক ষ্ট্রীট। ট্যাংরা ১ম লেন—১৮ ওয়ার্ড, সাউথ ট্যাংরা রোড।

ট্যাংরা ২য় লেন—১৮ ওয়ার্ড, নিউ ট্যাংরা রোড। ট্যাঙ্ক প্লেস—১, লিওনার্ড রোড। ট্যাংরা রোড—২০, পামার বাজার রোড। ট্যাংরা রোড সাউথ—ওয়ার্ড ১৮, চিংরিঘাটা রোড।

ঠ

ঠাকুরক্যাসেল—৩৫৫, অপার চিৎপুর রোড। ঠাকুরঘাট রোড—৬৭।৩৯, ষ্ট্রাণ্ড রোড। ঠাকুরদাস চক্রবর্ত্তী লেন—ওয়ার্ড ৬, চিত্তরঞ্জন এভিনিউ ও সাগর ধর লেন। ঠাকুর বাড়ী রোড—৫৫, রাসবেহারী এভিনিউ। ঠাকুর রাধা কান্ত লেন—১৯, নন্দলাল বসু লেন।

ড

ডক ইষ্ট লেন—৫২, সার্কুলার গার্ডেন রিচ্ রোড, খিদিরপুও। ডক ওয়েষ্ট লেন—৬৩, সার্কুলার গার্ডেন রিচ রোড, খিদিরপুর। ডক্টর জগবন্ধু লেন—১৭২, বহুবাজার ষ্ট্রীট। ডক্টর লেন—ওয়ার্ড ১৪, তালতলা বাজার ষ্ট্রীট (তালতলা বাজার)। ডব্লু, সি, ব্যানার্জ্জি ষ্ট্রীট—ওয়ার্ড ৬। ডরসন রোড—৪২ চাঁদমারি রোড। ডাক্তার বাই লেন—৪।৩, ডাক্তার লেন। ডাক্রিস লেন—১, ওয়াটারলু ষ্ট্রীট। ডাফলেন—১৭, ডাফ ষ্ট্রীট। ডাফ ষ্ট্রীট—১২৬, মাণিকতলা ষ্ট্রীট। ডাক্রিন রোড—অক্টার লোনি রোড, আউট রাম রোড খিদিরপুর রোড এবং রেড রোডের সঙ্গম স্থল। ডামজিন ২য় লেন—১৩, ট্রেটিবাজার ষ্ট্রীট। ডামজিন লেন ১৭।১এ, ট্রেটিবাজার ষ্ট্রীট। ডায়মণ্ড হারবার রোড—২৩ ও ২৪ ওয়ার্ড। খিদিরপুর। ডালহাউসি স্কয়ার—ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট ও ম্যাঙ্গোলেনের সঙ্গন স্থল। ডালিমতলা লেন—১৭ সি, গ্রে ষ্ট্রীট। ডিওডার ষ্ট্রীট—৩৪, বালিগঞ্জ সার্কুলার রোড। ডিক্সন লেন—৪৮, সার্পেণ্টাইন লেন। ডি, গুপ্ত, লেন—৩।৩, গোপালচন্দ্র বসু লেন। ডি, এল, রায় ষ্ট্রীট—ওয়ার্ড ৪, মাণিকতলা ষ্ট্রীট। ডিসপেন্সারী লেন—৮, রামকৃষ্ণ লেন। ডিহি ইটালি রোড—৬৫, সাউথ রোড, ইটালি। ডিহি শ্রীরামপুর লেন—৬১, বাণ্ডেল ষ্ট্রীট। ডিহিশ্রীরাম পুর রোড (ইটালি) ৯, হাতীবাগান রোড নর্থ ও সাউথ রোড (ইটালি)। ডুয়েল এভিনিউ ওয়ার্ড ২৩, ষ্টার্ণডেল রোড। ডেণ্ট মিশন রোড—২৪, সার্কুলার গার্ডেন রিচ রোড (খিদিরপুর)। ডেভিড জোসেফ লেন—১২, মুকিয়া লেন।

ডোভার পার্ক (প্রাইভেট) —ওয়ার্ড ২১, বালিগঞ্জ। ডোভার রোড—ওয়ার্ড ২১, বালিগঞ্জ সার্কুলার রোড। ডোভার লেন—ওয়ার্ড, ২৭ গড়িয়া হাটা রোড। ড্রপার লেন—১২, গভর্ণমেণ্ট প্রেস, বাঁশতলা।

ত

তপসিয়া রোড নর্থ—ওয়ার্ড ১৮, খৃষ্টপার রোড। তপসিয়া রোড সাউথ—ওয়ার্ড ১৮, মহেন্দ্রনাথ রায় লেন। তপসিয়া লেন—ওয়ার্ড ১৮, তপসিয়া রোড সাউথ। তাঁতিবাগান (ইটালি)—৪ নুরওয়ালি লেন। তাঁতি বাগান রোড (ইটালি)—২২, নুরওয়ালি লেন। তানসুক লেন —১৩, শিবঠাকুর লেন। তারককৃষ্ণ লস্কর লেন—১০০, বেলিয়াঘাট মেন রোড। তারক চাটার্জ্জির লেন—৩৩, জয়মিত্র ষ্ট্রীট। তারক প্রামাণিক রোর্ড—ওয়ার্ড ৬, চিত্তরঞ্জন এভিনিউ। তারকদত্ত রোড—ওয়ার্ড ২১। তারক বসু লেন—১৮, বনমালি চাটার্জ্জি ষ্ট্রীট। তারক মিত্র লেন—২৯।২, টালিগঞ্জ রোড। তারাচাঁদ দত্ত ষ্ট্রীট—৬৫, লোয়ার চিৎপুর রোড তারিণী ঘোষ লেন—ওয়ার্ড ২৩। তারিণীনরণ ঘোষ লেন—২, রাণী রোড। তারিণী লেন—২২—১, শিবঠাকুর লেন। তালতলা এভিনিউ —৭০, ধর্ম্মতলা ষ্ট্রীট। তালতলা বাজার ষ্ট্রীট—১, ডাক্তার লেন। তালতলা লেন—৪২, সুরেন্দ্রনাথ ব্যানার্জ্জি লেন। তালপুকুর লেন (সাউথ) —৮, বেলিয়াঘাট রোড। তাল বাগান লেন—ওয়ার্ড ২০, গোবরা গোরস্থান লেন। তিল জলা মসজিদ বাড়ী লেন—ওয়ার্ড ২১, তিলজলা রোড। তিলজলা প্লেস—ওয়ার্ড ২১, তিলজলা রোড। তিলজলা রোড (মৌলবি আমেদ খাঁ বাহাদুর রোড)—ওয়ার্ড ২১, রেল লাইনের পূর্ব্ব। তিলজলা রোড—১৮, ২০ ও ২১নং ওয়ার্ড, ডিহি শ্রীরামপুর রোড। তিলজলা শিবতলা লেন—ওয়ার্ড ২১, তিলজলা রোড।

তিলজলা লেন—ওয়ার্ড ২১, বালীগঞ্জ। তেলঙ্গা বাগান লেন—১৮।৬ উল্টাডাঙ্গা মেন রোড। তেলিপাড়া রোড—৫২, গোলতলি রোড। তেলিপাড়া লেন—৬৪। এইচ , শ্যাম পুকুর ষ্ট্রীট।

থ

থিয়েটার রোড—৪৬, চৌরঙ্গি রোড। থুবার্ণ লেন—৪৬,ধর্ম্মতলা ষ্ট্রীট। থ্যাকারি রোড—ওয়ার্ড ২৩, আলিপুর ব্রিজ ও লেন।

দ

দর্জ্জিপাড়া বাই লেন—১৭, বিডন রো। দড়মাহাটা ১ম লেন—৯৪, দড়মাহাটা ষ্ট্রীট। দড়মহাটা লেন—৪২, দড়মহাটা ষ্ট্রীট। দডমাহাটা বাইলেন—১২৭, দড়মহাটা ষ্ট্রীট। দত্ত লেন—৪৯, মার্কেট ষ্ট্রীট, ময়দা পটি। দত্তপাড়া লেন—৮২, দড়মাহাটা ষ্ট্রীট। দর্প নারায়ণঠাকুর ষ্ট্রীট ৩১, দড়মাহাটা ষ্ট্রীট। দমদম রোড—৫৮।এ, বারকপুর ট্রাঙ্ক রোড। দমদম ষ্টেশন রোড—৯০, সাউথ সিথি রোড। দয়াল মিত্র লেন—৭।৬ মানিকতলা ষ্ট্রীট। দয়হাটা ষ্ট্রীট—৮৮, বড়তলা ষ্ট্রীট। দয়াল সোম লেন ৩৯, সিমলা ষ্ট্রীট। দরগা রোড—ওয়ার্ড ২০।২১, দিলকুষা ষ্ট্রীট ও পার্ক ষ্ট্রীট (বেনিয়া পুকুর)। দলু সরকার লেন—১৯, মমিনপাড়া গলি ও ২৫ মতিলাল চৌধুরী। দক্ষিণা সেন লেন—১১৫।৮, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। দাস লেন—১১।১ গোপীবোস লেন। দাসপাড়া রোড—১০।১৪, ক্যানাল সাকুলার রোড। দাঁ লেন—৭০।১, বেনেটোলা ষ্ট্রীট। দিননাথ মিত্র লেন—৩৪।১, মানিকতলা ষ্ট্রীট। দিনবন্ধু লেন—৩০, কর্ণওয়ালিশ ষ্ট্রীট। দিনু রক্ষিত লেন—৬৯, বেনিয়াটো ষ্ট্রীট। দিলার জাঙ্গ রোড—৫।২, কাশীপুর রোড। দিলখুসা ষ্ট্রীট—৪০, ঝাউতলা রোড। দুকুড়িয়া বাগান লেন—২৮, মার্কেট ষ্ট্রীট। দুর্গচরণ ডাক্তার রোড—৬৫।এ সুরেন্দ্র নাথ ব্যানার্জি রোড। দুর্গাচরণ ডাক্তার লেন—১১ ওয়ার্ড। দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট—১১৮, অপার চিৎপুর রোড। দুর্গাচরণ মুখার্জ্জি ষ্ট্রীট—দ৯৯।৮ অপার চিৎপুর রোড। দুর্গাদাস মুখার্জ্জি ষ্ট্রীট—৩৭, গ্রে ষ্ট্রীট। দুর্গদাস লেন—৪৫, ওয়াটগঞ্জ ষ্ট্রীট, খিদিরপুর। দুর্গাপুর পার্ক—২৯, আলিপুর পার্ক ওয়েষ্ট। দুর্গা পিটুরি লেন—৫৫, হিদরাম ব্যানার্জ্জি লেন। দুর্গাপুর লেন—ওয়ার্ড ২৩, আলিপুর ব্রিজ হইতে। দুদওয়ালা লেন—১৩, মুক্তারামবাবু ষ্ট্রীট। দুমাইন এভিনিউ—৯৫, সার্কুলার গার্ডেন রিচ রোড। দেওয়ান লেন—৯২, দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট। দেদার বক্স লেন— ১৬, ওয়েলেসলি স্কয়ার। দেব নারায়ণ ব্যানাজ্জি লেন—ওয়ার্ড ২২।এ। দেবেন্দ্র দত্ত লেন—৭, কালাকার ষ্ট্রীট। দেবেন্দ্র মল্লিক ষ্ট্রীট—৩১, ফিয়ার লেন। দেবনারায়ণ বানার্জ্জির লেন—ওয়ার্ড ২২।এ। দেব লেন (ইটালি)—৫৩, সাউথ রোড (ইটালী)।

দেবনারায়ণ দাস লেন—২, শ্যামলাল ষ্ট্রীট। দ্বারকানাথ ঘোষ লেন—২৯।৫, চেতলা রোড। দ্বারকানাথ বসু লেন—২৯, লকগেট রোড দ্বারকানাথ লেন—ওয়ার্ড ২৭, লকগেট রোড। দ্বারকানাথ ঠাকুর লেন—৫৯, অপার চিৎপুর রোড। দ্বারকানাথ ঠাকুর ২য় লেন—৪, দ্বারকানাথ ঠাকুর লেন। দ্বারকানাথ মিত্র স্কয়ার—১৫, আশুতোষ মুখার্জ্জি রোড।

ধ

ধনদা ঘোষ ষ্ট্রীট—২, স্কালস্—ষ্ট্রীট। ধর্ম্মতলা ষ্ট্রীট—১, চৌরঙ্গি রোড

ন

নইগম মুসলমান পাড়া লেন—৩৯।৬ কাশীনাথ দত্ত রোড। নকুলেশ্বর তলা রোড—৫২, হালদার পাড়া রোড। নকুলেশ্বর ভট্টাচার্য্যের লেন—১২১, মনহর পুকুর রোড। নজরালি লেন—৬৪, বালিগঞ্জ সার্কুলার রোড। নর্থরেন্স—৪, এক্সটেনশন অব পার্ক ষ্ট্রীট। নর্থ শিয়ালদহ রোড—৪, হ্যারিসন রোড। নন্দ কিশোর ষ্ট্রীট—২৫, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট। নন্দকুমার চৌধুরী লেন—পি ২৪, মানিকতলা স্পার নন্দন বাগান ষ্ট্রীট—২৪২।২, অপার সার্কুলার রোড। নন্দন রোড—২৪, আশুতোষ মুখার্জ্জি রোড। নন্দরাম সেন ১ম লেন—৪২।১, নন্দরাম লেন ষ্ট্রীট। নন্দরাম সেন ষ্ট্রীট—২৬৭।২, অপার চিৎপুর রোড। নন্দলাল জীউ রোড—১১৫, ল্যাণ্ডস্ডাউন রোড। নন্দলাল বসু লেন—৭১।১, বাগবাজার ষ্ট্রীট। নন্দলাল মল্লিক লেন—১০০, বলরাম দে ষ্ট্রীট। নন্দলাল রায় লেন—ওয়ার্ড ৫। নন্দী ষ্ট্রীট—৪৮, গড়িহাটা রোড। নফরকুণ্ডু রোড—১৫, পিয়ারীনাথ মল্লিক রোড। নফরচন্দ্র লাহা লেন—৭, প্রামাণিক ঘাট রোড। নবকুমার রাহা লেন—২৪ সি, শ্যামপুকুর ষ্ট্রীট। নব বসুর লেন—৬৬, তালপুকুর রোড। নব রায় লেন—৭, গোপাল নিয়োগী রোড। নবাব আব্দুল লতিব লেন—১৩, ইউরোপিয়ান এসাইলাম লেন। নবাব আব্দুর রহমান ষ্ট্রীট—৭৪, ওয়েলেসলি ষ্ট্রীট। নবাব পটি ষ্ট্রীট— ৫, কাশীপুর রোড। নবাব বদিরুদ্দিন ষ্ট্রীট—২১, জ্যাকেরিয়া ষ্ট্রীট। নবাব লেন—২৩৬, দড়মাহাটা ষ্ট্রীট। নবীন কুণ্ড

লেন—২৪, কলেজ রো। নবীনচন্দ্র পাল লেন—৩৯, পটুয়াটোলা লেন। নবীন সরকার লেন—৫৬, বাগবাজার ষ্ট্রীট। নয়নকৃষ্ণ সাহা লেন—৭৩, বাগবাজার ষ্ট্রীট। নয়নচাঁদ দত্ত ষ্ট্রীট—১৩।এ, বিডন রো। নয়ন সুর লেন—৩, শোভাবাজার ষ্ট্রীট। নরেন্দ্র সেন স্কয়ার—৩০, সীতারাম ঘোষ ষ্ট্রীট। নলপুকুর লেন—১৮, প্রিন্সেস ষ্ট্রীট। নলিনী শেঠ রোড—৬৯, মনহর দাস ষ্ট্রীট। নলিনী সরকার ষ্ট্রীট—৮২।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট। নাজীর লেন—১২, মাইকেল দত্ত ষ্ট্রীট, খিদিরপুর। নাথের বাগান লেন—১৬২, আহিরীটোলা ষ্ট্রীট। নাথের বাগান ষ্ট্রীট—১১৪, দড়মাহাটা ষ্ট্রীট। নারায়ণ বাবু লেন—৩৮, কটন ষ্ট্রীট। নারায়ণ সুর ষ্ট্রীট—৬, বনমালী সরকার ষ্ট্রীট। নারিকেলডাঙ্গা নর্থ রোর্ড—২২৫, মাণিকতলা মেন রোড নারিকেল ডাঙ্গা মেন রোড—২২, ক্যানেল ইষ্ট রোড। নারিকেলবাগান লেন—৭, জগন্নাথ দত্ত লেন। নাসিরুদ্দিন রোড—২০ নং ওয়ার্ড, কড়েয়া রোড। নাসিং লেন—১৩, নরেন্দ্র সেন স্কয়ার। নিউ ট্যাংরা রোড—১৮ নং ওয়ার্ড, ট্যাংরা রোড সাউথ। নিউ কাশীবাগান লেন—ওয়ার্ড ২২, নিউ ট্যাংরা রোড (এক্সটেনশন)—২০৭, লোয়ার সার্কুলার রোড। নিউ বহুবাজার লেন—৮১।এ, বহুবাজার ষ্ট্রীট। নিউ পার্ক ষ্ট্রীট (এক্সটেনশন)—ওয়ার্ড ২০, সার্কুলার রোড লোয়ার, বামদিক। নিউ রোড—১০, সদার্ণ এভিনিউ। নিউ রোড—৭৭।এ, রাসবিহারী এভিনিউ নিউরোড়—২৩ ওয়ার্ড, আলিপুর লেন। নিতাই বাবু লেন—১৫০।২ আমহার্ষ্ট ষ্ট্রীট। নিতাই হালদার ষ্ট্রীট—ওয়ার্ড ৫। নিবারণ বানার্জ্জি রোড—৯, সদানন্দ রোড। নিবেদিতা লেন—৭৯, রামকান্ত বসু ষ্ট্রীট। নিমাই বসু লেন—২২, বিডন রো। নিমতলা লেন—৫৮, নিমতলা ঘাট ষ্ট্রীট। নিমতলা ঘাট ষ্ট্রীট—৬, ষ্ট্রাণ্ড রোড ও নিমতলা ঘাট। নিমাক মহল রোড—৯২, সার্কুলার গার্ডেন রিচ রোড, খিদিরপুর। নিমু গোস্বামী লেন—৩২৭, অপার চিৎপুর রোড। নিয়োগী ঘাট ষ্ট্রীট—১১৪, অপার চিৎপুর রোড। নিয়োগী পুকুর বাই লেন—৫৮।১০ সুরেন্দ্র বানার্জ্জি রোড। নিয়োগী পুকুর লেন—৫৬, সুরেন্দ্র বানার্জ্জি রোড। নিয়োগী লেন—২৫৮, অপার চিৎপুর রোড। নীলমণি দে লেন—৫৮।১, বারাকপুর ট্রাঙ্ক রোড। নীলমণি সরকার লেন—১২০, মসজিদ বাড়ী ষ্ট্রীট।

নীলমণি মিত্র ষ্ট্রীট—১৬, দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট। নীলমণি মিত্র রোড—৩৪, বনমালী চাটার্জ্জি ষ্ট্রীট। নীলমণি দত্ত লেন—১২৮।১, আমহার্ষ্ট ষ্ট্রীট। নীলমণি গাঙ্গুলি লেন—৪।২, আমহার্ষ্ট ষ্ট্রীট। নীলমণি হালদার লেন—১৩২, কর্ণওয়ালীস ষ্ট্রীট। নীলমাধব সেন লেন—১।৬, চিত্তরঞ্জন এভিনিউ সাউথ ও কৃষ্ণ বিহারী সেন ষ্ট্রীট। নীল গোপাল মিত্র লেন—২৬।এ সার্কুলার রোড সাউথ। নীলাম্বর মুখার্জ্জি ষ্ট্রীট—২৪৩, অপার সার্কুলার রোড। নুমুলেল্লাহিয়া লেন—১৪৪।এ, ক্রস ষ্ট্রীট। নুরমহম্মদ লেন—৩৩, বেনীয়া পুকুর রোড। নুরুল্লা ডাক্তার লেন—২২১, লোয়ার সার্কুলার রোড, বালীগঞ্জ। নৃত্যগোপাল চাটার্জ্জি লেন—৩৪, পাইকপাড়া রাজা মনিন্দ্র রোড। নৃত্য ঘোষ ষ্ট্রীট—৩২, মুন্সিগঞ্জ রোড, খিদিরপুর। নেপাল নিয়োগী ষ্ট্রীট—৩, বনমালী সরকার ষ্ট্রীট। নেপাল ভট্টাচর্য্যের ষ্ট্রীট—পি, ১৪৯, সদানন্দ রোড। নেপাল ভট্টাচার্য্যের প্রথম লেন—৩০, এ, রাসবিহারী এভিনিউ। নেপিয়ার রোড (হেষ্টীংস)—২৫ নং ওয়ার্ড, ক্লাইভ রোড ও ষ্ট্র্যাণ্ড রোডের সঙ্গমস্থল। নেবুতলা রোড—২৭।১, শশীভূষণ দে ষ্ট্রীট। নেবুবাগান বাইলেন—২২, পশুপতি নাথ বসু লেন। নেবুবাগান লেন—১।৩, মারহাট্টাডিস্ লেন। ন্যায়রত্ন লেন—১৩১।ডি কর্ণওয়ালিস ষ্ট্রীট।

প

